

**শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় ২০১৪-২০১৫ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের প্রতিবেদনের
ওপর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সার-রংক্ষেপ**

| ক্রঃ নং | মন্ত্রণালয়/ বিভাগের নাম | মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা | সমাপ্ত প্রকল্পের ধরণ | | | মূল সময় ও ব্যয়ের তুলনায় | | | | |
|------------|--------------------------------|--------------------------------------|---------------------------------|---|--|--|---|--|--|---|
| | | | বিনিয়োগ প্রকল্পের সংখ্যা | কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা | জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা | সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রা ন্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্ত শতকরা হার (%) সর্বনিম্ন- সর্বোচ্চ | ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | ব্যয় অতিক্রান্ত শতকরা হার (%) সর্বনিম্ন- সর্বোচ্চ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. | শিক্ষা মন্ত্রণালয় | ১৪ | ১৩ | ১ | - | ৬টি | ১৩ টি | ২৫% হতে ২০০% | ৬টি | ৭.৫২% হতে ১৫৯% |

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ১৪টি

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ ভূমি অধিগ্রহণে জটিলতা, পর্যাপ্ত বরাদ্দের অভাব, ট্রেন্ডার প্রদানে সমস্যা ইত্যাদি।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ (সংযুক্তি-১)

| ক্রমিক নং | প্রকল্পের নাম | সমস্যা | সুপারিশ |
|--------------|---|---|--|
| ৩.১ | উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্রীদের উপবৃত্তি প্রদান (৪র্থ পর্যায়)-২য় সংশোধিত জুলাই, ০৮-জুন, ১৫ | প্রকল্পটি বাস্তবায়নের ফলে শিক্ষার্থীর ড্রপ-আউটের হার কতটুকু হ্রাস পেয়েছে সে সম্পর্কিত কোন সমীক্ষা পরিচালনা সংক্রান্ত তথ্য পিসিআরএ উল্লেখ নেই বা সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এ সম্পর্কে সুনির্দিষ্টভাবে জানাতে পারেননি; শিক্ষার্থীর সংখ্যা অত্যধিক হারে বেড়ে যাবার কারণে দেশের অতি দরিদ্র অঞ্চলের শিক্ষা প্রতিষ্ঠানে বৃত্তি প্রদানের জন্য শিক্ষার্থী বাছাই করা দুরূহ হয়ে পড়ে, সে ক্ষেত্রে উপবৃত্তি প্রদানের সংখ্যা অপর্যাপ্ত মনে হয়েছে; | প্রকল্পটি বাস্তবায়নের ফলে শিক্ষার্থীর ড্রপ- আউট-এর হার কতটুকু হ্রাস পেয়েছে সে সম্পর্কিত সমীক্ষা পরিচালনা করে তার তথ্য মন্ত্রণালয়/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে সংগ্রহ করতে পারে; সরকারের শিক্ষা কার্যক্রম/ সুবিধা ক্রমবর্ধমান হারে বৃদ্ধির সাথে সাথে ছাত্র-ছাত্রীর সংখ্যাও ক্রমবর্ধমান হারে বৃদ্ধি পাচ্ছে। তাই এত বিপুল সংখ্যক শিক্ষার্থীর মধ্য হতে উপবৃত্তি প্রদানের জন্য শিক্ষার্থী বাছাই করা দুরূহ হয়ে পড়েছে। সে ক্ষেত্রে উপবৃত্তি প্রদানের সংখ্যা ভবিষ্যতে আরোও বৃদ্ধি করা যেতে পারে। এক্ষেত্রে দেশের কম সুবিধাপ্রাপ্ত মফস্বল এলাকায় উপবৃত্তির হার শহর এলাকার তুলনায় বৃদ্ধি করা যেতে পারে; |
| ৩.২ | সেকেন্ডারী এডুকেশন স্টাইপেন্ড প্রজেক্ট (এসইএসপি) জুলাই, ০৯-জুন, ১৫ | প্রকল্পটি বাস্তবায়নের ফলে শিক্ষার্থীর ড্রপ-আউটের হার হ্রাস, পাশের হার বৃদ্ধি এবং শিক্ষার গুনগতমান বৃদ্ধি ও আনুষঙ্গিক বিষয় সম্পর্কিত কোন সমীক্ষা পরিচালনা সংক্রান্ত তথ্য পিসিআরএ উল্লেখ নেই বা সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এ সম্পর্কে সুনির্দিষ্টভাবে জানাতে পারেননি; দেশের মফস্বল এলাকায় উপবৃত্তির হার শহরের তুলনায় কম বলে প্রতিয়মান হয়। | প্রকল্পটি বাস্তবায়নের ফলে শিক্ষার্থীর ড্রপ- আউটের হার হ্রাস , পাশের হার বৃদ্ধি এবং শিক্ষার গুনগতমান বৃদ্ধি ও আনুষঙ্গিক বিষয় সম্পর্কিত কোন সমীক্ষা পরিচালনা করে সমীক্ষার ফলাফল আইএমইডি 'র সঙ্গে শেয়ার করা যেতে পারে; উপবৃত্তি প্রদানের হিসাব প্রতিষ্ঠানভিত্তিক ডাটাবেইজ আকারে রেকর্ড হিসেবে সংরক্ষণ করতে হবে যাতে প্রয়োজনে ভবিষ্যতে এর প্রভাব মূল্যায়ন করা যায়; |
| ৩.৩ | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে আইসিটির মাধ্যমে শিক্ষার প্রচলন জানুয়ারী, ২০১১-জুন ২০১৫ | ডিজিটাল কনটেন্ট তৈরীতে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা যথেষ্ট ছিলনা মর্মে পরিলক্ষিত হয়েছে; তাছাড়া প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ ব্যবস্থাপনায় প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকের সংখ্যা বৃদ্ধিতে কিছু কিছু ক্ষেত্রে আন্তরিকতার অভাব অনুভূত হয়েছে; | ডিজিটাল কনটেন্ট তৈরীতে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা যথেষ্ট ছিলনা মর্মে পরিলক্ষিত হয়েছে ; প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকের সংখ্যা বৃদ্ধি করার প্রচেষ্টা গ্রহণ করতে হবে ; |
| ৩.৪ | পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন। জানুয়ারী, ০৯-জুন, ১৫, | মূল প্রকল্পটি মোট ৩ বৎসর মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের মেয়াদ আরও ৩(তিন) বছর বৃদ্ধি করা হয়েছে। ফলে মেয়াদ বৃদ্ধি হয়েছে ১০০%। সাধারণভাবে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির কথা বলা হলেও কিছু খাতে যেমন: বেতন/ভাতা , যানবাহন, পরিচালন/রক্ষণাবেক্ষন ইত্যাদি খাতের ব্যয় সময় বৃদ্ধির সাথে সাথে বৃদ্ধি পায়। এছাড়া সময় বৃদ্ধির সাথে সাথে ইতোমধ্যে ব্যয়িত অর্থের উপযোগীতা প্রাপ্তি বিলম্বিত হয়; | মূল প্রকল্পটি মোট ৩ বৎসর মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের মেয়াদ আরও ৩(তিন) বছর বৃদ্ধি করা হয়েছে। ফলে মেয়াদ বৃদ্ধি হয়েছে ১০০%। সাধারণভাবে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির কথা বলা হলেও কিছু খাতে যেমন: বেতন/ভাতা , যানবাহন, পরিচালন/রক্ষণাবেক্ষন ইত্যাদি খাতের ব্যয় সময় বৃদ্ধির সাথে সাথে বৃদ্ধি পায়। এছাড়া সময় বৃদ্ধির সাথে সাথে ইতোমধ্যে ব্যয়িত অর্থের উপযোগীতা প্রাপ্তি বিলম্বিত হয়। তাই অতি আবশ্যিক না হলে অন্যান্য প্রকল্পের ক্ষেত্রে মেয়াদ বৃদ্ধির এ সংস্কৃতি পরিহার করা প্রয়োজন; |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | সমস্যা | সুপারিশ |
|--------------|---|--|---|
| | | স্থাপনের জন্য পাইলিং এর প্রয়োজন হয়েছে) মর্মে পরিদর্শনকালে জানা যায়; | করার ক্ষেত্রে পূর্বাঙ্কে মুক্তিকা পরীক্ষাসহ অন্যান্য সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণ করতে হবে এবং তার নিরিখে নক্সা ও কর্মপরিকল্পনা নির্ধারণ করতে হবে; |
| ৩.৫ | পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের অতি পুরাতন স্থাপনাদি মেরামত ও সংস্কার (জুলাই, ০৭-জুন, ১৫) | মেরামত ও সংস্কারমূলক প্রকল্পের ক্ষেত্রে বাস্তব কাজ ও ব্যয় প্রাক্কলনে যথেষ্ট জটিলতার সম্মুখীন হতে হয়েছে। ফলে প্রকল্পের বিশ্ববিদ্যালয়ওয়াসী খাত ভিত্তিক ব্যয় নির্ধারণের ক্ষেত্রে কাজ ও প্রাক্কলনের সঠিকতা যথার্থভাবে নিরূপন করা সম্ভব হয়নি মর্মে মনে হয়েছে। | মেরামত ও সংস্কারমূলক প্রকল্পের ক্ষেত্রে বাস্তব কাজ ও ব্যয় প্রাক্কলনে যথেষ্ট জটিলতার সম্মুখীন হতে হয়েছে। ফলে ভবিষ্যতে এ ধরনের প্রকল্প গ্রহণের ক্ষেত্রে প্রকল্প প্রণয়নকালেই বিশ্ববিদ্যালয়ের প্রকৌশলী, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রতিনিধি ও মন্ত্রণালয়ের প্রতিনিধিগণ পূর্বাঙ্কেই প্রয়োজনীয় কাজ চিহ্নিত ও এর পরিমাণ ও প্রাক্কলন সুনির্দিষ্টভাবে স্থির করে তা ডিপিপিতে অন্তর্ভুক্ত করবে; |
| ৩.৬ | গোপালগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন। জুলাই, ০৯-জুন, ১৫ | প্রকল্পটি অক্টোবর ২০০৯ এ শুরু হয়ে জুন, ২০১৩ তে সমাপ্তির জন্য নির্ধারিত থাকলেও ডিসেম্বর, ২০১৪ এ সমাপ্ত হয়েছে। অর্থাৎ ১ বছর ৬ মাস (৪০%) সময় অতিক্রান্ত হয়েছে ; অপরদিকে মূল প্রকল্প ৯১০০.০০ লক্ষ টাকায় অনুমোদিত হলেও প্রকৃতপক্ষে ৯৯০৭.০৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ প্রকল্প মেয়াদে ৮০৭.০৭ লক্ষ টাকা (৮.৮৬%) ব্যয় বৃদ্ধি পেয়েছে। এর ফলে প্রকল্পের সুফল পেতে বিলম্ব হয়েছে। প্রকল্পের External অডিট এখনও সম্পন্ন হয়নি মর্মে পিসিআর পরীক্ষান্তে দেখা যায়। আর্থিক স্বচ্ছতার স্বার্থে প্রকল্পের অডিট কার্যক্রম যথাশীঘ্র সম্পন্ন করা প্রয়োজন; প্রকল্পটি সমাপ্ত হয় ডিসেম্বর, ২০১৪ সালে। প্রকল্প সমাপ্তির পর আইএমইডিতে ০৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের কথা থাকলেও আইএমইডিতে পিসিআর পাওয়া যায় প্রায় ১ বছর ০৫ মাস পরে (মে, ২০১৬-এ), পিসিআর প্রেরণে বিলম্ব ঘটা সমীচীন নয়। | এপ্রিল ২০০৯ এ শুরু হয়ে জুন, ২০১৩ তে সমাপ্তির জন্য নির্ধারিত থাকলেও ডিসেম্বর, ২০১৪ এ সমাপ্ত হয়েছে। অর্থাৎ ১ বছর ৬ মাস (৪০%) সময় অতিক্রান্ত হয়েছে ; অপরদিকে মূল প্রকল্প ৯১০০.০০ লক্ষ টাকায় অনুমোদিত হলেও প্রকৃতপক্ষে ৯৯০৭.০৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ প্রকল্প মেয়াদে ৮০৭.০৭ লক্ষ টাকা (৮.৮৬%) ব্যয় বৃদ্ধি পেয়েছে। এতে প্রকল্পের সুফল পেতে বিলম্ব হয়েছে। ফলে Time Over run ও Cost over run হয়েছে যা মন্ত্রণালয় ভবিষ্যতে নিয়ন্ত্রণ করবে; সমাপ্ত প্রকল্পটির দ্রুত External Audit সম্পন্ন করতে হবে। ভবিষ্যতে কোন প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) আইএমইডিতে আবশ্যিকভাবে প্রেরণ করার ব্যাপারে মন্ত্রণালয়কে কার্যকরী ভূমিকা পালন করতে হবে; |
| ৩.৭ | বাংলাদেশ পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষা সুবিধা উন্নয়নকল্পে বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়। জানুয়ারী, ০৯-জুন, ১৫ | প্রকল্পের আওতায় ক্রয়কৃত বিভিন্ন বৈজ্ঞানিক যন্ত্রপাতি ইস্যু রেজিস্টারে এন্ট্রি না করেই বিভিন্ন ডিপার্টমেন্ট সরবরাহ করা হয়েছে মর্মে পরিলক্ষিত হয়েছে। ফলে আলোচ্য প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতিসমূহের অবস্থা ও অবস্থান নির্ণয় করা কষ্টসাধ্য হয়েছে; তাছাড়া, কোন কোন বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে আইটেম ওয়ারী সংখ্যা ও ব্যয় উল্লেখ করা হয়েছে আবার কোন কোন বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে | প্রকল্পের অধীনে সর্বমোট কতটি কোন ধরনের যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে , কত টাকা ব্যয় করা হয়েছে এবং কতটি কোন বিশ্ববিদ্যালয়কে সরবরাহ করা হয়েছে এবং তার মধ্যে কোনটি কোথায় ব্যবহৃত হচ্ছে তার একটি বিস্তারিত Inventory এর বিবরণী তৈরী করতে হবে এবং উক্ত বিবরণীটির হার্ডকপি ও সফট কপি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে সংরক্ষণ করতে হবে । প্রকল্পটি প্রণয়নকালে কি কি যন্ত্রপাতি কতটি , |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | সমস্যা | সুপারিশ |
|--------------|--|---|---|
| | | <p>থোক/ লট হিসেবে তথ্য উল্লেখ করা হয়েছে। ফলে বিশ্ববিদ্যালয় ওয়ারী প্রকৃতপক্ষে মোট কতটি যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে এবং তার অনুকূলে প্রকৃত অর্থে কত টাকা ব্যয় করা হয়েছে সে বিষয়ে সঠিক পরিমাপ করা সম্ভব হয়নি।</p> <p>অনুমোদিত আরডিপিপি অনুযায়ী আলোচ্য প্রকল্পের মোট ব্যয়ের ৯৯%-ই বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়ের জন্য নির্ধারিত ছিল। এতে ৩ বছরের প্রকল্প ৬ বছরে সমাপ্ত হওয়ার অন্যতম কারণ হলো প্রকল্প বাস্তবায়নে চাহিদা অনুযায়ী পর্যাপ্ত এডিপি/আরএডিপি বরাদ্দ না পাওয়া। পরীক্ষান্তে দেখা গেছে , মূল ডিপিপি অনুযায়ী ২০০৮-০৯ থেকে ২০১১-১২ অর্থবছর পর্যন্ত ৪ বছরে মোট প্রাক্কলিত ব্যয় ২২৬৫০.০০ লক্ষ টাকা নির্ধারণ করা হলেও প্রকল্পটির অনুকূলে উক্ত সময়ে অর্থ ছাড় ও ব্যয় হয়েছে ১১,০০০.০০ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের মাত্র ৪৮.৫৬% (বিস্তারিত অনুচ্ছেদ-১২.১);</p> | <p>কত ব্যয়ে ক্রয় করার জন্য নির্ধারিত ছিল তা সুনির্দিষ্টভাবে উল্লেখ না করার কারণ এবং কোন বিশ্ববিদ্যালয়ের জন্য কতটি যন্ত্রপাতি কত ব্যয়ে ক্রয় করা হয়েছে তার সঠিক পরিসংখ্যান পিসিআর-এ উল্লেখ না করার বিষয়টি অনুসন্ধানসহ সঠিক তথ্য উদঘাটনের লক্ষ্যে মন্ত্রণালয় একটি কমিটি গঠন করে প্রতিবেদন প্রণয়ন করবে এবং এ বিষয়ে গৃহীত ব্যবস্থা আইএমইডি-কে অবহিত করবে;</p> |
| ৩.৮ | যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (০১/০১/২০১২-৩০/০৬/২০১৫) | শিক্ষক/কর্মকর্তাদের আবাসিক টাওয়ার ভবনের উল্লেখযোগ্য সংখ্যক ফ্লাট খালি অবস্থায় দৃশ্যমান হয়েছে। এছাড়া সরকারি নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া কাটা হচ্ছে না মর্মে জানা যায়। | শিক্ষক/কর্মকর্তাদের জন্য নির্মিত আবাসিক টাওয়ার ভবনের উল্লেখযোগ্য সংখ্যক ফ্লাট খালি অবস্থায় পড়ে আছে। অর্থাৎ ভবন নির্মাণ সমাপ্ত হওয়ার পরও শিক্ষক/কর্মকর্তাদের বরাদ্দ দেয়ায় বিলম্ব ঘটছে। এছাড়া সরকারি নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া কাটা হচ্ছে না। তাই যথাশীঘ্র খালি ফ্লাটসমূহ বরাদ্দ প্রদানসহ সরকারি অর্থে নির্মিত ভবন সরকারি নিয়মানুযায়ী যাতে ভাড়া কর্তন করা হয়, সে বিষয়টি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং মন্ত্রণালয় নিশ্চিত করবে। |
| ৩.৯ | ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন। (জানুয়ারী, ১১-জুন, ১৫) | প্রকল্পের আওতায় সার্বিক নির্মাণ কাজের মান সন্তোষজনক বলে মনে হলেও স্থাপনাগুলোর রক্ষণাবেক্ষণ যথেষ্ট পরিমাণে করা হয়না মর্মে পরিলক্ষিত হয়েছে। বিশেষ করে বৈদ্যুতিক সাব-স্টেশন ও মীর মোশাররফ হোসেন একাডেমিক ভবনটি রক্ষণাবেক্ষণে অযত্নের ছাপ পরিলক্ষিত হয়েছে যার ফলে ইতোমধ্যেই ভবনটি কিছুটা জীর্ণ দশাপ্রাপ্ত হয়েছে; | প্রকল্পের আওতায় নির্মিত স্থাপনাসমূহের রক্ষণাবেক্ষণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ; |
| ৩.১০ | ঢাকা বিশ্ববিদ্যালয় বিশেষ উন্নয়ন (৩য় পর্যায়) জানুয়ারী, ০৯-জুন১৫, | বিজয় একাত্তর হল সদ্য নির্মাণ করা হয়েছে। অথচ এর বাথরুমের দেয়াল ড্যাম্প হয়েছে এবং রং-এর কাজ ইতোমধ্যে নষ্ট হয়ে গেছে। নির্মাণ কাজ শেষ হবার মাত্র এক বৎসর সময়ের মধ্যে দেয়ালে ড্যাম্প ধরা বা রং নষ্ট হয়ে যাওয়া নিম্নমানের কাজের উদাহরণ; | বিজয় একাত্তর হল সদ্য নির্মাণ করা হয়েছে। অথচ এর বাথরুমের দেয়াল নির্মাণ কাজ সমাপ্তির মাত্র এক বৎসর সময়ের মধ্যে দেয়ালে ড্যাম্প এবং রং-এর কাজ ইতোমধ্যে নষ্ট হয়ে গেছে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয় হতে প্রয়োজনীয় সংস্কারের ব্যবস্থা নিতে হবে; |
| ৩.১১ | শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি | আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নকালে | ভবিষ্যতে মন্ত্রণালয় ডিপিপিতে উল্লিখিত |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | সমস্যা | সুপারিশ |
|--------------|--|---|---|
| | বিশ্ববিদ্যালয়ের আইসিটি ভবন নির্মাণ। (জানুয়ারী, ১১-জুন, ১৫) | ডিপিপি'র সংস্থান অনুযায়ী সময়মত পর্যাপ্ত বরাদ্দ পাওয়া যায়নি। ফলশ্রুতিতে টেন্ডার আহবানপূর্বক মেরামত ও সংস্কার কাজ যথাসময়ে সম্পন্ন করা সম্ভব হয়নি। ফলে প্রকল্পের মেয়াদ ২ বছর বৃদ্ধি করতে হয়েছে; | বছর-ভিত্তিক ব্যয়ের প্রাক্কলন অনুযায়ী এডিপি / আরএডিপি বরাদ্দ নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ সময়মত প্রয়োজনীয় বরাদ্দ পাওয়ার লক্ষ্যে প্রকল্প কর্তৃপক্ষকেও যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে যাতে করে নির্ধারিত মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়ন সম্ভব হয়; |
| ৩.১২ | ফ্লিনস ডেভেলপমেন্ট প্রজেক্ট জুলাই, ২০০৮ – জুন, ২০১৫ | প্রকল্প পরিচালক বার বার পরিবর্তন এবং পরামর্শক নিয়োগে বিলম্বের ফলে প্রকল্পের সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করা যায়নি মর্মে জানা যায়; মূল প্রকল্পটি ৪৬০০০.৭০ লক্ষ টাকায় অনুমোদিত হয়। প্রকল্প ব্যয় হ্রাসপূর্বক ১৬২৬৮.৯০ লক্ষ টাকায় সংশোধন করা হয়েছে এবং ১৫৪৫৪.৬৬ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা কাম্য নয়। এ ক্ষেত্রে ঋন ও গ্রান্টসহ জিওবি অর্থ সুষ্ঠুভাবে ব্যয় করতে কাঙ্ক্ষিত দক্ষতার অভাব পরিলক্ষিত হয়। এছাড়া প্রকল্প সুষ্ঠু বাস্তবায়ন এবং প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য কাঙ্ক্ষিত মাত্রায় অর্জন ব্যহত হয়েছে মর্মে প্রতীয়মান হয়। | প্রকল্প পরিচালক বার বার পরিবর্তন এবং পরামর্শক নিয়োগে বিলম্বের ফলে প্রকল্পের সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করা যায়নি। ভবিষ্যতে এ ধরনের প্রকল্প গ্রহণকালে প্রকল্প পরিচালক বার বার পরিবর্তনের বিষয়টি পরিহার করতে হবে; ঋন ও গ্রান্টসহ জিওবি অর্থ সুষ্ঠুভাবে ব্যয় করতে কাঙ্ক্ষিত দক্ষতার অভাব পরিলক্ষিত হয়। এছাড়া প্রকল্প সুষ্ঠু বাস্তবায়ন এবং প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য কাঙ্ক্ষিত মাত্রায় অর্জন ব্যহত হয়েছে মর্মে প্রতীয়মান হয়। বিষয়টি শিক্ষা মন্ত্রণালয় খতিয়ে দেখবে এবং প্রকৃত কারণ আইএমইডি-কে অবহিত করবে; |
| ৩.১৩ | ঢাকা বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন ৪র্থ পর্যায় জুলাই, ২০১০ হতে জুন, ২০১৫ | বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে। তাই বর্তমান অবকাঠামোতে অতিরিক্ত সংখ্যক শিক্ষার্থীদের তীব্র আবাসিক সংকট রয়েছে, উদাহরণ স্বরূপ- ঢাকা বিশ্ববিদ্যালয়ের কবি জসীম উদ্দিন হল পারিদর্শনকালে আবাসনের তীব্র সংকট পরিলক্ষিত হয়েছে। | বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে। তাই বর্তমান অবকাঠামোতে অতিরিক্ত সংখ্যক শিক্ষার্থীদের তীব্র আবাসিক সংকট মোকাবেলায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারেন; |
| ৩.১৪ | এস্টাবলিশমেন্ট অব আইটি ল্যাব ইন সিলেকটেড সেকেন্ডারি লেবেল ইনস্টিটিউশনস ইন ঢাকা। জুলাই, ২০১৩ – জুন, ২০১৫ | আলোচ্য প্রকল্পের মাধ্যমে ১০০টি বিদ্যালয়ে আইসিটি ল্যাব স্থাপন করা হয়েছে। কিছু শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব অর্থায়নে ল্যাবের উন্নয়ন করেছে তবে বেশীর ভাগ প্রতিষ্ঠানের সরকারের প্রতি নির্ভরশীলতার প্রবনতা রয়েছে। এছাড়া বিদ্যালয়সমূহে স্থাপিত IT Lab যথাযথ রক্ষনাবেক্ষণের অভাব পরিলক্ষিত হয়েছে; | আলোচ্য প্রকল্পের মাধ্যমে ১০০টি বিদ্যালয়ে আইসিটি ল্যাব স্থাপন করা হয়েছে। কিছু শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব অর্থায়নে ল্যাবের উন্নয়ন করেছে তবে বেশীর ভাগ প্রতিষ্ঠানের সরকারের প্রতি নির্ভরশীলতার প্রবনতা রয়েছে যা পরিহার করে ল্যাব সুবিধার টেকসই উন্নয়নের লক্ষ্যে প্রতিষ্ঠানসমূহ-কে নিজস্ব অর্থায়নে ল্যাবের উন্নয়ন ও রক্ষনাবেক্ষণ করতে হবে। এ বিষয়ে মন্ত্রণালয়/সংস্থা প্রয়োজনীয় নির্দেশনা দিতে পারে; |

“ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশেষ উন্নয়ন- ৩য় পর্যায় শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

সমাপ্ত: (জুন,২০১৫)

- ১। বাস্তবায়নকারী সংস্থা : বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়।
 ২। প্রশাসনিক মন্ত্রণালয় : শিক্ষা মন্ত্রণালয়।
 ৩। প্রকল্পের অবস্থান : ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশেষ উন্নয়ন-৩য় পর্যায়।

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ

টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | হাসকৃত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|------------------|------------------|--------------|-------------------------|---------------------------------|-----------------------|-----------------------------------|--|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত (মেয়াদ বৃদ্ধি) | | | |
| মোট টাকা প্রঃসাঃ | মোট টাকা প্রঃসাঃ | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১২১০০.০০ | ১২১০০.০০ | ১২১০০.০০ | জানুয়ারী,২০০৯ | জানুয়ারী,২০০৯ | জানুয়ারী,২০০৯ | -- | ১ বছর |
| ১২১০০.০০ | ১২১০০.০০ | | হতে | হতে | হতে | | ০৬ মাস |
| -- | -- | | ডিসেম্বর,২০১৩ | জুন,২০১৫ | জুন,২০১৫ | | (৩০%) |

৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ | একক | সর্বশেষ অনুমোদিত ডিপিপি সংস্থান | | প্রকৃত বাস্তবায়ন | |
|-----------|---|--------|---------------------------------|-------------|-------------------|-------------|
| | | | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১. | মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল ও সূর্যসেন হলের মধ্যবর্তী স্থানে ১০০০ ছাত্রের জন্য ১০ তলা আবাসিক হল (বিজয় একাডেমি হল) নির্মাণ (প্রভোস্ট ও হাউজ টিউটর কোয়ার্টারসহ) | বঃমিঃ | ৪৫২১.০০ | ২৩৮৫৬ বঃমিঃ | ৪৫২১.০০ | ২৩৮৫৬ বঃমিঃ |
| ২. | আনুষঙ্গিক সুবিধাদিসহ কার্জন হলের পূর্বপার্শ্বের রেলওয়ের জায়গায় ৫০০ ছাত্রীর জন্য ১০-তলা বিশিষ্ট টুইন হল (কবি সুফিয়া কামাল হল) নির্মাণ। | বঃমিঃ | ২৯১৩.০০ | ১২১১৫ বঃমিঃ | ২৯১৩.০০ | ১২১১৫ বঃমিঃ |
| ৩. | আনুষঙ্গিক সুবিধাদিসহ জ্যেষ্ঠ শিক্ষক ও কর্মকর্তাদের জন্য ১২ তলা বিশিষ্ট আবাসিক টাওয়ার (শহীদ মুনির চৌধুরী) ভবন নির্মাণ। | বঃমিঃ | ৩১৭৩.০০ | ১৫৭৯৭ বঃমিঃ | ৩১৭৩.০০ | ১৫৭৯৭ বঃমিঃ |
| ৪. | আনুষঙ্গিক সুবিধাদিসহ মোকাররম হোসেন খন্দকার বিজ্ঞান ভবনের ৪র্থ ও ৫ম তলা (আংশিক) নির্মাণ। | বঃমিঃ | ১১১৯.৬৯ | ৪২১২ বঃমিঃ | ১১১৯.৬৯ | ৪২১২ বঃমিঃ |
| ৫. | আনুষঙ্গিক সুবিধাদিসহ রোকেয়া হলের ২ নং বর্ধিত ভবনের ৩য় ও ৪র্থ তলা (আংশিক) এবং ৫ম তলা (আংশিক) নির্মাণ। | বঃমিঃ | ২২২.০০ | ১৩৯০ বঃমিঃ | ২২২.০০ | ১৩৯০ বঃমিঃ |
| ৬. | মেডিকেল সেন্টারের জন্য ১টি এ্যাম্বুলেন্স ক্রয়। | সংখ্যা | ২৫.০০ | ১টি | ২৫.০০ | ১টি |

| ক্রমিক নং | অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ | একক | সর্বশেষ অনুমোদিত ডিপিপি সংস্থান | | প্রকৃত বাস্তবায়ন | |
|--------------|--|--------|------------------------------------|------------|-------------------|------------|
| | | | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) |
| ৭. | গ্রন্থাগারের জন্য একটি জেনারেটর ক্রয়। | সংখ্যা | ৭৬.৩১ | ১টি | ৭৬.৩১ | ১টি |
| ৮. | ঢাকা বিশ্ববিদ্যালয়ের জন্য একটি মাস্টার প্ল্যান প্রণয়ন। | থোক | ৫০.০০ | থোক | ৫০.০০ | থোক |
| ৯. | প্রাইস কন্টিনজেন্সি। | থোক | -- | -- | -- | -- |
| ১০. | ফিজিক্যাল কন্টিনজেন্সি। | থোক | -- | -- | -- | -- |
| | | | ১২১০০.০০ | | ১২১০০.০০ | |

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই মর্মে জানা গেছে।

৭। **সাধারণ পর্যবেক্ষণঃ**

৭.১। **পটভূমিঃ** ১৯২১ সালে বিশ্ববিদ্যালয় ৩টি অনুষদের আওতায় ১৩টি বিভাগ, ৩টি আবাসিক হল এবং ৮০০ ছাত্র-ছাত্রী নিয়ে শুরু হয়। দেশ স্বাধীন হওয়ার পরে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা ব্যাপক হারে বৃদ্ধি পায়। ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ৩০,০০০ ছাত্র-ছাত্রী অধ্যয়নরত রয়েছে, এর মধ্যে ১০,৫১৬ জন ছাত্র-ছাত্রীকে আবাসিক সুবিধা প্রদান করা সম্ভব হয়েছে। বাকী প্রায় ১৯০০০ ছাত্র-ছাত্রীর জন্য আবাসিক কোন ব্যবস্থা না থাকায় তাদের পক্ষে এই মহানগরীতে থাকা বেশ কষ্টসাধ্য হয়ে পড়েছে। ছাত্র-ছাত্রীর জন্য আবাসিক সমস্যাসহ বিশ্ববিদ্যালয়ের অন্যান্য সমস্যাও রয়েছে।

অন্যদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রায় ১৫০০ শিক্ষক, ৫৫০ জন কর্মকর্তা এবং ৪,০০০ জন কর্মচারী রয়েছে, যাদের মধ্যে খুব কমসংখ্যক ব্যক্তিকে আবাসিক সুবিধা প্রদান করা সম্ভব হয়েছে। বেশীর ভাগ কর্মচারীই ঢাকা শহরের বিভিন্ন স্থানে বসবাস করছে। এ ছাড়া ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধির সাথে সাথে খেলাধুলা ও অন্যান্য সুযোগ সুবিধাও বৃদ্ধি করা হয়নি। এ সকল প্রেক্ষাপটে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৭.২। **প্রকল্পের উদ্দেশ্যঃ**

- ১) ছাত্রদের জন্য একটি নতুন হল, প্রভোস্ট বাংলো ও আবাসিক শিক্ষকদের জন্য ফ্ল্যাট নির্মাণ;
- ২) শিক্ষক এবং কর্মকর্তাদের জন্য আবাসিক টাওয়ার ও ভবন নির্মাণ;
- ৩) বিদ্যমান একাডেমিক ভবন সম্প্রসারণ;
- ৪) বিদ্যমান আবাসিক ভবন সম্প্রসারণ;
- ৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টার সম্প্রসারণ;
- ৬) ঢাকা বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরীর জন্য কম্পিউটার এবং একটি জেনারেটর ক্রয়;
- ৭) টিএসসি কম্পাউন্ডের ভিতরে একটি নতুন ভবন নির্মাণ এবং বিনোদন সুবিধা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান অডিটোরিয়াম, খেলার রুম এবং ক্যাফেটেরিয়ার উন্নয়ন।

৭.৩। **অনুমোদন পর্যায়ঃ** আলোচ্য প্রকল্পটি ১২১০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী, ২০০৯ হতে ডিসেম্বর, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২২-১২-২০০৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি

ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ১ম দফায় ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত ৬ (ছয়) মাস এবং ২য় দফায় ১ (এক) বছর অর্থাৎ জুন, ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৭.৪। **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

- ১০০০ ছাত্রের জন্য ১০ তলা বিশিষ্ট হল নির্মাণ (২৩৮৫৬ ব:মি:);
- ৫০০ ছাত্রীর জন্য ১০ তলা বিশিষ্ট টুইন হল সমাপ্ত করণ (১২১১৫ ব:মি:);
- শিক্ষক ও কর্মকর্তাদের জন্য ১২ তলা বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ(১৫৯৭৯ ব:মি:);
- মোকাররম হোসেন ভবনের ৪র্থ ও ৫ম তলা নির্মাণ(৪২১২ ব:মি:);;
- রোকেয়া হলের ২নং বর্ধিত ভবনের ৩য়, ৪র্থ ও ৫ম তলা নির্মাণ (১৩৯০ ব:মি:);
- শাহনেওয়াজ হোস্টেলের বর্ধিত ভবন নির্মাণ (১০ তলা ভিত বিশিষ্ট ৫ম তলা);
- জিমেনেসিয়ামের প্রি-ইঞ্জিনিয়ার্ড বিল্ডিং নির্মাণ;
- টিএসসি কম্পাউন্ডের ভিতরে একটি নতুন ভবন নির্মাণ এবং বিনোদন সুবিধা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান অডিটোরিয়াম স্টোর রুম এবং ক্যাফেটেরিয়া উন্নয়ন;
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টার সম্প্রসারণ, (১০) গভীর নলকূপ- পানির পাম্প ও পাম্প হাউজ স্থাপন;
- ১টি এম্বুলেন্স;
- কম্পিউটার;
- আসবাবপত্র; এবং
- জেনারেটর, লিফট, কেভিএ সাব স্টেশন স্থাপন ইত্যাদি।

৭.৫। **প্রকল্প ব্যবস্থাপনাঃ** প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | মন্তব্য |
|---------|---|----------------|--------------------|------------|
| ১। | জনাব মোঃ জহিরুল হক পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | ০১-০১-২০০৯ | ২৯-০১-২০১১ | পূর্ণকালীন |
| ২। | জনাব জীবন কুমার মিশ্র পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | ৩০-০১-২০১১ | ৩০-০৬-২০১৫ | পূর্ণকালীন |

৭.৬। **প্রকল্প পরিদর্শনঃ** প্রকল্পটির কার্যক্রম আইএমইডি 'র উপ-পরিচালক জনাব মশিউর রহমান কর্তৃক ১৩-০৪-২০১৬ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। প্রকল্পটির নির্মাণ কাজ শিক্ষা প্রকৌশল বিভাগের মাধ্যমে বাস্তবায়ন করা হয়েছে। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য, শিক্ষা প্রকৌশল বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সা থে আলোচনা করা হয়েছে। সরেজমিনে পরিদর্শন ও প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে।

৭.৭। **মূল্যায়ন পদ্ধতি (Methodology) :** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

- (ক) ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
- (খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

- (গ) PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
 (ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং
 (ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৮। প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতিঃ

৮.১। **আর্থিক অগ্রগতিঃ** প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ছিল ১২১০০.০০ লক্ষ টাকা। শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ১২১০০.০০ লক্ষ টাকা (১০০%)। প্রকল্পটির অনুকূলে ২০০৮-০৯ হতে ২০১৩-১৫ পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

| আর্থিক বৎসর | সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা | | | | ব্যয় ও বাস্তব অগ্রগতি | | | |
|-------------|-------------------------------|-----------------|-----------|-------------|------------------------|-----------------|-----------|-------------|
| | মোট | টাকা (জিওবি) | প্রঃ সাঃ | বাস্তব (%) | মোট | টাকা | প্রঃ সাঃ | বাস্তব (%) |
| ২০০৮-০৯ | ১০০.০০ | ১০০.০০ | -- | ১% | ১০০.০০ | ১০০.০০ | -- | ১% |
| ২০০৯-১০ | ১০০০.০০ | ১০০০.০০ | -- | ৮% | ১০০০.০০ | ১০০০.০০ | -- | ৮% |
| ২০১০-১১ | ১৪০০.০০ | ১৪০০.০০ | -- | ১২% | ১৪০০.০০ | ১৪০০.০০ | -- | ১২% |
| ২০১১-১২ | ২৭০০.০০ | ২৭০০.০০ | -- | ২২% | ২৭০০.০০ | ২৭০০.০০ | -- | ২২% |
| ২০১২-১৩ | ১৭০০.০০ | ১৭০০.০০ | -- | ১৪% | ১৭০০.০০ | ১৭০০.০০ | -- | ১৪% |
| ২০১৩-২০১৪ | ১৫০০.০০ | ১৫০০.০০ | -- | ১২% | ১৫০০.০০ | ১৫০০.০০ | -- | ১২% |
| ২০১৪-২০১৫ | ৩৭০০.০০ | ৩৭০০.০০ | -- | ৩১% | ৩৭০০.০০ | ৩৭০০.০০ | -- | ৩১% |
| মোট | ১২১০০.০০ | ১২১০০.০০ | -- | ১০০% | ১২১০০.০০ | ১২১০০.০০ | -- | ১০০% |

৮.২। **অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতির বি শ্লেষণ :** প্রকল্পটির অগ্রগতি সম্পর্কিত সর্বশেষ প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী বাস্তব অগ্রগতি হয়েছে ১০০%। প্রকল্পটির অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলঃ

৮.২.১ **মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল ও সূর্যসেন হলের মধ্যবর্তী স্থানে ১০০০ ছাত্রের জন্য ১০ তলা আবাসিক হল (বিজয় একাত্তর হল) নির্মাণ (প্রভোস্ট ও হাউজ টিউটর কোয়ার্টারসহ):** ডিপিপি'র সংস্থান অনুযায়ী বিজয় একাত্তর হল ও প্রভোস্ট ও হাউজ টিউটর কোয়ার্টার নির্মাণ বাবদ ৪৫২১.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪৫২১.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তবে ডিপিপির সংস্থান অনুযায়ী ২৩৮৫৬ বর্গ মিটার নির্মাণ করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।



চিত্রঃ নির্মাণাধীন বিজয় একাত্তর হল।




চিত্রঃ বিজয় একাত্তর হলের বাথরুমের চিত্র।

৮.২.২ আনুষঙ্গিক সুবিধাদিসহ কার্জন হলের পূর্বপার্শ্বের রেলওয়ের জায়গায় ৫০০ ছাত্রীর জন্য ১০-তলা বিশিষ্ট টুইন হল
 (কবি সুফিয়া কামাল হল) নির্মাণঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী আনুষঙ্গিক সুবিধাদিসহ ৫০০ ছাত্রীর জন্য ১০-তলা
 বিশিষ্ট টুইন হল (কবি সুফিয়া কামাল হল) নির্মাণ বাবদ ২৯১৩.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৯১৩.০০ লক্ষ
 টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তবে ১২১১৫ বঃমিটারের পুরোটাই নির্মাণ করা হয়েছে
 অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক মনে হয়েছে।



চিত্রঃ নির্মাণাধীন কবি সুফিয়া কামাল হল।

৮.২.৩ আনুষঙ্গিক সুবিধাদিসহ জ্যেষ্ঠ শিক্ষক ও কর্মকর্তাদের জন্য ১২ তলা বিশিষ্ট আবাসিক টাওয়ার (শহীদ মুনীর চৌধুরী) ভবন নির্মাণঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী আনুষঙ্গিক সুবিধাদিসহ জ্যেষ্ঠ শিক্ষক ও কর্মকর্তাদের জন্য ১২ তলা বিশিষ্ট আবাসিক টাওয়ার (শহীদ মুনীর চৌধুরী) ভবন নির্মাণ বাবদ ৩১৭৩.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩১৭৩.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তবে ১৫৯৭৯ বঃমিটারের স্থলে ১৫৭৯৭ বর্গ মিটারই নির্মাণ করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।



চিত্রঃ নির্মাণাধীন জ্যেষ্ঠ শিক্ষক ও কর্মকর্তাদের জন্য ১২ তলা বিশিষ্ট আবাসিক টাওয়ার (শহীদ মুনীর চৌধুরী) ভবন।

৮.২.৪ আনুষঙ্গিক সুবিধাদিসহ মোকাররম হোসেন খন্দকার বিজ্ঞান ভবনের ৪র্থ ও ৫ম তলা (আংশিক) নির্মাণঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী আনুষঙ্গিক সুবিধাদিসহ মোকাররম হোসেন খন্দকার বিজ্ঞান ভবনের ৪র্থ ও ৫ম তলা (আংশিক) নির্মাণ বাবদ ১১১৯.৬৯ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১১১৯.৬৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তবে ৪২১২ বঃমিটারের স্থলে ৪২১২ বর্গ মিটার নির্মাণ করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।



৮.২.৫ আনুষঙ্গিক সুবিধাদিসহ রোকেয়া হলের ২ নং বর্ধিত ভবনের ৩য় ও ৪র্থ তলা (আংশিক) এবং ৫ম তলা (আংশিক) নির্মাণঃ আনুষঙ্গিক সুবিধাদিসহ রোকেয়া হলের ২ নং বর্ধিত ভবনের ৩য় ও ৪র্থ তলা (আংশিক) এবং ৫ম তলা (আংশিক) ডিপিপি'র সংস্থান অনুযায়ী নির্মাণ বাবদ ২২২.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২২২.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তবে ১৩৯০ বর্গমিটারের স্থলে ১৩৯০ বর্গ মিটার নির্মাণই করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।




৮.২.৬ মেডিকেল সেন্টারের জন্য ১টি এ্যাম্বুলেন্স ক্রয়ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী মেডিকেল সেন্টারের জন্য ১টি এ্যাম্বুলেন্স ক্রয় বাবদ ২৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৫.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং বাস্তবে ১টি এ্যাম্বুলেন্স-এর স্থলে ১টিই ক্রয় করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।



চিত্রঃ মেডিকেল সেন্টারের জন্য ক্রয়কৃত এম্বুলেন্স ।

৮.২.৭ গ্রন্থাগারের জন্য একটি জেনারেটর ক্রয়ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী গ্রন্থাগারের জন্য একটি জেনারেটর ক্রয় বাবদ ৭৬.৩১ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৭৬.৩১ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং বাস্তবে ১ টি জেনারেটরের স্থলে ১ টি জেনারেটরই ক্রয় করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।



500 KBA Generator for The Central Library of The University of Dhaka.(Complete)

৮.২.৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের জন্য একটি মাস্টার প্ল্যান প্রণয়নঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ের জন্য একটি মাস্টার প্ল্যান প্রণয়ন বাবদ ৫০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৫০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৮.৩ ক্রয় কার্যক্রমঃ

প্রকল্পের আওতায় ক্রয় কার্যক্রম ওটিএম পদ্ধতিতে সম্পন্ন করা হয়েছে মর্মে পরিদর্শনকালে জানা যায়।

৯। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

| উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|--|---|
| ১) ছাত্রদের জন্য একটি নতুন হল, প্রভোস্ট বাংলো ও আবাসিক শিক্ষকদের জন্য ফ্ল্যাট নির্মাণ; | ১) ছাত্রদের জন্য একটি নতুন হল, প্রভোস্ট বাংলো ও আবাসিক শিক্ষকদের জন্য ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে; |

| | |
|---|--|
| ২) শিক্ষক এবং কর্মকর্তাদের জন্য আবাসিক টাওয়ার ও ভবন নির্মাণ; | ২) শিক্ষক এবং কর্মকর্তাদের জন্য আবাসিক টাওয়ার ও ভবন নির্মাণ করা হয়েছে; |
| ৩) বিদ্যমান একাডেমিক ভবন সম্প্রসারণ | ৩) বিদ্যমান একাডেমিক ভবন সম্প্রসারণ করা হয়েছে; |
| ৪) বিদ্যমান আবাসিক ভবন সম্প্রসারণ; | ৪) বিদ্যমান আবাসিক ভবন সম্প্রসারণ করা হয়েছে; |
| ৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টার সম্প্রসারণ; | ৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টার সম্প্রসারণ করা হয়েছে; |
| ৬) ঢাকা বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরীর জন্য কম্পিউটার এবং একটি জেনারেটর ক্রয়; | ৬) ঢাকা বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরীর জন্য কম্পিউটার এবং একটি জেনারেটর ক্রয় করা হয়েছে; |
| ৭) টিএসসি কম্পাউন্ডের ভিতরে একটি নতুন ভবন নির্মাণ এবং বিনোদন সুবিধা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান অডিটোরিয়াম, খেলার রুম এবং ক্যাফেটেরিয়ার উন্নয়ন। | ৭) টিএসসি কম্পাউন্ডের ভিতরে একটি নতুন ভবন নির্মাণ এবং বিনোদন সুবিধা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান অডিটোরিয়াম, খেলার রুম এবং ক্যাফেটেরিয়ার উন্নয়ন করা হয়েছে। |

১০। **উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণঃ**প্রযোজ্য নয়।

১১। **প্রকল্পের প্রভাব :** আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত যেমন- একাডেমিক ভবন, হল নির্মাণ, আবাসিক ভবন নির্মাণ এবং আসবাবপত্রের সংস্থান, যন্ত্রপাতি ক্রয়ের মাধ্যমে শিক্ষার পরিবেশগত ও গুণগত মান উন্নয়ন সাধিত হয়েছে। এছাড়া ছাত্র-ছাত্রীরা তাদের উচ্চ শিক্ষা সমাপ্তির পর দেশ ভিত্তিক সাহিত্য, খেলাধুলা ও সংস্কৃতি এবং আইসিটি বিষয়ের উপরে নিজেদের সংযুক্ত করতে আরো উদ্যোগী হবে মর্মে আশা করা যায়। ফলে দক্ষ জনবল তৈরীর মাধ্যমে কর্মসংস্থান সহজ হবে যা দেশের দারিদ্র বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তবে প্রভাব মূল্যায়নের মাধ্যমে সুনির্দিষ্ট প্রভাবসমূহ নির্ণয় করা যায়।

১২। **সমস্যাঃ**

- ১২.১। বিজয় একাত্তর হল সদ্য নির্মাণ করা হয়েছে। অথচ এর বাথরুমের দেয়াল ড্যাম্প হয়েছে এবং রং-এর কাজ ইতোমধ্যে নষ্ট হয়ে গেছে। নির্মাণ কাজ শেষ হবার মাত্র এক বৎসর সময়ের মধ্যে দেয়ালে ড্যাম্প ধরা বা রং নষ্ট হয়ে যাওয়া নিম্নমানের কাজের উদাহরণ;
- ১২.২। প্রকল্পের External অডিট কার্যক্রম গত ৩১-১২-২০১৪ তারিখে সম্পন্ন হয়েছে এবং কোন Major Objection পাওয়া গিয়েছে কিনা তা পিসিআরএ উল্লেখ করা হয়নি;
- ১২.৩। প্রকল্পটি সমাপ্ত হয় জুন, ২০১৫ সালে। প্রকল্প সমাপ্তির পর আইএমইডিতে ০৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের কথা থাকলেও আইএমইডিতে পিসিআর পাওয়া যায় প্রায় ০৯ মাস পরে (মার্চ, ২০১৬-এ)। এর ফলে মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন বিলম্বিত হয় এবং আইএমইডি কর্তৃক সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন সংক্রান্ত সংকলন পুস্তিকা প্রণয়নও বিলম্বিত হয়, যা কাম্য নয়;
- ১২.৪। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে। তাই প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামোসমূহের Capacity যথেষ্ট নয় মর্মে প্রতীয়মান হয়।

১৩। **সুপারিশঃ**

- ১৩.১। বিজয় একাত্তর হল সদ্য নির্মাণ করা হয়েছে। অথচ এর বাথরুমের দেয়াল নির্মাণ কাজ সমাপ্তির মাত্র এক বৎসর সময়ের মধ্যে দেয়ালে ড্যাম্প এবং রং-এর কাজ ইতোমধ্যে নষ্ট হয়ে গেছে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয় হতে প্রয়োজনীয় সংস্কারের ব্যবস্থা নিতে হবে;
- ১৩.২। প্রকল্পের External অডিট এ কোন আপত্তি থেকে থাকলে তা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে;
- ১৩.৩। ঢাকা বিশ্ববিদ্যালয়কে আন্তর্জাতিক মানসম্পন্ন করার উদ্দেশ্যে বিদেশী বিশ্ববিদ্যালয়ের সাথে শিক্ষা ও গবেষণা সহযোগিতার সম্পর্ক স্থাপন করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করে শিক্ষার মান সমন্বয়যোগ্য ও আধুনিক করতে ব্যবস্থা নিতে হবে;
- ১৩.৪। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে। তাই বর্তমান অবকাঠামোতে অতিরিক্ত সংখ্যক শিক্ষার্থীদের তীর আবাসিক সংকট মোকাবেলায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মাস্টার প্ল্যান অনুযায়ী প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারেন;
- ১৩.৫। ভবিষ্যতে কোন প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) প্রনয়নপূর্বক তা আইএমইডিতে আবশ্যিকভাবে প্রেরণ করার ব্যাপারে মন্ত্রণালয়কে কার্যকরী ভূমিকা পালন করতে হবে;
- ১৩.৬। অনুষ্টেদ ১ ৩.১ হতে ১৩.৫ এর সুপারিশসমূহের আলোকে গৃহীত পদক্ষেপের অগ্রগতি আগামী এক মাসের মধ্যে আইএমই বিভাগকে অবহিত করতে হবে এবং পরবর্তীকালে অনুষ্টেদ ১৩.৩ হতে ১৩.৫ এর অনুসরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

“ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশেষ উন্নয়ন ৪র্থ পর্যায়(সংশোধিত)” শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

সমাপ্ত: (জুন, ২০১৫)

- ১। প্রকল্পের অবস্থান : ঢাকা বিশ্ববিদ্যালয়।
 ২। বাস্তবায়নকারী সংস্থা : বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়।
 ৩। প্রশাসনিক মন্ত্রণালয় : শিক্ষা মন্ত্রণালয়।
 ৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | হাসকৃত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|----------------------|----------------------------------|--------------|-------------------------|---------------------------------|---------------------------|-----------------------------------|--|
| মূল মোট টাকা প্রঃসাঃ | সর্বশেষ সংশোধিত মোট টাকা প্রঃসাঃ | | মূল | সর্বশেষ সংশোধিত (মেয়াদ বৃদ্ধি) | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১২০০০.০০ | ১৩১৩০.৩৯ | ১৩১৩০.৩৯ | জুলাই, ২০১০ | জুলাই, ২০১০ হতে জুন, ২০১৪ | জুলাই, ২০১০ হতে জুন, ২০১৫ | -- | ১ বছর (২৫%) |
| ১২০০০.০০ | ১৩১৩০.৩৯ | | | | | | |
| -- | -- | | | | | | |

- ৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):
 (লক্ষ টাকায়)

| ক্র/নং | অংগসমূহ | একক | সংশোধিত প্রাক্কলন | | প্রকৃত বাস্তবায়ন | |
|--------|---|-------|-------------------|----------|-------------------|----------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব % |
| ১। | যন্ত্রপাতি সংগ্রহ | থোক | ১৪৩৬.০০ | থোক | ১৪৩৬.০০ (১০০%) | থোক |
| ২। | আসবাবপত্র | থোক | ৪১৩.৬৮৭ | থোক | ৪১৩.৬৮৭ (১০০%) | থোক |
| ৩। | ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি(বিদ্যুতায়ন) | | | | | |
| | ক) সামাজিক বিজ্ঞান অনুষদের ৩য় তলা থেকে ৬ষ্ঠ তলা ভবন | থোক | ৫০১.৯২২ | থোক | ৫০১.৯২২ (১০০%) | থোক |
| | খ) ১০০০ ছাত্রীর জন্য ১১ তলা ভিতসহ ৬ তলা ভবন | থোক | ৩১৬.৫০ | থোক | ৩১৬.৫০ (১০০%) | থোক |
| | গ) প্রাধ্যক্ষের জন্য প্রভোস্ট কমপ্লেক্স | থোক | ৫.০০ | থোক | ৫.০০ (১০০%) | থোক |
| | ঘ) আবাসিক শিক্ষকদের জন্য ১১ তলার ভিতসহ ৩ তলা ভবন | থোক | ২১.০০ | থোক | ২১.০০ (১০০%) | থোক |
| | ঙ) ইয়ং টিচার্স ও অফিসারদের জন্য ১৩ তলা টাওয়ার ভবন (৫৫টি ফ্ল্যাট) | থোক | ৪৫৫.৭৯ | থোক | ৪৫৫.৭৯ (১০০%) | থোক |
| | চ) ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ১০ তলা ভবন (২০ তলার ভিতসহ) ফ্ল্যাট (৫৪টি ফ্ল্যাট) | থোক | ৩১০.৫৯ | থোক | ৩১০.৫৯ (১০০%) | থোক |
| ৪। | ক্রোকোরীজ | থোক | ৫.০০ | থোক | ৫.০০ (১০০%) | থোক |
| ৫। | অগ্নিনির্বাপক যন্ত্র | থোক | ৮১.৬৩ | থোক | ৮১.৬৩ (১০০%) | থোক |
| ৬। | নির্মাণ ও পূর্তঃ | | | | | |
| | ক) ১০০০ ছাত্রীর জন্য ১১ তলা ভিতসহ ৬ | বঃমিঃ | ৩০২৭.০৭ | ১০৪৫৫.৩৯ | ৩০২৭.০৭ | ১০৪৫৫.৩৯ |

| ক্র/নং | অংগসমূহ | একক | সংশোধিত প্রাক্কলন | | প্রকৃত বাস্তবায়ন | |
|--------|---|-------|-------------------|-----------------|---------------------------|---------------------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব % |
| | তলা ভবন নির্মাণ। | | | বঃমিঃ | (১০০%) | বঃমিঃ (১০০%) |
| | খ) প্রাধ্যক্ষের জন্য প্রভোস্ট কমপ্লেক্স নির্মাণ। | বঃমিঃ | ৬৫.৯৪ | ২৮৮.১০ বঃমিঃ | ৬৫.৯৪ (১০০%) | ২৮৮.১০ বঃমিঃ (১০০%) |
| | গ) আবাসিক শিক্ষকদের জন্য ৩ তলা ভবন নির্মাণ (১১ তলার ভিতসহ) | বঃমিঃ | ৩৩৯.৩৭ | ৮৩৬.৪৩ বঃমিঃ | ৩৩৯.৩৭ (১০০%) | ৮৩৬.৪৩ বঃমিঃ (১০০%) |
| | ঘ) ইয়ং টিচার্স ও অফিসারদের জন্য ১৩ তলা টাওয়ার ভবন নির্মাণ (৫৫টি ফ্ল্যাট) | বঃমিঃ | ২৩৮৫.৫১ | ১১২৪৫ বঃমিঃ | ২৩৮৫.৫১ (১০০%) | ১১২৪৫ বঃমিঃ (১০০%) |
| | ঙ) ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ১০ তলা ভবন (২০ তলার ভিতসহ) ফ্ল্যাট নির্মাণ (৫৪টি ফ্ল্যাট) | বঃমিঃ | ১৯৩৭.৭৯১ | ৫৪২৩ বঃমিঃ | ১৯৩৭.৭৯১ (১০০%) | ৫৪২৩ বঃমিঃ (১০০%) |
| | চ) সামাজিক বিজ্ঞান অনুষদের ৩য় তলা থেকে ৬ষ্ঠ তলা নির্মাণ | বঃমিঃ | ১৮২৭.৬২১ | ৯৫৯২ বঃমিঃ | ১৮২৭.৬২১ (১০০%) | ৯৫৯২ বঃমিঃ (১০০%) |
| | সর্বমোট | - | ১৩১৩০.৩৯ | - | ১৩১৩০.৩৯ (১০০%) | - |

অনুমোদিত ডিপিপি অনুযায়ী ১ ৩১৩০.৩৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি জুলাই, ২০১০ হতে জুন, ২০১৫ মেয়াদে বাস্তবায়িত হয়। প্রকল্প মেয়াদে ১৩১৩০.৩৯ লক্ষ টাকা (১০০%) শিক্ষা মন্ত্রণালয় হতে অবমুক্ত হয় যার সম্পূর্ণটাই ব্যয়িত হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি, অবমুক্তির ১০০% এবং প্রকল্পের বাস্তব অগ্রগতিও ১০০% সম্পন্ন হয়েছে।

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই মর্মে জানা গেছে।

৭। **সাধারণ পর্যবেক্ষণঃ**

৭.১। **পটভূমিঃ** ১৯২১ সালে প্রতিষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলাদেশের সবচেয়ে প্রাচীন ও সর্বোচ্চ বিদ্যাপিঠ। স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যা অস্বাভাবিক হারে বৃদ্ধি পায়। কিন্তু সে অনুপাতে সুযোগ বৃদ্ধি করা যায়নি। এ বিশ্ববিদ্যালয়ে বর্তমানে প্রায় ৩০,০০০ শিক্ষার্থী অধ্যয়ন করছে। ২০২১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় শতবর্ষে পদার্পন করতে যাচ্ছে। সে লক্ষ্যে শিক্ষার আধুনিকায়নে শিক্ষা ব্যবস্থার আইসিটি প্রবর্তনের পরিকল্পনা নেওয়া হয়েছে। এ উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরে ডিজিটাল নেটওয়ার্ক অবকাঠামো স্থাপন ও আইসিটি সেবা বৃদ্ধি করে সিস্টেম অটোমেশন ব্যবস্থা চালুর জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৭.২। **প্রকল্পের উদ্দেশ্যঃ**

- ১) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরে ডিজিটাল নেটওয়ার্ক অবকাঠামো স্থাপন ও আইসিটি সেবা বৃদ্ধি করে সিস্টেম অটোমেশন;
- ২) লাইব্রেরী ডিজিটাইজেশন ও আধুনিকায়ন;
- ৩) একটি আধুনিক প্রেস ও পাবলিকেশন অবকাঠামো তৈরীর লক্ষ্যে ভবন নির্মাণ;
- ৪) বিদ্যমান একাডেমিক ও প্রশাসনিক ভবনের সম্প্রসারণ;
- ৫) টিএসসি অডিটোরিয়াম এসি ও সাউন্ড সিস্টেম সংযোজন এবং ক্যাফেটেরিয়া ও গেমস রুমের আধুনিকীকরণ;
- ৬) নবসৃষ্ট বিভাগ ইন্সটিটিউটের জন্য বৈজ্ঞানিক যন্ত্রপাতি সংগ্রহ;
- ৭) ছাত্র-ছাত্রীদের (২৪০১জন) আবাসন সুবিধা বৃদ্ধির লক্ষ্যে নতুন হল নির্মাণ ও বিদ্যমান হলের সম্প্রসারণ;
- ৮) শিক্ষক, অফিসার, হাউজটিউটরদের (১১২টি) এবং স্টাফদের (১১৪টি) আবাসন সুবিধা সৃষ্টি; এবং
- ৯) সেনেটারি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার আধুনিকায়ন।

৭.৩। **অনুমোদন পর্যায়ঃ** আলোচ্য প্রকল্পটি ১২০০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১০ হতে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৬-০৭-২০১০ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের ব্যয় ১০%-এর মধ্যে বৃদ্ধিপূর্বক মোট ১৩১৩০.৩৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এর মেয়াদ ১ বছর বর্ধিত করে (জুন, ২০১৫ পর্যন্ত) প্রকল্পটি সংশোধন করা হয়েছে।

৭.৪। **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

(১) ১০ তলা (১০০০ আসনের) ১টি ছাত্রী হল নির্মাণ, (২) ১৩ তলা জুনিয়র শিক্ষক কোয়ার্টার, (৩) ১২ তলা চতুর্থ শ্রেণী স্টাফ কোয়ার্টার, (৪) একাডেমিক ভবনের সম্প্রসারণ, (৫) হাউজ টিউটর ও প্রভোস্ট বাংলা লাইব্রেরী ডিজিটালাইজেশন এবং (৬) বিভিন্ন দপ্তরে ডিজিটাল নেটওয়ার্ক অবকাঠামো স্থাপন ও আইসিটি সেবা বৃদ্ধি করে সিস্টেম অটোমেশন চালু করা।

৭.৫। **প্রকল্প ব্যবস্থাপনাঃ** প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | মন্তব্য |
|---------|---|----------------|--------------------|---------|
| ১। | জনাব মোঃ জহিরুল হক পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | ০১-০৭-২০১০ | ২৯-০১-২০১১ | |
| ২। | জনাব জীবন কুমার মিশ্র পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | ৩০-০১-২০১১ | ৩০-০৬-২০১৫ | |

৭.৬। **প্রকল্প পরিদর্শনঃ** প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক ২৪-০১-২০১৬ তারিখে মহাপরিচালক, শিক্ষা ও সামাজিক কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে সংশ্লিষ্ট উপ-পরিচালক (শিক্ষা), মহাপরিচালকের সঙ্গে ছিলেন। প্রকল্পটির নির্মাণ কাজ বিশ্ববিদ্যালয়ের নিজস্ব প্রকৌশল বিভাগের মাধ্যমে বাস্তবায়ন করা হয়েছে। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য, বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সহিত আলোচনা করা হয়েছে। সরেজমিনে পরিদর্শন ও প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে।

৭.৭। **মূল্যায়ন পদ্ধতি (Methodology) :** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

(ক) ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(গ) PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৮। প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতিঃ

৮.১। **আর্থিক অগ্রগতিঃ** প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ছিল ১৩১৩০.৩৯ লক্ষ টাকা। শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ১৩১৩০.৩৯ লক্ষ টাকা (১০০%)। প্রকল্পটির অনুকূলে ২০ ১০-২০১১ হতে ২০১৪-২০১৫ পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

| আর্থিক বৎসর | সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা | | | | ব্যয় ও বাস্তব অগ্রগতি | | | |
|-------------|-------------------------------|-----------------|-----------|-------------|------------------------|-----------------|-----------|-------------|
| | মোট | টাকা (জিওবি) | প্রঃ সাঃ | বাস্তব (%) | মোট | টাকা | প্রঃসাঃ | বাস্তব (%) |
| ২০১০-১১ | ৫০০.০০ | ৫০০.০০ | -- | ৪% | ৫০০.০০ | ৫০০.০০ | -- | ৪% |
| ২০১১-১২ | ১৮০০.০০ | ১৮০০.০০ | -- | ১৪% | ১৮০০.০০ | ১৮০০.০০ | -- | ১৪% |
| ২০১২-১৩ | ১২২৫.০০ | ১২২৫.০০ | -- | ৯% | ১২২৫.০০ | ১২২৫.০০ | -- | ৯% |
| ২০১৩-২০১৪ | ২১০০.০০ | ২১০০.০০ | -- | ১৬% | ২১০০.০০ | ২১০০.০০ | -- | ১৬% |
| ২০১৪-২০১৫ | ৭৫০৫.৩৯ | ৭৫০৫.৩৯ | -- | ৫৭% | ৭৫০৫.৩৯ | ৭৫০৫.৩৯ | -- | ৫৭% |
| মোট | ১৩১৩০.৩৯ | ১৩১৩০.৩৯ | -- | ১০০% | ১৩১৩০.৩৯ | ১৩১৩০.৩৯ | -- | ১০০% |

৮.২। **অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতির বিশ্লেষণঃ** প্রকল্পটির অগ্রগতি সম্পর্কিত সর্বশেষ প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী বাস্তব অগ্রগতি হয়েছে ১০০%। প্রকল্পটির অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলঃ

৮.২.১ **যন্ত্রপাতি সংগ্রহঃ** ডিপিপি'র সংস্থান অনুযায়ী যন্ত্রপাতি সংগ্রহ খাতে ১৪৩৬.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৪৩৬.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৮.২.২ **আসবাবপত্রঃ** ডিপিপি'র সংস্থান অনুযায়ী আসবাবপত্র বাবদ ৪১৩.৬৮৭ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪১৩.৬৮৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৮.২.৩ ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি (বিদ্যুতায়ন):

৮.২.৩.১। **সামাজিক বিজ্ঞান অনুষদের ৩য় তলা থেকে ৬ষ্ঠ তলা ভবনঃ** ডিপিপি'র সংস্থান অনুযায়ী ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি (সামাজিক বিজ্ঞান অনুষদের ৩য় তলা থেকে ৬ষ্ঠ তলা নির্মাণ) বাবদ ৫০১.৯২২ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৫০১.৯২২ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৮.২.৩.২। **১০০০ ছাত্রীর জন্য ১১ তলা ভিতসহ ৬ তলা ভবনঃ** ডিপিপি'র সংস্থান অনুযায়ী ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি (১০০০ ছাত্রীর জন্য ১১ তলা ভিতসহ ৬ তলা ভবন নির্মাণ) বাবদ ৩১৬.৫০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩১৬.৫০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৮.২.৩.৩। **প্রাধ্যক্ষের জন্য প্রভোস্ট কমপ্লেক্স ভবনঃ** ডিপিপি'র সংস্থান অনুযায়ী ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি (প্রাধ্যক্ষের জন্য প্রভোস্ট কমপ্লেক্স নির্মাণ) বাবদ ৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৫.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৮.২.৩.৪। **আবাসিক শিক্ষকদের জন্য ৩ তলা ভবন (১১ তলার ভিতসহ):** ডিপিপি'র সংস্থান অনুযায়ী ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি (আবাসিক শিক্ষকদের জন্য ৩ তলা ভবন নির্মাণ (১১ তলার ভিতসহ) বাবদ ২১.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২১.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৮.২.৩.৫। ইয়ং টিচার্স ও অফিসারদের জন্য ১৩ তলা টাওয়ার ভবন (৫৫টি ফ্ল্যাট): ডিপিপি'র সংস্থান অনুযায়ী ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি (ইয়ং টিচার্স ও অফিসারদের জন্য ১৩ তলা টাওয়ার ভবন নির্মাণ (৫৫টি ফ্ল্যাট) বাবদ ৪৫৫.৭৯ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪৫৫.৭৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৮.২.৩.৬। ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ১০ তলা ভবন (২০ তলার ভিতসহ) ফ্ল্যাট (৫৪টি ফ্ল্যাট): ডিপিপি'র সংস্থান অনুযায়ী ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি (৪র্থ শ্রেণীর কর্মচারীদের ১০ তলা ভবন (২০ তলার ভিতসহ) ফ্ল্যাট নির্মাণ (৫৪টি ফ্ল্যাট) বাবদ ৩১০.৫৯ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩১০.৫৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৮.২.৪ ক্রোকোরীজঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ক্রোকোরীজ খাতে ৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৫.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৮.২.৫ অগ্নিনির্বাপক যন্ত্রঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী অগ্নিনির্বাপক যন্ত্রপাতি খাতে ৮১.৬৩ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৮১.৬৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

বিঃ দ্রঃ প্রকল্পের ক্রয় ও চুক্তিমূল্যের সাথে সংগতি রেখে সর্বশেষ সংশোধিত প্রকল্পের অনুমোদন হওয়ায় প্রাক্কলিত মূল্য ও প্রকৃত ব্যয় সমান হয়েছে মর্মে জানা গেছে।

৮.২.৬ নির্মাণ ও পূর্তঃ

৮.২.৬.১। ১০০০ ছাত্রীর জন্য ১১ তলা ভিতসহ ৬ তলা ভবন নির্মাণঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী নির্মাণ ও পূর্ত কাজ বাবদ (১০০০ ছাত্রীর জন্য ১১ তলা ভিতসহ ৬ তলা ভবন নির্মাণ) ৩০২৭.০৭ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩০২৭.০৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তবে ১০৪৫৫.৩৯ বর্গমিটারের স্থলে ১০৪৫৫.৩৯ বর্গ মিটারই নির্মাণ করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক মনে হয়েছে।

৮.২.৬.২। প্রাধ্যক্ষের জন্য প্রভোষ্ট কমপ্লেক্স নির্মাণঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী নির্মাণ ও পূর্ত কাজ বাবদ (প্রাধ্যক্ষের জন্য প্রভোষ্ট কমপ্লেক্স নির্মাণ) ৬৫.৯৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৬৫.৯৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তবে ২৮৮.১০ বর্গমিটারের স্থলে ২৮৮.১০ বর্গ মিটারই নির্মাণ করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক মনে হয়েছে।

৮.২.৬.৩। আবাসিক শিক্ষকদের জন্য ৩ তলা ভবন নির্মাণ (১১ তলার ভিতসহ): ডিপিপি'র সংস্থান অনুযায়ী নির্মাণ ও পূর্ত কাজ বাবদ (আবাসিক শিক্ষকদের জন্য ৩ তলা ভবন নির্মাণ ১১ তলার ভিতসহ) ৩৩৯.৩৭ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩৩৯.৩৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তবে ৮৩৬.৪৩ বর্গমিটারের স্থলে ৮৩৬.৪৩ বর্গ মিটারই নির্মাণ করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক মনে হয়েছে।

৮.২.৬.৪। ইয়ং টিচার্স ও অফিসারদের জন্য ১৩ তলা টাওয়ার ভবন নির্মাণ (৫৫টি ফ্ল্যাট): ডিপিপি'র সংস্থান অনুযায়ী নির্মাণ ও পূর্ত কাজ বাবদ (ইয়ং টিচার্স ও অফিসারদের জন্য ১৩ তলা টাওয়ার ভবন নির্মাণ (৫৫টি ফ্ল্যাট)) ২৩৮৫.৫১ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৩৮৫.৫১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তবে ১১২৪৫ বর্গমিটারের স্থলে ১১২৪৫ বর্গ মিটারই নির্মাণ করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক মনে হয়েছে।



চিত্রঃ নির্মিত ইয়ং টিচার্স ও অফিসারদের জন্য ১০ তলা টাওয়ার ভবন

৮.২.৬.৫। ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ১০ তলা ভবন (২০ তলার ভিতসহ) ফ্ল্যাট নির্মাণ (৫৪টি ফ্ল্যাট): ডিপিপি'র সংস্থান অনুযায়ী নির্মাণ ও পূর্ত কাজ বাবদ (৪র্থ শ্রেণীর কর্মচারীদের ১০ তলা ভবন (২০ তলার ভিতসহ) ফ্ল্যাট নির্মাণ (৫৪টি ফ্ল্যাট)) ১৯৩৭.৭৯১ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৯৩৭.৭৯১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তবে ৫৪২৩ বর্গমিটারের স্থলে ৫৪২৩ বর্গ মিটারই নির্মাণ করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক মনে হয়েছে।



চিত্রঃ বঙ্গবন্ধু টাওয়ার ভবনের ফলক। চিত্রঃ বঙ্গবন্ধু টাওয়ার ভবন।

৮.২.৬.৬। সামাজিক বিজ্ঞান অনুষদের ৩য় তলা থেকে ৬ষ্ঠ তলা নির্মাণঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী নির্মাণ ও পূর্ত কাজ বাবদ (সামাজিক বিজ্ঞান অনুষদের ৩য় তলা থেকে ৬ষ্ঠ তলা নির্মাণ) ১৮২৭.৬২১ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৮২৭.৬২১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তবে ৯৫৯২ বর্গমিটারের স্থলে ৯৫৯২ বর্গ মিটারই নির্মাণ করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক মনে হয়েছে।



চিত্রঃ সামাজিক বিজ্ঞান অনুসন্ধান ভবন।

৯। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

| পরিকল্পিত | অর্জন |
|--|---|
| ১) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরে ডিজিটাল নেটওয়ার্ক অবকাঠামো স্থাপন ও আইসিটি সেবা বৃদ্ধি করে সিস্টেম অটোমেশন; | ১) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরে ডিজিটাল নেটওয়ার্ক অবকাঠামো স্থাপন ও আইসিটি সেবা বৃদ্ধি করে সিস্টেম অটোমেশন করা হয়েছে; |
| ২) লাইব্রেরী ডিজিটাইজেশন ও আধুনিকায়ন; | ২) লাইব্রেরী ডিজিটাইজেশন ও আধুনিকায়ন করা হয়েছে; |
| ৩) একটি আধুনিক প্রেস ও পাবলিকেশন অবকাঠামো তৈরীর লক্ষ্যে ভবন নির্মাণ; | ৩) একটি আধুনিক প্রেস ও পাবলিকেশন অবকাঠামো তৈরীর লক্ষ্যে ভবন নির্মাণ করা হয়েছে; |
| ৪) বিদ্যমান একাডেমিক ও প্রশাসনিক ভবনের সম্প্রসারণ; | ৪) বিদ্যমান একাডেমিক ও প্রশাসনিক ভবনের সম্প্রসারণ করা হয়েছে; |
| ৫) টিএসসি অডিটরিয়াম এসি ও সাউন্ড সিস্টেম সংযোজন এবং ক্যাফেটেরিয়া ও গেমস রুমের আধুনিকীকরণ; | ৫) টিএসসি অডিটরিয়াম এসি ও সাউন্ড সিস্টেম সংযোজন এবং ক্যাফেটেরিয়া ও গেমস রুমের আধুনিকীকরণ সম্পন্ন হয়েছে; |
| ৬) নবসৃষ্ট বিভাগ ইন্সটিটিউটের জন্য বৈজ্ঞানিক যন্ত্রপাতি সংগ্রহ; | ৬) নবসৃষ্ট বিভাগ ইন্সটিটিউটের জন্য বৈজ্ঞানিক যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে; |
| ৭) ছাত্র-ছাত্রীদের (২৪০১জন) আবাসন সুবিধা বৃদ্ধির লক্ষ্যে নতুন হল নির্মাণ ও বিদ্যমান হলের সম্প্রসারণ; | ৭) ছাত্র-ছাত্রীদের (২৪০১জন) আবাসন সুবিধা বৃদ্ধির লক্ষ্যে নতুন হল নির্মাণ ও বিদ্যমান হলের সম্প্রসারণ করা হয়েছে; |
| ৮) শিক্ষক, অফিসার, হাউজটিউটরদের (১১২টি) এবং স্টাফদের (১১৪টি) আবাসন সুবিধা সৃষ্টি; এবং | ৮) শিক্ষক, অফিসার, হাউজটিউটরদের (১১২টি) এবং স্টাফদের (১১৪টি) আবাসন সুবিধা সৃষ্টি করা হয়েছে; এবং |
| ৯) সেনেটারি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার আধুনিকায়ন। | ৯) সেনেটারি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার আধুনিকায়ন করা হয়েছে। |

১০। উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণঃ প্রযোজ্য নয়।

১১। প্রভাব : আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত যেমন- একাডেমিক ভবন, হল নির্মাণ, আবাসিক ভবন নির্মাণ এবং আসবাবপত্রের সংস্থান, যন্ত্রপাতি ক্রয়ের মাধ্যমে শিক্ষার পরিবেশগত ও গুণগত মান উন্নয়ন সাধিত হয়েছে। এছাড়া ছাত্র-ছাত্রীরা তাদের উচ্চ শিক্ষা সমাপ্তির পর দেশ ভিত্তিক সাহিত্য, খেলাধুলা ও

সংস্কৃতি এবং আইসিটি বিষয়ের উপরে নিজেদের সংযুক্ত করতে আরো উদ্যোগী হবে। ফলে দক্ষ জনবল তৈরীর মাধ্যমে কর্মসংস্থান সহজ হবে যা দেশের দারিদ্র বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

১২। সমস্যাঃ

- ১২.১ সামাজিক বিজ্ঞান অনুষদ ভবনটির ৩য় তলা থেকে ৬ষ্ঠ তলা পর্যন্ত সদ্য নির্মাণ করা হয়েছে। অথচ এর রং-এর কাজ ইতোমধ্যে নষ্ট হয়ে গেছে যা কাম্য নয়;
- ১২.২। প্রকল্পের External অডিট গত ৩১-১২-২০১৪ তারিখে সম্পন্ন হয়েছে এবং কোন Major Objection পাওয়া গিয়েছে কিনা তা পিসিআরএ উল্লেখ করা হয়নি। তাছাড়া অডিট প্রতিবেদন আইএমইডিতে অদ্যাবধি পাওয়া যায়নি;
- ১২.৩। প্রকল্পটি সমাপ্ত হয় জুন, ২০১৫ সালে। প্রকল্প সমাপ্তির পর আইএমইডিতে ০৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের কথা থাকলেও আইএমইডিতে পিসিআর পাওয়া যায় প্রায় ০৬ মাস পরে (জানুয়ারী, ২০১৬-এ)। এর ফলে মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন বিলম্বিত হয় এবং আইএমইডি কর্তৃক সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন সংক্রান্ত সংকলন পুস্তিকা প্রণয়নও বিলম্বিত হয়, যা কাম্য নয়;
- ১২.৪। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে। তাই বর্তমান অবকাঠামোতে অতিরিক্ত সংখ্যক শিক্ষার্থীদের তীব্র আবাসিক সংকট রয়েছে, উদাহরণ স্বরূপ- ঢাকা বিশ্ববিদ্যালয়ের কবি জসীম উদ্দিন হল পারিদর্শনকালে আবাসনের তীব্র সংকট পরিলক্ষিত হয়েছে।

১৩। সুপারিশঃ

- ১৩.১। সামাজিক বিজ্ঞান অনুষদ ভবনটির ৩য় তলা থেকে ৬ষ্ঠ তলা পর্যন্ত সদ্য নির্মাণ করা হয়েছে। অথচ এর রং-এর কাজ ইতোমধ্যে নষ্ট হয়ে গেছে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে এবং এর প্রয়োজনীয় সংস্কারের ব্যবস্থা নিতে হবে;
- ১৩.২। প্রকল্পের External অডিট গত ৩১-১২-২০১৪ তারিখে সম্পন্ন হয়েছে এবং কোন Major Objection পাওয়া গিয়েছে কিনা তা পিসিআরএ উল্লেখ করা হয়নি। এ বিষয়ে প্রয়োজনীয় তথ্যাদি অথবা অডিট প্রতিবেদন জরুরী ভিত্তিতে আইএমইডিতে প্রেরণ করতে হবে;
- ১৩.৩। ভবিষ্যতে কোন প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) আইএমইডিতে আবশ্যিকভাবে প্রেরণ করার ব্যাপারে মন্ত্রণালয়কে কার্যকরী ভূমিকা পালন করতে হবে;
- ১৩.৪। প্রতিষ্ঠানটি আন্তর্জাতিক মানসম্পন্ন করার লক্ষ্যে বিদেশী বিশ্ববিদ্যালয়ের সাথে শিক্ষা ও গবেষণা সহযোগিতার সম্পর্ক স্থাপন করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করে শিক্ষার মান সময়ানুযোগি ও আধুনিক করতে ব্যবস্থা নিতে হবে;
- ১৩.৫। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে। তাই বর্তমান অবকাঠামোতে অতিরিক্ত সংখ্যক শিক্ষার্থীদের তীব্র আবাসিক সংকট মোকাবেলায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারেন;
- ১৩.৬। অনুচ্ছেদ ১ ৩.১ হতে ১৩.২ এর সুপারিশসমূহের আলোকে গৃহীত পদক্ষেপের অগ্রগতি আগামী এক মাসের মধ্যে আইএমই বিভাগকে অবহিত করতে হবে এবং পরবর্তীকালে অনুচ্ছেদ ১৩.৩ হতে ১৩.৫ এর অনুসরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

“মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে আইসিটি শিক্ষার প্রচলন” শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

সমাপ্ত: (জুন, ২০১৫)

- ১। প্রকল্পের অবস্থান : সমগ্র বাংলাদেশ
 ২। বাস্তবায়নকারী সংস্থা : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
 ৩। প্রশাসনিক মন্ত্রণালয় : শিক্ষা মন্ত্রণালয়।
 ৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (জেডিসিএফ) | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্তব্যয় (মূল প্রঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|------------------|--------------------|----------------------------|--|--|-------------------------------------|--|--|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৩০৫৬৫.৩৪ | ৩০৩৮৮.৫০ | ২৯৪৩৫.১২ | জানুয়ারী, ২০১১ হতে ডিসেম্বর, ২০১২ | জানুয়ারী, ২০১১ ১ হতে জুন, ২০১৪ | জানুয়ারী, ২০ ১১হতে জুন, ২০১৫ | -- | ৪ বছর ৬ মাস (১২৫%) |

৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে)

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ | একক | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|--------------|--|--------|------------------------|--------|---------------------|------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১। | অফিসারদের বেতন | ৬ | ৫৮.৮৪ | ৬ | ৫৮.০১ (৯৮.৫৯%) | ১০০% |
| ০২। | কর্মচারীদের বেতন | ৭ | ৪.৩৪ | ৭ | ৪.০৪ (৯৩.০৯%) | ১০০% |
| ০৩। | অফিসার ও কর্মচারীদের ভাতাদি | ১৩ | ৬৮.১৩ | ১৩ | ৬৬.০৭ (৯৬.৯৮%) | ১০০% |
| ০৪। | পিআইউ পরিচালন ব্যয় | থোক | ৭৯.০৮ | থোক | ৭৭.০০ (৮০%) | থোক |
| ০৫। | ডিজিটাল কন্টেন্ট উন্নয়ন প্রশিক্ষণ | ২৫৬৩১ | ১৮৭৪.৩৫ | ২৩৮৩৮ | ১৬৯৭.৩৪ (৯০.৫৬%) | ৯৩% |
| ০৬। | ইন্টারনেট মডেমের সার্ভিস চার্জ | ১৮৬৬৪৮ | ৫৭৪.৬৩ | ২৮৩১ | ৮.৯৫ (২%) | ২% |
| ০৭। | যানবাহন সংস্কার ও রক্ষণাবেক্ষণ এবং অফিস যন্ত্রপাতি | থোক | ৫.০০ | থোক | ৪.২৬ (৮৫%) | থোক |
| ০৮। | পিআইউ-এর আসবাবপত্র | ৪৪ | ৫.৩৮ | ৪৪ | ৪.৩০ (৮০%) | ১০০% |
| ০৯। | পিআইউ-এর আসবাবপত্র পিআইউ এবং মন্ত্রণালয়ের অফিস যন্ত্রপাতি | ১৫ | ৪.৮৩ | ১৫ | ৪.১৪ (৮৬%) | ১০০% |
| ১০। | কম্পিউটার (পিআইউ, পরিকল্পনা কমিশন, মন্ত্রণালয় এবং | ১৫ | ১৩.৩৯ | ১৫ | ১১.৬৭ (৮৭%) | ১০০% |

| ক্রমিক নং | অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ | একক | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|-----------|--|--------------|------------------------|--------------|-------------------|------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| | অধিদপ্তর) | | | | | |
| ১১। | পিআইউ-এর যানবাহন | ১ মাইক্রোবাস | ২৬.০০ | ১ মাইক্রোবাস | ২৬.০০ (১০০%) | ১০০% |
| ১২। | ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর, স্পিকার, ইন্টারনেট মডেম এবং সংযোগ ফি | ২৩৩৩১ সেট | ২৭৬৭৪.৫৩ | ২৩৩৩১ সেট | ২৭৪৭৩.৩৪ (৯৫%) | ১০০% |
| | মোট= | | ৩০৩৮৮.৫০ | | ২৯৪৩৫.১২ (৯৭%) | ১০০% |

আলোচ্য প্রকল্পটি মোট ৩০৩৮৮.৫০ লক্ষ টাকা ব্যয়ে জানুয়ারী, ২০১১ হতে জুন, ২০১৫ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। প্রকল্প মেয়াদে মোট ২৯৪৫৬.৫৬ লক্ষ টাকা মন্ত্রণালয় হতে অবমুক্ত হয়েছে এবং ২৯৪৩৫.১২ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা অবমুক্তকৃত অর্থের ৯৯.৯৩% এবং মোট প্রাক্কলিত ব্যয়ের ৯৭%। অবমুক্তকৃত অর্থ হতে অব্যয়িত ২১.৪৪ লক্ষ টাকা সরকারী কোষাগারে জমা দেয়া হয়েছে।

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই।

৭। সাধারণ পর্যবেক্ষণঃ

৭.১। **পটভূমিঃ** বর্তমানে দেশে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের প্রায় ৩০ হাজার শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। বর্তমান বিশ্ব তথ্য নির্ভর এবং এ তথ্য দ্রুত পরিবর্তনশীল হওয়ায় দেশের শিক্ষা ব্যবস্থার আধুনিকায়ন অপরিহার্য। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শুধুমাত্র নির্ধারিত বিষয়ের উপর পাঠদান করা হয়। গতানুগতিক শিক্ষার বাইরে তথ্য প্রযুক্তি শিক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের স্বশিক্ষায় শিক্ষিত করে গড়ে তোলা প্রয়োজন। শিক্ষা ক্ষেত্রে তথ্য প্রযুক্তি শিক্ষার বৈশ্বিক চাহিদার পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৩০ হাজার শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে বিদ্যুতের সুবিধা আছে এমন ২০ হাজার ৫০০টি শিক্ষা প্রতিষ্ঠানে (মাধ্যমিক-১৩৭০০টি, কলেজ-১৬০০টি এবং মাদ্রাসা ৫২০০টি) আইসিটি শিক্ষা প্রবর্তনের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ৩০৩৮৮.৫০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী, ২০১১ থেকে জুন, ২০১৫ মেয়াদে “মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে আইসিটি শিক্ষার প্রচলন” শীর্ষক প্রকল্পটি গৃহীত ও বাস্তবায়িত হয়েছে।

৭.২। **প্রকল্পের উদ্দেশ্যঃ**

ক) মাল্টিমিডিয়া শ্রেণীকক্ষ প্রতিষ্ঠার মাধ্যমে ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শ্রেণীকক্ষে শিক্ষণ-শিখনের

(Teaching Learning) অনুশীলন বৃদ্ধি করা;

খ) শ্রেণীকক্ষে পাঠদান উপযোগী ডিজিটাল কনটেন্ট প্রণয়নের লক্ষ্যে শিক্ষকদের পেশাগত দক্ষতা নিশ্চিত করা;

গ) শিক্ষায় আইসিটি প্রয়োগ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষক ও শিক্ষার্থীদের সম্পৃক্ত করা;

ঘ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের ছাত্র-ছাত্রীদের আইসিটি এবং আধুনিক শিক্ষা প্রদানের মাধ্যমে একুশ শতক ও বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলার দক্ষতা অর্জনে সহায়তা করা; এবং

ঙ) শ্রেণীকক্ষে শিক্ষক-শিখনের কার্যক্রমকে আরও আকর্ষণীয়, আনন্দদায়ক এবং কার্যকর করা।

৭.৩। **অনুমোদন পর্যায়ঃ** আলোচ্য প্রকল্পটি মোট ৩০৫৬৫.৩৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী, ২০১১ হতে ডিসেম্বর, ২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য বিগত ২৪-০২-২০১১ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে সংশোধনপূর্বক প্রকল্পটি মোট ৩০৩৮৮.৫০ লক্ষ টাকা ব্যয়ে অনুমোদিত হয় এবং এর মেয়াদ দু’দফায় (১ম বার ১ বছর ২য় বার ৬ মাস) ০১ বছর ০৬ মাস বৃদ্ধি করে জুন, ২০১৪ পর্যন্ত নির্ধারণ করা হয়। অতঃপর ব্যয় বৃদ্ধি

ব্যতিরেকে তৃতীয় দফায় (৬ মাস) ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত এবং ৪র্থ দফায় (আরও ৬ মাস) জুন, ২০১৫ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়।

৭.৪। **প্রকল্পের মূল কার্যক্রমঃ** প্রস্তাবিত মূল কার্যক্রম হলোঃ (ক) ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর এন্ড ইন্টারনেট মডেম, (খ) কম্পিউটার, (গ) ডেভেলপমেন্ট এন্ড প্রোডাকশন অব আইসিটি কনটেন্ট, (ঘ) শিক্ষকদের প্রশিক্ষণ, (ঙ) জনবলের বেতন ভাতা, চ) যানবাহন, ছ) আসবাবপত্র ও অফিস যন্ত্রপাতি, (জ) প্রকল্প পরিচালনা ব্যয়, (ঝ) যানবাহন এবং অফিস যন্ত্রপাতির মেরামত ও রক্ষণাবেক্ষণ ইত্যাদি।

৭.৫। **প্রকল্প ব্যবস্থাপনাঃ** প্রকল্পের সুষ্ঠু বা স্ববায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্ন-বর্ণিত কর্মকর্তা গণ প্রকল্প পরিচালকগণের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | মন্তব্য |
|---------|-----------------------------------|----------------|--------------------|------------|
| ১। | আবুল কালাম আজাদ সহযোগী অধ্যাপক | ০৯-০৬-২০১১ | ৩০-০৬-২০১৫ | পূর্ণকালীন |


৭.৬। **প্রকল্প পরিদর্শনঃ** গত ০৯/০৪/২০১৬ তারিখে বরিশাল জেলার (উজিরপুর, গৌরনদী ও আগৈলঝাড়া উপজেলা); গত ০৭/০৫/২০১৬ তারিখে ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলার এবং মুন্সীগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলার কার্যক্রম আইএমইডি কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়াও প্রকল্প চলাকালীন সময়ে ঢাকা জেলার মোট ৯টি স্কুল ও কলেজের মাল্টিমিডিয়া শ্রেণী কক্ষ পরিদর্শন করা হয়েছে। সরেজমিনে পরিদর্শন ও প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে। প্রকল্পের আওতায় বরিশাল জেলার মোট ৪টি স্কুল মুন্সীগঞ্জ জেলার ১টি স্কুল এবং ঢাকা জেলার মোট ১০টি স্কুল ও কলেজের মাল্টিমিডিয়া শ্রেণী কক্ষ পরিদর্শন করা হয়েছে যার সংক্ষিপ্ত বিবরণ নিম্নে বর্ণিত হলঃ

০১) **খামুরা মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল** : এ বিদ্যালয়টি স্থাপিত হয়েছে ১৯৩৬ সালে। এ বিদ্যালয়ের মোট ছাত্র সংখ্যা ১১০৮ জন, এবং মোট শিক্ষক সংখ্যা ১৫ জন। এ বিদ্যালয়ে আলোচ্য প্রকল্প হতে ১টি ল্যাপটপ; ১টি মাল্টিমিডিয়া প্রজেক্টর এবং ১টি মডেম সরবরাহ করা হয়েছে। এ প্রতিষ্ঠানে ২জন শিক্ষককে প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিদ্যালয়ে ডিজিটাল কনটেন্ট এর মাধ্যমে ক্লাস নেয়া হয়।



চিত্রঃ প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকসহ ল্যাপটপ কম্পিউটার

২) গৈলা মডেল মাধ্যমিক বিদ্যালয়, বরিশালঃ এ প্রতিষ্ঠানটি স্থাপিত হয়েছে ১৮৯৩ সালে। এ বিদ্যালয়টিতে মোট ছাত্র -ছাত্রী সংখ্যা ১৪৭১ জন। শিক্ষক সংখ্যা ১৯ জন। এ বিদ্যালয়টিতে আলোচ্য প্রকল্প হতে ১টি ল্যাপটপ ও একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করা হয়েছে। বিদ্যালয়টির স্থায়ী মাল্টিমিডিয়া শ্রেণীকক্ষ স্থাপন করা হয়েছে। সেখানে ডিজিটাল কনটেন্ট -এর মাধ্যমে নিয়মিত মাল্টিমিডিয়া প্রজেক্টর ব্যবহার করা হয়। মাল্টিমিডিয়া প্রজেক্টর ব্যবহার সন্তোষজনক।




চিত্রঃ প্রতিষ্ঠানে সরবরাহকৃত ল্যাপটপ কম্পিউটার

- ৩) পালরদী মডেল স্কুল এন্ড কলেজ, বরিশালঃ এ বিদ্যালয়টি স্থাপিত হয়েছে ১৯৩৫ সালে। এ বিদ্যালয়টিতে মোট ছাত্র-ছাত্রী সংখ্যা ১৬১১ জন (৬ষ্ঠ-দ্বাদশ)। শিক্ষক সংখ্যা ২১ জন। এ বিদ্যালয়টিতে আলোচ্য প্রকল্প হতে ১টি ল্যাপটপ ও একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করা হয়েছে। পরিদর্শনকালে প্রকল্প হতে সরবরাহকৃত প্রজেক্টর ও ল্যাপটপ সচল অবস্থায় দেখা গেছে। বিদ্যালয়টিতে ডিজিটাল কনটেন্ট এর মাধ্যমে ক্লাস নেয়া হয়। ডিজিটাল কনটেন্ট তৈরীতে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা ০২ জন।
- ৪) ডব্লিউ বি ইউনিয়ন মডেল ইনস্টিটিউশনঃ এ প্রতিষ্ঠানটি স্থাপিত হয়েছে ১৮৯৮ সালে। এ বিদ্যালয়টিতে মোট ছাত্রী -ছাত্রী সংখ্যা ৯৩৭ জন। শিক্ষক সংখ্যা ২২ জন। এ বিদ্যালয়টিতে আলোচ্য প্রকল্প হতে ১টি ল্যাপটপ ও একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করা হয়েছে। বিদ্যালয়টির স্থায়ী মাল্টিমিডিয়া শ্রেণীকক্ষ স্থাপন করা হয়েছে। ডিজিটাল কনটেন্ট তৈরীতে প্রকল্প ব্যবস্থাপনায় প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা ০২ জন। প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক প্রকল্পের আওতায় সরবরাহকৃত দোয়েল ল্যাপটপ নিম্নমানের মর্মে উল্লেখ করেন।



চিত্রঃ প্রতিষ্ঠানে সরবরাহকৃত ল্যাপটপ কম্পিউটারসহ প্রধান শিক্ষক

৫) শহীদ আলতাফ স্মৃতি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ঃ এ বিদ্যালয়টি স্থাপিত হয়েছে ১৯৬২ সালে। এ বিদ্যালয়টিতে মোট ছাত্রী সংখ্যা ৪০০ জন এবং শিক্ষক সংখ্যা ১১ জন। এ বিদ্যালয়টিতে আলোচ্য প্রকল্প হতে ১টি ল্যাপটপ ও একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করা হয়েছে। বিদ্যালয়টির স্থায়ী মাল্টিমিডিয়া শ্রেণীকক্ষ স্থাপন করা হয়েছে এবং ডিজিটাল কনটেন্ট এর মাধ্যমে ক্লাস নেয়া হয়।



চিত্রঃ প্রতিষ্ঠানে সরবরাহকৃত ল্যাপটপ কম্পিউটার ও প্রজেক্টর

৬) ইছাপুরা মডেল উচ্চবিদ্যালয় সিরাজদিখান, মুন্সীগঞ্জঃ এ বিদ্যালয়টি স্থাপিত হয়েছে ১৮৯২ সালে। এ বিদ্যালয়টিতে মোট ছাত্র-ছাত্রী সংখ্যা ১৮৬১ জন ও শিক্ষক সংখ্যা ৪১ জন। এ বিদ্যালয়টিতে আলোচ্য প্রকল্প হতে ১টি ল্যাপটপ ও একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করা হয়েছে। বিদ্যালয়টিতে ডিজিটাল কনটেন্ট এর মাধ্যমে ক্লাস নেয়া হয়। বিদ্যালয়ে স্থায়ী মাল্টিমিডিয়া শ্রেণী কক্ষ স্থাপন করা হয়েছে এবং ডিজিটাল কনটেন্ট এর মাধ্যমে ক্লাস নেয়া হয়। ডিজিটাল কনটেন্ট তৈরীতে প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকের সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন মর্মে বিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছেন।

৭) শান্তা মডেল উচ্চ বিদ্যালয়, কেরানীগঞ্জ, ঢাকাঃ এ বিদ্যালয়টি স্থাপিত হয়েছে ১৯৭২ সালে। এ বিদ্যালয়টিতে মোট ছাত্র - ছাত্রী সংখ্যা ৭৯৮ জন ও শিক্ষক সংখ্যা ২০ জন। এ বিদ্যালয়টিতে আলোচ্য প্রকল্প হতে ১টি ল্যাপটপ ও একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করা হয়েছে। বিদ্যালয়টিতে ডিজিটাল কনটেন্ট এর মাধ্যমে ক্লাস নেয়া হয়।

৮) ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ : এ কলেজটি স্থাপিত হয়েছে ১৯৬০ সালে। এ কলেজটিতে মোট ছাত্র সংখ্যা ৪৫০০ জন। এ কলেজে আলোচ্য প্রকল্প হতে ১টি ল্যাপটপ ও একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করা হয়েছে। পরবর্তীতে এ প্রতিষ্ঠানে নিজস্ব ব্যবস্থাপনায় ১৭টি ল্যাপটপ ক্রয় করা হয়েছে। কলেজে স্থায়ী মাল্টিমিডিয়া শ্রেণী কক্ষ স্থাপন করা হয়েছে এবং ডিজিটাল কনটেন্ট এর মাধ্যমে ক্লাস নেয়া হয়। ডিজিটাল কনটেন্ট তৈরীতে প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকের সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন।

০৯) লালমাটিয়া মহিলা কলেজ : এ মহিলা কলেজটি স্থাপিত হয়েছে ১৯৬৬ সালে। এ কলেজটিতে মোট ছাত্রী সংখ্যা ৩৯০০ জন। এ কলেজে আলোচ্য প্রকল্প হতে ১টি ল্যাপটপ ও একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করা হয়েছে। পরবর্তীতে এ প্রতিষ্ঠানে নিজস্ব ব্যবস্থাপনায় ০৫টি ল্যাপটপ ক্রয় করা হয়েছে। উচ্চ মাধ্যমিক পর্যায়ে ১০০% পাঠদানে মাল্টিমিডিয়া ব্যবহার করা হয়। অত্র কলেজের ৪-৫টি শ্রেণীকক্ষ পরিদর্শন করা হয়েছে সেখানে প্রজেক্টর ব্যবহারের মাধ্যমে পাঠদান চলমান ছিল।

১০) গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, ঢাকাঃ এ বিদ্যালয়টি স্থাপিত হয়েছে ১৯৬১ সালে। এ বিদ্যালয়টিতে মোট ছাত্র সংখ্যা ৩০০০ জন। শিক্ষক সংখ্যা ৬৫ জন। এ বিদ্যালয়টিতে আলোচ্য প্রকল্প হতে ১টি ল্যাপটপ ও একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করা হয়েছে। বিদ্যালয়টির স্থায়ী মাল্টিমিডিয়া শ্রেণীকক্ষ স্থাপন করা হয়েছে এবং ডিজিটাল কনটেন্ট এর মাধ্যমে ক্লাস নেয়া হয়, তবে অনিয়মিত। ডিজিটাল কনটেন্ট তৈরীতে অভ্যন্তরীণ ব্যবস্থাপনায় প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকের সংখ্যা ০৮ জন যা আরো বৃদ্ধি করা প্রয়োজন।

১১) লালবাগ মডেল স্কুল এন্ড কলেজঃ এ মডেল স্কুল এন্ড কলেজটি স্থাপিত হয়েছে ২০০৭ সালে। এ মডেল স্কুল এন্ড কলেজটি মোট ছাত্র-ছাত্রী সংখ্যা (১ম-দ্বাদশ) ১৮০০ জন। মোট শিক্ষক সংখ্যা প্রাইমারী - ১৮ জন, হাইস্কুল এন্ড কলেজ ৩০ জন (সবাই লেকচারার)। এ মডেল স্কুল এন্ড কলেজটি আলোচ্য প্রকল্প হতে ১টি ল্যাপটপ ও একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করা হয়েছে। পরবর্তীতে এ প্রতিষ্ঠানে নিজস্ব ব্যবস্থাপনায় ০৭টি ল্যাপটপ ক্রয় করা হয়েছে। অত্র কলেজের ০৩টি শ্রেণীকক্ষ পরিদর্শন করা হয়েছে। সেখানে ডিজিটাল কনটেন্ট -এর মাধ্যমে নিয়মিত মাল্টিমিডিয়া প্রজেক্টর ব্যবহার করা হয়। মাল্টিমিডিয়া প্রজেক্টর ব্যবহার সম্ভোষণক।

১২) মতিঝিল আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজ, ঢাকাঃ এ আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজটি স্থাপিত হয়েছে ১৯৬৫ সালে। এ মডেল স্কুল এন্ড কলেজটি মোট ছাত্র-ছাত্রী সংখ্যা ১৮০০ জন। ছাত্র : ছাত্রী = ৬০ : ৪০। মোট শিক্ষক সংখ্যা ৩৫০ জন, প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক সংখ্যা ০৪ জন। এ শিক্ষা প্রতিষ্ঠানের ৩টি (মতিঝিল, মুগদা ও বনশ্রী) শাখা রয়েছে; আলোচ্য প্রকল্প হতে এ প্রতিষ্ঠানে ১টি ল্যাপটপ ও একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করা হয়েছে যা ৩টি প্রতিষ্ঠানের চাহিদার তুলনায় খুবই অপ্রতুল। সে কারণে মাল্টিমিডিয়া প্রজেক্টর নির্ধারিত স্থানে স্থাপন করা সম্ভব হয়নি মর্মে প্রতিষ্ঠান প্রধান জানান। সেখানে ডিজিটাল কনটেন্ট - এর মাধ্যমে অনিয়মিতভাবে মাল্টিমিডিয়া প্রজেক্টর ব্যবহার করা হয়। ডিজিটাল কনটেন্ট তৈরীতে প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকের সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন।

১৩) মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয়, ঢাকাঃ এ বিদ্যালয়টি স্থাপিত হয়েছে ১৯৫৭ সালে। এ বিদ্যালয়টিতে মোট ছাত্র সংখ্যা ৩২৩১ জন (১ম- দ্বাদশ)। শিক্ষক সংখ্যা ২৫০ জন। এ বিদ্যালয়টিতে আলোচ্য প্রকল্প হতে ১টি ল্যাপটপ ও একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করা হয়েছে। বিদ্যালয়টির স্থায়ী মাল্টিমিডিয়া শ্রেণী কক্ষ স্থাপন করা হয়েছে এবং ডিজিটাল কনটেন্ট এর মাধ্যমে ক্লাস নেয়া হয়। ডিজিটাল কনটেন্ট তৈরীতে অভ্যন্তরীণ ব্যবস্থাপনায় প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা ০৪ জন যা আরো বৃদ্ধি করা প্রয়োজন।

১৪) মতিঝিল মডেল স্কুল ও কলেজ, ঢাকাঃ এ প্রতিষ্ঠানটি স্থাপিত হয়েছে ১৯৮০ সালে। এ বিদ্যালয়টিতে মোট ছাত্র-ছাত্রী সংখ্যা ১৪০০০ জন (ছাত্র : ছাত্রী = ৫৫ : ৪৫)। শিক্ষক সংখ্যা ৩৫০ জন। এ বিদ্যালয়টিতে আলোচ্য প্রকল্প হতে ১টি ল্যাপটপ ও একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করা হয়েছে। বিদ্যালয়টির স্থায়ী মাল্টিমিডিয়া শ্রেণীকক্ষ স্থাপন করা হয়েছে। ডিজিটাল কনটেন্ট তৈরীতে অভ্যন্তরীণ ব্যবস্থাপনায় প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা ১০ জন। সেখানে ডিজিটাল কনটেন্ট -এর মাধ্যমে নিয়মিত মাল্টিমিডিয়া প্রজেক্টর ব্যবহার করা হয়। মাল্টিমিডিয়া প্রজেক্টর ব্যবহার সম্ভোষণক।

১৫) সেগুন বাগিচা হাইস্কুল, তোপখানা রোড, ঢাকাঃ এ প্রতিষ্ঠানটি স্থাপিত হয়েছে ১৯৬৩ সালে। এ বিদ্যালয়টিতে মোট ছাত্র সংখ্যা ৬০০ জন। শিক্ষক সংখ্যা ২৬ জন। এ বিদ্যালয়টিতে আলোচ্য প্রকল্প হতে ১টি ল্যাপটপ ও একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করা হয়েছে। বিদ্যালয়টির স্থায়ী মাল্টিমিডিয়া শ্রেণীকক্ষ স্থাপন করা হয়ে ছে। সেখানে ডিজিটাল কনটেন্ট -এর মাধ্যমে নিয়মিত মাল্টিমিডিয়া প্রজেক্টর ব্যবহার করা হয়। মাল্টিমিডিয়া প্রজেক্টর ব্যবহার সন্তোষজনক।

১৬) রহিমা বেগম আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়ঃ এ প্রতিষ্ঠানটি স্থাপিত হয়েছে ১৯৭৩ সালে। এ বিদ্যালয়টিতে মোট ছাত্রী সংখ্যা ৩৮০ জন। শিক্ষক সংখ্যা ২৭ জন। এ বিদ্যালয়টিতে আলোচ্য প্রকল্প হতে ১টি ল্যাপটপ ও একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করা হয়েছে। বিদ্যালয়টির স্থায়ী মাল্টিমিডিয়া শ্রেণীকক্ষ স্থাপন করা হয়েছে। ডিজিটাল কনটেন্ট তৈরীতে অভ্যন্তরীণ ব্যবস্থাপনায় প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা ০৩ জন। সেখানে ডিজিটাল কনটেন্ট -এর মাধ্যমে নিয়মিত মাল্টিমিডিয়া প্রজেক্টর ব্যবহার করা হয়।

৭.৭। মূল্যায়ন পদ্ধতি (Methodology): মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

- (ক) ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
- (খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
- (গ) PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- (ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং
- (ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে আলোচনা।

৮। প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতিঃ

৮.১। আর্থিক অগ্রগতিঃ প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৩০৩৮৮.৫০ লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০১১-১২ হতে ২০১৪-১৫ পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

| আর্থিক বৎসর | সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা | | | | টাকা অবমুক্তি | ব্যয় ও বাস্তব অগ্রগতি | | | |
|-------------|-------------------------------|----------|----------|------------|---------------|------------------------|----------|----------|------------|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | বাস্তব (%) | | মোট | টাকা | প্রঃ সাঃ | বাস্তব (%) |
| ২০১১-২০১২ | ৫১৫.০০ | ৫১৫.০০ | -- | ১.৭৫% | ৫১৫.০০ | ৫০৯.৭০ | ৫০৯.৭০ | -- | ১.৭৩% |
| ২০১২-২০১৩ | ১৩৩৭০.০০ | ১৩৩৭০.০০ | -- | ৪৫.৩৯% | ১৩৩৭০.০০ | ১৩৩৫৯.২০ | ১৩৩৫৯.২০ | -- | ৪৫.৩৯% |
| ২০১৩-২০১৪ | ১১৮১৪.৫৬ | ১১৮১৪.৫৬ | -- | ৪০.১০% | ১১৮১৪.৫৬ | ১১৮১২.৪৮ | ১১৮১২.৪৮ | -- | ৪০.১৩% |
| ২০১৪-২০১৫ | ৩৭৫৭.০০ | ৩৭৫৭.০০ | -- | ১২.৭৬% | ৩৭৫৭.০০ | ৩৭৫৩.৭৪ | ৩৭৫৩.৭৪ | -- | ১২.৭৫% |
| | ২৯৪৫৬.৫৬ | ২৯৪৫৬.৫৬ | -- | ১০০% | ২৯৪৫৬.৫৬ | ২৯৪৩৫.১২ | ২৯৪৩৫.১২ | -- | |

৮.২। অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতির বিশ্লেষণঃ প্রকল্পটির অগ্রগতি সম্পর্কিত প্রাপ্ত সর্বশেষ প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অবমুক্তকৃত অর্থের পরিমাণ ২৯৪৫৬.৫৬ লক্ষ টাকা এবং ব্যয়িত অর্থের পরিমাণ মোট ২৯৪৩৫.১২ লক্ষ টাকা যা অবমুক্তকৃত অর্থের ৯৯.৯৩%। অবশিষ্ট ২১.৪৪ লক্ষ টাকা সরকারী কোষাগারে জমা দেয়া হয়েছে মর্মে প্রকল্প কর্তৃপক্ষ হতে জানা যায়। প্রকল্পটির অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলঃ

৮.২.১ অফিসারদের বেতনঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্প মেয়াদে অফিসারদের বেতন খাতে ৫৮.৮৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৫৮.০১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৮.৫৯% বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

- ৮.২.২ কর্মচারীদের বেতনঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্প মেয়াদে কর্মচারীদের বেতন খাতে ৪.৩৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪.০৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৩.০৯% বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.৩ অফিসার ও কর্মচারীদের ভাতাদিঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্প মেয়াদে অফিসার ও কর্মচারীদের ভাতাদি খাতে ৬৮.১৩ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৬৬.০৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৬.৯৮% বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.৪ পিআইউ পরিচালন ব্যয়ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্প মেয়াদে পিআইউ পরিচালন ব্যয় খাতে ৭৯.০৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৭৭.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৮০% বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.৫ ডিজিটাল কন্টেন্ট উন্নয়ন প্রশিক্ষণঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্প মেয়াদে ডিজিটাল কন্টেন্ট উন্নয়ন প্রশিক্ষণ খাতে ১৮৭৪.৩৫ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৬৯৭.৩৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯০.৫৬% বাস্তব অগ্রগতি ৯৩% সম্পন্ন হয়েছে।
- ৮.২.৬ ইন্টারনেট মডেম সার্ভিস চার্জঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্প মেয়াদে শিক্ষা প্রতিষ্ঠানের ইন্টারনেট সংযোগ ব্যয় খাতে ৫৭৪.৬৩ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৮.৯৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ২% বাস্তব অগ্রগতি ২% সম্পন্ন হয়েছে।
- ৮.২.৭ যানবাহন সংস্কার ও রক্ষণাবেক্ষণ এবং অফিস যন্ত্রপাতিঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্প মেয়াদে যানবাহন সংস্কার ও রক্ষণাবেক্ষণ এবং অফিস যন্ত্রপাতি খাতে ৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪.২৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৮৫% বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.৮ পিআইউ-এর আসবাবপত্রঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্প মেয়াদে পিআইউ-এর আসবাবপত্র খাতে ৫.৩৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪.৩০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৮০% বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.৯ পিআইউ-এর আসবাবপত্র পিআইউ এবং মন্ত্রণালয়ের অফিস যন্ত্রপাতিঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্প মেয়াদে পিআইউ-এর আসবাবপত্র পিআইউ এবং মন্ত্রণালয়ের অফিস যন্ত্রপাতি খাতে ৪.৮৩ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪.৪১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৮৬% বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.১০ কম্পিউটার (পিআইউ, পরিকল্পনা কমিশন, মন্ত্রণালয় এবং অধিদপ্তর): ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্প মেয়াদে কম্পিউটার খাতে ১৩.৩৯ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১১.৬৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৮৭% বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.১১ পিআইউ-এর যানবাহনঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্প মেয়াদে পিআইউ-এর যানবাহন খাতে ২৬.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৬.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৮.৫৯% বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.১২ ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর, স্পিকার, ইন্টারনেট মডেমঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্প মেয়াদে ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর, স্পিকার, ইন্টারনেট মডেম খাতে ২৭৬৭৪.৫৩ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৭৪৭৩.৩৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৫% বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৯। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

| পরিকল্পিত | অর্জন |
|--|---|
| ক) মাল্টিমিডিয়া শ্রেণীকক্ষ প্রতিষ্ঠার মাধ্যমে ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শ্রেণীকক্ষে শিক্ষণ-শিখনের (Teaching Learning) অনুশীলন বৃদ্ধি করা; | ক) মাল্টিমিডিয়া শ্রেণীকক্ষ প্রতিষ্ঠার মাধ্যমে ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শ্রেণীকক্ষে শিক্ষণ-শিখনের (Teaching Learning) অনুশীলন বৃদ্ধি করা হয়েছে; |
| খ) শ্রেণীকক্ষে পাঠদান উপযোগী ডিজিটাল কনটেন্ট প্রণয়নের লক্ষ্যে শিক্ষকদের পেশাগত দক্ষতা নিশ্চিত করা; | খ) শ্রেণীকক্ষে পাঠদান উপযোগী ডিজিটাল কনটেন্ট প্রণয়নের লক্ষ্যে শিক্ষকদের পেশাগত দক্ষতা নিশ্চিত করার প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে; |
| গ) শিক্ষায় আইসিটি প্রয়োগ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষক ও শিক্ষার্থীদের সম্পৃক্ত করা; | গ) শিক্ষায় আইসিটি প্রয়োগ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষক ও শিক্ষার্থীদের সম্পৃক্ত করা হয়েছে; |

| পরিকল্পিত | অর্জন |
|--|---|
| ঘ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্র-ছাত্রীদের আইসিটি এবং আধুনিক শিক্ষা প্রদানের মাধ্যমে একুশ শতক ও বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলার দক্ষতা অর্জনে সহায়তা করা; এবং | ঘ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্র-ছাত্রীদের আইসিটি এবং আধুনিক শিক্ষা প্রদানের মাধ্যমে একুশ শতক ও বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলার দক্ষতা অর্জনে সহায়তা করা হয়েছে; এবং |
| ঙ) শ্রেণীকক্ষে শিক্ষক-শিখনের কার্যক্রমকে আরও আকর্ষণীয়, আনন্দদায়ক এবং কার্যকর করা। | ঙ) শ্রেণীকক্ষে শিক্ষক-শিখনের কার্যক্রমকে আরও আকর্ষণীয়, আনন্দদায়ক এবং কার্যকর করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |

১০। **উদ্দেশ্য অর্জিত না হলে তার কারণঃ** প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১১। **প্রকল্পের প্রভাবঃ** আলোচ্য “মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে আইসিটি শিক্ষার প্রচলন” শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের ফলে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার্থীদের মধ্যে আইসিটি শিক্ষা প্রচলনের বিষয়টি ব্যাপকভাবে পরিচিতি লাভ করেছে এবং শ্রেণীকক্ষে মাল্টিমিডিয়া স্থাপনের মাধ্যমে বিষয় ভিত্তিক ডিজিটাল কনটেন্ট ব্যবহার করে পাঠদানে তথ্য প্রযুক্তির ব্যবহার সহজ হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নে পরিবেশগত কোন প্রভাব পরিলক্ষিত হয়নি।

১২। **সমস্যাঃ**

১২.১ স্থায়ী মাল্টিমিডিয়া শ্রেণীকক্ষ স্থাপন সকল প্রতিষ্ঠানে সম্ভব হয়নি এবং ডিজিটাল কনটেন্ট এর মাধ্যমে ক্লাস নেয়ার বিষয়টি কিছু কিছু প্রতিষ্ঠানে অনিয়মিত পরিলক্ষিত হয়েছে, যা কাম্য নয়।

১২.২ প্রকল্পটি বাস্তবায়নকালে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি ক্লাস নেয়ার প্রাক্কালে কখনো কখনো বিদ্যুতের লোডশেডিং এর কারণে ক্লাস নেয়ার উদ্দেশ্য ব্যাহত হয়েছে।

১২.৩ প্রকল্পের আওতায় একটি করে সরবরাহকৃত ল্যাপটপ কম্পিউটার প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীর তুলনায় অপ্রতুল মনে হয়েছে।

১২.৪ ডিজিটাল কনটেন্ট তৈরীতে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা যথেষ্ট ছিলনা মর্মে পরিলক্ষিত হয়েছে; তাছাড়া প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ ব্যবস্থাপনায় প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা বৃদ্ধিতে কিছু কিছু ক্ষেত্রে আন্তরিকতার অভাব অনুভূত হয়েছে;

১২.৫ আলোচ্য প্রকল্পটির অডিট কার্যক্রম সম্পন্ন হ য়েছে মর্মে PCR-এ উল্লেখ করা হয়েছে যার প্রতিবেদন আইএমইডি’তে প্রেরণ করা হয়নি।

১৩.০। **সুপারিশঃ**

১৩.১ আইসিটি শিক্ষার সুবিধা সকল ছাত্র/ছাত্রীদের জন্য সমভাবে নিশ্চিত করার লক্ষ্যে যথাসম্ভব সকল প্রতিষ্ঠানে স্থায়ী মাল্টিমিডিয়া শ্রেণীকক্ষ স্থাপনের জন্য একটি সমন্বিত পরিকল্পনা গ্রহণ করতে পারেন এবং ডিজিটাল কনটেন্ট এর মাধ্যমে সুনির্দিষ্ট সিডিউল অনুসরণপূর্বক নিয়মিতভাবে পাঠদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে;

১৩.২ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি ক্লাস নেয়ার প্রাক্কালে মাঝে মাঝে বিদ্যুতের লোডশেডিং এর কারণে ক্লাস ব্যাহত হয়েছে। সে লক্ষ্যে এক্ষেত্রে সোলার পাওয়ার অথবা ইউপিএস/জেনারেটরের ব্যবস্থা করার লক্ষ্যে মন্ত্রণালয় রাজস্ব বাজেট বা উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে পারে ;

১৩.৩ প্রকল্পের আওতায় সরবরাহকৃত একটি করে ল্যাপটপ কম্পিউটার প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীর সংখ্যার তুলনায় অপ্রতুল মনে হয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে;

১৩.৪ ডিজিটাল কনটেন্ট তৈরীতে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা যথেষ্ট ছিলনা মর্মে পরিলক্ষিত হয়েছে; প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা বৃদ্ধি করার প্রচেষ্টা গ্রহণ করতে হবে ;

১৩.৫ প্রকল্পটি বাস্তবায়নের পর সরবরাহকৃত ল্যাপটপ, প্রজেক্টর ও মডেম যথাযথভাবে রক্ষণাবেক্ষণের লক্ষ্যে প্রতিষ্ঠানসমূহের অনুকূলে রাজস্ব বাজেটের আওতায় পর্যাপ্ত বাজেট/তহবিল প্রদান করতে হবে;

১৩.৬ আইসিটি শিক্ষা প্রচলনের বিষয়টি ব্যাপকভাবে পরিচিতি লাভের জন্য পরবর্তীতে প্রকল্প গ্রহণ করা হলে মানসম্মত কম্পিউটার সরবরাহ এবং জেলা পর্যায়ে গঠিত কমিটির পরিবীক্ষণ আরো জোরদার করতে হবে;

১৩.৭ সমাপ্ত প্রকল্পটির অডিট প্রতিবেদন আইএমই বিভাগে প্রেরণ করতে হবে;এবং

১৩.৮ অনুচ্ছেদ ১৩.১ থেকে ১৩.৬ এর বিষয়ে গৃহীত পদক্ষেপ জরুরী ভিত্তিতে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

“পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের অতি পুরাতন স্থাপনাদি মেরামত ও সংস্কার শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

সমাপ্ত: (জুন, ২০১৫)

- ১। **প্রকল্পের অবস্থানঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল বিশ্ববিদ্যালয়, খুলনা প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা প্রকৌশল বিশ্ববিদ্যালয়।
- ২। **বাস্তবায়নকারী সংস্থাঃ** বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
- ৩। **প্রশাসনিক মন্ত্রণালয়ঃ** শিক্ষা মন্ত্রণালয়।
- ৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ**

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | হাসকৃত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|----------------------|----------------------------------|--------------|-------------------------------|---------------------------------|-------------------------------|-----------------------------------|--|
| মূল মোট টাকা প্রঃসাঃ | সর্বশেষ সংশোধিত মোট টাকা প্রঃসাঃ | | মূল | সর্বশেষ সংশোধিত (মেয়াদ বৃদ্ধি) | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৩৮০৪.০০ | ১৪২৬৫.৬৪ | ১৪২৬৫.৬৪ | জানুয়ারী, ২০০৯ হতে জুন, ২০১১ | জানুয়ারী, ২০০৯ হতে জুন, ২০১৫ | জানুয়ারী, ২০০৯ হতে জুন, ২০১৫ | -- | ৪ বছর (২০০%) |
| ১৩৮০৪.০০ | ১৪২৬৫.৬৪ | | | | | | |
| -- | -- | | | | | | |

৫। **প্রকল্পের অংশভিত্তিক বাস্তবায়ন (শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):**
(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ | একক | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|-----------|--------------------------------------|--------|------------------------|--------------------|---------------------|------------------------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৬) |
| ০১। | কর্মকর্তা/কর্মচারীদের বেতন | জন | ২৯.৫০ | | | |
| ০২। | অপারেটিং কস্ট | থোক | ৩৩.০৪ | | | |
| ০৩। | অফিস ভবন মেরামত | বঃমিঃ | ৩৭৪৯৫.৪৬ | ৫২৮.২৬ বঃমিঃ | ৩৭৪৯৫.৪৬ (১০০%) | ৫২৮.২৬ বঃমিঃ (১০০%) |
| ০৪। | আবাসিক ভবন মেরামত | বঃমিঃ | ৬২৭৬৮৩.২৪ | ৬২৭৫.৯৪ বঃমিঃ | ৬২৭৬৮৩.২৪ (১০০%) | ৬২৭৫.৯৪ বঃমিঃ (১০০%) |
| ০৫। | একাডেমিক ভবন মেরামত ও সংস্কার | বঃমিঃ | ৩৪০৩১৭.৮৩ | ২৭৭৪.৯১ বঃমিঃ | ৩৪০৩১৭.৮৩ (১০০%) | ২৭৭৪.৯১ বঃমিঃ (১০০%) |
| ০৬। | কর্মকর্তাগণের পুরাতন ভবন মেরামত | বঃমিঃ | ২০৮৭.৬৬ | ১৩৭১০০.৮৪ বঃমিঃ | ২০৮৭.৬৬ (১০০%) | ১৩৭১০০.৮৪ বঃমিঃ (১০০%) |
| ০৭। | অভ্যন্তরীণ রাস্তা মেরামত | বঃমিঃ | ৯০৭.৮৮ | ৬১২৬১.৭৯ বঃমিঃ | ৯০৭.৮৮ (১০০%) | ৬১২৬১.৭৯ বঃমিঃ (১০০%) |
| ০৮। | কালভার্ট নির্মাণ | সংখ্যা | ৪১.০০ | ২টি | ৪১.০০ | ২টি |

| ক্রমিক নং | অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ | একক | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|-----------|---|-------------------------------------|------------------------|---|--------------------|---|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| | | | | | (১০০%) | (১০০%) |
| ০৯। | ডেন মেরামত ও সংস্কার | বঃমিঃ | ২৭০.০৪ | ৭৩৭৪ বঃমিঃ | ২৭০.০৪ | ৭৩৭৪ বঃমিঃ (১০০%) |
| ১০। | পূর্ত ও পানি সরবরাহ লাইন মেরামত ও সংস্কার | মিটার, বঃমিঃ, রানিং মিটার | ২৬৭.৭৪ | পানি সরবরাহ লাইন ১০০০ মিটার, ওভার গ্রাউন্ড রিজার্ভ ট্যাংক ৫০,০০০ গ্যালন, পাম্প ২টি, ডিবিটিউবওয়েল ১টি | ২৬৭.৭৪ (১০০%) | পানি সরবরাহ লাইন ১০০০ মিটার, ওভার গ্রাউন্ড রিজার্ভ ট্যাংক ৫০,০০০ গ্যালন, পাম্প ২টি, ডিবিটিউবওয়েল ১টি (১০০%) |
| ১১। | টেলিফোন ইকুইভেটমেন্ট মেরামত | মিটার ও রানিং মিটার | ৩০.২৪ | ১২০০০ মিটার ও ১৫০০ মিটার | ৩০.২৪ (১০০%) | ১২০০০ মিটার ও ১৫০০ মিটার (১০০%) |
| ১২। | টেলিফোন লাইন ও ক্যাবল মেরামত | বঃমিঃ, কিঃমিঃ ও রানিং মিটার | ৪৯.২৬ | ৬০০০ বঃমিঃ ১৫০০ মিটার ও ১ কিঃমিঃ | ৪৯.২৬ (১০০%) | ৬০০০ বঃমিঃ ১৫০০ মিটার ও ১ কিঃমিঃ (১০০%) |
| ১৩। | ইলেকট্রিক্যাল সিস্টেম রক্ষণাবেক্ষণ | বঃমিঃ, কিঃমিঃ ও রানিং মিটার, সংখ্যা | ৫৩৬.৯৭ | ৫০০ বঃমিঃ সিভিল ওয়ার্ক, ওভারহেড লাইন ১২ কিঃমিঃ, ৮১২৫ মিটার, ২১ মিটার, ৫০০ কেভিএ জেনারেটর ২টি ইত্যাদি | ৫৩৬.৯৭ (১০০%) | ৫০০ বঃমিঃ সিভিল ওয়ার্ক, ওভারহেড লাইন ১২ কিঃমিঃ, ৮১২৫ মিটার, ২১ মিটার, ৫০০ কেভিএ জেনারেটর ২টি ইত্যাদি (১০০%) |
| ১৪। | অন্যান্য মেরামত ও সংস্কার কাজ | বঃমিঃ, মিটার | ৩৯৭.০০ | ৭৫৫৮ বঃমিঃ, ৪৪০৫ মিটার | ৩৯৭.০০ (১০০%) | ৭৫৫৮ বঃমিঃ, ৪৪০৫ মিটার (১০০%) |
| ১৫। | যানবাহন | সংখ্যা | ৩০.৪৭ | ১টি মাইক্রোবাস | ৩০.৪৭ (১০০%) | ১টি মাইক্রোবাস (১০০%) |
| ১৬। | আসবাবপত্র ক্রয় | লট | ৩.১৫ | লট | ৩.১৫ (১০০%) | লট (১০০%) |
| ১৭। | অফিস যন্ত্রপাতি ক্রয় | লট | ২.৫৮ | লট | ২.৫৮ (১০০%) | লট (১০০%) |
| ১৮। | ফিজিক্যাল কন্ট্রোল | | ০ | ০ | ০ | ০ |
| ১৯। | প্রাইস কন্ট্রোল | | ০ | ০ | ০ | ০ |
| | মোট= | | ১৪২৬৫.৬৪ | | ১৪২৬৫.৬৪ (১০০%) | (১০০%) |

অনুমোদিত ডিপিপি অনুযায়ী ১৪২৬৫.৬৪ লক্ষ টাকা প্রাকল্পিত ব্যয়ে প্রকল্পটি জানুয়ারী, ২০০৯ হতে জুন, ২০১৫ মেয়াদে বাস্তবায়িত হয়। প্রকল্প মেয়াদে ১৪২৬৫.৬৪ লক্ষ টাকা (১০০%) শিক্ষা মন্ত্রণালয় হতে অবমুক্ত হয় যার সম্পূর্ণটাই ব্যয়িত হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি, অবমুক্তির ১০০% এবং প্রকল্পের বাস্তব অগ্রগতিও ১০০% সম্পন্ন হয়েছে।

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই মর্মে জানা গেছে।

৭। সাধারণ পর্যবেক্ষণঃ

৭.১। **পটভূমিঃ** বাংলাদেশ সরকার শিক্ষার গুণগত মান উন্নয়নের উপর বিশেষ জোর দিয়েছেন। আর উন্নয়ন নিশ্চিত করতে অবকাঠামোগত উন্নয়ন অত্যন্ত জরুরী। এ লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল বিশ্ববিদ্যালয়, খুলনা প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯২১ সালে, রাজশাহী বিশ্ববিদ্যালয় ১৯৫৩ সালে, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ১৯৬১ সালে এবং জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় ১৯৭০ সালে প্রতিষ্ঠিত হয়।

বর্তমান যুগের তুলনায় অতীতের নির্মাণ কাজের মান প্রযুক্তিগত জ্ঞানের কারণে নিম্নমানের ছিল। তদুপরি বাজেট সংকটের জন্য এ সমস্ত পুরাতন কোন সংস্কার কাজ করা সম্ভব হয়নি। ফলে বিভিন্ন ভবন, দেয়াল ও ডেনসমূহ ক্ষতিগ্রস্ত বা ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। এ কারণে পুরাতন ভবনসমূহের সংস্কার ও পুনর্বাসন, বিদ্যুৎ ও গ্যাস লাইনের সংস্কার জরুরী হয়ে পড়েছে। অন্যথায় দুর্ঘটনা ঘটান সমূহ সম্ভবনা আছে। এরই প্রেক্ষিতে ১৯টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্য ১২টি বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনীয়তার নিরিখে মোট ১৪২৬৫.৬৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে আলোচ্য প্রকল্পটি জানুয়ারী, ২০০৯ হতে জুন, ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য গৃহীত হয়েছে।

৭.২। প্রকল্পের উদ্দেশ্যঃ

- ১) প্রকল্পের আওতাভুক্ত ১২টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের অতিপুরাতন স্থাপনাডি যেমন-প্রশাসনিক ভবন, আবাসিক ভবন, একাডেমিক ভবন মেরামত ও সংস্কার কার্যক্রম বাস্তবায়ন করা;
- ২) প্রকল্পের আওতাভুক্ত ১২টি পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের অভ্যন্তরীণ রাস্তা, ডেনেজ ব্যবস্থা, বিদ্যুৎ লাইন, পানি সরবরাহের ব্যবস্থা, গ্যাস, টেলিফোন ও পিবিএক্স লাইন, সংযোগ ও বিতরণ, অন্যান্য ভবন ও অন্যান্য মেরামত ও সংস্কার কাজ বাস্তবায়ন করা।

৭.৩। **অনুমোদন পর্যায়ঃ** আলোচ্য প্রকল্পটি ১৩৮০৪.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি জানুয়ারী, ২০০৯ হতে জুন, ২০১১ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৭-১২-২০০৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ২ (দুই) দফায় (১ম দফায় ১ বছর ও ২য় দফায় ৩ বছর) মোট ৪ (চার) বছর ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়। অতঃপর মোট ১৪২৬৫.৬৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৫ মেয়াদে প্রকল্পটির সংশোধন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়।

৭.৪। প্রকল্পের মূল কার্যক্রমঃ

- (১) বিশ্ববিদ্যালয়সমূহের অতি পুরাতন স্থাপনাডি যেমন-প্রশাসনিক ভবন, আবাসিক ভবন, একাডেমিক ভবনসমূহের কাঠের দরজা, জানালা, মেরামত/পরিবর্তন ফ্লোর, দেয়াল, ছাদ মেরামত, প্লাস্টার, ঢালাই, রং করণ, জল ছাদ মেরামত, গ্রীল মেরামত, সেনেটারী ফিটিংস, মেরামত ও পরিবর্তন ও অন্যান্য আনুষঙ্গিক মেরামত ও সংস্কার কাজ,
- (২) বিশ্ববিদ্যালয়সমূহের রাস্তার পিচ ঢালাই, মেরামত, সংস্কার, ইটের সলিং ও অন্যান্য আনুষঙ্গিক কাজ, (৩) শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ০২টি কালভার্ট মেরামত ও সংস্কার কাজ, (৪) বিশ্ববিদ্যালয়সমূহের ডেনেজ সিস্টেমের ফ্লোর, দেয়াল, মেরামত, প্লাস্টার, ঢালাই ও অন্যান্য আনুষঙ্গিক কাজ, (৫) বিশ্ববিদ্যালয়সমূহের পানির লাইন, টেলিফোন লাইন, বিদ্যুৎ সিস্টেমের ও টেলিফোন যন্ত্রপাতির (পিএবিএক্স) মেরামত ও সংস্কার এবং অন্যান্য আনুষঙ্গিক কাজ, (৬) বিশ্ববিদ্যালয়সমূহের অন্যান্য ভবনের কাঠের দরজা, জানালা মেরামত/পরিবর্তন ফ্লোর, দেয়াল ছাদ মেরামত, প্লাস্টার, ঢালাই, রং করণ, জলছাদ মেরামত, গ্রীল মেরামত, সেনেটারী ফিটিংস, মেরামত ও পরিবর্তন ও অন্যান্য আনুষঙ্গিক কাজ, (৭) বিশ্ববিদ্যালয়সমূহের অন্যান্য মেরামত যেমনঃ বাউন্ডারী ওয়াল, মসজিদ, গ্যারেজ, ফার্ম হাউজ, অডিটরিয়াম, ওয়ার্কশপ, জিমনেশিয়াম, ওভার ব্রিজ, শেড, ভাগান, বিভিন্ন খেলার কোর্ট, কাঠের দরজা, জানালা মেরামত/পরিবর্তন ফ্লোর, দেয়াল, ছাদ মেরামত, প্লাস্টার ঢালাই, রং করণ, জল ছাদ মেরামত, গ্রীল মেরামত, সেনেটারী ফিটিংস, মেরামত ও পরিবর্তন ও অন্যান্য।

৭.৫। **প্রকল্প ব্যবস্থাপনাঃ** প্রকল্পের সূষ্ঠা বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | মন্তব্য |
|---------|---|----------------|--------------------|------------|
| ১। | ড. নাসিমা রহমান অতিরিক্ত পরিচালক বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন | ২০-১০-২০১০ | ৩০-০৬-২০১৫ | পূর্ণকালীন |

৭.৬। **প্রকল্প পরিদর্শনঃ** প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক ২৪-০১-২০১৬, ২০-০২-২০১৬, ২৭-০২-২০১৬ ও ১২-০৩-২০১৬ তারিখে যথাক্রমে ঢাকা বিশ্ববিদ্যালয়; চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। উল্লেখ্য শিক্ষা ও সামাজিক সেক্টরের মহাপরিচালক জনাব কাজী জাহাঙ্গীর আলম ঢাকা বিশ্ববিদ্যালয়ের অংশ পরিদর্শন করেন। এ সময়ে সংশ্লিষ্ট উপ-পরিচালক, মহাপরিচালক মহোদয়ের সাথে ছিলেন। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, প্রকৌশলীগণ ও বিশ্ববিদ্যালয়সমূহের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সরেজমিনে পরিদর্শনে নিম্নলিখিত বিশ্ববিদ্যালয়সমূহের উল্লেখযোগ্য অংশসমূহ পরিদর্শন করা হয়েছে যার বিবরণ নিম্নরূপঃ

৭.৬.১ **ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ** ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের আওতায় এ বিশ্ববিদ্যালয়ের মোট প্রাক্কলিত ব্যয় ১৬৫০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৬৫০.০০ লক্ষ টাকা (১০০%) এবং বাস্তবে ১৭৯৫.৩৯ বর্গ মিটার কাজের বিপরীতে ১৭৯৫.৩৯ বর্গ মিটার কাজ সম্পন্ন করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% অর্জিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র হল, ছাত্রী হল, একাডেমিক ভবন, প্রশাসনিক ভবনসহ ইত্যাদি ভবনে দরজা-জানালা পরিবর্তন ও সংস্কার, বাথরুমে টাইলস স্থাপন ও মেরামত, আউটার ওয়েদার কোট রং-এর কাজ, অভ্যন্তরীণ রাস্তা মেরামত ইত্যাদি সংস্কারমূলক কাজ সম্পন্ন করা হয়েছে।



চিত্রঃ কবি জসিম উদ্দিন হলে ওয়েদার কোট রং ও অভ্যন্তরীণ রাস্তার কাজ।

৭.৬.২ **চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ঃ** ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের আওতায় এ বিশ্ববিদ্যালয়ের মোট প্রাক্কলিত ব্যয় ১৬৮৩.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৬৮৩.০০ লক্ষ টাকা (১০০%) এবং বাস্তবে ১১২৯৮ বর্গ মিটার কাজের বিপরীতে ১১২৯৮ বর্গ মিটার কাজ সম্পন্ন করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০%

অর্জিত হয়েছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রী হলের (শামছুননাহার হল ও প্রীতিলতা হল) বাথরুম মেরামত, ডাইনিং কক্ষ, ক্যান্টিন মেরামত, ছাদের জলছাদ তুলে ওয়াটার পুফিং এজেন্ট (আরসিসি ঢালাই), দরজা-জানালা মেরামত, দেয়ালে প্লাস্টারের কাজ, আউটার ওয়াদার কোট রং-এর কাজ এবং একাডেমিক ভবন, প্রশাসনিক ভবনসহ ইত্যাদি ভবনে দরজা-জানালা পরিবর্তন ও সংস্কার, বাথরুমে টাইলস স্থাপন ও মেরামত, অভ্যন্তরীণ রাস্তা মেরামত ইত্যাদি সংস্কারমূলক কাজ সম্পন্ন করা হয়েছে।



চিত্রঃ শিক্ষকগণের আবাসিক ভবন



চিত্রঃ অভ্যন্তরীণ রাস্তা।

৭.৬.৩ চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের আওতায় এ বিশ্ববিদ্যালয়ের মোট প্রাক্কলিত ব্যয় ৭০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৭০০.০০ লক্ষ টাকা (১০০%) এবং বাস্তবে ৮৩৭৫৪ বর্গ মিটার কাজের বিপরীতে ৮৩৭৫৪ বর্গ মিটার কাজ সম্পন্ন করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% অর্জিত হয়েছে। চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৪টি ছাত্র হল ও ১টি ছাত্রী হলে বিভিন্ন রকমের সংস্কারমূলক কাজ যেমন- বাথরুমের টাইলস বসানো, দরজা মেরামত ও ফিটিংস, পয়ঃনিষ্কাশন লাইন মেরামত, ডাইনিং কক্ষে ও ডাইনিং কাউন্টারে রং করা, শিক্ষকগণের ক-টাইপ ৫টি বাংলো এবং খ-টাইপ ১২টি বাংলোর বিভিন্ন মেরামত ও সংস্কারমূলকাজ যেমন-পেটেন্ট স্টোন, দরজা-জানালা পরিবর্তন ও মেরামত, ফ্লোর মেরামত, বাথরুমে টাইল বসানো, পানির পাইপ মেরামত, ডেন মেরামত, টোটাল পয়ঃনিষ্কাশন, চুনকাম ও ডিসটেম্বার ইত্যাদি মেরামত ও সংস্কারমূলক কাজ সম্পন্ন করা হয়েছে।



চিত্রঃ শিক্ষকগণের আবাসিক ভবনের চিত্র।



চিত্রঃ শহিদ মখদুম হলের রং-এর কাজের চিত্র।

৭.৬.৪ **রাজশাহী বিশ্ববিদ্যালয়ঃ** ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের আওতায় এ বিশ্ববিদ্যালয়ের মোট প্রাক্কলিত ব্যয় ১৬৪২.২০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৬৪২.২০ লক্ষ টাকা (১০০%) এবং বাস্তবে ৭৩৩৪ বর্গ মিটার কাজের বিপরীতে ৭৩৩৪ বর্গ মিটার কাজ সম্পন্ন করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% অর্জিত হয়েছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২টি অফিস বিল্ডিংয়ে রং-এর কাজ, টাইলস স্থাপন, টয়লেট সংস্কার, দরজা-জানালা মেরামত, বিভিন্ন রেসিডিয়ানসিয়াল বিল্ডিং-এ ওয়াল প্লাসটার, ছাদে পেটেন্ট স্টোন, টপ স্লাব মেরামত, টয়লেট সংস্কার ছাত্র হলে দরজা-জানালা মেরামত, টয়লেট সংস্কার, কিছু রং-এর কাজ, একাডেমিক ভবনে প্রয়োজনীয় মেরামত ও সংস্কার, টয়লেট সংস্কার, জানালা-দরজা মেরামত ও পরিবর্তন, ইলেকট্রিক ক্যাবল সুইচ বোর্ড পরিবর্তন, জিমনেশিয়ামের অফিস কক্ষের ছাদ পরিবর্তন, অডিটরিয়ামে মেরামত, বসার চেয়ার পরিবর্তন, ছাদের ফলস সিলিং স্থাপন, স্টেজে কাঠ, পর্দা পরিবর্তন, স্টেডিয়ামে গ্যালারি মেরামত, আরসিসি পিলার স্থাপন, সুইমিংপুলে সংস্কার ও টাইলস স্থাপন ইত্যাদি সংস্কারমূলক কাজ সম্পন্ন করা হয়েছে।



চিত্রঃ লাইব্রেরী ভবনে টাইলস স্থাপন



চিত্রঃ একাডেমিক ভবনে রং-এর কাজ

৭.৬.৫ **রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ঃ** ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের আওতায় এ বিশ্ববিদ্যালয়ের মোট প্রাক্কলিত ব্যয় ৭০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৭০০.০০ লক্ষ টাকা (১০০%) এবং বাস্তবে ২০৪০ বর্গ মিটার কাজের বিপরীতে ২০৪০ বর্গ মিটার কাজ সম্পন্ন করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% অর্জিত হয়েছে। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তাগণের বাসভবনে জল ছাদের বিকল্প পেটেন্ট স্টোন ছাদ নির্মাণ, আউটার ওয়েদার কোট রং-এর কাজ, বাথরুমে টাইলস স্থাপন ও দরজা-জানালা মেরামত, ছাত্র/ছাত্রী হলে পেটেন্ট স্টোন (আংশিক) কিছু সংস্কার, রং-এর কাজ, বাথরুমের দরজা-জানালা মেরামত, প্রশাসনিক ও একাডেমিক ভবনে ওয়েদার কোট রং-এর কাজ, টাইলস স্থাপন ও মেরামত অভ্যন্তরীণ রাস্তা মেরামত ও কাঁচা-পাঁকা ডেনকে আরসিসি ডেনে রুপান্তর, ভিসির বাংলো সংস্কার, পূর্ণাঙ্গ গ্যারেজ নির্মাণ, অডিটরিয়ামে সংস্কার, সিলিং মেরামত, অভ্যন্তরীণ ওয়াল সজ্জিতকরণ ও সাউন্ড সিস্টেম স্থাপন এবং ৭০০ আসন নতুনভাবে স্থাপন ইত্যাদি সংস্কারমূলক কাজ সম্পন্ন করা হয়েছে।



চিত্রঃ অডিটরিয়ামে স্থাপিত নতুন চেয়ার

চিত্রঃ একাডেমিক ভবনে রং-এর কাজের চিত্র

৭.৬.৬ **পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ঃ** ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের আওতায় এ বিশ্ববিদ্যালয়ের মোট প্রাক্কলিত ব্যয় ৬০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৬০০.০০ লক্ষ টাকা (১০০%) এবং বাস্তবে ১২০৯০ বর্গ মিটার কাজের বিপরীতে ১২০৯০ বর্গ মিটার কাজ সম্পন্ন করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% অর্জিত হয়েছে। পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ছাত্র হল, ছাত্রী হল, একাডেমিক ভবন, প্রশাসনিক ভবনসহ ইত্যাদি ভবনে দরজা-জানালা পরিবর্তন ও সংস্কার, বাথরুমে টাইলস স্থাপন ও মেরামত, আউটার ওয়েদার কোট রং-এর কাজ, ডিসটেন্সার, নতুন পাইপ স্থাপন, মসজিদে হজরাখানা, ওজুখানা স্থাপন, অভ্যন্তরীণ রাস্তা মেরামত ইত্যাদি সংস্কারমূলক কাজ সম্পন্ন করা হয়েছে।



চিত্রঃ বাথরুমে টাইলস স্থাপন করা হয়েছে।

চিত্রঃ একাডেমিক ভবনে রং-এর কাজের চিত্র।

৭.৭। **মূল্যায়ন পদ্ধতি (Methodology) :** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

- (ক) ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
- (খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
- (গ) PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- (ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং
- (ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৮.০। প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতিঃ

৮.১। **আর্থিক অগ্রগতিঃ** প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ছিল ১৪২৬৫.৬৪ লক্ষ টাকা। শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ১৪২৬৫.৬৪ লক্ষ টাকা (১০০%)। প্রকল্পটির অনুকূলে ২০০৮-০৯ হতে ২০১৪-১৫ পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

| আর্থিক বৎসর | সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা | | | | ব্যয় ও বাস্তব অগ্রগতি | | | |
|-------------|-------------------------------|-----------------|-----------|-------------|------------------------|-----------------|-----------|-------------|
| | মোট | টাকা (জিওবি) | প্রঃ সাঃ | বাস্তব (%) | মোট | টাকা | প্রঃসাঃ | বাস্তব (%) |
| ২০০৮-০৯ | ২০০.০০ | ২০০.০০ | -- | ১% | ২০০.০০ | ২০০.০০ | -- | ১% |
| ২০০৯-১০ | ১০০০.০০ | ১০০০.০০ | -- | ৭% | ১০০০.০০ | ১০০০.০০ | -- | ৭% |
| ২০১০-১১ | ২১০০.০০ | ২১০০.০০ | -- | ১৫% | ২১০০.০০ | ২১০০.০০ | -- | ১৫% |
| ২০১১-১২ | ২৫০০.০০ | ২৫০০.০০ | -- | ১৮% | ২৫০০.০০ | ২৫০০.০০ | -- | ১৮% |
| ২০১২-১৩ | ১৯০০.০০ | ১৯০০.০০ | -- | ১৩% | ১৯০০.০০ | ১৯০০.০০ | -- | ১৩% |
| ২০১৩-২০১৪ | ১৫৫০.০০ | ১৫৫০.০০ | -- | ১১% | ১৫৫০.০০ | ১৫৫০.০০ | -- | ১১% |
| ২০১৪-২০১৫ | ৫০১৫.৬৪ | ৫০১৫.৬৪ | -- | ৩৫% | ৫০১৫.৬৪ | ৫০১৫.৬৪ | -- | ৩৫% |
| মোট | ১৪২৬৫.৬৪ | ১৪২৬৫.৬৪ | -- | ১০০% | ১৪২৬৫.৬৪ | ১৪২৬৫.৬৪ | -- | ১০০% |

৮.২। **অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতির বিশ্লেষণঃ** প্রকল্পটির অগ্রগতি সম্পর্কিত সর্বশেষ প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী এর আর্থিক অগ্রগতি ১৪২৬৫.৬৪ লক্ষ টাকা (১০০%) এবং বাস্তব অগ্রগতিও ১০০% সম্পন্ন হয়েছে। প্রকল্পটির অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলঃ

৮.২.১। **কর্মকর্তা/কর্মচারীদের বেতনঃ** ডিপিপি'র সংস্থান অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের বেতন বাবদ ২৯.৫০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৯.৫০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৮.২.২। **অপারেটিং কস্টঃ** ডিপিপি'র সংস্থান অনুযায়ী অপারেটিং কস্ট বাবদ ৩৩.০৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩৩.০৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৮.২.৩। **অফিস ভবন মেরামতঃ** ডিপিপি'র সংস্থান অনুযায়ী অফিস ভবন মেরামত বাবদ ৩৭৪৯৫.৪৬ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩৭৪৯৫.৪৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৮.২.৪। **আবাসিক ভবন মেরামতঃ** ডিপিপি'র সংস্থান অনুযায়ী আবাসিক ভবন মেরামত বাবদ ৬২৭৬৮৩.২৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৬২৭৬৮৩.২৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৮.২.৫। **একাডেমিক ভবন মেরামত ও সংস্কারঃ** ডিপিপি'র সংস্থান অনুযায়ী একাডেমিক ভবন মেরামত ও সংস্কার বাবদ ৩৪০৩১৭.৮৩ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩৪০৩১৭.৮৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৮.২.৬। **কর্মকর্তাগণের পুরাতন ভবন মেরামতঃ** ডিপিপি'র সংস্থান অনুযায়ী কর্মকর্তাগণের পুরাতন ভবন মেরামত বাবদ ২০৮৭.৬৬ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২০৮৭.৬৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

- ৮.২.৭। অভ্যন্তরীণ রাস্তা মেরামতঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী অভ্যন্তরীণ রাস্তা মেরামত বাবদ ৯০৭.৮৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৯০৭.৮৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.৮। কালভার্ট নির্মাণঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী কালভার্ট নির্মাণ বাবদ ৪১.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪১.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.৯। ড্রেন মেরামত ও সংস্কারঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ড্রেন মেরামত ও সংস্কার বাবদ ২৭০.০৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৭০.০৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.১০। পূর্ত ও পানি সরবরাহ লাইন মেরামত ও সংস্কারঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী পূর্ত ও পানি সরবরাহ লাইন মেরামত ও সংস্কার বাবদ ২৬৭.৭৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৬৭.৭৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.১১। টেলিফোন ইকুইপমেন্ট মেরামতঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী টেলিফোন ইকুইপমেন্ট মেরামত বাবদ ৩০.২৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩০.২৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.১২। টেলিফোন লাইন ও ক্যাবল মেরামতঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী টেলিফোন লাইন ও ক্যাবল মেরামত বাবদ ৪৯.২৬ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪৯.২৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.১৩। ইলেকট্রিক্যাল সিস্টেম রক্ষণাবেক্ষণঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ইলেকট্রিক্যাল সিস্টেম রক্ষণাবেক্ষণ বাবদ ৫৩৬.৯৭ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৫৩৬.৯৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.১৪। অন্যান্য মেরামত ও সংস্কার কাজঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী অন্যান্য মেরামত ও সংস্কার কাজ বাবদ ৩৯৭.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩৯৭.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.১৫। যানবাহনঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী যানবাহন বাবদ ৩০.৪৭ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩০.৪৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.১৬। আসবাবপত্র ক্রয়ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী আসবাবপত্র ক্রয় বাবদ ৩.১৫ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩.১৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.১৭। অফিস যন্ত্রপাতি ক্রয়ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী অফিস যন্ত্রপাতি ক্রয় বাবদ ২.৫৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২.৫৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৯.০। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

| পরিকল্পিত | অর্জন |
|---|--|
| ১) প্রকল্পের আওতাভুক্ত ১২টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের অতিপুরাতন স্থাপনাদি যেমন-প্রশাসনিক ভবন, আবাসিক ভবন, একাডেমিক ভবন মেরামত ও সংস্কার কার্যক্রম বাস্তবায়ন করা; | ১) প্রকল্পের আওতাভুক্ত ১২টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের অতিপুরাতন স্থাপনাদি যেমন-প্রশাসনিক ভবন, আবাসিক ভবন, একাডেমিক ভবন মেরামত ও সংস্কার কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। |
| ২) প্রকল্পের আওতাভুক্ত ১২টি পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের অভ্যন্তরীণ রাস্তা, ড্রেনেজ ব্যবস্থা, বিদ্যুৎ লাইন, পানি | ২) প্রকল্পের আওতাভুক্ত ১২টি পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের অভ্যন্তরীণ রাস্তা, ড্রেনেজ |

| পরিকল্পিত | অর্জন |
|--|--|
| সরবরাহের ব্যবস্থা, গ্যাস, টেলিফোন ও পিবিএক্স লাইন, সংযোগ ও বিতরণ, অন্যান্য ভবন ও অন্যান্য মেরামত ও সংস্কার কাজ বাস্তবায়ন করা। | ব্যবস্থা, বিদ্যুৎ লাইন, পানি সরবরাহের ব্যবস্থা, গ্যাস, টেলিফোন ও পিবিএক্স লাইন, সংযোগ ও বিতরণ, অন্যান্য ভবন ও অন্যান্য মেরামত ও সংস্কার কাজ বাস্তবায়ন করা হয়েছে। |

১০। উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণঃ প্রযোজ্য নয়।

১১। প্রকল্পের প্রভাবঃ আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের ফলে ১২টি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন, ছাত্র-ছাত্রী হল, প্রশাসনিক ভবন, শিক্ষক ও কর্মকর্তা কর্মচারীগণের আবাসিক ভবন, অভ্যন্তরীণ রাস্তা ইত্যাদি মেরামত ও সংস্কারের মাধ্যমে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত হয়েছে। এছাড়াও ১২টি বিশ্ববিদ্যালয়ে প্রযুক্তিগত ও গবেষণামূলক সুবিধাদি বৃদ্ধি পাওয়ায় সাধারণ ও প্রযুক্তিগত শিক্ষার গুণগতমানের উন্নতি হয়েছে। সর্বপরি শিক্ষার সহায়ক পরিবেশ নিশ্চিত হয়েছে।

১২। সমস্যাঃ

১২.১ আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নকালে ডিপিপি'র সংস্থান অনুযায়ী সময়মত পর্যাপ্ত বরাদ্দ পাওয়া যায়নি | ফলশ্রুতিতে টেন্ডার আহবানপূর্বক মেরামত ও সংস্কার কাজ যথাসময়ে সম্পন্ন করা সম্ভব হয়নি। ফলে প্রকল্পের মেয়াদ ৪ বছর বৃদ্ধি করতে হয়েছে;

১২.২ মেরামত ও সংস্কারমূলক প্রকল্পের ক্ষেত্রে বাস্তব কাজ ও ব্যয় প্রাক্কলনে যথেষ্ট জটিলতার সম্মুখীন হতে হয়েছে। ফলে প্রকল্পের বিশ্ববিদ্যালয়ওয়ারী খাত ভিত্তিক ব্যয় নির্ধারণের ক্ষেত্রে কাজ ও প্রাক্কলনের সঠিকতা যথার্থভাবে নিরূপন করা সম্ভব হয়নি মর্মে মনে হয়েছে।

১২.৩ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে। তাই বর্তমান অবকাঠামোতে অতিরিক্ত সংখ্যক শিক্ষার্থীদের তীব্র আবাসিক সংকট রয়েছে, উদাহরণ স্বরূপ- ঢাকা বিশ্ববিদ্যালয়ের কবি জসীম উদ্দিন হল পারিদর্শনকালে আবাসনের তীব্র সংকট পরিলক্ষিত হয়েছে।

১২.৪ প্রকল্পটি সমাপ্ত হয় জুন, ২০১৫ সালে। প্রকল্প সমাপ্তির পর আইএমইডিতে ০৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের কথা থাকলেও আইএমইডিতে পিসিআর পাওয়া যায় প্রায় ০৭ মাস পরে (জানুয়ারী, ২০১৬-এ), যা কাম্য নয়;

১৩। সুপারিশঃ

১৩.১ অনুমোদিত প্রকল্পের অনুকূলে ডিপিপি 'র লক্ষ্যমাত্রা/ সংস্থান অনুযায়ী এমটিবিএফ মন্ত্রণালয় হিসেবে সময়মত প্রয়োজনীয় বরাদ্দ প্রদান ও অর্থ ছাড়ের বিষয়ে ভবিষ্যতে মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে এবং অর্থবছরের সম্ভাব্য বরাদ্দ প্রাপ্তির উপর ভিত্তি করে অগ্রাধিকার ভিত্তিতে নতুন প্রকল্প গ্রহণ/অনুমোদন করতে হবে;

১৩.২ মেরামত ও সংস্কারমূলক প্রকল্পের ক্ষেত্রে বাস্তব কাজ ও ব্যয় প্রাক্কলনে যথেষ্ট জটিলতার সম্মুখীন হতে হয়েছে। ফলে ভবিষ্যতে এ ধরনের প্রকল্প গ্রহণের ক্ষেত্রে প্রকল্প প্রণয়নকালেই বিশ্ববিদ্যালয়ের প্রকৌশলী, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রতিনিধি ও মন্ত্রণালয়ের প্রতিনিধিগণ পূর্বাঙ্কেই প্রয়োজনীয় কাজ চিহ্নিত ও এর পরিমাণ ও প্রাক্কলন সুনির্দিষ্টভাবে স্থির করে তা ডিপিপিতে অন্তর্ভুক্ত করবে;

১৩.৩ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে। তাই বর্তমান অবকাঠামোতে অতিরিক্ত সংখ্যক শিক্ষার্থীদের তীব্র আবাসিক সংকট মোকাবেলায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারেন;

১৩.৪ ভবিষ্যতে কোন প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) আইএমইডিতে আবশ্যিকভাবে প্রেরণ করার ব্যাপারে মন্ত্রণালয়কে কার্যকরী ভূমিকা পালন করতে হবে;

১৩.৫। অনুচ্ছেদ ১ ৩.১ হতে ১৪. ৪ এর সুপারিশসমূহ অনুসরণে এবং যথার্থ বাস্তবায়নে মন্ত্রণালয়/সংস্থা অধিকতর আন্তরিক হবে।

“শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ইনস্টিটিউট স্থাপনশীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৫)

- ১.০১ প্রকল্পের অবস্থান : কুমারগাঁও, সিলেট
- ২.০১ বাস্তবায়নকারী সংস্থা : বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/“শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
- ৩.০১ প্রশাসনিক মন্ত্রণালয় : শিক্ষা মন্ত্রণালয়।
- ৪.০১ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|----------------------|----------------------------------|--------------|-------------------------------|--------------------------------------|--------------------------------|---|--|
| মূল মোট টাকা প্রঃসাঃ | সর্বশেষ সংশোধিত মোট টাকা প্রঃসাঃ | | মূল | ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৩৪০০.০০ | ৩৪০০.০০ | ৩১৪২.০০ | জানুয়ারী, ২০১১ হতে জুন, ২০১৩ | জানুয়ারী, ২০১১ হতে জুন, ২০১৫ | জানুয়ারী, ২০ ১১ হতে জুন, ২০১৫ | প্রকল্পের প্রাক্কলিত ব্যয় অপেক্ষা প্রকৃত ব্যয় ২৫৮.০০ লক্ষ টাকা (৭.৫৯%) হ্রাস পেয়েছে। | ২ বছর (৮০%) |

৫.০১ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ | একক | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|-----------|--------------------------------------|--------|------------------------|------------|-------------------|-------------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০১। | মাইক্রোবাস | সংখ্যা | ৩০.০০ | ১টি | ৩০.০০ (১০০%) | ১টি (১০০%) |
| ০২। | বৈজ্ঞানিক যন্ত্রপাতি | সংখ্যা | ৪০০.০০ | ৪০৫টি | ৪০০.০০ (১০০%) | ৪০৫টি (১০০%) |
| ০৩। | অফিস ইকুইপমেন্ট | সংখ্যা | ৫২.৪০ | ৬৯টি | ৫২.৪০ (১০০%) | ৬৯টি (১০০%) |
| ০৪। | আসবাবপত্র | সংখ্যা | ১৪৭.৬০ | ৩৬৮৫টি | ১৪৭.৬০ (১০০%) | ৩৬৮৫টি (১০০%) |
| ০৫। | বই এবং জার্নাল | থোক | ১৫০.০০ | থোক | ১৫০.০০ (১০০%) | থোক (১০০%) |
| ০৬। | ভূমি উন্নয়ন | একর | ২৫.০০ | ১ একর | ২৫.০০ (১০০%) | ১ একর (১০০%) |
| ০৭। | ইনস্টিটিউট ভবন (১০ তলা ভিত্তে ৪তলা) | বঃমিঃ | ২১১০.০০ | ৭৪৩৫ বঃমিঃ | ২১১০.০০ (১০০%) | ৭৪৩৫ বঃমিঃ (১০০%) |
| ০৮। | পানি, বিদ্যুৎ ও গ্যাস সরবরাহ ও সংযোগ | থোক | ৭৫.০০ | থোক | ৭৫.০০ (১০০%) | থোক (১০০%) |
| ০৯। | অভ্যন্তরীণ রাস্তা | কিঃমিঃ | ১০২.০০ | ২ কিঃমিঃ | ১০২.০০ (১০০%) | ২ কিঃমিঃ (১০০%) |

| ক্রমিক নং | অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ | একক | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|-----------|--------------------------------------|-----|------------------------|--------|-------------------|------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| ১০। | বৃষ্টির পানি সংরক্ষণ | থোক | ২৫.০০ | থোক | ২৫.০০ (১০০%) | থোক |
| ১১। | ফিজিক্যাল ও প্রাইস কন্ট্রিনজেন্সি | থোক | ২৫৮.০০ | থোক | ০.০০ | থোক |
| ১২। | সরবরাহ ও সেবা | থোক | ২৫.০০ | থোক | ২৫.০০ (১০০%) | থোক |
| মোট= | | | ৩৪০০.০০ | | ৩১৪২.০০ | |

প্রকল্প মেয়াদে ৩১৪২.০০ লক্ষ টাকা (৯২.৪১%) শিক্ষা মন্ত্রণালয় হতে অবমুক্ত হয় যার সম্পূর্ণটাই ব্যয় হয়েছে এবং প্রকল্পের বাস্তব অগ্রগতি ১০০%।

৬.০। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই মর্মে জানা গেছে।

৭.০। সাধারণ পর্যবেক্ষণঃ

৭.১। **পটভূমিঃ** দেশের আর্থ সামাজিক উন্নয়নে তথ্য প্রযুক্তির ব্যবহার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বাংলাদেশ সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার জন্য তথ্য প্রযুক্তি নির্ভর শিক্ষা প্রদানের জন্য সরকার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের উপর জোর দিয়েছে। এ লক্ষ্যে দেশে সর্বপ্রথম শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২০১০ সালে সেল ফোনের মাধ্যমে ভর্তি কার্যক্রম গ্রহণ করে তথ্য প্রযুক্তি নির্ভর শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের সূত্রপাত করে। আইসিটি ক্ষেত্রে নেতৃত্বান্বিত ভূমিকা রাখছে। বর্তমানে আইআইসিটি ভবনে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এবং ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রায় ৫৮০ জন ছাত্র-ছাত্রী অধ্যয়ন করছে। এছাড়াও Graduate Programme, Diploma Programme, Certificate Courses, Short course, Customized courses প্রভৃতিতে শিক্ষার্থীরা শিক্ষার সুযোগ লাভ করছে। এর ফলে শিক্ষার গুণগতমান বিস্তারে বিশ্ববিদ্যালয় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হচ্ছে। এ বিদ্যালয়ে আইসিটি ক্ষেত্রে আরও উৎকর্ষ সাধনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ইনস্টিটিউট স্থাপনের জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৭.২। **প্রকল্পের উদ্দেশ্যঃ**

(ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ইনস্টিটিউট স্থাপনের মাধ্যমে দেশে তথ্য যোগাযোগ ব্যবস্থার সম্প্রসারণ করা;

(খ) তথ্য ও প্রযুক্তি পেশা এবং এ পেশায় কাজ করতে আগ্রহী ব্যক্তিদের প্রশিক্ষণের মাধ্যমে তথ্য প্রযুক্তি বিষয়ে অভিজ্ঞ করে গড়ে তোলা।

৭.৩। **অনুমোদন পর্যায়ঃ** আলোচ্য প্রকল্পটি ৩৪০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি জানুয়ারী, ২০১১ হতে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১২-১০-২০১০ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ২ (দুই) দফায় (১ম দফায় ১ বছর ও ২য় দফায় ১ বছর) মোট ২ (দুই) বছর ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন, ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৭.৪। **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

(১) মাইক্রোবাস; (২) বৈজ্ঞানিক যন্ত্রপাতি; (৩) অফিস ইকুইপমেন্ট; (৪) আসবাবপত্র বই এবং জার্নাল; (৫) ভূমি উন্নয়ন; (৬) ইনস্টিটিউট ভবন নির্মাণ; (৭) পানি; (৮) বিদ্যুৎ ও গ্যাস সরবরাহ ও সংযোগ; (৯) অভ্যন্তরীণ রাস্তা; (১০) বৃষ্টির পানি সংরক্ষণ; (১১) ফিজিক্যাল ও প্রাইস কন্ট্রিনজেন্সি এবং (১২) সরবরাহ ও সেবা ইত্যাদি।

৭.৫। **প্রকল্প ব্যবস্থাপনাঃ** প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | মন্তব্য |
|---------|-----------------------|----------------|--------------------|---------|
| | | | | |

| | | | | |
|----|---|------------|------------|------------|
| ১। | প্রদীপ কুমার বসু, পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন | ০৯-০১-২০১১ | ১৬-১২-২০১১ | পূর্ণকালীন |
| ২। | এম আকবর হোসাইন, পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন | ১৭-১২-২০১১ | ৩০-০৬-২০১৫ | পূর্ণকালীন |

৭.৬। **প্রকল্প পরিদর্শনঃ** প্রকল্পটির কার্যক্রম আইএমইডির উপ-পরিচালক জনাব মশিউর রহমান কর্তৃক ০৩-০১-২০১৬ তারিখ সরেজমিনে পরিদর্শন করা হয়। প্রকল্পটির নির্মাণ কাজ “শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা প্রকৌশল বিভাগের মাধ্যমে বাস্তবায়ন করা হয়েছে। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও শিক্ষা প্রকৌশল বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সহিত আলোচনা করা হয়েছে। সরেজমিনে পরিদর্শন ও প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে।

৭.৭। **মূল্যায়ন পদ্ধতি (Methodology) :** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

- (ক) ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
- (খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
- (গ) PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- (ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং
- (ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৮.০। প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতিঃ

৮.১। **আর্থিক অগ্রগতিঃ** প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ছিল ৩৪০০.০০ লক্ষ টাকা। শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৩১৪২.০০ লক্ষ টাকা (৯২.৪১%)। প্রকল্পটির অনুকূলে ২০ ১০-২০১১ হতে ২০১৪-২০১৫ পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

| আর্থিক বৎসর | সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা | | | | ব্যয় ও বাস্তব অগ্রগতি | | | |
|-------------|-------------------------------|----------------|-----------|-------------|------------------------|----------------|-----------|---------------|
| | মোট | টাকা (জিওবি) | প্রঃ সাঃ | বাস্তব (%) | মোট | টাকা | প্রঃসাঃ | বাস্তব (%) |
| ২০১০-১১ | ১০০.০০ | ১০০.০০ | -- | ২.৯৪% | ১০০.০০ | ১০০.০০ | -- | ২.৯৪% |
| ২০১১-১২ | ৬০০.০০ | ৬০০.০০ | -- | ১৭.৬৫% | ৬০০.০০ | ৬০০.০০ | -- | ১৭.৬৫% |
| ২০১২-১৩ | ৯০০.০০ | ৯০০.০০ | -- | ২৬.৪৭% | ৯০০.০০ | ৯০০.০০ | -- | ২৬.৪৭% |
| ২০১৩-২০১৪ | ৭৫০.০০ | ৭৫০.০০ | -- | ২২.০৬% | ৭৪৯.৫০ | ৭৪৯.৫০ | -- | ২২.০৪% |
| ২০১৪-২০১৫ | ১০৫০.০০ | ১০৫০.০০ | -- | ৩০.৮৮% | ৭৯২.৫০ | ৭৯২.৫০ | -- | ২৩.৩১% |
| মোট | ৩৪০০.০০ | ৩৪০০.০০ | -- | ১০০% | ৩১৪২.০০ | ৩১৪২.০০ | -- | ৯২.৪১% |

৮.২। **অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতির বিশ্লেষণঃ** প্রকল্পটির অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলঃ

৮.২.১ মাইক্রোবাসঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ১টি মাইক্রোবাস ক্রয়ের জন্য ৩০.০০ লক্ষ টাকার সংস্থান ছিল। প্রকল্প মেয়াদে ০১টি মাইক্রোবাস ক্রয় করা হয়েছে।

- ৮.২.২ বৈজ্ঞানিক যন্ত্রপাতিঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী বৈজ্ঞানিক যন্ত্রপাতি খাতে ৪০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪০০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং বাস্তবে ৪০৫ টি বৈজ্ঞানিক যন্ত্রপাতির স্থলে ৪০৫ টিই ক্রয় করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.৩ অফিস ইকুইপমেন্টঃ অফিস ইকুইপমেন্ট খাতে ডিপিপি'র সংস্থান অনুযায়ী ৫২.৪০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৫২.৪০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে এবং বাস্তবে ৬৯টি অফিস ইকুইপমেন্টের বিপরীতে ৬৯টি অফিস ইকুইপমেন্ট ক্রয় করা হয়েছে।
- ৮.২.৪ আসবাবপত্রঃ আসবাবপত্র বাবদ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ১৪৭.৬০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। এর বিপরীতে ১৪৭.৬০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে এবং বাস্তবে ৩৬৮৫টি আসবাবপত্রের বিপরীতে ৩৬৮৫টি আসবাবপত্র ক্রয় করা হয়েছে।



চিত্র: আসবাবপত্র

- ৮.২.৫ বই এবং জার্নালঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী বই এবং জার্নাল বাবদ ১৫০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৫০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.৬ ভূমি উন্নয়নঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ভূমি উন্নয়ন খাতে ২৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৫.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তবে ১ একরের স্থলে ১ একরেই উন্নয়ন করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.৭ ইনস্টিটিউট ভবন (১০ তলা ভিতে ৪তলা): ডিপিপি'র সংস্থান অনুযায়ী ইনস্টিটিউট ভবন বাবদ ২১১০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২১১০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তবে ৭৪৩৫ বর্গমিটারের স্থলে ৭৪৩৫ বর্গ মিটারই নির্মাণ করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক মনে হয়েছে।



চিত্র: ইনস্টিটিউট ভবন

- ৮.২.৮ পানি, বিদ্যুৎ ও গ্যাস সরবরাহ ও সংযোগঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী পানি, বিদ্যুৎ ও গ্যাস সরবরাহ ও সংযোগ বাবদ ৭৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৭৫.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.৯ অভ্যন্তরীণ রাস্তাঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ বাবদ ১০২.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১০২.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং বাস্তবে ২ কিঃমিটারের স্থলে ২ কিঃ মিটারই রাস্তা নির্মাণ করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক।
- ৮.২.১০ বৃষ্টির পানি সংরক্ষণঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী বৃষ্টির পানি সংরক্ষণ বাবদ ২৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৫.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.১১ ফিজিক্যাল ও প্রাইস কন্টিনজেন্সিঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ফিজিক্যাল ও প্রাইস কন্টিনজেন্সি বাবদ ২৫৮.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল তবে এ অংশে কোন ব্যয় হয়নি।
- ৮.২.১২ সরবরাহ ও সেবাঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী সরবরাহ ও সেবা বাবদ ২৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৫.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৮.৩ ক্রয় কার্যক্রমঃ

প্রকল্পের আওতায় ক্রয় কার্যক্রম ওটিএম পদ্ধতিতে সম্পন্ন করা হয়েছে মর্মে পরিদর্শনকালে জানা যায়।

৯.০। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

| পরিকল্পিত | অর্জন |
|--|--|
| ১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ইনস্টিটিউট স্থাপনের মাধ্যমে দেশে তথ্য যোগাযোগ ব্যবস্থার সম্প্রসারণ করা; | ১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ইনস্টিটিউট স্থাপন করা হয়েছে; |
| ২। তথ্য ও প্রযুক্তি প্রফেশনাল এবং এ পেশায় কাজ করতে আগ্রহী ব্যক্তিদের প্র শিক্ষণের মাধ্যমে তথ্য প্রযুক্তি বিষয়ে অভিজ্ঞ করে গড়ে তোলা। | ২। তথ্য ও প্রযুক্তি প্রফেশনাল এবং এ পেশায় কাজ করতে আগ্রহী ব্যক্তিদের প্র শিক্ষণের মাধ্যমে তথ্য প্রযুক্তি বিষয়ে অভিজ্ঞ করে গড়ে তোলা র বিষয়ে সম্ভাবনা সৃষ্টি হয়েছে। |

১০। **উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণঃ** প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১১। **প্রকল্পের প্রভাবঃ** আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নে র মাধ্যমে আইসিটি ভবন নির্মাণের ফলে বিশ্ববিদ্যালয়ে প্রযুক্তিগত ও গবেষণামূলক সুবিধাদি বৃদ্ধি পাওয়ায় সাধারণ ও প্রযুক্তিগত শিক্ষার গুণগতমানের উন্নতি হয়েছে। আইআইসিটি ভবন নির্মাণের ফলে এর নান্দনিক সৌন্দর্য ও চারপাশে মনোরম পরিবেশ সৃষ্টি হয়েছে। এতে করে শিক্ষার্থীরা আরো বেশী শিক্ষায় মনোনিবেশ সহকারে শিক্ষা গ্রহণ করছে। সুষ্ঠু ব্যবস্থাপনা ও উন্নত পরিবেশে গুণগত শিক্ষাপ্রদানের ফলে এ

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণ দেশের উৎপাদনমুখী বিভিন্ন প্রতিষ্ঠানে অংশ গ্রহণের মাধ্যমে আর্থ সামাজিক উন্নয়নে ভূমিকা রাখতে সহায়ক হয়েছে। সর্বপরি শিক্ষার সহায়ক পরিবেশ নিশ্চিত হয়েছে। তবে প্রভাব মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের সুনির্দিষ্ট প্রভাব নির্ণয় করা যাবে।

১২। সমস্যাঃ

- ১২.১। আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নকালে ডিপিপি'র সংস্থান অনুযায়ী সময়মত পর্যাপ্ত বরাদ্দ পাওয়া যায়নি | ফলশ্রুতিতে টেন্ডার আহবানপূর্বক মেরামত ও সংস্কার কাজ যথাসময়ে সম্পন্ন করা সম্ভব হয়নি। ফলে প্রকল্পের মেয়াদ ২ বছর বৃদ্ধি করতে হয়েছে;
- ১২.২। আলোচ্য প্রকল্প চলাকালীন বা সমাপ্তির পর কোন অডিট কার্যক্রম সম্পন্ন হয়নি;
- ১২.৩। প্রকল্পটি সমাপ্ত হয়েছে জুন,২০১৫- এ কিন্তু প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) পাওয়া গেছে ফেব্রুয়ারী,২০১৬- এ তারিখে। অর্থাৎ প্রকল্প সমাপ্তির ০৮ মাস পরে পিসিআর পাওয়া গেছে।

১৩। সুপারিশঃ

- ১৩.১। ভবিষ্যতে মন্ত্রণালয় ডিপিপিতে উল্লিখিত বছর-ভিত্তিক ব্যয়ের প্রাক্কলন অনুযায়ী এডিপি / আরএডিপি বরাদ্দ নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ সময়মত প্রয়োজনীয় বরাদ্দ পাওয়ার লক্ষ্যে প্রকল্প কর্তৃপক্ষকেও যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে যাতে করে নির্ধারিত মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়ন সম্ভব হয়;
- ১৩.২। প্রকল্প চলাকালীন বা সমাপ্তির পর কোন অডিট কার্যক্রম সম্পন্ন হয়নি। তাই এ পর্যায়ে বিশ্ববিদ্যালয়ের এ প্রকল্পের অডিট কার্যক্রম সম্পন্ন করা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।
- ১৩.৩। ভবিষ্যতে যেকোন প্রকল্প সমাপ্তির পর নির্ধারিত সময় অর্থাৎ ৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণ নিশ্চিত করতে সংস্থা ও শিক্ষা মন্ত্রণালয় সচেষ্ট থাকবে।
- ১৩.৪। অনুমোদিত প্রকল্পের অনুকূলে ডিপিপি 'র লক্ষ্যমাত্রা/ সংস্থান অনুযায়ী এমটিবিএফ মন্ত্রণালয় হিসেবে সময়মত প্রয়োজনীয় বরাদ্দ প্রদান ও অর্থ ছাড়ের বিষয়ে ভবিষ্যতে মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে এবং অর্থবছরের সম্ভাব্য বরাদ্দ প্রাপ্তির উপর ভিত্তি করে অগ্রাধিকার ভিত্তিতে নতুন প্রকল্প গ্রহণ / অনুমোদন করতে হবে;
- ১৩.৫। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তাই বর্তমান অবকাঠামোতে অতিরিক্ত সংখ্যক শিক্ষার্থীদের তীব্র আবাসিক সংকট মোকাবেলায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারে; এবং
- ১৩.৬। অনুচ্ছেদ ১ ৩.১ হতে ১ ৩.৪ এর সুপারিশসমূহ অনুসরণে এবং যথার্থ বাস্তবায়নে মন্ত্রণালয়/সংস্থা অধিকতর আন্তরিক হবে।

**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন গোপালগঞ্জ শীর্ষক প্রকল্পের সমাপ্তি
মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৪)

- ১। প্রকল্পের নাম : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন, গোপালগঞ্জ
- ২। প্রশাসনিক মন্ত্রণালয় : শিক্ষা মন্ত্রণালয়।
- ৩। বাস্তবায়নকারী সংস্থা : বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
- ৪। প্রকল্পের অবস্থান : গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ।
- ৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ

টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|----------------------|----------------------------------|--------------|-----------------------------|-----------------------------|----------------------------------|---------------------------------------|--|
| মূল মোট টাকা প্রঃসাঃ | সর্বশেষ সংশোধিত মোট টাকা প্রঃসাঃ | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৯১০০.০০ | ১০০০০.০০ | ৯৯০৭.০৭ | অক্টোবর, ২০০৯ হতে জুন, ২০১৩ | অক্টোবর, ২০০৯ হতে জুন, ২০১৪ | অক্টোবর, ২০০৯ হতে ডিসেম্বর, ২০১৪ | ৮০৭.০৭ (৮.৮৬%) | ১ বছর ৬ মাস (৪০%) |

(নোট: ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়)

৬। প্রকল্পের অংশভিত্তিক বাস্তবায়ন (শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সর্বশেষ সংশোধিত অনুমোদিত DPP অনুযায়ী | একক | সর্বশেষ সংশোধিত অনুমোদিত DPP অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|-----------|---------------------------------------|--------|--|--------|-------------------|-------------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০১। | অফিসারদের বেতন | সংখ্যা | ৪০.০৭ | ৪ জন | ২৫.৯৭ (৬৫%) | ৪ জন (১০০%) |
| ০২। | কর্মচারীদের বেতন | সংখ্যা | ১১.৯৪ | ৩ জন | ৮.১১ (৬৮%) | থোক (১০০%) |
| ০৩। | প্রকল্প অফিস ভাড়া | ৫৩ মাস | ২৫.০০ | ৫৩ মাস | ২৫.০০ (১০০%) | থোক (১০০%) |
| ০৪। | তেল, গ্যাস ও মবিল | থোক | ২৮.৭৫ | থোক | ২৮.৭৫ (১০০%) | ১টি (১০০%) |
| ০৫। | প্রিন্টিং ও স্টেশনারী | থোক | ৭.৭৮ | থোক | ৭.৭৮ (১০০%) | ১২০টি (১০০%) |
| ০৬। | বই ও জার্নাল | থোক | ২৪৭.০০ | থোক | ২৪৭.০০ (১০০%) | ১০০০টি (১০০%) |
| ০৭। | পরামর্শক | - | - | - | - | - |
| ০৮। | অপারেটিং কস্ট | থোক | ২৯.২৬ | থোক | ২৯.২৬ (১০০%) | ৩০০০বঃ মিঃ (১০০%) |
| ০৯। | যানবাহন | সংখ্যা | ৬৯.০০ | ২টি | ৬৯.০০ (১০০%) | ২টি (১০০%) |

| ক্রমিক নং | সর্বশেষ সংশোধিত অনুমোদিত DPP অনুযায়ী | একক | সর্বশেষ সংশোধিত অনুমোদিত DPP অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|--------------|---|-------|---|------------------|-------------------|---------------------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| ১০। | বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় | লট | ৬০০.০০ | লট | ৬০০.০০ (১০০%) | লট (১০০%) |
| ১১। | অফিস যন্ত্রপাতি | লট | ১৭.২৫ | লট | ১৭.২৫ (১০০%) | লট (১০০%) |
| ১২। | আসবাবপত্র | থোক | ৫২৬.০০ | থোক | ৫২৬.০০ (১০০%) | থোক (১০০%) |
| ১৩। | টেলিফোন লাইন | থোক | ৩০.০০ | থোক | ৩০.০০ (১০০%) | থোক (১০০%) |
| ১৪। | ১০০০ কে.ভি.এ বৈদ্যুতিক সাব- স্টেশন এবং বহিঃবিদ্যুতায়ন | থোক | ২১৮.৪৫ | থোক | ২১৮.৪৫ (১০০%) | থোক (১০০%) |
| ১৫। | প্রশাসনিক ভবন | বঃমিঃ | ১২৯৯.০০ | ৫৫০০ বঃমিঃ | ১২৯৯.০০ (১০০%) | ৫৫০০ বঃমিঃ (১০০%) |
| ১৬। | ছাত্র হল- ২টি | বঃমিঃ | ২০৫৫.০০ | ৮৮৬০ বঃমিঃ | ২০৫৫.০০ (১০০%) | ৮৮৬০ বঃমিঃ (১০০%) |
| ১৭। | ছাত্রী হল- ১টি | বঃমিঃ | ১০৬৪.০০ | ৪৪৩০ বঃমিঃ | ১০৬৪.০০ (১০০%) | ৪৪৩০ বঃমিঃ (১০০%) |
| ১৮। | ভিসি বাসভবন | বঃমিঃ | ২০৬.০০ | ৬০০ বঃমিঃ | ২০৬.০০ (১০০%) | ৬০০ বঃমিঃ (১০০%) |
| ১৯। | শিক্ষকদের ডরমিটরি- ২টি | বঃমিঃ | ৩৫৪.০০ | ১৫৫০ বঃমিঃ | ৩৫৪.০০ (১০০%) | ১৫৫০ বঃমিঃ (১০০%) |
| ২০। | ৩য় শ্রেণীর স্টাফ কোয়ার্টার | বঃমিঃ | ১৩৫.০০ | ৬৪০ বঃমিঃ | ১৩৫.০০ (১০০%) | ৬৪০ বঃমিঃ (১০০%) |
| ২১। | ৪র্থ শ্রেণীর স্টাফ কোয়ার্টার | বঃমিঃ | ১৭০.০০ | ৫৬০ বঃমিঃ | ১৭০.০০ (১০০%) | ৫৬০ বঃমিঃ (১০০%) |
| ২২। | একাডেমিক ভবন | বঃমিঃ | ১৩৭৪.০০ | ৬৬০৩.৭৪ বঃমিঃ | ১৩৭৪.০০ (১০০%) | ৬৬০৩.৭৪ (১০০%) |
| ২৩। | লাইব্রেরী ভবন | বঃমিঃ | ২৪৬.৭৪ | ১১০০.০০ বঃমিঃ | ২৪৬.৭৪ (১০০%) | ১১০০ বঃমিঃ (১০০%) |
| ২৪। | বৈদ্যুতিক সাব-স্টেশন ভবন ও পাম্প হাউজ নির্মাণ | বঃমিঃ | ২৯.১৪ | ১২৪.৮০ বঃমিঃ | ২৯.১৪ (১০০%) | ১২৪.৮০ বঃমিঃ (১০০%) |
| ২৫। | সোলার বিদ্যুত | থোক | ৭৬.৮৬ | থোক | ৭৬.৮৬ (১০০%) | থোক (১০০%) |
| ২৬। | কেন্দ্রীয় মসজিদ | বঃমিঃ | ৩২১.০০ | ৮২২ বঃমিঃ | ৩২১.০০ (১০০%) | ৮২২ বঃমিঃ (১০০%) |
| ২৭। | কেন্দ্রীয় ক্যাফেটেরিয়া | বঃমিঃ | ১৩৬.০০ | ৫৫৫ বঃমিঃ | ১৩৬.০০ (১০০%) | ৫৫৫ বঃমিঃ (১০০%) |
| ২৮। | অভ্যন্তরীণ রাস্তা | বঃমিঃ | ২৮১.০০ | ৮৯৫০ বঃমিঃ | ২৮১.০০ (১০০%) | ৮৯৫০ বঃমিঃ (১০০%) |
| ২৯। | গভীর নলকূপ স্থাপন এবং পানি সরবরাহ | থোক | ৬৪.৫২ | থোক | ৬৪.৫২ (১০০%) | থোক (১০০%) |
| ৩০। | বৃষ্টির পানি সংরক্ষণ পদ্ধতি | - | - | - | - | - |
| ৩১। | সীমানা প্রাচীর | বঃমিঃ | ৩১৫.০০ | ১৯৬০ বঃমিঃ | ৩১৫.০০ (১০০%) | ১৯৬০ বঃমিঃ |

| ক্রমিক নং | সর্বশেষ সংশোধিত অনুমোদিত DPP অনুযায়ী | একক | সর্বশেষ সংশোধিত অনুমোদিত DPP অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|--------------|--|-----|---|--------|---------------------|------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| | | | | | | (১০০%) |
| ৩২। | ফিজিক্যাল কন্টিনজেন্সি | - | ২২.২৪ | - | ২২.২৪ (১০০%) | - |
| ৩৩। | প্রাইস কন্টিনজেন্সি | - | - | - | - | - |
| | সর্বমোট= | | ১০০০০.০০ | ১০০% | ৯৯০৭.০৭ (৯৯.০৭%) | ১০০% |

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই মর্মে জানা গেছে।

৮। সাধারণ পর্যবেক্ষণঃ

৮.১। **পটভূমিঃ** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৯৭ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জসহ দেশের ১২টি জেলায় একটি করে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রকল্প গ্রহণ করে এবং সে লক্ষ্যে ২০০১ সালে আইন পাশ করা হয়। পরবর্তীতে ২০০৩ সালে তদানীন্তন সরকার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন কার্যক্রম স্থগিত করে। দেশের ক্রমবর্ধমান চাহিদার আলোকে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার গুরুত্ব অপরিসীম। উন্নত বিশ্বের সাথে তাল মিলিয়ে সামনে এগিয়ে যাওয়ার জন্য বিজ্ঞান শিক্ষার কোন বিকল্প নেই। প্রস্তাবিত প্রকল্পটি বাস্তবায়িত হলে দেশের ছাত্র-ছাত্রীদের জন্য বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার পথ প্রশস্ত হবে এবং বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার কর্মসূচী বাস্তবায়নে এ প্রকল্প গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এছাড়া, এ প্রকল্পের আওতায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো ও অন্যান্য সুবিধাদি সৃষ্টি হলে প্রাথমিক পর্যায়ে ৩টি অনুমুদে ৯টি বিষয়ে পাঠদান কর্মসূচী চালু করা সম্ভব হবে; প্রতি বিষয়ে প্রতি বছর ৫০ জন ছাত্র/ছাত্রী উচ্চ শিক্ষার সুযোগ পাবে। এ বিবেচনায় শিক্ষা মন্ত্রণালয় আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৯। **প্রকল্পের উদ্দেশ্যঃ**

- (ক) বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার প্রসার;
- (খ) আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা প্রদানের মাধ্যমে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার বর্ধিত চাহিদা পূরণ;
- (গ) দেশ ও বিদেশের জন্য দক্ষ জনবল তৈরী; এবং
- (ঘ) প্রয়োজনীয় একাডেমিক, আবাসিক ও লাইব্রেরী সুবিধাদি সৃষ্টিকরণ।

১০। **অনুমোদন পর্যায়ঃ** আলোচ্য প্রকল্পটি মোট ৯১০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর, ২০০৯ হতে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৪-১১-২০০৯ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে মোট ১০০০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর, ২০০৯ হতে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পের প্রথম সংশোধন করা হয়েছে। অতঃপর ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ৬মাস বৃদ্ধি করে প্রকল্পের মেয়াদ ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত নিধারণ করা হয়েছে। প্রকল্প মেয়াদে (ডিসেম্বর, ২০১৪) মোট ৯৯৯৯.২৫ লক্ষ টাকা শিক্ষা মন্ত্রণালয় হতে অবমুক্ত হয় যার মধ্যে মোট ৯৯০৭.০৭ লক্ষ টাকা (৯৯.০৭%) ব্যয় করা হয়েছে। অবশিষ্ট ৯২.১৮ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে মর্মে জানা যায়।

১১। **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

- প্রশাসনিক ভবন;
- একাডেমিক ভবন;
- শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের আবাসিক ভবন;
- লাইব্রেরী ভবন
- ছাত্র/ছাত্রীদের আবাসিক ভবন;
- অভ্যন্তরীণ রাস্তা ও কেন্দ্রীয় মসজিদ ইত্যাদি নির্মাণসহ পরামর্শক সেবা;
- বৈজ্ঞানিক যন্ত্রপাতি;

- আসবাবপত্র ও গাড়ী ক্রয়; এবং
- প্রয়োজনীয় জনবল নিয়োগ।

১২। **প্রকল্প ব্যবস্থাপনাঃ** প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

| প্রকল্প পরিচালকের নাম | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | মন্তব্য |
|-------------------------------|----------------|--------------------|------------|
| অধ্যাপক ড: এম খায়রুল আলম খান | ০৫-০১-২০১০ | ১৩-১২-২০১৪ | পূর্ণকালীন |

১৩। **প্রকল্প পরিদর্শনঃ** প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক ১২/০৮/২০১৬ তারিখ সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। প্রকল্পটির নির্মাণ কাজ শিক্ষা প্রকৌশল বিভাগের মাধ্যমে বাস্তবায়ন করা হয়েছে। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও শিক্ষা প্রকৌশল বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা এবং অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তা র সাথে আলোচনা করা হয়েছে। সরেজমিনে পরিদর্শন ও প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে।

১৪। **মূল্যায়ন পদ্ধতি (Methodology) :** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

- (ক) ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
- (খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
- (গ) PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- (ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং
- (ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৫। **প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতিঃ**

১৫.১। **আর্থিক অগ্রগতিঃ** প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ছিল ১০০০০.০০ লক্ষ টাকা। শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৯৯০৭.০৭ লক্ষ টাকা (৯৯.০৭%)। প্রকল্পটির অনুকূলে ২০ ০৯-২০১০ হতে ২০১ ৪-২০১৫ পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

| আর্থিক বৎসর | সংশোধিত বরাদ্দ | অবমুক্ত | ব্যয় |
|-------------|-----------------|----------------|-------------------------|
| | মোট টাকা | টাকা | মোট |
| ২০০৯-১০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ |
| ২০১০-১১ | ১৫০০.০০ | ১৫০০.০০ | ১৫০০.০০ |
| ২০১১-১২ | ৩০০০.০০ | ৩০০০.০০ | ৩০০০.০০ |
| ২০১২-১৩ | ২৫০০.০০ | ২৫০০.০০ | ২৫০০.০০ |
| ২০১৩-২০১৪ | ২১৭৫.০০ | ২১৭৫.০০ | ২১৭৫.০০ |
| ২০১৪-২০১৫ | ৭২৫.০০ | ৬৫০.০০ | ৬৩২.০৭ |
| মোট | ১০০০০.০০ | ৯৯২৫.০০ | ৯৯০৭.০৭ (৯৯.০৭%) |

- ১৫.২। প্রধান প্রধান অংগের আর্থিক ও বাস্তব অগ্রগতির বি শ্লেষণঃ প্রকল্পটির অগ্রগতি সম্পর্কিত সর্বশেষ প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী এর আর্থিক অগ্রগতি ৯৯০৭.০৭ লক্ষ টাকা (৯৯.০৭%) এবং বাস্তব অগ্রগতি ও ১০০% সম্পন্ন হয়েছে। প্রকল্পটির অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলঃ
- ১৫.২.১ অফিসারদের বেতনঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী অফিসারদের বেতন খাতে ৪০.০৭ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৫.৯৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৬৫% ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ১৫.২.২ কর্মচারীদের বেতনঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী কর্মচারীদের বেতন খাতে ১১.৯৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৮.১১ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৬৮% ও বাস্তব অগ্রগতি ১০০%।
- ১৫.২.৩ প্রিন্টিং ও স্টেশনারীঃ প্রিন্টিং ও স্টেশনারী বাবদ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ৭.৭৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৭.৭৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০%।
- ১৫.২.৪ বই ও জার্নালঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী বই ও জার্নাল খাতে ২৪৭.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৪৭.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০%।
- ১৫.২.৫ যানবাহনঃ যানবাহন বাবদ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ৬৯.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৬৯.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং বাস্তবে ২টি যানবাহন (মাইক্রোবাস)-এর স্থলে ২টি যানবাহন (মাইক্রোবাস) ক্রয় করা হয়েছে। অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ১৫.২.৬ বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় বাবদ ৬০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৬০০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.৭ অফিস যন্ত্রপাতিঃ অফিস যন্ত্রপাতি বাবদ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ১৭.২৫ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৭.২৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০%।
- ১৫.২.৮ আসবাবপত্রঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী আসবাবপত্র বাবদ ৫২৬.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৫২৬.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০%।
- ১৫.২.৯ ১০০০ কে.ভি.এ বৈদ্যুতিক সাব-স্টেশন এবং বহিঃবিদ্যুতায়নঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ১০০০ কে.ভি.এ বৈদ্যুতিক সাব-স্টেশন এবং বহিঃবিদ্যুতায়ন বাবদ ২১৮.৪৫ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২১৮.৪৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ১৫.২.১০ প্রশাসনিক ভবনঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রশাসনিক ভবন বাবদ ১২৯৯.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১২৯৯.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০%।



চিত্র: নির্মিত প্রশাসনিক ভবন

১৫.২.১১ ছাত্র হল-২টিঃ ২টি ছাত্র হল বাবদ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ২০৫৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২০৫৫.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব উভয় অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।



চিত্র: নির্মিত ছাত্র হল (বিজয় দিবস হল ও স্বাধীনতা দিবস হল)।

১৫.২.১২ ছাত্রী হল-১টিঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ১টি ছাত্রী হল বাবদ ১০৬৪.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১০৬৪.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব উভয় অগ্রগতিই ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক মর্মে পরিদর্শনে পরিলক্ষিত হয়েছে।



চিত্র: নির্মিত ছাত্রী হল।

১৫.২.১৩ ভিসি বাসভবনঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী উপাচার্যের বাসভবন বাবদ ২০৬.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২০৬.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক মনে হয়েছে।



চিত্র: নির্মিত ভিসি বাসভবন।

- ১৫.২.১৪ শিক্ষকদের ডরমিটরি-২টিঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী শিক্ষকদের ডরমিটরি-২টি বদ ৩৫৪.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩৫৪.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০%।
- ১৫.২.১৫ ৩য় শ্রেণীর স্টাফ কোয়ার্টারঃ ৩য় শ্রেণীর স্টাফ কোয়ার্টার বাবদ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ১৩৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৩৫.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ১৫.২.১৬ একাডেমিক ভবনঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী একাডেমিক ভবন বাবদ ১৩৭৪.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৩৭৪.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০%। কাজের মান সন্তোষজনক মনে হয়েছে।



চিত্র: নির্মিত একাডেমিক ভবন।

- ১৫.২.১৭ বৈদ্যুতিক সাব-স্টেশন ভবন ও পাম্প হাউজ নির্মাণঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী বৈদ্যুতিক সাব-স্টেশন ভবন ও পাম্প হাউজ নির্মাণ বাবদ ২৯.১৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৯.১৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০%।
- ১৫.২.১৮ কেন্দ্রীয় মসজিদঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী কেন্দ্রীয় মসজিদ বাবদ ৩২১.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩২১.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ১৫.২.১৯ গভীর নলকূপ স্থাপন এবং পানি সরবরাহঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী গভীর নলকূপ স্থাপন এবং পানি সরবরাহ বাবদ ৬৪.৫২ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৬৪.৫২ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০%।
- ১৫.২.২০ সীমানা প্রাচীরঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী সীমানা প্রাচীর বাবদ ৩১৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩১৫.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

১৬। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

| পরিকল্পিত | অর্জন |
|--|---|
| ১। বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার প্রসার | ১। প্রকল্প বাস্তবায়নের ফলে সৃষ্ট সুবিধাদি বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার প্রসারে গুরুত্বপূর্ণ অবদান রাখছে মর্মে পিসিআরে উল্লেখ করা হয়েছে; |
| ২। আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা প্রদানের মাধ্যমে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার বর্ধিত চাহিদা পূরণ | ২। আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা প্রদানের মাধ্যমে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার বর্ধিত চাহিদা পূরণ করতে সক্ষম হয়েছে মর্মে পিসিআরে উল্লেখ করা হয়েছে; |
| ৩। দেশ ও বিদেশের জন্য দক্ষ জনবল তৈরী | ৩। দেশ ও বিদেশের জন্য দক্ষ জনবল তৈরীতে প্রকল্পটি গুরুত্বপূর্ণ অবদান রাখছে বলে পিসিআর-এ উল্লেখ আছে; |
| ৪। প্রয়োজনীয় একাডেমিক, আবাসিক ও লাইব্রেরী সুবিধাদি সৃষ্টিকরণ | ৪। প্রয়োজনীয় একাডেমিক, আবাসিক ও লাইব্রেরী সুবিধাদি সৃষ্টি হয়েছে মর্মে পিসিআরে উল্লেখ রয়েছে। |

১৭। উদ্দেশ্য অর্জিত না হলে তার কারণঃ প্রযোজ্য নয়।

১৮। প্রকল্পের প্রভাবঃ আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের ফলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়টি বিজ্ঞান ও প্রযুক্তি নির্ভর শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে গড়ে উঠেছে, যেখানে প্রযুক্তি শিক্ষায় শিক্ষিত দক্ষ জনবল বৃদ্ধি পাচ্ছে। প্রকল্পটি

বাস্তবায়নের ফলে শিক্ষিত জনশক্তি গড়ে উঠেছে যা বিজ্ঞান, প্রযুক্তি ও গবেষণায় ভূমিকা রাখবে মর্মে আশা করা যায়। উচ্চ শিক্ষায় শিক্ষিত হয়ে ছাত্র-ছাত্রীরা নতুন প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে দেশকে উন্নয়নের দিকে এগিয়ে নিতে সাহায্য করবে।

১৯। সমস্যাঃ

১৯.১ প্রকল্পটি অক্টোবর ২০০৯ এ শুরু হয়ে জুন, ২০১৩ তে সমাপ্তির জন্য নির্ধারিত থাকলেও ডিসেম্বর, ২০১৪ এ সমাপ্ত হয়েছে। অর্থাৎ ১ বছর ৬ মাস (৪০%) সময় অতিক্রান্ত হয়েছে; অপরদিকে মূল প্রকল্প ৯১০০.০০ লক্ষ টাকায় অনুমোদিত হলেও প্রকৃতপক্ষে ৯৯০৭.০৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ প্রকল্প মেয়াদে ৮০৭.০৭ লক্ষ টাকা (৮.৮৬%) ব্যয় বৃদ্ধি পেয়েছে। এর ফলে প্রকল্পের সুফল পেতে বিলম্ব হয়েছে।

১৯.২ প্রকল্প এলাকায় লবনাক্ততা, আর্সেনিক, আয়রন ও মাটি নরম হওয়ায় প্রকল্পটি বাস্তবায়নে যথেষ্ট বিঘ্নের সৃষ্টি হয়েছে মর্মে পরিদর্শনকালে জানা যায়;

১৯.৩ প্রকল্পের External অডিট এখনও সম্পন্ন হয়নি মর্মে পিসিআর পরীক্ষান্তে দেখা যায়। আর্থিক স্বচ্ছতার স্বার্থে প্রকল্পের অডিট কার্যক্রম যথাশীঘ্র সম্পন্ন করা প্রয়োজন;

১৯.৪ প্রকল্পটি সমাপ্ত হয় ডিসেম্বর, ২০১৪ সালে। প্রকল্প সমাপ্তির পর আইএমইডিতে ০৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের কথা থাকলেও আইএমইডিতে পিসিআর পাওয়া যায় প্রায় ১ বছর ০৫ মাস পরে (মে, ২০১৬-এ), পিসিআর প্রেরণে বিলম্ব ঘটা সমীচীন নয়।

২০। সুপারিশঃ

২০.১ প্রকল্পটি অক্টোবর ২০০৯ এ শুরু হয়ে জুন, ২০১৩ তে সমাপ্তির জন্য নির্ধারিত থাকলেও ডিসেম্বর, ২০১৪ এ সমাপ্ত হয়েছে। অর্থাৎ ১ বছর ৬ মাস (৪০%) সময় অতিক্রান্ত হয়েছে; অপরদিকে মূল প্রকল্প ৯১০০.০০ লক্ষ টাকায় অনুমোদিত হলেও প্রকৃতপক্ষে ৯৯০৭.০৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ প্রকল্প মেয়াদে ৮০৭.০৭ লক্ষ টাকা (৮.৮৬%) ব্যয় বৃদ্ধি পেয়েছে। এতে প্রকল্পের সুফল পেতে বিলম্ব হয়েছে। ফলে Time Over run ও Cost over run হয়েছে যা মন্ত্রণালয় ভবিষ্যতে নিয়ন্ত্রণ করবে;

২০.২ প্রকল্প এলাকায় লবনাক্ততা, আর্সেনিক, আয়রন ও মাটি নরম হওয়ায় প্রকল্পটি বাস্তবায়নে যথেষ্ট বিঘ্নের সৃষ্টি হয়েছে।

তাই ভবিষ্যতে কোন প্রকল্পের নির্মাণ কাজ সম্পন্ন করার ক্ষেত্রে মৃত্তিকা পরীক্ষাসহ অন্যান্য সংশ্লিষ্ট কার্যক্রম পূর্বাঙ্কে গ্রহণ করতে হবে এবং দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২০.৩ সমাপ্ত প্রকল্পটির দ্রুত External Audit সম্পন্ন করতে হবে।

২০.৪ প্রতিষ্ঠানটি আন্তর্জাতিক মানসম্পন্ন করার লক্ষ্যে বিদেশী বিশ্ববিদ্যালয়ের সাথে শিক্ষা ও গবেষণা সহযোগিতার সম্পর্ক স্থাপন করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা সমীচীন হবে।

২০.৫ ভবিষ্যতে কোন প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) আইএমইডিতে আবশ্যিকভাবে প্রেরণ করার ব্যাপারে মন্ত্রণালয়কে কার্যকরী ভূমিকা পালন করতে হবে;

২০.৬ অনুচ্ছেদ ২০.১ হতে ২০.৩ এর সুপারিশসমূহ অনুসরণপূর্বক তা আইএমইডি-কে অবহিত করতে হবে।

“ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৫)

- ১। প্রকল্পের নাম : “ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প
- ২। প্রশাসনিক মন্ত্রণালয় : শিক্ষা মন্ত্রণালয়।
- ৩। বাস্তবায়নকারী সংস্থা : বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/ইসলামী বিশ্ববিদ্যালয়।
- ৪। প্রকল্পের অবস্থান : শান্তিডাঙ্গা, দুলালপুর, কুষ্টিয়া।
- ৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

| প্রাকল্পিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | বর্ধিত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|----------------------|----------------------------------|--------------|-------------------------------|---------------------------------|-------------------------------|-----------------------------------|--|
| মূল মোট টাকা প্রঃসাঃ | সর্বশেষ সংশোধিত মোট টাকা প্রঃসাঃ | | মূল | সর্বশেষ সংশোধিত (মেয়াদ বৃদ্ধি) | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৩২১৫.০০ | ৩৫৩৬.০০ | ৩৫৩৬.০০ | জানুয়ারী, ২০১১ হতে জুন, ২০১৪ | জানুয়ারী, ২০১১ হতে জুন, ২০১৫ | জানুয়ারী, ২০১১ হতে জুন, ২০১৫ | ৩২১.০০ (৯.৯৮%) | ১ বছর (৩৩%) |
| -- | -- | | | | | | |

৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ | একক | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|-----------|--------------------------------------|--------|------------------------|------------|-------------------|-------------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০১। | কন্টিনজেন্সি | থোক | ৭.০০ | থোক | ৭.০০ (১০০%) | থোক (১০০%) |
| ০২। | যানবাহন | সংখ্যা | ৩০.০০ | ০১টি | ৩০.০০ (১০০%) | ০১টি (১০০%) |
| ০৩। | ল্যাব ও বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় | সংখ্যা | ৯০.০০ | ৯৫০টি | ৯০.০০ (১০০%) | ৯৫০টি (১০০%) |
| ০৪। | অফিস যন্ত্রপাতি ক্রয় | সংখ্যা | ১৫.০০ | ৮৫টি | ১৫.০০ (১০০%) | ৮৫টি (১০০%) |
| ০৫। | আসবাবপত্র ক্রয় | সংখ্যা | ১১৯.৩২ | ৩২৮৬টি | ১১৯.৩২ (১০০%) | ৩২৮৬টি (১০০%) |
| ০৬। | তৈজসপত্র ও ক্রোকোরিজ | লট | ৫.৬৮ | লট | ৫.৬৮ (১০০%) | লট (১০০%) |
| ০৭। | ভূমি উন্নয়ন | বঃমিঃ | ৭.০০ | ৩৫৪৫ বঃমিঃ | ৭.০০ (১০০%) | ৩৫৪৫ বঃমিঃ (১০০%) |
| ০৮। | ২৫০ আসনের ছাত্রী হল নির্মাণ | বঃমিঃ | ১১১৪.০০ | ৪৭৭৫ বঃমিঃ | ১১১৪.০০ (১০০%) | ৪৭৭৫ বঃমিঃ (১০০%) |

| ক্রমিক নং | অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ | একক | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|--------------|--|--------|------------------------|------------|-------------------|-------------------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| | | | | | | (১০০%) |
| ০৯। | শিক্ষক ও কর্মকর্তা ডরমিটরি নির্মান (৫ তলা) | বঃমিঃ | ৩৪৮.০০ | ১৩৫০ বঃমিঃ | ৩৪৮.০০ (১০০%) | ১৩৫০ বঃমিঃ (১০০%) |
| ১০। | ২য় বিজ্ঞান অনুষদ ভবন নির্মাণ (৫ তলা) | বঃমিঃ | ১১৫৮.০০ | ৫৩৭০ বঃমিঃ | ১১৫৮.০০ (১০০%) | ৫৩৭০ বঃমিঃ (১০০%) |
| ১১। | মীর মোশাররফ হোসেন একাডেমিক ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ | বঃমিঃ | ৩৪৫.০০ | ২৩২৪ বঃমিঃ | ৩৪৫.০০ (১০০%) | ২৩২৪ বঃমিঃ (১০০%) |
| ১২। | বিদ্যমান কেন্দ্রীয় মসজিদের আনুভূমিক ও উর্ধ্বমুখী সম্প্রসারণ | বঃমিঃ | ১১১.০০ | ৬০৮ বঃমিঃ | ১১১.০০ (১০০%) | ৬০৮ বঃমিঃ (১০০%) |
| ১৩। | ডিপ টিউবওয়েল | সংখ্যা | ৫৫.০০ | ১টি | ৫৫.০০ (১০০%) | ১টি (১০০%) |
| ১৪। | বৈদ্যুতিক সাব -স্টেশন এবং জেনারেটর ক্রয় | সংখ্যা | ১৩১.০০ | ১টি | ১৩১.০০ (১০০%) | ১টি (১০০%) |
| | সর্বমোট= | | ৩৫৩৬.০০ | ১০০% | ৩৫৩৬.০০ (১০০%) | ১০০% |

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ _ প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই মর্মে জানা গেছে।

৮। সাধারণ পর্যবেক্ষণঃ

৮.১। **পটভূমিঃ** ইসলামী বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কলেবর বহুলাংশে বৃদ্ধি পেয়ে ৫টি অনুষদের আওতায় বর্তমানে ২০টি বিভাগে ৯,৭০৭ জন ছাত্র-ছাত্রী অধ্যয়ন করছে। বর্তমানে বিশ্ববিদ্যালয়ে ৩১১ জন শিক্ষক, ২১১ জন কর্মকর্তা এবং ৫১৪ জন কর্মচারী কর্মরত রয়েছেন। বিশ্ববিদ্যালয়টিতে বর্তমানে ১টি মাত্র বিজ্ঞান অনুষদ ভবন আছে যা এ্যাপলাইড সাইন্স এন্ড টেকনোলজি অনুষদের অধীনে ৮টি বিভাগে শিক্ষার্থীদের জন্য পর্যাপ্ত নয়। তাছাড়া এ বিশ্ববিদ্যালয়ে ছাত্র, ছাত্রী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদেরও আবাসন সংকট রয়েছে। ইসলামী বিশ্ববিদ্যালয়ে উচ্চ শিক্ষা অর্জন সহজ করার লক্ষ্যে ভৌত ও অন্যান্য সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়নের জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে।

৮.২। প্রকল্পের উদ্দেশ্যঃ

- (ক) একাডেমিক সুবিধা সৃষ্টি করা;
- (খ) ছাত্র, ছাত্রী, শিক্ষক ও কর্মকর্তাদের আবাসন সংকট লাঘব করা;
- (গ) ধর্মীয় সুবিধা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান কেন্দ্রীয় মসজিদের সম্প্রসারণ;
- (ঘ) অধিকতর সুবিধা বৃদ্ধির জন্য মেডিক্যাল সেন্টারের সম্প্রসারণ এবং
- (ঙ) অন্যান্য প্রয়োজনীয় চাহিদার বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা।

৮.৩। **অনুমোদন পর্যায়ঃ** অনুমোদিত ডিপিপি অনুযায়ী ৩২১৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি জানুয়ারী, ২০১১ হতে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৮-১২-২০১০ তারিখে একনেক বৈঠকে অনুমোদিত হয়েছে। পরবর্তীতে প্রকল্পটি মোট ৩৫৩৬.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি সংশোধন করা হয়েছে এবং এর মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ বছর অর্থাৎ জুন, ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। প্রকল্প মেয়াদে (জুন, ২০১৫) মোট ৩৫৩৬.০০ লক্ষ টাকা

শিক্ষা মন্ত্রণালয় হতে অবমুক্ত হয় যার সম্পূর্ণটাই ব্যয় করা হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং প্রকল্পের বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৮.৪। **প্রকল্পের মূল কার্যক্রমঃ** প্রকল্পের মূল কার্যক্রমসমূহ নিম্নরূপঃ

- (১) চার তলা বিশিষ্ট ২য় বিজ্ঞান অনুশদ ভবন নির্মাণ,
- (২) ব্যবসা অনুশদ ভবনের সম্প্রসারণ (৫ম ও ৬ ঠ তলা),
- (৩) বিদ্যমান একাডেমিক ভবনের সম্প্রসারণ (৩য় ও ৪র্থ তলা),
- (৪) ২৫০ আসনের ছাত্র হল নির্মাণ
- (৫) ২৫০ আসনের ছাত্রী হল নির্মাণ,
- (৬) বিদ্যমান কেন্দ্রীয় মসজিদের আনুভূমিক ও উর্ধ্বমুখী সম্প্রসারণ,
- (৭) বিদ্যমান মেডিক্যাল সেন্টারের উর্ধ্বমুখী সম্প্রসারণ,
- (৮) ৫ তলা শিক্ষক ও কর্মকর্তা ডরমিটরি ভবন নির্মাণ,
- (৯) গভীর নলকূপ স্থাপন,
- (১০) আসবাবপত্র,
- (১১) যন্ত্রপাতি,
- (১২) যানবাহন ইত্যাদি।

৮.৫। **প্রকল্প ব্যবস্থাপনাঃ** প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম ও পদবি | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | মন্তব্য |
|---------|---|----------------|--------------------|------------|
| ১। | অধ্যাপক ড: এম শাহিনুর রহমান প্রো-ভিসি, ইসলামি বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া | ২৭-০২-২০১৩ | ৩০ জুন ২০১৫ | পূর্ণকালীন |

৮.৬। **প্রকল্প পরিদর্শনঃ** প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক ০৫-১১-২০১৬ তারিখ সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সহিত আলোচনা করা হয়েছে। সরেজমিনে পরিদর্শন ও প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে।

৮.৭। **মূল্যায়ন পদ্ধতি (Methodology) :** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

- (ক) ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
- (খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
- (গ) PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- (ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং
- (ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৯। প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতিঃ

৯.১। **আর্থিক অগ্রগতিঃ** প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ছিল ৩৫৩৬.০০ লক্ষ টাকা। শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৩৫৩৬.০০ লক্ষ টাকা (১০০%)। প্রকল্পটির অনুকূলে ২০১০-২০১১ হতে ২০১৪-২০১৫ পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

| আর্থিক বৎসর | সংশোধিত অনুমোদিত ডিপিপি'র সংস্থান | সংশোধিত এডিপি বরাদ্দ | অবমুক্তি | ব্যয় |
|-------------|-----------------------------------|----------------------|----------|---------|
| | মোট | | | মোট |
| ২০১০-২০১১ | ৯০.০০ | ৯০.০০ | ৯০.০০ | ৯০.০০ |
| ২০১১-২০১২ | ৭০০.০০ | ৭০০.০০ | ৭০০.০০ | ৭০০.০০ |
| ২০১২-২০১৩ | ৫৫০.০০ | ৫৫০.০০ | ৫৫০.০০ | ৫৫০.০০ |
| ২০১৩-২০১৪ | ৯০০.০০ | ৯০০.০০ | ৯০০.০০ | ৯০০.০০ |
| ২০১৪-২০১৫ | ১২৯৬.০০ | ১২৯৬.০০ | ১২৯৬.০০ | ১২৯৬.০০ |
| মোট | ৩৫৩৬.০০ | ৩৫৩৬.০০ | ৩৫৩৬.০০ | ৩৫৩৬.০০ |

১০। **অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতির বিশ্লেষণঃ** প্রকল্পটির অগ্রগতি সম্পর্কিত সর্বশেষ প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী এর আর্থিক অগ্রগতি ৩৫৩৬.০০ লক্ষ টাকা (১০০%) এবং বাস্তব অগ্রগতিও ১০০% সম্পন্ন হয়েছে। প্রকল্পটির অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলঃ

১০.১ যানবাহনঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী মাইক্রোবাস খাতে ৩০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে এবং বাস্তবে ০১টি মাইক্রোবাসের বিপরীতে ০১টি মাইক্রোবাস ক্রয় করা হয়েছে।

১০.২ ল্যাব ও বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ল্যাব ও বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় খাতে ৯০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৯০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং বাস্তবে ৯৫০ টি ল্যাব ও বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় এর স্থলে ৯৫০টিই ল্যাব ও বৈজ্ঞানিক যন্ত্রপাতিই ক্রয় করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

১০.৩ অফিস যন্ত্রপাতি ক্রয়ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী অফিস যন্ত্রপাতি ক্রয় খাতে ১৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৫.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে এবং বাস্তবে ৮৫টি অফিস যন্ত্রপাতি ক্রয় বিপরীতে ৮৫টি অফিস যন্ত্রপাতিই ক্রয় করা হয়েছে।

১০.৪ আসবাবপত্র ক্রয়ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী আসবাবপত্র ক্রয় বাবদ ১১৯.৩২ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১১৯.৩২ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে এবং বাস্তবে ৩২৮৬টি আসবাবপত্র ক্রয় এর বিপরীতে ৩২৮৬টি আসবাবপত্রই ক্রয় করা হয়েছে।

১০.৫ তৈজসপত্র ও ক্রোকোরিজঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী তৈজসপত্র ও ক্রোকোরিজ ক্রয় বাবদ ৫.৬৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৫.৬৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

১০.৬ ২৫০ আসনের ছাত্রী হল নির্মাণঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ২৫০ আসনের ছাত্রী হল নির্মাণ খাতে ১১১৪.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১১১৪.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তবে ৪৭৭৫ বর্গমিটারের স্থলে ৪৭৭৫ বর্গমিটারই নির্মাণ করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।



চিত্র: নির্মিত ছাত্রী হল :

১০.৭ শিক্ষক ও কর্মকর্তা ডরমিটরি নির্মাণ (৫ তলা): ডিপিপি'র সংস্থান অনুযায়ী শিক্ষক ও কর্মকর্তা ডরমিটরি নির্মাণ খাতে ৩৪৮.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩৪৮.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তবে ১৩৫০ বঃমিটারের স্থলে ১৩৫০ বর্গ মিটারই নির্মাণ করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক মনে হয়েছে।



চিত্র: নির্মিত শিক্ষক ও কর্মকর্তা ডরমিটরি:

১০.৮ ২য় বিজ্ঞান অনুষদ ভবন নির্মাণ (৫ তলা) : ডিপিপি'র সংস্থান অনুযায়ী ২য় বিজ্ঞান অনুষদ ভবন নির্মাণ খাতে ১১৫৮.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১১৫৮.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তবে ৫৩৭০ বঃমিটারের স্থলে ৫৩৭০ বঃমিটারই নির্মাণ করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।



চিত্র: নির্মিত ২য় বিজ্ঞান অনুষদ ভবন:

- ১০.৯ মীর মোশাররফ হোসেন একাডেমিক ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী এ খাতে ৩৪৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩৪৫.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং বাস্তবে ২৩২৪ বঃমিটারের স্থলে ২৩২৪ বর্গ মিটারই নির্মাণ করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক মনে হয়েছে।
- ১০.১০ বিদ্যমান কেন্দ্রীয় মসজিদের আনুভূমিক ও উর্ধ্বমুখী সম্প্রসারণঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী এ খাতে ১১১.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১১১.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং বাস্তবে ৬০৮ বঃ মিটারের স্থলে ৬০৮ বঃ মিটার রাস্তাই নির্মাণ করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক মনে হয়েছে।



চিত্র: কেন্দ্রীয় মসজিদের আনুভূমিক ও উর্ধ্বমুখী সম্প্রসারণ:

- ১০.১১ বৈদ্যুতিক সাব-স্টেশন এবং জেনারেটর ক্রয়ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী এ খাতে ১৩১.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৩১.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং বাস্তবে ১টি সাব-স্টেশন এর স্থলে ১টি সাব-স্টেশন নির্মাণ করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

১১। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

| পরিকল্পিত | অর্জন |
|--|--|
| (ক) একাডেমিক সুবিধা সৃষ্টি করা; | (ক) একাডেমিক সুবিধা সৃষ্টি করা হয়েছে। |
| (খ) ছাত্র, ছাত্রী, শিক্ষক ও কর্মকর্তাদের আবাসন সংকট লাঘব করা; | (খ) ছাত্র, ছাত্রী, শিক্ষক ও কর্মকর্তাদের আবাসন সংকট লাঘব করা হয়েছে। |
| (গ) ধর্মীয় সুবিধা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান কেন্দ্রীয় মসজিদের সম্প্রসারণ; | (গ) ধর্মীয় সুবিধা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান কেন্দ্রীয় মসজিদের সম্প্রসারণ করা হয়েছে। |
| (ঘ) অধিকতর সুবিধা বৃদ্ধির জন্য মেডিক্যাল সেন্টারের সম্প্রসারণ এবং | (ঘ) অধিকতর সুবিধা বৃদ্ধির জন্য মেডিক্যাল সেন্টারের সম্প্রসারণ করা হয়েছে। |
| (ঙ) অন্যান্য প্রয়োজনীয় চাহিদার বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা। | (ঙ) অন্যান্য প্রয়োজনীয় চাহিদার বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে মর্মে পিসিআরে উল্লেখ করা হয়েছে। |

১২। উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণঃ প্রযোজ্য নয়।

১৩। প্রকল্পের প্রভাবঃ আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের ফলে (ক) একাডেমিক সুবিধা বৃদ্ধি করায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের শিক্ষা সহায়ক পরিবেশের উন্নয়ন হয়েছে; (খ) ছাত্র, ছাত্রী, শিক্ষক ও কর্মকর্তাদের আবাসন সংকট লাঘব হয়েছে; (গ) মেডিক্যাল সেন্টার সম্প্রসারণের মাধ্যমে অধিকতর চিকিৎসা সুবিধা বৃদ্ধি পেয়েছে; ঘ) বিদ্যমান কেন্দ্রীয় মসজিদ সম্প্রসারণের মাধ্যমে ধর্মীয় সুবিধা বৃদ্ধি পেয়েছে যা শিক্ষা সহায়ক পরিবেশ উন্নয়নে অবদান রাখবে মর্মে আশা করা যায়।

১৪। সমস্যাঃ

- ১৪.১ ডিপিপি'র সংস্থান অনুযায়ী সময়মত পর্যাপ্ত বরাদ্দ পাওয়া যায়নি ফলস্বরূপ প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধি করতে হয়েছে;
- ১৪.২ প্রকল্পের আওতায় সার্বিক নির্মাণ কাজের মান সন্তোষজনক বলে মনে হলেও স্থাপনাগুলোর রক্ষণাবেক্ষণ যথেষ্ট পরিমাণে করা হয়না মর্মে পরিলক্ষিত হয়েছে। বিশেষ করে বৈদ্যুতিক সাব-স্টেশন ও মীর মোশাররফ হোসেন একাডেমিক ভবনটি রক্ষণাবেক্ষণে অযত্নের ছাপ পরিলক্ষিত হয়েছে যার ফলে ইতোমধ্যেই ভবনটি কিছুটা জীর্ণ দশাপ্রাপ্ত হয়েছে;
- ১৪.৩ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে। তাই বর্তমান অবকাঠামোতে অতিরিক্ত সংখ্যক শিক্ষার্থীদের আবাসিক সংকট পরিলক্ষিত হয়েছে।
- ১৪.৪ প্রকল্পের External অডিট এখনও সম্পন্ন হয়েছে মর্মে পিসিআর পরীক্ষান্তে দেখা যায়। তবে প্রকল্পের অডিট প্রতিবেদন আইএমইডিতে পাওয়া যায়নি;
- ১৪.৫ প্রকল্পটি সমাপ্ত হয় জুন, ২০১৫ সালে। প্রকল্প সমাপ্তির পর আইএমইডিতে ০৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের কথা থাকলেও আইএমইডিতে পিসিআর পাওয়া যায় প্রায় ০৮ মাস পরে (ফেব্রুয়ারী, ২০১৬-এ), যা কাম্য নয়;

১৫। সুপারিশঃ

- ১৫.১ প্রকল্পের অনুকূলে ডিপিপি'র সংস্থান অনুযায়ী সময়মত পর্যাপ্ত বরাদ্দ প্রদান ও অর্থ ছাড়ের বিষয়ে ভবিষ্যতে মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;
- ১৫.২ প্রকল্পের আওতায় নির্মিত স্থাপনাসমূহের রক্ষণাবেক্ষণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ;
- ১৫.৩ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে। তাই বর্তমান অবকাঠামোতে অতিরিক্ত সংখ্যক শিক্ষার্থীদের তীব্র আবাসিক সংকট মোকাবেলায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারে ;
- ১৫.৪ সমাপ্ত প্রকল্পটির অডিট প্রতিবেদন আইএমইডিতে দ্রুত প্রেরণ করতে হবে;
- ১৫.৫ ভবিষ্যতে কোন প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) আইএমইডিতে আবশ্যিকভাবে প্রেরণ করার ব্যাপারে মন্ত্রণালয়কে কার্যকরী ভূমিকা পালন করতে হবে;
- ১৫.৬ প্রতিষ্ঠানটি আন্তর্জাতিক মানসম্পন্ন করার লক্ষ্যে বিদেশী বিশ্ববিদ্যালয়ের সাথে শিক্ষা ও গবেষণা সহযোগিতার সম্পর্ক স্থাপন করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করে শিক্ষার মান সময়ানুযোগি ও আধুনিক করতে ব্যবস্থা নিতে হবে;
- ১৫.৭ অনুচ্ছেদ ১ ৫.১ হতে ১ ৫.৪ এর সুপারিশসমূহ অনুসরণে এবং যথার্থ বাস্তবায়নে মন্ত্রণালয়/সংস্থা অধিকতর আন্তরিক হবে।

উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্রীদের উপবৃত্তি প্রদান প্রকল্প (৪র্থ পর্যায়) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৪)

- ১। প্রকল্পের নাম : উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্রীদের উপবৃত্তি প্রদান প্রকল্প (৪র্থ পর্যায়)
- ২। প্রকল্পের অবস্থান : সমগ্র বাংলাদেশ
- ৩। বাস্তবায়নকারী সংস্থা : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৪। প্রশাসনিক মন্ত্রণালয় : শিক্ষা মন্ত্রণালয়।
- ৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|------------------|-----------------|--------------|---------------------------|--------------------------------|--------------------------------|---------------------------------------|--|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২০০৫৪.০০ | ৫৮৮৭৫.৩৯ | ৫১৯৯৫.৩৫ | জুলাই, ২০০৮ হতে জুন, ২০১১ | জুলাই, ২০০৮ হতে ডিসেম্বর, ২০১৪ | জুলাই, ২০০৮ হতে ডিসেম্বর, ২০১৪ | ৩১৯৪১.৩৫ (১৫৯.২৮%) | ৩ বছর ৬ মাস (১১৭%) |

* প্রকল্পটি জাপানী ঋণ মওকুফ তহবিল (জেডিসিএফ) এর আওতায় বাস্তবায়ন করা হয়েছে।

৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে)

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ | একক | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|-----------|--------------------------------------|--------|------------------------|---------------------------------------|-------------------|------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১। | জনবল | সংখ্যা | ৩১২.৪১ | ১৫ | ২৭৪.২৭ (৮৮%) | ১৫ (১০০%) |
| ০২। | ব্যাংকের সার্ভিস চার্জ | -- | ১৩৯২.৭৪ | থোক | ১২১৪.৬০ (৮৭.২০%) | ৮৭.২০% |
| ০৩। | ডাটা এন্ট্রি ও প্রক্রিয়াকরণ | -- | ৮৫.০০ | থোক | ৭৮.২১ (৯২%) | ৯২% |
| ০৪। | প্রিন্টিং অব ভ্যারাইটিজ ফর্মস | -- | ১২.০০ | থোক | ৮.২৬ (৬৯%) | ৭০% |
| ০৫। | ওয়ার্কসপ ও ওরিয়েন্টেশন প্রোগ্রাম | -- | ১০৭.৩৩ | ১২২ ওয়ার্কসপ ও ১১৪০০ জন অংশগ্রহনকারী | ১০৪.৭২ (৯৮%) | ৯৮% |
| ০৬। | প্রজেক্ট অপারেশন কন্সট (পিআইইউ) | -- | ১০৭.৪৮ | থোক | ৮৯.০৩ (৮৩%) | ৮৩% |
| ০৭। | প্রজেক্ট অপারেশন কন্সট (উপজেলা অফিস) | -- | ১৪৩.৫০ | ৪৮৩ | ১৪১.৫০ (৯৯%) | ৪৮৩ (১০০%) |
| ০৮। | প্রজেক্ট অপারেশন কন্সট (মেট্রো অফিস) | -- | ১৬.৬০ | ০৪ | ১০.৯০ (৬৬%) | ০৪ (১০০%) |
| ০৯। | কন্টিনজেন্সি স্টাফ | -- | ৩৩.৭৫ | ০৭ | ২৯.৮৬ (৮৮.৪৭%) | ০৭ (১০০%) |

| ক্রমিক নং | অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ | একক | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|--------------|---|--------|------------------------|------------|----------------------|------------------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| ১০। | ইমপ্যাক্ট স্টাডি | -- | ৬.০০ | ০১ | ৫.৪৮ (৯১.৩৩%) | ০১(১০০ %) |
| ১১। | যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ | সংখ্যা | ৮.৭০ | ০২ | ৮.৪৩(৯৭%) | ০২(১০০ %) |
| ১২। | গ্রান্ড ইন এইড (স্টাইপেন্ড, টিউশন ও অন্যান্য ভাতা) | -- | ৫৬৬৩৫.৮০ | ১৯.৩৮ লক্ষ | ৫০০১৭.০০ (৮৮.৩২%) | ১৭.৪৩ লক্ষ (৯০%) |
| | | | | ১.৬৯ লক্ষ | | ২.১১ লক্ষ (১২৪%) |
| ১৩। | অফিস সরঞ্জাম (পিআইইউ, মেট্রো, উপজেলা অফিস) | -- | ১০.৫৮ | ১১ | ১০.৪৭ (৯৯%) | ১১(১০০%) |
| ১৪। | আসবাবপত্র (পিআইইউ ও এমএলও অফিস) | সংখ্যা | ৩.৫০ | ৭৮ | ২.৬২ (৭৫%) | ৬৭(৮৬%) |
| | মোট= | -- | ৫৮৮৭৫.৩৯ | -- | ৫১৯৯৫.৩৫ (৮৮.৩২%) | ১০০% |

আলোচ্য প্রকল্পটি সর্বশেষ মোট ৫৮৮৭৫.৩৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৮ হতে ডিসেম্বর, ২০১৪ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। প্রকল্প মেয়াদে ৫২১০৮.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং মোট ৫১৯৯৫.৩৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৮৮.৩২% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই।

৮। **সাধারণ পর্যবেক্ষণঃ**

৮.১। **পটভূমিঃ** আলোচ্য প্রকল্পটি নারী শিক্ষা বিস্তারকল্পে জাতীয় ভিত্তিতে মাধ্যমিক পর্যায়ে গৃহীত ছাত্রী উপবৃত্তি প্রদান এবং বেতন মওকুফ কর্মসূচি উচ্চ মাধ্যমিক পর্যায় পর্যন্ত সম্প্রসারণের লক্ষ্যে পরীক্ষামূলকভাবে জানুয়ারি, ২০০২- হতে জুন, ২০০২ পর্যন্ত ৬ মাস মেয়াদে একটি প্রকল্প বাস্তবায়ন করা হয়। প্রকল্পটির সফল বাস্তবায়নের প্রেক্ষাপটে ১১৭৯৭.৩৬ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০০২ থেকে জুন, ২০০৫ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্রীদের উপবৃত্তি প্রদান (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প এবং ১৮৪৮৫.৯৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৫ থেকে জুন, ২০০৮ বাস্তবায়ন মেয়াদে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্রীদের উপবৃত্তি প্রদান (৩য় পর্যায়) প্রকল্পটি বাস্তবায়িত হয়। এ প্রকল্পের ফলোআপ হিসেবে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক আলোচ্য প্রকল্পের ৪র্থ পর্যায় বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়েছে।

৮.২। **প্রকল্পের উদ্দেশ্যঃ**

- এসএসসি পাশ ছাত্রীদেরকে উপবৃত্তিসহ বই-পুস্তক ক্রয় এবং পরীক্ষার ফি প্রদানের মাধ্যমে ২০০৮-২০১১ সালের মধ্যে উচ্চ মাধ্যমিক পর্যায়ের ছাত্রীদের ভর্তি সংখ্যা ৪৩ হতে ৫০ শতাংশে উন্নীত করা;
- উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শিক্ষায় উৎসাহ সৃষ্টি করার লক্ষ্যে বর্ধিত হারে উপবৃত্তি ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদান করা;
- জনসংখ্যা বৃদ্ধির হার-হ্রাস করার লক্ষ্যে ছাত্রীদেরকে উচ্চ মাধ্যমিক পরীক্ষা পর্যন্ত অবিবাহিত রাখা;
- উচ্চ মাধ্যমিক পর্যায়ের ছাত্রীদের ড্রপ-আউটের হার হ্রাস করাই প্রকল্পের মূল উদ্দেশ্য; এবং
- শিক্ষক অভিভাবক এবং স্থানীয় সুধিজনদের নারী শিক্ষা সম্পর্কে ইতিবাচক ধারণা প্রদান করে নারীর ক্ষমতায়নের মাধ্যমে আর্থ-সামাজিক কর্মকাণ্ডে গতি বৃদ্ধি করা।

৮.৩। **অনুমোদন পর্যায়ঃ** আলোচ্য প্রকল্পটি জেডিসিএফ-এর আওতায় মোট ২০০৫৪.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে

জুলাই, ২০০৮ হতে জুন, ২০১১ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২২-১২-২০০৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়।

পরবর্তীতে মোট ২০৪৪৮.৭৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৮ হতে জুন, ২০০১১ মেয়াদে ১ম সংশোধন এবং মোট ৫৮৮৭৫.৩৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৮ হতে জুন, ২০১৪ মেয়াদে প্রকল্পের ২য় সংশোধন অনুমোদিত হয়। অতঃপর ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ৬ মাস বর্ধিত করে জুলাই, ২০০৮ হতে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত নির্ধারণ করা হয়।

৮.৪। প্রকল্পের মূল কার্যক্রমঃ

ক) ছাত্রীদেরকে উপবৃত্তি প্রদান; খ) ছাত্রীদের বই ক্রয়; গ) টিউশন ফি প্রদান; ঘ) পরীক্ষার ফি প্রদান; ঙ) ৩য় পর্যায়ের (দ্বাদশ শ্রেণীর) ছাত্রীদের উপবৃত্তি ও অন্যান্য সুবিধাদি প্রদান; এবং চ) ওরিয়েন্টেশন প্রোগ্রাম, প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন।

৮.৫। প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্পের সুষ্ঠু বা সুবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্ন-বর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | মন্তব্য |
|---------|---------------------------------|----------------|--------------------|------------|
| ১। | মোঃ আবুয়াল হোসেন যুগ্ম-সচিব | ১৭-০২-২০০৯ | ৩১-১২-২০১৪ | পূর্ণকালীন |

৮.৬। প্রকল্প পরিদর্শনঃ আইএমইডি হতে প্রকল্পের কার্যক্রম (বাস্তব অগ্রগতি) যথাক্রমে গত ২৯/০৫/২০১৫ ও ৩০/০৫/২০১৫ তারিখে নারায়ণগঞ্জ ও ময়মনসিংহ জেলার কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। ময়মনসিংহ জেলার কার্যক্রম আইএমইডির শিক্ষা ও সামাজিক সেক্টরের মহাপরিচালক কর্তৃক পরিদর্শন করা হয়। মহাপরিচালক মহোদয়ের সাথে শিক্ষা সংশ্লিষ্ট উপ-পরিচালকও ছিলেন। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সরেজমিনে প্রকল্পের নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার ও সোনারগাঁও উপজেলার ছাত্রী বৃত্তি সুবিধাভোগী ৩টি কলেজ ও ময়মনসিংহ জেলার ত্রিশালে এর ৩টি কলেজের কার্যক্রম পরিদর্শন করা হয়েছে যার বিস্তারিত বিবরণ নিম্নে তুলে ধরা হল:

নারায়ণগঞ্জ জেলার কার্যক্রম:

- ১) রোকন উদ্দিন মোল্লা ডিগ্রী কলেজ, আড়াইহাজার উপজেলা, নারায়ণগঞ্জ : এ কলেজে ২০১১-১২ শিক্ষা বর্ষে মোট ছাত্রী সংখ্যা ১১১ জন। উপবৃত্তিধারী মোট ছাত্রী সংখ্যা ৪৫ জন, উপবৃত্তি গ্রহণকারী ছাত্রী সংখ্যা ৪১ জন, উপবৃত্তি গ্রহণ করেনি এরূপ ছাত্রী সংখ্যা ০৪ জন। ২০১২-১৩ শিক্ষা বর্ষে মোট ছাত্রী সংখ্যা ১২৬ জন, উপবৃত্তিধারী ছাত্রী সংখ্যা ৩৯ জন, উপবৃত্তি গ্রহণকারী ছাত্রী সংখ্যা ৩৮ জন, উপবৃত্তি গ্রহণ করেনি এরূপ ছাত্রী সংখ্যা ০১ জন। ২০১৩-১৪ শিক্ষা বর্ষে মোট ছাত্রী সংখ্যা ২২২ জন, উপবৃত্তিধারী ছাত্রী সংখ্যা ৮৯ জন, উপবৃত্তি গ্রহণকারী ছাত্রী সংখ্যা ৮৫ জন, উপবৃত্তি গ্রহণ করেনি এরূপ ছাত্রী সংখ্যা ০৪ জন। গ্রহণ না করার উল্লেখযোগ্য কারণ হলো নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ না হওয়া এবং প্রতিষ্ঠান ত্যাগ।
- ২) সরকারি সফর আলী কলেজ, আড়াই হাজার উপজেলা, নারায়ণগঞ্জ : এ কলেজে ২০১১-১২ শিক্ষা বর্ষে মোট ছাত্রী সংখ্যা ২৬৯ জন। উপবৃত্তিধারী মোট ছাত্রী সংখ্যা ১০৮ জন, উপবৃত্তি গ্রহণকারী ছাত্রী সংখ্যা ১০৮ জন। ২০১২-১৩ শিক্ষা বর্ষে মোট ছাত্রী সংখ্যা ৪৭৭ জন, উপবৃত্তিধারী ছাত্রী সংখ্যা ১৯১ জন, উপবৃত্তি গ্রহণকারী ছাত্রী সংখ্যা ১৯১ জন। ২০১৩-১৪ শিক্ষা বর্ষে মোট ছাত্রী সংখ্যা ৪৬৮ জন, উপবৃত্তিধারী ছাত্রী সংখ্যা ১৮৭ জন।
- ৩) সোনারগাঁ জিআর ইন্সটিটিউট : এ কলেজে ২০১২-১৩ শিক্ষা বর্ষে মোট ছাত্রী সংখ্যা ৮১ জন, উপবৃত্তি গ্রহণকারী ছাত্রী সংখ্যা ৩১ জন। ২০১৩-১৪ শিক্ষা বর্ষে মোট শিক্ষার্থী সংখ্যা ৩৮৫ জন। উপবৃত্তিধারী ছাত্রী সংখ্যা ১৬২ জন, উপবৃত্তি গ্রহণযোগ্য ছাত্রী সংখ্যা ৬৫ জন। কিন্তু উপবৃত্তি গ্রহণ করেছে ২৭ জন। যা প্রাপ্যতার তুলনায় ৩৮ জন কম (৫৮%)।

ময়মনসিংহ জেলার কার্যক্রম:

- ৪) নজরুল কলেজ, ত্রিশাল, ময়মনসিংহ : এ কলেজে ২০১২-১৩ শিক্ষা বর্ষে মোট ছাত্রী সংখ্যা ১৯০২ জন, উপবৃত্তিধারী ছাত্রী সংখ্যা ৬১ জন, ২০১৩-১৪ শিক্ষা বর্ষে মোট ছাত্রী সংখ্যা ১১২ জন, উপবৃত্তিধারী ছাত্রী সংখ্যা ৪৫ জন।
- ৫) ত্রিশাল আকাছিয়া ফাযিল (ডিগ্রি) মাদ্রাসা, ময়মনসিংহ : এ প্রতিষ্ঠানটি ১৯৩৫ সালে স্থাপিত হয়। প্রতিষ্ঠানটির মোট ছাত্র-ছাত্রী সংখ্যা ১২৩ জন যার মধ্যে ছাত্র সংখ্যা ৬৫ এবং ছাত্রী সংখ্যা ৫৮ জন এবং শিক্ষক সংখ্যা ২৯ জন। ২০১২-১৩ শিক্ষা বর্ষে ১২ জন এবং ২০১৩-১৪ শিক্ষা বর্ষে মোট ১০ জন ছাত্রী বৃত্তিপ্রাপ্ত হয়।
- ৬) ত্রিশাল মহিলা ডিগ্রি কলেজ, ময়মনসিংহ : এ প্রতিষ্ঠানটি ১৯৯০ সালে স্থাপিত হয়। প্রতিষ্ঠানটির মোট ছাত্র-ছাত্রী সংখ্যা ২০০৩ জন এবং শিক্ষক সংখ্যা ২৭ জন। ২০১২-১৩ শিক্ষা বর্ষে ১৬০ জন এবং ২০১৩-১৪ শিক্ষা বর্ষে মোট ১৬৭ জন ছাত্রী বৃত্তিপ্রাপ্ত হয়।

৮.৭। **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology)

অনুসরণ করা হয়েছেঃ

- (ক) ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
- (খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
- (গ) PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- (ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং
- (ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে আলোচনা।

৯। **প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতিঃ**

- ৯.১। **আর্থিক অগ্রগতিঃ** প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৫৮৮৭৫.৩৯ লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০ ০৮-০৯ হতে ২০১৪-১৫ পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

| আর্থিক বৎসর | সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা | | | | ব্যয় ও বাস্তব অগ্রগতি | | | |
|-------------|-------------------------------|-----------------|-----------|-------------|------------------------|-----------------|-----------|---------------|
| | মোট | টাকা (জিওবি) | প্রঃ সাঃ | বাস্তব (%) | মোট | টাকা | প্রঃসাঃ | বাস্তব (%) |
| ২০০৮-০৯ | ৩৪১৩.৩১ | ৩৪১৩.৩১ | -- | ৫.৮০% | ৩৪১৩.৩১ | ৩৪১৩.৩১ | -- | ৯৮.৯৪% |
| ২০০৯-১০ | ৯৬৭০.১৯ | ৯৬৭০.১৯ | -- | ১৬.৪২% | ৯৬৭০.১৯ | ৯৬৭০.১৯ | -- | ৯৯.৮৫% |
| ২০১০-১১ | ৮৪৭৯.১৫ | ৮৪৭৯.১৫ | -- | ১৪.৪০% | ৭৮৭৩.০০ | ৭৮৫৯.২৩ | -- | ৯৯.৮২% |
| ২০১১-১২ | ১০৭৬১.৮১ | ১০৭৬১.৮১ | -- | ১৮.২৮% | ৯৪৫২.৯৩ | ৯৪৫২.৯৩ | -- | ৯৯.৮২% |
| ২০১২-১৩ | ১২৩৫৪.২২ | ১২৩৫৪.২২ | -- | ২০.৯৮% | ১০৬৭২.৭৩ | ১০৬৭২.৭৩ | -- | ৯৯.৯৩% |
| ২০১৩-২০১৪ | ১৪১৯৬.৭১ | ১৪১৯৬.৭১ | -- | ২৪.১২% | ১০৮৮৪.২২ | ১০৮৮৪.২২ | -- | ৯৯.৮৬% |
| ২০১৪-২০১৫ | -- | -- | -- | -- | ৪২.৭৪ | ৪২.৭৪ | -- | ৩৫% |
| মোট | ৫৮৮৭৫.৩৯ | ৫৮৮৭৫.৩৯ | -- | ১০০% | ৫১৯৯৫.৩৫ | ৫১৯৯৫.৩৫ | -- | ৯৯.৮০% |

- ৯.২। **অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতির বিশ্লেষণঃ** প্রকল্পটির অগ্রগতি সম্পর্কিত প্রাপ্ত সর্বশেষ প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন, ২০০৮ হতে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত অবমুক্তকৃত অর্থের পরিমাণ ৫২১০৮.০০ লক্ষ টাকা এবং ব্যয়িত অর্থের পরিমাণ মোট ৫১৯৯৫.৩৫ লক্ষ টাকা যা অবমুক্তকৃত অর্থের ৯৯.৮০%। অবশিষ্ট ১১২.৬৫ লক্ষ টাকা সরকারী কোষাগারে জমা দেয়া হয়েছে মর্মে প্রকল্প কর্তৃপক্ষ হতে জানা যায়। প্রকল্পটির অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলঃ

- ৯.২.১ জনবল : ডিপিপি'র সংস্থান অনুযায়ী ১৫ জন জনবল বাবদ ৩১২.৪১ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৫ জন জনবলের বেতন ভাতা বাবদ ২৭৪.২৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৮৮% এবং বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৯.২.২ ব্যাংকের সার্ভিস চার্জ: ডিপিপি'র সংস্থান অনুযায়ী ব্যাংকের সার্ভিস চার্জ বাবদ ১৩৯২.৭৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১২১৪.৬০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ৮৭% সম্পন্ন হয়েছে।
- ৯.২.৩ ডাটা এন্ট্রি ও প্রক্রিয়াকরণ: ডিপিপি'র সংস্থান অনুযায়ী ডাটা এন্ট্রি ও প্রক্রিয়াকরণ বাবদ ৮৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৭৮.২১ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ৯২% সম্পন্ন হয়েছে।
- ৯.২.৪ প্রিন্টিং অব ভ্যারাইটিজ ফর্মস: ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রিন্টিং অব ভ্যারাইটিজ ফর্মস বাবদ ১২.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৮.২৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ৭০% সম্পন্ন হয়েছে।
- ৯.২.৫ ওয়ার্কসপ ও ওরিয়েন্টেশন প্রোগ্রাম: ডিপিপি'র সংস্থান অনুযায়ী ওয়ার্কসপ ও ওরিয়েন্টেশন প্রোগ্রাম বাবদ ১০৭.৩৩ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১০৪.৭২ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৮% এবং বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৯.২.৬ প্রজেক্ট অপারেশন কন্স্ট (পিআইইউ): ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রজেক্ট অপারেশন কন্স্ট (পিআইইউ) বাবদ ১০৭.৪৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৮৯.০৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ৮৩% সম্পন্ন হয়েছে।
- ৯.২.৭ প্রজেক্ট অপারেশন কন্স্ট (উপজেলা অফিস): ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রজেক্ট অপারেশন কন্স্ট (উপজেলা অফিস) বাবদ ১৪৩.৫০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৪১.৫০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৯% ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৯.২.৮ প্রজেক্ট অপারেশন কন্স্ট (মেট্রো অফিস): ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রজেক্ট অপারেশন কন্স্ট (মেট্রো অফিস) বাবদ ১৬.৬০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১০.৯০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৬৬% এবং বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৯.২.৯ কন্টিনজেন্সি স্টাফ: ডিপিপি'র সংস্থান অনুযায়ী কন্টিনজেন্সি স্টাফ বাবদ ৩৩.৭৫ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৯.৮৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৮৮.৪৭% ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৯.২.১০ ইমপ্যাক্ট স্টাডি: ডিপিপি'র সংস্থান অনুযায়ী ইমপ্যাক্ট স্টাডি বাবদ ৬.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৫.৪৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯১.৩৩% ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৯.২.১১ যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ: ডিপিপি'র সংস্থান অনুযায়ী যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ বাবদ ৮.৭০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৮.৪৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৭% ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৯.২.১২ গ্রান্ড ইন এইড (স্টাইপেন্ড, টিউশন ও অন্যান্য ভাতা): ডিপিপি'র সংস্থান অনুযায়ী এ খাতে ৫৬৬৩৫.৮০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৫০০১৭.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৮৮.৩২% ও বাস্তব অগ্রগতি ৯০% সম্পন্ন হয়েছে।
- ৯.২.১৩ অফিস সরঞ্জাম (পিআইইউ, মেট্রো, উপজেলা অফিস): ডিপিপি'র সংস্থান অনুযায়ী অফিস সরঞ্জাম (পিআইইউ, মেট্রো, উপজেলা অফিস) বাবদ ১০.৫৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১০.৪৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৯% ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৯.২.১৪ আসবাবপত্র (পিআইইউ ও এমএলও অফিস): ডিপিপি'র সংস্থান অনুযায়ী এ খাতে ৩.৫০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২.৬২ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৭৫% ও বাস্তব অগ্রগতি ৮৬% সম্পন্ন হয়েছে।

১০। প্রকল্পের উদ্দেশ্য অর্জন :

| পরিকল্পিত | অর্জিত |
|--|--|
| ১। এসএসসি পাশ ছাত্রীদেরকে উপবৃত্তিসহ বই-পুস্তক ক্রয় এবং পরীক্ষার ফি প্রদানের মাধ্যমে ২০০৮-২০১১ সালের মধ্যে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্রীদের ভর্তি সংখ্যা ৪৩ হতে ৫০ শতাংশে উন্নীত করা; | ১। এসএসসি পাশ ছাত্রীদেরকে উপবৃত্তিসহ বই-পুস্তক ক্রয় এবং পরীক্ষার ফি প্রদানের মাধ্যমে ২০০৮-২০১১ সালের মধ্যে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্রীদের ভর্তি সংখ্যা ৪৩ হতে ৫০ শতাংশে উন্নীত করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; |
| ২। উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শিক্ষায় উৎসাহ সৃষ্টি করার লক্ষ্যে বর্ধিত হারে উপবৃত্তি ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদান করা; | ২। উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শিক্ষায় উৎসাহ সৃষ্টি করার লক্ষ্যে বর্ধিত হারে উপবৃত্তি ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদান করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; |
| ৩। জনসংখ্যা বৃদ্ধির হার-হ্রাস করার লক্ষ্যে ছাত্রীদেরকে উচ্চ মাধ্যমিক পরীক্ষা পর্যন্ত অবিবাহিত রাখা; এবং | ৩। জনসংখ্যা বৃদ্ধির হার-হ্রাস করার লক্ষ্যে ছাত্রীদেরকে উচ্চ মাধ্যমিক পরীক্ষা পর্যন্ত অবিবাহিত রাখা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; |
| ৪। উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্রীদের ড্রপ-আউটের হার হ্রাস করা। | ৪। উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্রীদের ড্রপ-আউটের হার হ্রাস পেয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; এবং |
| ৫। শিক্ষক অভিভাবক এবং স্থানীয় সুধিজনদের নারী শিক্ষা সম্পর্কে ইতিবাচক ধারণা প্রদান করে নারীর ক্ষমতায়নের মাধ্যমে আর্থ-সামাজিক কর্মকান্ডে গতি বৃদ্ধি করা। | ৫। শিক্ষক অভিভাবক এবং স্থানীয় সুধিজনদের নারী শিক্ষা সম্পর্কে ইতিবাচক ধারণা প্রদান করে নারীর ক্ষমতায়নের মাধ্যমে আর্থ-সামাজিক কর্মকান্ডে গতি বৃদ্ধি করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। |

১১। উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণ : প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে।

১২। প্রকল্পের প্রভাব : নারী শিক্ষা বিস্তারকল্পে জাতীয় ভিত্তিতে মাধ্যমিক পর্যায়ে গৃহীত ছাত্রী উপবৃত্তি প্রদান এবং বেতন মওকুফ কর্মসূচি উচ্চ মাধ্যমিক পর্যায় পর্যন্ত সম্প্রসারণের লক্ষ্যে প্রকল্প বাস্তবায়ন করা হয়। আলাোচ্য প্রকল্পটি বাস্তবায়নের ফলে এসএসসি পাশ ছাত্রীদেরকে উপবৃত্তিসহ বই-পুস্তক ক্রয় এবং পরীক্ষার ফি প্রদানের মাধ্যমে ২০০৮-২০১১ সালের মধ্যে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্রীদের ভর্তি সংখ্যা ৪৩ হতে ৫০ শতাংশে উন্নীত হয়েছে; উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শিক্ষায় উৎসাহ সৃষ্টি করার লক্ষ্যে বর্ধিত হারে উপবৃত্তি ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদান করার ফলে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্রীদের ড্রপ-আউটের হার হ্রাস পেয়েছে। প্রকল্পটি বাস্তবায়নে পরিবেশগত কোন প্রভাব পরিলক্ষিত হয়নি মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।

১৩। সমস্যাঃ

১৩.১ প্রকল্পটি বাস্তবায়নের ফলে শিক্ষার্থীর ড্রপ-আউটের হার কতটুকু হ্রাস পেয়েছে সে সম্পর্কিত কোন সমীক্ষা

পরিচালনা সংক্রান্ত তথ্য পিসিআরএ উল্লেখ নেই বা সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এ সম্পর্কে সুনির্দিষ্টভাবে জানাতে পারেননি;

১৩.২ প্রকল্পের External অডিট কার্যক্রম গত ০৩-০৭-২০১২ তারিখে সম্পন্ন হয়েছে এবং ৬টি findings পিসিআরএ উল্লেখ করা হয়েছে। তবে findings সমূহ নিষ্পত্তি করা হয়েছে কিনা তা পিসিআরএ উল্লেখ করা হয়নি;

১৩.৩ শিক্ষার্থীর সংখ্যা অত্যধিক হারে বেড়ে যাবার কারণে দেশের অতি দরিদ্র অঞ্চলের শিক্ষা প্রতিষ্ঠানে বৃত্তি প্রদানের জন্য শিক্ষার্থী বাছাই করা দুরূহ হয়ে পড়ে, সে ক্ষেত্রে উপবৃত্তি প্রদানের সংখ্যা অপরিমিত মনে হয়েছে;

১৩.৪ দেশের মফস্বল এলাকায় উপবৃত্তির হার শহরের তুলনায় কম মনে হয়েছে।

১৩.৫ প্রকল্পটি জুলাই ২০০৮ এ শুরু হয়ে ডিসেম্বর, ২০১৪ এ সমাপ্ত হয়েছে। ফলে Time Over run ও Cost over run হয়েছে যা কাম্য নয়।

১৩.৬ আলোচ্য প্রকল্পটি ডিসেম্বর, ২০১৪ এ সমাপ্ত হয়েছে। প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) আইএমইডিতে প্রেরণের কথা থাকলেও এ প্রকল্পের পিসিআর আইএমইডিতে পাওয়া যায় ২০/০৪/২০১৫ তারিখে।

১৪। সুপারিশঃ

১৪.১ প্রকল্পটি বাস্তবায়নের ফলে শিক্ষার্থীর ডপ-আউট-এর হার কতটুকু হ্রাস পেয়েছে সে সম্পর্কিত সমীক্ষা পরিচালনা করে তার তথ্য মন্ত্রণালয়/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে সংগ্রহ করতে পারে;

১৪.২ সমাপ্ত প্রকল্পটির এক্সটার্নাল অডিট এ চিহ্নিত ৬টি বিষয় নিষ্পত্তি সংক্রান্ত তথ্য আইএমইডিকে অবহিত করতে হবে;

১৪.৩ সরকারের শিক্ষা কার্যক্রম/ সুবিধা ক্রমবর্ধমান হারে বৃদ্ধির সাথে সাথে ছাত্র-ছাত্রীর সংখ্যাও ক্রমবর্ধমান হারে বৃদ্ধি পাচ্ছে। তাই এত বিপুল সংখ্যক শিক্ষার্থীর মধ্য হতে উপবৃত্তি প্রদানের জন্য শিক্ষার্থী বাছাই করা দুরূহ হয়ে পড়েছে। সে ক্ষেত্রে উপবৃত্তি প্রদানের সংখ্যা ভবিষ্যতে আরোও বৃদ্ধি করা যেতে পারে। এক্ষেত্রে দেশের কম সুবিধাপ্রাপ্ত মফস্বল এলাকায় উপবৃত্তির হার শহর এলাকার তুলনায় বৃদ্ধি করা যেতে পারে;

১৪.৪ উপবৃত্তি প্রদানের হিসাব প্রতিষ্ঠানভিত্তিক ডাটাবেইজ আকারে রেকর্ড হিসেবে সংরক্ষণ করতে হবে যাতে প্রয়োজনে ভবিষ্যতে এর প্রভাব মূল্যায়ন করা যায়;

১৪.৫ প্রকল্পটি জুলাই ২০০৮ এ শুরু হয়ে ডিসেম্বর, ২০১৪ এ সমাপ্ত হয়েছে। ফলে Time Over run ও Cost over run হয়েছে যা মন্ত্রণালয় ভবিষ্যতে নিয়ন্ত্রণ করবে;

১৪.৬ ভবিষ্যতে কোন প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) প্রনয়নপূর্বক তা আইএমইডিতে আবশ্যিকভাবে প্রেরণের বিষয়ে মন্ত্রণালয়কে কার্যকরী ভূমিকা পালন করতে হবে;

**“যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের সমাপ্তি
মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন, ২০১৫)

- ১। প্রকল্পের নাম : “যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প
- ২। প্রশাসনিক মন্ত্রণালয় : শিক্ষা মন্ত্রণালয়।
- ৩। বাস্তবায়নকারী সংস্থা : বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন / যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
- ৪। প্রকল্পের অবস্থান : যশোর সদর, যশোর।
- ৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

| প্রাকল্পিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|------------------|-----------------|--------------|-------------------------------------|-------------------------------------|-------------------------------------|---------------------------------------|--|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | | |
| ৩০১০.০০ | ৩৩০০.০০ | ৩২৩৬.৩৭ | জানুয়ারী, ২০১২ হতে জুন, ২০১৫ | জানুয়ারী, ২০১২ হতে জুন, ২০১৫ | জানুয়ারী, ২০১২ হতে জুন, ২০১৫ | ২২৬.৩৭ (৭.৫২%) | ১ বছর (৪০%) |

নোট: সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে।

৬। **পটভূমিঃ** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী গত ২৭/১২/২০১০খ্রিঃ তারিখে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এই উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষে আয়োজিত মত বিনিময় সভায় মাননীয় প্রধানমন্ত্রী একটি (৬ তলা) কেন্দ্রীয় লাইব্রেরী ভবন, শিক্ষক/কর্মকর্তাদের জন্য একটি (১০ তলা) আবাসিক টাওয়ার ভবন এবং ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের চিকিৎসার সুবিধার্থে একটি (৬ তলা) চিকিৎসা কেন্দ্র নির্মাণের প্রতিশ্রুতি প্রদান করেন। পরবর্তীতে প্রধানমন্ত্রীর দপ্তরের পত্র নং : ০৩. ০০১. ০০০. ০০. ০০. ০৬. ২০১১-৩৪, তারিখ: ১৯.০১.২০১১ ইং এর মাধ্যমে উক্ত প্রতিশ্রুতি বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। এতদপ্রে ক্ষিতে বিশ্ববিদ্যালয়ের জন্য কেন্দ্রীয় লাইব্রেরী, শিক্ষক কর্মকর্তাদের জন্য একটি আবাসিক টাওয়ার ভবন ও একটি মেডিকেল সেন্টার নির্মাণের জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৬.১ **প্রকল্পের উদ্দেশ্যঃ** (ক) ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের জন্য পাঠাগারের সুযোগ সৃষ্টি করা; (খ) শিক্ষক ও কর্মকর্তাদের আবাসন সংকট দূর করা; (গ) ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের জন্য স্বাস্থ্য সেবা নিশ্চিত করা।

৭। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):**
(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|-----------|--|-----|---|--------|-------------------|---------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৬) |
| ০১। | স্টেশনারী | থোক | ১৫.০০ | থোক | ১৫.০০ (১০০%) | থোক (১০০%) |

| ক্রমিক নং | সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|--------------|--|--------|---|------------|---------------------|----------------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| ০২। | কনসালটেন্সি | থোক | ২০.০০ | থোক | ১৬.০৭ (৮০.৩৫%) | থোক (১০০%) |
| ০৩। | কন্টিনজেন্সি | থোক | ১৫.০০ | থোক | ১৪.৯৮ (৯৯.৮৭%) | থোক (১০০%) |
| ০৪। | যানবাহন (এমবুলেন্স) | সংখ্যা | ৩২.০০ | ১টি | ৩১.৯৫ (৯৯.৮৪%) | ১টি (১০০%) |
| ০৫। | লাইব্রেরি ও মেডিকেল ইকুইপমেন্ট | সংখ্যা | ১৩৬.০০ | ১২০টি | ১৩৫.২২ (৯৯.৪৩%) | ১২০টি (১০০%) |
| ০৬। | লাইব্রেরি ও মেডিকেল সেন্টারের আসবাবপত্র | সংখ্যা | ১০১.০০ | ১০০০টি | ১০০.৭৪ (৯৯.৭৪%) | ১০০০টি (১০০%) |
| ০৭। | লিফট | সংখ্যা | ৭৬.০০ | ০২টি | ৭৫.৮০ (৯৯.৭৪%) | ০২টি (১০০%) |
| ০৮। | কেন্দ্রীয় লাইব্রেরি নির্মাণ (৬ তলা ভিতে ৩য় তলা পর্যন্ত) | বঃমিঃ | ৭৬০.০০ | ৩০০০ বঃমিঃ | ৭৫৯.৬১ (৯৯.৯৫%) | ৩০০০ বঃমিঃ (১০০%) |
| ০৯। | শিক্ষক/কর্মকর্তাদের আবাসিক টাওয়ার নির্মাণ (১০ তলা পর্যন্ত) ৭২টি ইউনিট | বঃমিঃ | ১৬৭৬.৬০ | ৭১০০ বঃমিঃ | ১৬৭৬.৫২ (১০০%) | ৭১০০ বঃমিঃ (১০০%) |
| ১০। | মেডিকেল সেন্টার নির্মাণ (৬ তলা ভিতে ২য় তলা পর্যন্ত) | বঃমিঃ | ৩৫২.০০ | ৮০০ বঃমিঃ | ৩৫০.৫৩ (৯৯.৫৮%) | ৮০০ বঃমিঃ (১০০%) |
| ১১। | সোলার পাওয়ার | সংখ্যা | ৬০.০০ | ৩টি | ৫৯.৯৫ (৯৯.৯২%) | ৩টি (১০০%) |
| ১২। | প্রাইস কন্টিনজেন্সি | থোক | ০.৪০ | থোক | ০.০০ | ০.০০ |
| ১৩। | ফিজিক্যাল কন্টিনজেন্সি | থোক | ৫৬.০০ | থোক | ০.০০ | ০.০০ |
| | সর্বমোট= | | ৩৩০০.০০ | ১০০% | ৩২৩৬.৩৭ (৯৮.০৭%) | ১০০% |

৮। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই মর্মে জানা গেছে।

৯ সাধারণ পর্যবেক্ষণঃ

৯.১ অনুমোদন পর্যায়ঃ অনুমোদিত ডিপিপি অনুযায়ী ৩০১০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি জানুয়ারী, ২০১২ হতে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২০/০৩/২০১২ তারিখে একনেক বৈঠকে অনুমোদিত হয়েছে। পরবর্তীতে কতিপয় অংগ যেমন- লাইব্রেরীর সরঞ্জাম, মেডিক্যাল যন্ত্রপাতি-এর পরিমাণ ও ব্যয় বৃদ্ধি পাওয়ায় প্রকল্পটি মোট ৩৩০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এর মেয়াদ ১ বছর অর্থাৎ জুন, ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করে সংশোধন করা হয় যা সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৯.২ প্রকল্পের মূল কার্যক্রমঃ

- আবাসিক ভবন নির্মাণ (১০ তলা ভিতের উপর ১০ তলা, ৭১০০ বঃমিঃ);
- কেন্দ্রীয় লাইব্রেরী ভবন নির্মাণ (৬ তলা ভিতের উপর ৩ তলা, ৩০০০ বঃমিঃ);
- মেডিকেল সেন্টার নির্মাণ (৫ তলা ভিতের উপর ৩ তলা, ৮০০ বঃমিঃ);
- আবাসিক ভবন এবং মেডিকেল সেন্টারের জন্য লিফট, ২টি;

➤ লাইব্রেরী ও মেডিকেল সেন্টারের জন্য আসবাবপত্র, ১০০০টি;

৯.৩ প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | মন্তব্য |
|---------|---|----------------|--------------------|------------|
| ১। | পরিতোষ কুমার বিশ্বাস পরিচালক (পরিঃ ও উন্নয়ন), যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। | ১২/০৯/২০১১ | ৩০/০৬/২০১৫ | পূর্ণকালীন |

১০। প্রকল্প পরিদর্শনঃ প্রকল্পটির আওতায় সম্পাদিত কার্যক্রমসমূহ আইএমইডি কর্তৃক গত ১৩/০৮/২০১৬ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়। প্রকল্পটির নির্মাণ কাজ বিশ্ববিদ্যালয়ের নিজস্ব প্রকৌশল বিভাগের মাধ্যমে বাস্তবায়ন করা হয়েছে। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগের প্রধান প্রকৌশলী এবং অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সহিত আলোচনা করা হয়েছে। সরেজমিনে পরিদর্শন ও প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে।

১১। মূল্যায়ন পদ্ধতি (**Methodology**) : মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (**Methodology**) অনুসরণ করা হয়েছেঃ

- (ক) ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
- (খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
- (গ) PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- (ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং
- (ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১২। প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতিঃ

১২.১ আর্থিক অগ্রগতিঃ প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ছিল ৩৩০০.০০ লক্ষ টাকা। শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৩২৩৬.৩৭ লক্ষ টাকা (৯৮.০৭%)। প্রকল্পটির অনুকূলে ২০ ১১-২০১২ হতে ২০১৪-২০১৫ পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

| আর্থিক বৎসর | সংশোধিত অনুমোদিত ডিপিপি'র সংস্থান | সংশোধিত এডিপি বরাদ্দ | অবমুক্তি | ব্যয় |
|-------------|-----------------------------------|----------------------|----------|---------|
| | মোট | | | মোট |
| ২০১১-২০১২ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২০১২-২০১৩ | ৪৭৫.০০ | ৪৭৫.০০ | ৪৭৫.০০ | ৪৭৫.০০ |
| ২০১৩-২০১৪ | ৬০০.০০ | ৬০০.০০ | ৬০০.০০ | ৬০০.০০ |
| ২০১৪-২০১৫ | ২২২৫.০০ | ২২২৫.০০ | ২১৬৮.৬০ | ২১৬১.৩৭ |
| মোট | ৩৩০০.০০ | ৩৩০০.০০ | ৩২৪৩.৬০ | ৩২৩৬.৩৭ |

১২.২ অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতির বিশ্লেষণঃ প্রকল্পের প্রধান প্রধান অংগের অগ্রগতি নিম্নে দেয়া হল:

১২.২.১ স্টেশনারীঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী স্টেশনারী খাতে ১৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৫.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

১২.২.২ যানবাহন (এমবুলেন্স)ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী যানবাহন (এমবুলেন্স) বাবদ ৩২.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩১.৯৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৯.৮৪% ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে এবং বাস্তবে ১টি যানবাহন (এমবুলেন্স) এর বিপরীতে ১টি যানবাহন (এমবুলেন্স) ক্রয় করা হয়েছে।



চিত্র: ক্রয়কৃত যানবাহন (এমবুলেন্স)।

১২.২.৩ লাইব্রেরী ও মেডিকেল ইকুইপমেন্টঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী লাইব্রেরী ও মেডিকেল ইকুইপমেন্ট বাবদ ১৩৬.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৩৫.২২ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৯.৪৩% এবং ১২০টি মেডিকেল ইকুইপমেন্ট এর বিপরীতে ১২০টি মেডিকেল ইকুইপমেন্টই ক্রয় করা হয়েছে। অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

১২.২.৪ লাইব্রেরী ও মেডিকেল সেন্টারের আসবাবপত্রঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী লাইব্রেরী ও মেডিকেল সেন্টারের আসবাবপত্র খাতে ১০১.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১০০.৭৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৯.৭৪% এবং প্রকল্পের আওতায় নির্ধারিত ১০০০টি আসবাবপত্র-ই ক্রয় করা হয়েছে। অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০%। আসবাবপত্রের গুনগতমান সন্তোষজনক মনে হয়েছে।



চিত্র: লাইব্রেরীর আসবাবপত্র।

১২.২.৫ লিফটঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী লিফট বাবদ ৭৬.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৭৫.৮০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৯.৭৪% এবং বাস্তবে ২টি লিফটের বিপরীতে ২টি লিফটই ক্রয় করা হয়েছে। অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০%। ক্রয়কৃত লিফট মানসম্মত হয়নি মর্মে মনে হয়েছে।

১২.২.৬ কেন্দ্রীয় লাইব্রেরি নির্মাণ (৬ তলা ভিত ৩য় তলা পর্যন্ত)ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী কেন্দ্রীয় লাইব্রেরি নির্মাণ বাবদ ৭৬০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৭৫৯.৬১ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৯.৯৫% এবং বাস্তবে ৩০০০ বর্গমিটার এর স্থলে ৩০০০ বর্গমিটার নির্মাণ করা হয়েছে মর্মে পিসিআরে উল্লেখ করা হয়েছে। অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।



চিত্র: নির্মিত কেন্দ্রীয় লাইব্রেরি।

১২.২.৭ শিক্ষক/কর্মকর্তাদের আবাসিক টাওয়ার নির্মাণ (১১ তলা ভিতে ১০ তলা পর্যন্ত) ৭২টি ইউনিটঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী শিক্ষক/কর্মকর্তাদের আবাসিক টাওয়ার নির্মাণ বাবদ ১৬৭৬.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৬৭৬.৫২ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং বাস্তবে ৭১০০ বঃমিঃ এর বিপরীতে ৭১০০ বঃ মিঃ নির্মিত হয়েছে। অর্থাৎ আর্থিক ও বাস্তব উভয় অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক মনে হয়েছে তবে পরিদর্শনকাল পর্যন্ত ভবনের উল্লেখযোগ্য সংখ্যক ফ্লাট খালি অবস্থায় দৃশ্যমান হয়েছে। এছাড়া সরকারি নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া কাটা হচ্ছেনা মর্মে জানা যায়।



চিত্র: নির্মিত শিক্ষক/কর্মকর্তাগণের আবাসিক টাওয়ার।

১২.২.৮ মেডিকেল সেন্টার নির্মাণ (৬ তলা ভিত্তে ২য় তলা) পর্যন্তঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী মেডিকেল সেন্টার নির্মাণ বাবদ ৩৫২.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩৫০.৫৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৯.৫৮% এবং বাস্তবে ৮০০ বঃ মিঃ এর স্থলে ৮০০ বঃ মিঃ নির্মাণ করা হয়েছে। অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০%।



চিত্র: নির্মিত মেডিকেল সেন্টার।

১২.২.৯ সোলার পাওয়ারঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী সোলার পাওয়ার বাবদ ৬০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৫৯.৯৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৯.৯২% এবং বাস্তবে ৩টি সোলার প্যানেলের বিপরীতে ৩টিই নির্মাণ করা হয়েছে। এ খাতে বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

১৩। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

| পরিকল্পিত | অর্জন |
|---|--|
| ১। ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের জন্য পাঠাগারের সুযোগ সৃষ্টি করা; | ১। প্রকল্পের আওতায় পাঠাগার নির্মাণের মাধ্যমে ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের জন্য এ সুযোগ সৃষ্টি করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; |
| ২। শিক্ষক ও কর্মকর্তাদের আবাসন সংকট দূর করা; | ২। শিক্ষক ও কর্মকর্তাদের আবাসন সংকট দূর হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ রয়েছে; |
| ৩। ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের জন্য স্বাস্থ্য সেবা নিশ্চিত করা। | ৩। মেডিক্যাল সেন্টার নির্মাণের মাধ্যমে ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের জন্য স্বাস্থ্য সেবা নিশ্চিত করা র প্রচেষ্টা নেয়া হয়েছে মর্মে পিসিআর সূত্রে জানা যায়। |

১৪। উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণঃ প্রযোজ্য নয়।

১৫। প্রকল্পের প্রভাবঃ আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের ফলে (ক) আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা এবং গবেষণার সুযোগ বৃদ্ধি পেয়েছে; (খ) প্রকল্পটি সফল ভাবে সমাপ্তির ফলে ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দেশের জন্য অত্যন্ত যোগ্যতাসম্পন্ন ও প্রশিক্ষিত জনশক্তি গড়ে তোলার সক্ষমতা অর্জন করেছে; (গ) গবেষণাগার ও গ্রন্থাগার সম্প্রসারণের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের শিক্ষা সহায়ক পরিবেশের উন্নয়ন হয়েছে; ঘ) বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার অগ্রগতি, অর্থনৈতিক সমৃদ্ধি এবং সামগ্রিকভাবে জাতির মঙ্গল বয়ে আনার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করেছে; ঙ) সোলার পাওয়ার সিস্টেম চালু করার ফলে একদিকে যেমন নিজস্ব বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হয়েছে, অন্যদিকে দূষণমুক্ত ও পরিবেশ বান্ধব চিরসবুজের বাংলাদেশ গড়তে অবদান রাখবে মর্মে আশা করা যায়।

১৬। **পর্যবেক্ষণ:**

- ১৬.১ শিক্ষক/কর্মকর্তাদের আবাসিক টাওয়ার ভবনের উল্লেখযোগ্য সংখ্যক ফ্লট খালি অবস্থায় দৃশ্যমান হয়েছে। এছাড়া সরকারি নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া কাটা হচ্ছে না মর্মে জানা যায়।
- ১৬.২ প্রকল্পের External অডিট এখনও সম্পন্ন হয়নি মর্মে পিসিআর পরীক্ষান্তে দেখা যায়। আর্থিক স্বচ্ছতার স্বার্থে প্রকল্পের অডিট কার্যক্রম যথাশীঘ্র সম্পন্ন করা প্রয়োজন;
- ১৬.৩ প্রকল্পটি সমাপ্ত হয় জুন, ২০১৫ সালে। প্রকল্প সমাপ্তির পর আইএমইডিতে ০৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের কথা থাকলেও আইএমইডিতে পিসিআর পাওয়া যায় প্রায় ০৯ মাস পরে (মে, ২০১৬-এ), যা অনভিপ্রেত।

১৭। **সুপারিশঃ**

- ১৭.১ শিক্ষক/কর্মকর্তাদের জন্য নির্মিত আবাসিক টাওয়ার ভবনের উল্লেখযোগ্য সংখ্যক ফ্লট খালি অবস্থায় পড়ে আছে। অর্থাৎ ভবন নির্মাণ সমাপ্ত হওয়ার পরও শিক্ষক/কর্মকর্তাদের বরাদ্দ দেয়ায় বিলম্ব ঘটছে। এছাড়া সরকারি নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া কাটা হচ্ছে না। তাই যথাশীঘ্র খালি ফ্লটসমূহ বরাদ্দ প্রদানসহ সরকারি অর্থে নির্মিত ভবন সরকারি নিয়মানুযায়ী যাতে ভাড়া কর্তন করা হয়, সে বিষয়টি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং মন্ত্রণালয় নিশ্চিত করবে।
- ১৭.২ সমাপ্ত প্রকল্পটির দ্রুত External Audit সম্পন্ন করতে হবে এবং অডিট প্রতিবেদন আইএমই বিভাগে প্রেরণ করতে হবে;
- ১৭.৩ প্রতিষ্ঠানটি আন্তর্জাতিক মানসম্পন্ন করার লক্ষ্যে বিদেশী বিশ্ববিদ্যালয়ের সাথে শিক্ষা ও গবেষণা সহযোগিতার সম্পর্ক স্থাপন করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করবে;
- ১৭.৪ ভবিষ্যতে কোন প্রকল্প সমাপ্তির ০৩মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) আইএমইডিতে আবশ্যিকভাবে প্রেরণ করার ব্যাপারে মন্ত্রণালয়কে কার্যকরী ভূমিকা পালন করতে হবে;
- ১৭.৫। অনুচ্ছেদ ১৭.১ হতে ১৭.৩ এর সুপারিশসমূহ অনুসরণপূর্বক তা আইএমইডি-কে অবহিত করতে হবে।

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৫)

- ১। প্রকল্পের নাম : “পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন” শীর্ষক প্রকল্প
 ২। প্রশাসনিক মন্ত্রণালয় : শিক্ষা মন্ত্রণালয়।
 ৩। বাস্তবায়নকারী সংস্থা : বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
 ৪। প্রকল্পের অবস্থান : পাবনা সদর, পাবনা।
 ৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | বর্ধিত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|----------------------|----------------------------------|--------------|-------------------------------|-------------------------------|-------------------------------|-----------------------------------|--|
| মূল মোট টাকা প্রঃসাঃ | সর্বশেষ সংশোধিত মোট টাকা প্রঃসাঃ | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৯৬০০.০০ | ১০৫৪৫.০০ | ১০৪৪১.৬৮ | জানুয়ারি, ২০০৯ হতে জুন, ২০১২ | জানুয়ারি, ২০০৯ হতে জুন, ২০১৫ | জানুয়ারি, ২০০৯ হতে জুন, ২০১৫ | ৮৪১.৬৮ (৮.০৬%) | ৩৬ মাস (১০০%) |

৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ | একক | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|-----------|--------------------------------------|--------|------------------------|--------|-------------------|------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০১। | অফিসারদের বেতন | সংখ্যা | ৭.৩৪ | - | ৭.৩৪ (১০০%) | - |
| ০২। | প্রকল্প অফিস ভাড়া | থোক | ১.৮২ | থোক | ১.৮২ (১০০%) | থোক |
| ০৩। | তেল, গ্যাস ও মবিল | থোক | ২৩.০০ | থোক | ২৩.০০ (১০০%) | থোক |
| ০৪। | প্রিন্টিং ও স্টেশনারী | থোক | ১৪.৬৮ | থোক | ১৪.৬৮ (১০০%) | থোক |
| ০৫। | বই ও জার্নাল | থোক | ১৮৩.০০ | থোক | ১৮২.১৮ (৯৯.২৮%) | থোক |
| ০৬। | পরামর্শক | থোক | ১.৫০ | থোক | ১.৫০ (১০০%) | থোক |
| ০৭। | অপারেটিং কস্ট | থোক | ২৯.৫০ | থোক | ২৯.৫০ (১০০%) | থোক |
| ০৮। | যানবাহন | সংখ্যা | ৬৫.৪৭ | ২টি | ৬৫.৪৭ (১০০%) | ২টি (১০০%) |
| ৯। | বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় | থোক | ২৮০.০০ | থোক | ২৮০.০০ (১০০%) | থোক |
| ১০। | অফিস যন্ত্রপাতি | থোক | ৪৮.০০ | থোক | ৪৮.০০ (১০০%) | থোক |
| ১১। | আসবাবপত্র | থোক | ৪২৮.০০ | থোক | ৪২৮.০০ | থোক |

| ক্রমিক নং | অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ | একক | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|--------------|--|--------|------------------------|-------------------|-------------------|-----------------------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| | | | | | (১০০%) | |
| ১২। | টেলিফোন লাইন | থোক | ৭০.০০ | থোক | ৭০.০০ (১০০%) | থোক |
| ১৩। | ১০০০ কে.ভি.এ বৈদ্যুতিক সাব-স্টেশন | সংখ্যা | ১৮৩.০১ | ১টি | ১৮৩.০১ (১০০%) | ১টি |
| ১৪। | ডিপ টিউবএয়েল ও পানি সরবরাহ | বঃমিঃ | ৪০.০৮ | থোক | ৪০.০৮ (১০০%) | থোক |
| ১৫। | ভূমি অধিগ্রহণ (৩০ একর) | বঃমিঃ | ১৬৪৯.৮৭ | ৩০ একর | ১৬৪৯.৮৭ (১০০%) | ৩০ একর (১০০%) |
| ১৬। | ভূমি উন্নয়ন | বঃমিঃ | ৩৯৯.০০ | ২০ একর | ৩৯৯.০০ (১০০%) | ২০ একর (১০০%) |
| ১৭। | একাডেমিক ভবন (১০ তলা ভিতে ৫ তলা) | বঃমিঃ | ১৩৩৪.৭৪ | ৪৯৫০ বঃমিঃ | ১৩৩৪.৭৪ (১০০%) | ৪৯৫০ বঃমিঃ (১০০%) |
| ১৮। | একাডেমিক ভবন-৩ (৬ তলা ভিতে ৬ তলা) | থোক | ৭৫৯.০৩ | ৩৫৬৪ বঃমিঃ | ৭৫৯.০৩ (১০০%) | ৩৫৬৪ বঃমিঃ (১০০%) |
| ১৮। | ছাত্র হল- ১ ও ২ (৬ তলা ভিতে ৫ তলা) | বঃমিঃ | ১৫৩৭.১২ | ৮১৭ বঃমিঃ | ১৫৩৭.১২ (১০০%) | ৮১৭ বঃমিঃ (১০০%) |
| ১৯। | ছাত্রী হল- ১টি (৬ তলা ভিতে ৫ তলা) | বঃমিঃ | ৮৭২.৮৩ | ৪০৮৫ বঃমিঃ | ৮৭২.৮৩ (১০০%) | ৪০৮৫ বঃমিঃ (১০০%) |
| ২০। | ভিসি বাসভবন (২ তলা ভিতে ২ তলা) | বঃমিঃ | ২০১.৪৬ | ৬০০বঃমিঃ | ২০১.৪৬ (১০০%) | ৬০০বঃমিঃ (১০০%) |
| ২১। | শিক্ষক/কর্মকর্তাদের ডরমিটরী-২টি (৬ তলা ভিতে ৫ তলা) | বঃমিঃ | ৩৭৬.৫৫ | ১৩২৫ বঃমিঃ | ৩৭৬.৫৫ (১০০%) | ১৩২৫ বঃমিঃ (১০০%) |
| ২২। | প্রশাসনিক ভবন (৬ তলা ভিতে ৬তলা) | বঃমিঃ | ৬৭৮.১৪ | ৩৩০০ বঃ মিঃ | ৬৭৮.১৪ (১০০%) | ৩৩০০ বঃ মিঃ (১০০%) |
| ২৩। | লাইব্রেরি ভবন (৫ তলা ভিতে ৪ তলা) | বঃমিঃ | ২৫৯.৪০ | ১৭৫৫ বঃমিঃ | ২৫৯.৪০ (১০০%) | ১৭৫৫ বঃমিঃ (১০০%) |
| ২৪। | বৈদ্যুতিক সাব-স্টেশন ও পাম্প হাউস | বঃমিঃ | ৪১.৯২ | ২০০ বঃমিঃ | ৪১.৯২ (১০০%) | ২০০ বঃমিঃ (১০০%) |
| ২৫। | কেন্দ্রীয় মসজিদ (২ তলা ভিতে ১ তলা) | বঃমিঃ | ২৭৯.২৮ | ৭৫০ বঃমিঃ | ২৭৯.২৮ (১০০%) | ৭৫০ বঃমিঃ (১০০%) |
| ২৬। | কেন্দ্রিয় ক্যাফেটেরিয়া (৫ তলা ভিতে ৪ তলা) | বঃমিঃ | ২৭০.০০ | ১০২০ বঃমিঃ | ২৭০.০০ (১০০%) | ১০২০ বঃমিঃ (১০০%) |
| ২৭। | অভ্যন্তরীণ সড়ক | বঃমিঃ | ৬৮.০২ | ১২১৮০.২৭ বঃমিঃ | ৬৮.০২ (১০০%) | ১২১৮০.২৭ বঃমিঃ (১০০%) |
| ২৯। | সীমানা প্রাচীর | বঃমিঃ | ৩২২.৭৪ | ১৪৪৩.৪০ বঃ মিঃ | ৩২২.৭৪ (১০০%) | ১৪৪৩.৪০ বঃ মিঃ |

| ক্রমিক নং | অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ | একক | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|--------------|---|-----|------------------------|--------|-------------------|------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| ৩০। | গ্যাস সরবরাহ | থোক | ১৭.০০ | থোক | ১৭.০০ (১০০%) | থোক |
| | সর্বমোট= | | ১০৫৪৫.০০ | ১০০% | ১০৪৪১.৬৮ | ৯৯.০২% |

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই মর্মে জানা গেছে।

৮। সাধারণ পর্যবেক্ষণঃ

৮.১। প্রকল্পের পটভূমিঃ প্রতি বছর প্রায় তিন লক্ষ ছাত্র-ছাত্রী প্রথম বিভাগে এইচ. এস. সি পাশ করে। এর মধ্যে মাত্র এক লক্ষ ছাত্র/ছাত্রী বিদ্যমান ৩০টি সরকারি সাধারণ এবং কারিগরি বিশ্ববিদ্যালয়ের ভর্তির সুযোগ পেয়ে থাকে। এ ছাড়া ৫১টি বেসরকারি প্রায় ৩০ হাজার ছাত্র-ছাত্রীর ভর্তির সুযোগ রয়েছে। উচ্চ শিক্ষার সুযোগ সম্প্রসারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার গুরুত্ব আরোপ করে সরকার পাবনায় একটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য, ১৯৯৭ সালে সরকার ১২টি পুরাতন জেলায় একটি করে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্প গ্রহণ করে। পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন এই কার্যক্রমেরই একটি অংশ। বিশ্ববিদ্যালয়টি পাবনা জেলা শহরে স্থাপনের প্রস্তাব করা হয়েছে। প্রকল্পটি'র জন্য ৪০ একর জমি অধিগ্রহণের প্রস্তাব করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় ১৮.১১.২০০৮ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ যাচাই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্প প্রস্তাবে প্রথম বছর (২০০৮-০৯ অর্থ বছর) ৪টি বিষয়ে ৫০ জন করে ছাত্র-ছাত্রী ভর্তি, প্রকল্পটি বাস্তবায়নকাল ৬টি বিষয় চালু এবং ৫০০ জন ছাত্র ও ২৫০ জন ছাত্রীর আবাসনের ব্যবস্থা করার লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে।

৮.২। প্রকল্পের উদ্দেশ্যঃ

- (ক) বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার অগ্রগতির লক্ষ্যে পাবনায় একটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করা;
- (খ) উচ্চ শিক্ষার ক্ষেত্রে কারিগরি শিক্ষার ক্রম বর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে আধুনিক বিজ্ঞান ও কারিগরি শিক্ষার সুযোগ সম্প্রসারণ করা।

৮.৩। অনুমোদন পর্যায়ঃ আলোচ্য প্রকল্পটি ৯৬০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি জানুয়ারি, ২০০৯ হতে জুন, ২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২২/১২/২০০৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির ব্যয় ৯০৪৫.০০ লক্ষ টাকা এবং মেয়াদ ১ বছর বৃদ্ধিপূর্বক ১ম সংশোধন করা হয়। পরবর্তীতে ২ (দুই) দফায় (১ম দফায় ১ বছর ও ২য় দফায় ১ বছর) মোট ২ বছর ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়।

৮.৪। প্রকল্পের মূল কার্যক্রমঃ

- ৪০ একর জমি অধিগ্রহণ
- ৩৫ একর ভূমি উন্নয়ন
- ২ তলা বিশিষ্ট প্রশাসনিক ভবন
- ৫০০ ছাত্রের জন্য ১টি ছাত্র হল
- ২৫০ জন ছাত্রীর জন্য ১টি ছাত্রী হল
- উপাচার্যের অফিস কাম-বাসভবন
- ১ জন শিক্ষকের জন্য ১টি ডরমেটরী
- ১টি একাডেমিক ভবন
- লাইব্রেরী ভবন
- ইলেকট্রিক সাব-স্টেশন ও পাম্প হাউজ
- অভ্যন্তরীণ রাস্তা

- ২টি যানবাহন
- বৈজ্ঞানিক যন্ত্রপাতি
- অফিস সরঞ্জাম
- আসবাবপত্র
- স্টেশনারী
- পুস্তক ও সাময়িকী ক্রয়
- প্রকল্প অফিস ভাড়া
- প্রকল্পের জন্য ৯জন জনবল নিয়োগ
- পানি সরবরাহের ব্যবস্থা
- ১০০০ কেডি ইলেকট্রিক সাব-স্টেশন ও টেলিফোন এক্সচেঞ্জ (পিএবিএক্স) স্থাপন
- কম্পালটেন্সি
- অপারেটিং কষ্ট ইত্যাদি

৮.৫। **প্রকল্প ব্যবস্থাপনাঃ** প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | মন্তব্য |
|---------|---|----------------|--------------------|-----------|
| ১। | প্রফেসর ড. আমিন উদ্দীন মুখা উপাচার্য, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। | ১২/০৫/২০০৯ | ২২/১১/২০০৯ | খন্ডকালীন |
| ২। | প্রফেসর ড. মোজাফফর হোসাইন উপাচার্য, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। | ০৭/১২/২০০৯ | ২২/১১/২০১৩ | খন্ডকালীন |
| ৩। | প্রফেসর ড. আল-নকিব চৌধুরী উপাচার্য, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। | ১৬/০১/২০১৪ | ৩০/০৬/২০১৫ | খন্ডকালীন |

৮.৬। **প্রকল্প পরিদর্শনঃ** প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক ২৭/০৮/২০১৬ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। প্রকল্পটির নির্মাণ কাজ শিক্ষা প্রকৌশল বিভাগের মাধ্যমে বাস্তবায়ন করা হয়েছে। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও শিক্ষা প্রকৌশল বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সহিত আলোচনা করা হয়েছে। সরেজমিনে পরিদর্শন ও প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে।

৮.৭। **মূল্যায়ন পদ্ধতি (Methodology) :** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

- (ক) ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
- (খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
- (গ) PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- (ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং
- (ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৯। প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতিঃ

৯.১। আর্থিক অগ্রগতিঃ প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ছিল ১০৫৪৫.০০ লক্ষ টাকা। শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ১০৪৪১.৬৮ লক্ষ টাকা ৯৯.০২%। প্রকল্পটির অনুকূলে ২০০৮-০৯ হতে ২০১৪-২০১৫ পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

| আর্থিক বৎসর | সংশোধিত অনুমোদিত ডিপিপি'র সংস্থান | সংশোধিত এডিপি বরাদ্দ | অবমুক্তি | ব্যয় |
|-------------|-----------------------------------|----------------------|----------|----------------------|
| | মোট | | | মোট |
| ২০০৮-০৯ | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ |
| ২০০৯-১০ | ১৭০০ | ১৭০০ | ১৭০০ | ১৭০০ |
| ২০১০-২০১১ | ১২০০ | ১২০০ | ১২০০ | ১২০০ |
| ২০১১-২০১২ | ১৫০০ | ১৫০০ | ১৫০০ | ১৫০০ |
| ২০১২-২০১৩ | ২০০০ | ২০০০ | ২০০০ | ২০০০ |
| ২০১৩-২০১৪ | ১৫০০ | ১৫০০ | ১৫০০ | ১৫০০ |
| ২০১৪-২০১৫ | ২৪৯৩.০০ | ২৪৯৩.০০ | ২৪৯৩.০০ | ২৪৯১.৬৮ |
| মোট | ১০৪৪৩.০০ | ১০৪৪৩.০০ | ১০৪৪৩.০০ | ১০৪৪১.৬৮ (৯৯.০২%) |

৯.২। প্রধান প্রধান অঙ্গের আর্থিক ও বাস্তব অগ্রগতির বি শ্লেষণঃ প্রকল্পটির অগ্রগতি সম্পর্কিত সর্বশেষ প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী এর আর্থিক অগ্রগতি ১০৪৪১.৬৮ লক্ষ টাকা (৯৯.০২%) এবং বাস্তব অগ্রগতি ও ১০০% সম্পন্ন হয়েছে। প্রকল্পটির অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলঃ

৯.২.১ যানবাহনঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী যানবাহন খাতে ৬৫.৪৭ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৬৫.৪৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে এবং বাস্তবে ০২টি মাইক্রোবাসের বিপরীতে ০২টি মাইক্রোবাসই ক্রয় করা হয়েছে।

৯.২.২ বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় খাতে ২৮০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৮০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৯.২.৩ অফিস যন্ত্রপাতিঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী অফিস যন্ত্রপাতি খাতে ৪৮.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪৮.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৯.২.৪ আসবাবপত্রঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী আসবাবপত্র খাতে ৪২৮.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪২৮.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৯.২.৫ টেলিফোন লাইনঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী টেলিফোন লাইন খাতে ৭০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৭০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৯.২.৬ ১০০০ কে.ভি.এ বৈদ্যুতিক সাব-স্টেশনঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ১০০০ কে.ভি.এ বৈদ্যুতিক সাব-স্টেশন খাতে ১৮৩.০১ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৮৩.০১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তবে ১টি বৈদ্যুতিক সাব-স্টেশন স্থলে ১টি বৈদ্যুতিক সাব-স্টেশন নির্মাণ করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

- ৯.২.৭ ডিপ টিউবএয়েল ও পানি সরবরাহঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ডিপ টিউবএয়েল ও পানি সরবরাহ খাতে ৪০.০৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪০.০৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৯.২.৮ ভূমি অধিগ্রহণ (৩০ একর)ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ভূমি অধিগ্রহণ খাতে ১৬৪৮.৮৭ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৬৪৯.৮৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং ৩০ একর ভূমি অধিগ্রহণ এর স্থলে ৩০ একর ভূমি অধিগ্রহণ করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক।
- ৯.২.৯ একাডেমিক ভবন (১০ তলা ভিতে ৫ তলা)ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী একাডেমিক ভবন খাতে ১৩৩৪.৭৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৩৩৪.৭৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং বাস্তবে ৪৯৫০ বঃমিটারের স্থলে ৪৯৫০ বঃ মিটারই একাডেমিক ভবন নির্মাণ করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক।
- ৯.২.১০ একাডেমিক ভবন-৩ (৬ তলা ভিতে ৬ তলা)ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী একাডেমিক ভবন-৩ খাতে ৭৫৯.০৩ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৭৫৯.০৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং বাস্তবে ৩৫৬৪ বঃমিটারের স্থলে ৩৫৬৪ বঃ মিটারই একাডেমিক ভবন নির্মাণ করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক।



চিত্র: নির্মিত একাডেমিক ভবন।

- ৯.২.১১ ছাত্র হল- ১ ও ২ (৬ তলা ভিতে ৫ তলা)ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ছাত্রী হল- ১ ও ২ খাতে ১৫৩৭.১২ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৫৩৭.১২ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং বাস্তবে ৮১৭ বঃমিটারের স্থলে ৮১৭ বঃ মিটারই ছাত্রী হল- ১ ও ২ নির্মাণ করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক।



চিত্র: নির্মিত ছাত্র হল

৯.২.১২ ছাত্রী হল- ১টি (৬ তলা ভিতে ৫ তলা): ডিপিপি'র সংস্থান অনুযায়ী ছাত্রী হল- ১টি খাতে ৮৭২.৮৩ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৮৭২.৮৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং বাস্তবে ৪০৮৫ বঃমিটারের স্থলে ৪০৮৫ বঃ মিটারই ছাত্রী হল-১টি নির্মাণ করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক মনে হয়েছে।



চিত্র: নির্মিত ছাত্রী হল

৯.২.১৩ ভিসি বাসভবন (২ তলা ভিতে ২ তলা): ডিপিপি'র সংস্থান অনুযায়ী ভিসি বাসভবন খাতে ২০১.৪৬ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২০১.৪৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং বাস্তবে ৬০০ বঃমিটারের স্থলে ৬০০ বঃ মিটারই ভিসি বাসভবন নির্মাণ করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক।

৯.২.১৪ শিক্ষক/কর্মকর্তাদের ডরমিটরী-২টি (৬ তলা ভিতে ৫ তলা): ডিপিপি'র সংস্থান অনুযায়ী শিক্ষক/কর্মকর্তাদের ডরমিটরী-২টি খাতে ৩৭৬.৫৫ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩৭৬.৫৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে বাস্তবে ১৩২৫ বঃমিটারের স্থলে ১৩২৫ বঃ মিটারই শিক্ষক/কর্মকর্তাদের ডরমিটরী-২টি নির্মাণ করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক মনে হয়েছে।



চিত্র: নির্মিত শিক্ষক/কর্মকর্তাদের ডরমিটরী

৯.২.১৫ প্রশাসনিক ভবন (৬ তলা ভিতে ৬ তলা) : ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রশাসনিক ভবন খাতে ৬৭৮.১৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৬৭৮.১৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে বাস্তবে ৩৩০০ বঃমিটারের স্থলে ৩৩০০ বঃ মিটারই প্রশাসনিক ভবন নির্মাণ করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান মোটামুটি সন্তোষজনক।



চিত্র: নির্মিত প্রশাসনিক ভবন

- ৯.২.১৬ লাইব্রেরি ভবন (৫ তলা ভিতে ৪ তলা): ডিপিপি'র সংস্থান অনুযায়ী লাইব্রেরি ভবন খাতে ২৫৯.৪০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৫৯.৪০ লক্ষ টাকা ব্যয় হয়েছে বাস্তবে ১৭৫৫ বঃমিটারের স্থলে ১৭৫৫ বঃ মিটারই লাইব্রেরি ভবন নির্মাণ করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৯.২.১৭ বৈদ্যুতিক সাব-স্টেশন ও পাম্প হাউস: ডিপিপি'র সংস্থান অনুযায়ী বৈদ্যুতিক সাব-স্টেশন ও পাম্প হাউস খাতে ৪১.৯২ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪১.৯২ লক্ষ টাকা ব্যয় হয়েছে বাস্তবে ২০০ বঃমিটারের স্থলে ২০০ বঃ মিটারই বৈদ্যুতিক সাব-স্টেশন ও পাম্প হাউস নির্মাণ করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.১৮ কেন্দ্রীয় মসজিদ (২ তলা ভিতে ১ তলা): ডিপিপি'র সংস্থান অনুযায়ী কেন্দ্রীয় মসজিদ খাতে ২৭৯.২৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৭৯.৯৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে বাস্তবে ৭৫০ বঃমিটারের স্থলে ৭৫০ বঃ মিটারই কেন্দ্রীয় মসজিদ নির্মাণ করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক।



চিত্র: নির্মিত কেন্দ্রীয় মসজিদ

- ৮.২.১৯ কেন্দ্রীয় ক্যাফেটেরিয়া (৫ তলা ভিতে ৪ তলা): ডিপিপি'র সংস্থান অনুযায়ী কেন্দ্রীয় ক্যাফেটেরিয়া খাতে ২৭০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৭০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে বাস্তবে ১০২০ বঃমিটারের স্থলে ১০২০ বঃ কেন্দ্রীয় ক্যাফেটেরিয়া নির্মাণ করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.২০ অভ্যন্তরীণ সড়ক: ডিপিপি'র সংস্থান অনুযায়ী অভ্যন্তরীণ সড়ক খাতে ৬৮.০২ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৬৮.০২ লক্ষ টাকা ব্যয় হয়েছে বাস্তবে ১২১৮০.২৭ বঃমিটারের স্থলে ১২১৮০.২৭ বঃ মিটারই অভ্যন্তরীণ সড়ক নির্মাণ করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক মনে হয়েছে।

৮.২.২১ সীমানা প্রাচীরঃ ডিপপি'র সংস্থান অনুযায়ী সীমানা প্রাচীর খাতে ৩২২.৭৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩২২.৭৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে বাস্তবে ১৪৪৩.৪০ বঃমিটারের স্থলে ১৪৪৩.৪০ বঃ মিটারই সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৯.০। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

| পরিকল্পিত | অর্জন |
|---|---|
| (ক) বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার অগ্রগতির লক্ষ্যে পাবনায় একটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করা; | (ক) বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার অগ্রগতির লক্ষ্যে পাবনায় একটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে; |
| (খ) উচ্চ শিক্ষার ক্ষেত্রে কারিগরি শিক্ষার ক্রম বর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে আধুনিক বিজ্ঞান ও কারিগরি শিক্ষার সুযোগ সম্প্রসারণ করা। | (খ) উচ্চ শিক্ষার ক্ষেত্রে কারিগরি শিক্ষার ক্রম বর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে আধুনিক বিজ্ঞান ও কারিগরি শিক্ষার সুযোগ সম্প্রসারণ করা হয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে। |

১০। উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণঃ প্রযোজ্য নয়।

১১। প্রকল্পের প্রভাবঃ

প্রকল্পের প্রত্যক্ষ প্রভাবঃ

এই প্রকল্প দেশের আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা এবং গবেষণার সুবিধা সৃষ্টি করতে সম্ভব হয়েছে। ধারণা করা যায় প্রকল্পটি সম্পন্ন হওয়ার কারণে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দেশে দক্ষ ও অভিজ্ঞ জনশক্তি তৈরী করতে সক্ষম হয়েছে। বিশ্ববিদ্যালয়টি এমন কিছু সনাতন ডিগ্রীধারী তৈরী করেছে এবং করবে যারা দেশের উন্নয়ন ও গবেষণায় অবদান রাখছে। আশা করা যায় বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার অগ্রগতি সামগ্রিক ভাবে অর্থনৈতিক উন্নতি এবং সমৃদ্ধ জাতি গঠনে ভূমিকা রাখবে।

পরোক্ষ প্রভাবঃ

- (১) প্রকল্পটি বিশ্ববিদ্যালয়ের ক্রমবর্ধমান ছাত্র-ছাত্রী, একাডেমিক ও আবাসিক সুবিধা বৃদ্ধি করেছে।
- (২) প্রকল্পটি বাসআবায়নের ফলে একাডেমিক ও গবেষণা সুবিধা বৃদ্ধি পেয়েছে।

১২। সমস্যাঃ

- ১২.১ মূল প্রকল্পটি মোট ৩ বৎসর মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের মেয়াদ আরও ৩(তিন) বছর বৃদ্ধি করা হয়েছে। ফলে মেয়াদ বৃদ্ধি হয়েছে ১০০%। সাধারণভাবে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির কথা বলা হলেও কিছু খাতে যেমন: বেতন/ভাতা, যানবাহন, পরিচালন/রক্ষণাবেক্ষন ইত্যাদি খাতের ব্যয় সময় বৃদ্ধির সাথে সাথে বৃদ্ধি পায়। এছাড়া সময় বৃদ্ধির সাথে সাথে ইতোমধ্যে ব্যয়িত অর্থের উপযোগীতা প্রাপ্তি বিলম্বিত হয়;
- ১২.২ প্রকল্প এলাকায় মাটি নরম হওয়ায় প্রকল্পটির স্থাপনা নির্মাণে যথেষ্ট বিঘ্নের সৃষ্টি হয়েছে (প্রায় প্রতিটি ভবনে ভীত স্থাপনের জন্য পাইলিং এর প্রয়োজন হয়েছে) মর্মে পরিদর্শনকালে জানা যায়;
- ১২.৩ প্রকল্পের External অডিট গত ২৫-০৭-২০১০ ও ১৩-০৯-২০১২ তারিখে সম্পন্ন হয়েছে এবং অডিট কার্যক্রমে ৫টি বিষয়ে আপত্তি ছিল যা নিষ্পত্তি করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। তবে অডিট প্রতিবেদন আইএমইডিতে প্রেরণ করা হয়নি।
- ১২.৪ প্রকল্পটি সমাপ্ত হয় জুন, ২০১৫ সালে। প্রকল্প সমাপ্তির পর আইএমইডিতে ০৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের কথা থাকলেও আইএমইডিতে পিসিআর পাওয়া যায় প্রায় ১ বছর ০৫ মাস পরে (নভেম্বর, ২০১৬-এ), পিসিআর প্রেরণে এত বিলম্ব ঘটা সমীচীন নয়।

১৩। সুপারিশঃ

- ১৩.১ মূল প্রকল্পটি মোট ৩ বৎসর মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের মেয়াদ আরও ৩(তিন) বছর বৃদ্ধি করা হয়েছে। ফলে মেয়াদ বৃদ্ধি হয়েছে ১০০%। সাধারণভাবে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির কথা বলা হলেও কিছু খাতে যেমন: বেতন/ভাতা, যানবাহন, পরিচালন/রক্ষণাবেক্ষন ইত্যাদি খাতের ব্যয় সময় বৃদ্ধির সাথে সাথে বৃদ্ধি পায়। এছাড়া সময় বৃদ্ধির সাথে সাথে ইতোমধ্যে ব্যয়িত অর্থের উপযোগীতা প্রাপ্তি বিলম্বিত হয়। তাই অতি আবশ্যিক না হলে অন্যান্য প্রকল্পের ক্ষেত্রে মেয়াদ বৃদ্ধির এ সংস্কৃতি পরিহার করা প্রয়োজন;
- ১৩.২ প্রকল্প এলাকায় মাটি নরম হওয়ায় প্রকল্পটি বাস্তবায়নে যথেষ্ট বিঘ্নের সৃষ্টি হয়েছে। তাই ভবিষ্যতে কোন প্রকল্পের নির্মাণ কাজ সম্পন্ন করার ক্ষেত্রে পূর্বাঙ্কে মৃত্তিকা পরীক্ষাসহ অন্যান্য সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণ করতে হবে এবং তার নিরিখে নক্সা ও কর্মপরিকল্পনা নির্ধারণ করতে হবে;
- ১৩.৩ প্রকল্পের External অডিট গত ২৫-০৭-২০১০ ও ১৩-০৯-২০১২ তারিখে সম্পন্ন হয়েছে এবং অডিট কার্যক্রমে ৫টি বিষয়ে আপত্তি ছিল যা নিষ্পত্তি করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। প্রকল্পের External অডিট প্রতিবেদন আইএমইডি'তে জরুরী ভিত্তিতে প্রেরণ করতে হবে;
- ১৩.৪ ভবিষ্যতে কোন প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) আইএমইডিতে আবশ্যিকভাবে প্রেরণ করার ব্যাপারে মন্ত্রণালয়কে কার্যকরী ভূমিকা পালন করতে হবে;

“সেকেন্ডারী এডুকেশন স্টাইপেন্ড প্রজেক্ট (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৪)

- ১। প্রকল্পের নামঃ “সেকেন্ডারী এডুকেশন স্টাইপেন্ড প্রজেক্ট (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্প
- ২। (ক) প্রশাসনিক মন্ত্রণালয়ঃ শিক্ষা মন্ত্রণালয়।
(খ) বাস্তবায়নকারী সংস্থাঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
- ৩। প্রকল্পের অবস্থানঃ সমগ্র বাংলাদেশ

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|----------------------|----------------------------------|--------------|---------------------------|---------------------------------|--------------------------------|---------------------------------------|--|
| মূল মোট টাকা প্রঃসাঃ | সর্বশেষ সংশোধিত মোট টাকা প্রঃসাঃ | | মূল | সর্বশেষ সংশোধিত (মেয়াদ বৃদ্ধি) | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৯১৪২৫.২২ | ১১৭১৩৫.০৩ | ১১৩৯৫৪.৯৪ | জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৩ | জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৪ | জুলাই, ২০০৯ হতে ডিসেম্বর, ২০১৪ | ২২৫২৯.৭২ (২৪.৬২%) | ১ বছর ৬মাস (৩৭.৫%) |
| -- | -- | | | | | | |

৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সর্বশেষ অনুমোদিত প্রকল্প অনুযায়ী কাজের অংগ | একক | সর্বশেষ অনুমোদিত প্রকল্প অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|-----------|---|--------------|--|--------------|-------------------|---------------------|
| | | | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০১. | জনবল (পিআইইউ) এর বেতন ভাতা | ৩২ জন | ৪৩৬.৮৮ | ৩২ জন | ৪০৮.০৫ | ৩২ জন (১০০%) |
| ০২. | টিএ এন্ড ডিএ | থোক | ১৬০.৭১ | থোক | ১৫২.৮৭ | থোক |
| ০৩. | মাঠ পর্যায়ের অফিস ভাড়া | ৩০৬টি উপজেলা | ৩৫.৬৫ | ৩০৬টি উপজেলা | ৩৫.৬৫ | ৩০৬টি উপজেলা (১০০%) |
| ০৪. | টেলিফোন ও ইলেকট্রনিক যোগাযোগ | থোক | ৪৫.০০ | থোক | ৪৩.১৫ | থোক |
| ০৫. | উপজেলা মাধ্যমিক অফিসের বিদ্যুৎ বিল | ৩০৬টি উপজেলা | ২০.৭২ | ৩০৬টি উপজেলা | ২০.৭২ | ৩০৬টি উপজেলা (১০০%) |
| ০৬. | যানবাহনের জ্বালানী | থোক | ২৩৭.৬৯ | থোক | ২৩৪.৫৭ | থোক |
| ০৭. | ব্যাংক সার্ভিস চার্জ | থোক | ২৮০৩.৭৪ | থোক | ২৬৯৩.৬৮ | থোক |
| ০৮. | শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা এবং | থোক | ৩৯২.৩২ | থোক | ২৮৬.০১ | থোক |

| ক্রমিক নং | সর্বশেষ অনুমোদিত প্রকল্প অনুযায়ী কাজের অংগ | একক | সর্বশেষ অনুমোদিত প্রকল্প অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|--------------|--|-------|---|------------|-----------------------|------------|
| | | | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) |
| | জবাবদিহিতা | | | | | |
| ০৯. | ডাটা কালেকশন এ্যানালাইসিস প্রসেসিং এন্ড মনিটরিং | থোক | ১৫৯.৫৯ | থোক | ১৫১.৭৭ | থোক |
| ১০. | বিবিধ/কন্টিনজেন্সি | থোক | ৩০৯.৯৩ | থোক | ৩০৬.৩৩ | থোক |
| ১১. | মেরামত ও পুনর্বাসন | থোক | ৫০.১৮ | থোক | ৪৫.১২ | থোক |
| ১২. | টিউশন ফি | জন | ১৪৫৩০.০৪ | ৮৩৫৭৪২১ জন | ১৪১৩৬.৩৫ | ৭৬.৭০ |
| ১৩. | দরিদ্র ছাত্র-ছাত্রীদের জন্য উপবৃত্তি | জন | ৯৭৫৬৪.৪৩ | ৮৩৫৭৪২১ জন | ৯৫০৫২.৫২ | ৭৬.৭০ |
| ১৪. | যানবাহন ক্রয় (মোটর সাইকেল ২৮৭টি, জীপ-১টি, এবং বাইসাইকেল- ৩০৬টি) | ৫৯২টি | ৩৪৮.৪৫ | ৫৯২টি | ৩৪৮.৪৫ | ৫৯৫টি |
| ১৫. | যান্ত্রপাতি (পিআইইউ ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস) | ১০৫টি | ৩১.২৭ | ১০৫টি | ৩১.২৭ | ১০৫টি |
| ১৬. | আসবাবপত্র (পিআইইউ ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস) | ১৬২টি | ৮.৪৩ | ১৬২টি | ৮.৪৩ | ১৬২টি |
| | মোট = | | ১১৭১৩৫.০ ৩ | -- | ১১৩৯৫৪.৯৪ (৯৭.২৯%) | ১০০% |

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই মর্মে জানা গেছে।

৭। সাধারণ পর্যবেক্ষণঃ

৭.১। **পটভূমিঃ** বাংলাদেশে নারীশিক্ষা প্রসারের উদ্দেশ্যে ১৯৯৪ সালে মাধ্যমিক স্তরে ছাত্রী উপবৃত্তি কার্যক্রম চালু করা হয়। বর্তমানে মাধ্যমিক স্তরে ৩টি ও উচ্চ মাধ্যমিক স্তরে ১টি প্রকল্পের মাধ্যমে সারাদেশে উপবৃত্তি কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রচলিত উপবৃত্তি কার্যক্রমের সীমাবদ্ধতার নিরীখে দেখা যায় বিশেষ ব্যবস্থা ছাড়া অতিদরিদ্র পরিবারের শিক্ষার্থীদের উপবৃত্তির আওতায় সুবিধা প্রদান করা সম্ভব হচ্ছে না। এই সীমাবদ্ধতা অতিক্রম করার জন্য অতি দরিদ্র শিক্ষার্থীদের জন্য বিশেষ ব্যবস্থা প্রো-পুওর (pro-poor approach) উপবৃত্তি প্রদানের জন্য আলোচ্য প্রকল্প গ্রহণ করা হয়। ঢালাওভাবে সকল শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান না করে প্রতিষ্ঠানভিত্তিক একটি কমিটির মাধ্যমে কিছু সুস্পষ্ট নীতি/নির্দেশক অনুসরণ করে অতি দরিদ্র শিক্ষার্থী নির্বাচন করা হয়। নির্বাচনের পর পরীক্ষায় প্রাপ্ত নম্বর, শ্রেণীতে উপস্থিতির হার ও বৈবাহিক অবস্থার বিবেচনা করে উপবৃত্তি প্রদান করা হয়।

৭.২। প্রকল্পের উদ্দেশ্যঃ

- (ক) উপবৃত্তি প্রদানের মাধ্যমে মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করা;
- (খ) মাধ্যমিক পর্যায়ে শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং নারীর ক্ষমতায়নে সহায়তা করা;
- (গ) উপবৃত্তি গ্রহণকারী শিক্ষার্থীদের বিশেষভাবে মেয়েদের উদ্বুদ্ধকরণের মাধ্যমে এসএসসি ও দাখিল পাস পর্যন্ত বিবাহ করা থেকে বিরত রেখে জনসংখ্যা বৃদ্ধি নিয়ন্ত্রনে সহায়তা করা;।
- (ঘ) আর্থ-সামাজিক উন্নয়নে মেয়েদের অংশগ্রহণ বৃদ্ধি করা;
- (ঙ) প্রতিবন্ধী শিক্ষার্থীদের বিশেষ সহায়তা করা; এবং
- (চ) স্ব-কর্মসংস্থান বৃদ্ধি করে দারিদ্র দূরিকরণ

৭.৩। **অনুমোদন পর্যায়ঃ** আলোচ্য প্রকল্পটি মোট ৬৮৭৯২.৯৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৯ হতে জুন, ২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০১/১০/২০১৩ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে মোট প্রাক্কলিত ব্যয় ১১৭১৩৫.০৩ লক্ষ টাকা নির্ধারণপূর্বক জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি সংশোধন করা হয়। অতঃপর, ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ৬ (ছয়) মাস বর্ধিত করে ডিসেম্বর, ২০১৪ এ প্রকল্পটি সমাপ্ত করা হয়।

৭.৪। **প্রকল্পের মূল কার্যক্রমঃ** প্রকল্পের মূল কার্যক্রমগুলো হলো- জনবল (পিআইইউ) এর বেতন ভাতা , টিএ এন্ড ডিএ , মাঠ পর্যায়ের অফিস ভাড়া , টেলিফোন ও ইলেকট্রনিক যোগাযোগ , উপজেলা মাধ্যমিক অফিসের বিদ্যুৎ বিল , যানবাহনের জ্বালানী, ব্যাংক সার্ভিস চার্জ , শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা এবং জবাবদিহিতা , ডাটা কালেকশন এ্যানালাইসিস প্রসেসিং এন্ড মনিটরিং, বিবিধ/কন্টিনজেন্সি, মেরামত ও পুনর্বাসন , টিউশন ফি , দরিদ্র ছাত্র-ছাত্রীদের জন্য উপবৃত্তি , যানবাহন ক্রয় (মোটর সাইকেল ২৮৭টি, জীপ-১টি, এবং বাইসাইকেল-৩০৬টি), যান্ত্রপাতি (পিআইইউ ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস), আসবাবপত্র (পিআইইউ ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস) ইত্যাদি।

এছাড়া, দেশের প্রত্যন্ত অঞ্চলে ও গ্রামে মায়েদের মধ্যে বিভিন্ন বিষয়ে, যেমন, যৌতুক রোধ, বাল্যবিবাহ বন্ধ, ইভটিজিং সর্বোপরি শিক্ষা প্রসারে তাদের সচেতনতা ও ভূমিকা সম্পর্কে গণজাগরণের লক্ষ্যে বিদ্যালয়সমূহে মা সমাবেশ হয়। এছাড়া প্রকল্পের সাথে সংশ্লিষ্ট সকল সুবিধাভোগীর মধ্যে সচেতনতা ও তাদের ভূমিকাকে আরো জোরদার করার লক্ষ্যে জেলা ও উপজেলায় কর্মশালার আয়োজন করা হয়।

৭.৫। **প্রকল্প ব্যবস্থাপনাঃ** প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | মন্তব্য |
|---------|----------------------------------|----------------|--------------------|------------|
| ১। | জনাব মোঃ আফজাল হোসাইন উপ-সচিব | ১৫-১১-২০০৯ | ৩১-১২-২০১৪ | পূর্ণকালীন |

৭.৬। **প্রকল্প পরিদর্শনঃ** আলোচ্য প্রকল্পের আওতায় বান্দরবান জেলায় গৃহীত কার্যক্রম গত ০৬-০৮-২০১৬ তারিখে, সিলেট জেলায় গৃহীত কার্যক্রম গত ০২-০১-২০১৬ তারিখে, ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলার এবং মুন্সিগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলার গৃহীত কার্যক্রম ০৭/০৫/২০১৬ তারিখে এবং সিরাজগঞ্জ জেলায় গৃহীত কার্যক্রম গত ০৭-০৬-২০১৪ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন নকালে প্রকল্প পরিচালক, শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রকল্পটির আওতায় পরিদর্শনকৃত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিবরণ নিম্নরূপঃ

৭.৭.১ **সিরাজগঞ্জ জেলার কার্যক্রম:**

১) উল্লাপাড়া আদর্শ উচ্চ বিদ্যালয়ঃ এ প্রতিষ্ঠানে মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা ১৮৯ জন। এ প্রতিষ্ঠানে উপবৃত্তি, পরীক্ষার ফি ও টিউশন ফি বাবদ ১৮৯ জন শিক্ষার্থীকে জানুয়ারি-জুন, ২০১৩ সালে ১৫৬৩৩০.০০ টাকা, ১৮৯ জন শিক্ষার্থীকে জুলাই-ডিসেম্বর, ২০১৩ সালে ১৮৫৩১০.০০ টাকা, উপবৃত্তি হিসেবে প্রদান করা হয়েছে।

২) খন্দকার আব্দুল মজিদ উচ্চ বিদ্যালয়, উল্লাপাড়া : এ প্রতিষ্ঠানে উপবৃত্তি, পরীক্ষার ফি ও টিউশন ফি বাবদ ১৭৪ জন শিক্ষার্থীকে জানুয়ারি-জুন, ২০১৩ সালে ১৪১৯৩০.০০ টাকা, ১৭০ জন শিক্ষার্থীকে জুলাই-ডিসেম্বর, ২০১৩ সালে ১৭২০৮০.০০ টাকা, উপবৃত্তি হিসেবে প্রদান করা হয়েছে।

৩) শাহজাদপুর মডেল পাইলট উচ্চ বিদ্যালয় : এ প্রতিষ্ঠানে উপবৃত্তি, পরীক্ষার ফি ও টিউশন ফি বাবদ ১৮৬ জন শিক্ষার্থীকে জানুয়ারি-জুন, ২০১৩ সালে ১৫৩৮১০.০০ টাকা, ১৮৬ জন শিক্ষার্থীকে জুলাই-ডিসেম্বর, ২০১৩ সালে ১৯৪১৩০.০০ টাকা, ২১৬ জন শিক্ষার্থীকে জানুয়ারি-জুন, ২০১৪ সালে ১৭৮৩৮০.০০ টাকা এবং ১৬৩ জন শিক্ষার্থীকে জুলাই-ডিসেম্বর, ২০১৪ সালে ১৫৪৩৫০.০০ টাকা উপবৃত্তি হিসেবে প্রদান করা হয়েছে।

৪) শাহজাদপুর ইব্রাহিম পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ : এ প্রতিষ্ঠানে উপবৃত্তি, পরীক্ষার ফি ও টিউশন ফি বাবদ ৪৮০ জন শিক্ষার্থীকে জানুয়ারি-জুন, ২০১৩ সালে ৩৮৭৫৭০.০০ টাকা, ৪৭৫ জন শিক্ষার্থীকে জুলাই-ডিসেম্বর,

২০১৩ সালে ৪৬২১৮০.০০ টাকা, ৫৫০ জন শিক্ষার্থীকে জানুয়ারি-জুন, ২০১৪ সালে ৪৫০৬০০.০০ টাকা এবং ৪৮৩ জন শিক্ষার্থীকে জুলাই-ডিসেম্বর, ২০১৪ সালে ৪৬৬০৫০.০০ টাকা উপবৃত্তি হিসেবে প্রদান করা হয়েছে।

৫) **তালগাছী আবু ইছহাক উচ্চ বিদ্যালয়, শাহজাদপুর :** এ বিদ্যালয়টিতে মোট ছাত্র-ছাত্রী সংখ্যা ১৮৬১ জন ও শিক্ষক সংখ্যা ৪১ জন। এ প্রতিষ্ঠানে উপবৃত্তি, পরীক্ষার ফি ও টিউশন ফি বাবদ ১৫২ জন শিক্ষার্থীকে জানুয়ারি-জুন, ২০১৩ সালে ১২২৮৮০.০০ টাকা, ১৪৯ জন শিক্ষার্থীকে জুলাই-ডিসেম্বর, ২০১৩ সালে ১৪২৫০০.০০ টাকা, ১৬৭ জন শিক্ষার্থীকে জানুয়ারি-জুন, ২০১৪ সালে ১৩৮৪৮০.০০ টাকা এবং ১৪৯ জন শিক্ষার্থীকে জুলাই-ডিসেম্বর, ২০১৪ সালে ১৪৮৮৬০.০০ টাকা উপবৃত্তি হিসেবে প্রদান করা হয়েছে।

৭.৭.২ মুন্সীগঞ্জ জেলার কার্যক্রম:

১) ইছাপুরা মডেল উচ্চবিদ্যালয় সিরাজদিখান, মুন্সীগঞ্জঃ এ বিদ্যালয়টি স্থাপিত হয়েছে ১৮৯২ সালে। এ বিদ্যালয়টিতে মোট ছাত্র-ছাত্রী সংখ্যা ১৮৬১ জন ও শিক্ষক সংখ্যা ৪১ জন। এ প্রতিষ্ঠানে উপবৃত্তি, পরীক্ষার ফি ও টিউশন ফি বাবদ ৩৩১ জন শিক্ষার্থীকে জানুয়ারি-জুন, ২০১৩ সালে ২৬৮৩৫০.০০ টাকা, ৩৩১ জন শিক্ষার্থীকে জুলাই-ডিসেম্বর, ২০১৩ সালে ২৯৮৫৯০.০০ টাকা, ৩৩৭ জন শিক্ষার্থীকে জানুয়ারি-জুন, ২০১৪ সালে ২৭৫৫৮০.০০ টাকা এবং ২৬৪ জন শিক্ষার্থীকে জুলাই-ডিসেম্বর, ২০১৪ সালে ২৫২৯৯০.০০ টাকা উপবৃত্তি হিসেবে প্রদান করা হয়েছে।

৭.৭.৩ ঢাকা জেলার কার্যক্রম:

১) শান্তা মডেল উচ্চ বিদ্যালয়, কেরানীগঞ্জ, ঢাকাঃ এ বিদ্যালয়টি স্থাপিত হয়েছে ১৯৭২ সালে। এ বিদ্যালয়টিতে মোট ছাত্র- ছাত্রী সংখ্যা ৭৯৮ জন ও শিক্ষক সংখ্যা ২০ জন। এ প্রতিষ্ঠানে উপবৃত্তি, পরীক্ষার ফি ও টিউশন ফি বাবদ ১২৮ জন শিক্ষার্থীকে জানুয়ারি-জুন, ২০১৩ সালে ১০২৭২০.০০ টাকা, ১২৮ জন শিক্ষার্থীকে জুলাই-ডিসেম্বর, ২০১৩ সালে ১২৯১৮০.০০ টাকা, উপবৃত্তি হিসেবে প্রদান করা হয়েছে।

৭.৭.৪ সিলেট জেলার কার্যক্রম:

(১) **এ আরএস মাধ্যমিক বালিকা বিদ্যালয় সিলেটঃ** বিদ্যালয়টি ১৯৭১ সালে প্রতিষ্ঠিত হয়েছে। বিদ্যালয়ের মোট ছাত্রী সংখ্যা ১২০০ জন এবং মোট শিক্ষক সংখ্যা ২২ জন। এ প্রতিষ্ঠানে জানুয়ারী-জুন, ২০১৩ সময়ে ১৮৬ জন ছাত্র-ছাত্রীকে মোট ১৩৫১৮০.০০ টাকা উপবৃত্তি হিসেবে প্রদান করা হয়েছে।

(২) **শাহজালাল উপশহর হাইস্কুল, সিলেটঃ** বিদ্যালয়টি ১৯৯৯ সালে প্রতিষ্ঠিত হয়েছে। বিদ্যালয়ের মোট ছাত্র-ছাত্রী সংখ্যা ১১০০ জন এবং মোট শিক্ষক সংখ্যা ২৯ জন। এ প্রতিষ্ঠানে উপবৃত্তি, পরীক্ষার ফি ও টিউশন ফি বাবদ ১৭৩ জন শিক্ষার্থীকে জানুয়ারি-জুন, ২০১৩ সালে ১৩৯৪৭০.০০ টাকা, ১৭১ জন শিক্ষার্থীকে জুলাই-ডিসেম্বর, ২০১৩ সালে ১৬৬৪১০.০০ টাকা, উপবৃত্তি হিসেবে প্রদান করা হয়েছে।

(৩) **আম্বরখানা গার্লস স্কুল এ্যান্ড কলেজ, সিলেটঃ** বিদ্যালয়টি ১৯৭৩ সালে প্রতিষ্ঠিত হয়েছে। বিদ্যালয়ের মোট ছাত্রী সংখ্যা ১২৬০ জন এবং মোট শিক্ষক সংখ্যা ২৫ জন। এ প্রতিষ্ঠানে উপবৃত্তি, পরীক্ষার ফি ও টিউশন ফি বাবদ ৩৮১ জন শিক্ষার্থীকে জানুয়ারি-জুন, ২০১৩ সালে ৩১৬৭১০.০০ টাকা, ৩৫৪ জন শিক্ষার্থীকে জুলাই-ডিসেম্বর, ২০১৩ সালে ৩৭৯১৭০.০০ টাকা, উপবৃত্তি হিসেবে প্রদান করা হয়েছে।

(৪) **রানাপিং আদর্শ উচ্চ বিদ্যালয় সিলেটঃ** বিদ্যালয়টি ১৯৮৭ সালে প্রতিষ্ঠিত হয়েছে। বিদ্যালয়ের মোট ছাত্র-ছাত্রী সংখ্যা ৫৩৭ জন এবং মোট শিক্ষক সংখ্যা ১৩ জন। এ প্রতিষ্ঠানে উপবৃত্তি, পরীক্ষার ফি ও টিউশন ফি বাবদ ১৮১ জন শিক্ষার্থীকে জানুয়ারি-জুন, ২০১৩ সালে ১৪৯৯১০.০০ টাকা, ১৮১ জন শিক্ষার্থীকে জুলাই-ডিসেম্বর, ২০১৩ সালে ১৯২৭৫০.০০ টাকা, উপবৃত্তি হিসেবে প্রদান করা হয়েছে।

৭.৭.৫ বান্দরবান জেলার কার্যক্রম:

১) **রেইছা উচ্চ বিদ্যালয় বান্দরবান:** এ প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত হয়েছে ১৯৯৯ সালে। প্রতিষ্ঠানের মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা ৩১৬ জন এবং মোট শিক্ষক সংখ্যা ১০ জন। এ প্রতিষ্ঠানে জানুয়ারী-জুন, ২০১৩ সময়ে ৫৮ জন ছাত্র-ছাত্রীকে মোট ৪১৭৬০.০০ টাকা উপবৃত্তি হিসেবে প্রদান করা হয়েছে।

২) সুয়ালক উচ্চ বিদ্যালয়, বান্দরবান:এ প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত হয়েছে ১৯৮৪ সালে। প্রতিষ্ঠানের মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা ৫৮৩ জন এবং মোট শিক্ষক সংখ্যা ১২ জন। এ প্রতিষ্ঠানে জানুয়ারী-জুন, ২০১৩ সময়ে ৭৮ জন ছাত্রীকে মোট ৫৬১৬০.০০ টাকা উপবৃত্তি হিসেবে প্রদান করা হয়েছে।

৭.৭। মূল্যায়ন পদ্ধতি (Methodology) : মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়ণে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

- (ক) ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
- (খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
- (গ) PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- (ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং
- (ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৮.০। প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতিঃ

৮.১। আর্থিক অগ্রগতিঃ শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত সর্বশেষ প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্প মেয়াদে ১১৭১৩৫.০৩ লক্ষ টাকা শিক্ষা মন্ত্রণালয় হতে অবমুক্ত হয় ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ১১৩৯৫৪.৯৪ লক্ষ টাকা (৯৭.২৯%) এবং প্রকল্পের বাস্তব অগ্রগতিও ১০০% সম্পন্ন হয়েছে। অব্যয়িত ৩১৮০.০৯ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে মর্মে প্রকল্প অফিস হতে জানা যায়। তবে চালানের কপি পিসিআর এর সাথে সংযুক্ত করা হয়নি। প্রকল্পটির অনুকূলে ২০০ ৯-১০ হতে ২০১৪-২০১৫ অর্থবছর পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

| আর্থিক বৎসর | সংশোধিত বরাদ্দ | অবমুক্ত | ব্যয় |
|-------------|------------------|------------------|---------------------------|
| | মোট টাকা | টাকা | মোট |
| ২০০৯-১০ | ১৪১০০.০০ | ১৪১০০.০০ | ১২৭১৮.৭৮ |
| ২০১০-১১ | ৩১৫২৭.০০ | ৩০৮৩১.৭৮ | ৩০৫০৭.২৪ |
| ২০১১-১২ | ২৩১০০.০০ | ২৩১০০.০০ | ২২৬২৯.৯৮ |
| ২০১২-১৩ | ২৪৬৩২.০০ | ২৪৬৩২.০০ | ২৩৭৮৫.৬০ |
| ২০১৩-১৪ | ২৪৪০০.০০ | ২৪৩৯৬.২৫ | ২৪২৫৫.৫২ |
| ২০১৪-১৫ | ১০০.০০ | ৭৫.০০ | ৫৭.৮২ |
| মোট | ১১৭১৩৫.০৩ | ১১৭১৩৫.০৩ | ১১৩৯৫৪.৯৪ (৯৭.২৯%) |

৮.২। প্রধান প্রধান অংশের আর্থিক ও বাস্তব অগ্রগতির বিশ্লেষণঃ প্রকল্পটির অগ্রগতি সম্পর্কিত সর্বশেষ প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী আর্থিক অগ্রগতি ১১৩৯৫৪.৯৪ (৯৭.২৯%) ও বাস্তব অগ্রগতি হয়েছে ১০০%। প্রকল্পটির অঙ্গাভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলঃ

৮.২.১ জনবল (পিআইইউ) এর বেতন ভাতা: ডিপিপি'র সংস্থান অনুযায়ী ৩২ জনবল (পিআইইউ) এর বেতন ভাতা বাবদ ৪৩৬.৮৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪০৮.০৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ও বাস্তব অগ্রগতি যথাক্রমে ৯৩.৪০% এবং ১০০% সম্পন্ন হয়েছে।

৮.২.২ টিএ এন্ড ডিএ : ডিপিপি'র সংস্থান অনুযায়ী টিএ এন্ড ডিএ বাবদ ১৬০.৭১ লক্ষ টাকা খোক বরাদ্দের বিপরীতে ১৫২.৮৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৫.১২% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.৩ টেলিফোন ও ইলেকট্রনিক যোগাযোগ : ডিপিপি'র সংস্থান অনুযায়ী টেলিফোন ও ইলেকট্রনিক যোগাযোগ বাবদ খোক ৪৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪৩.১৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ এ খাতে আর্থিক অগ্রগতি ৯৬% এবং বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে মর্মে জানা যায়।

৮.২.৪ শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা এবং জবাবদিহিতা : শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা এবং জবাবদিহিতা বাবদ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ৩৯২.৩২ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৮৬.০১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৭৩% অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০%।

- ৮.২.৫ মেরামত ও পুনর্বাসন : ডিপিপি'র সংস্থান অনুযায়ী মেরামত ও পুনর্বাসন বাবদ ৫০.১৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪৫.১২ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯০% এবং বাস্তব অগ্রগতি ১০০%।
- ৮.২.৬ টিউশন ফি : ডিপিপি'র সংস্থান অনুযায়ী ৮৩৫৭৪২১ জনের টিউশন ফি বাবদ ১৪৫৩০.০৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৪১৩৬.৩৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৭% এবং বাস্তব অগ্রগতি ৭৬.৭০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.৭ দরিদ্র ছাত্র-ছাত্রীদের জন্য উপবৃত্তি : এ খাতে ৮৩৫৭৪২১ জন দরিদ্র ছাত্র-ছাত্রীদের জন্য উপবৃত্তি বাবদ ডিপিপি'র সংস্থান অনুযায়ী ৯৭৫৬৪.৪৩ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৯৫০৫২.৫২ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৭.৪৩% এবং বাস্তব অগ্রগতি ৭৬.৭০%।
- ৮.২.৮ যানবাহন ক্রয় : ডিপিপি'র সংস্থান অনুযায়ী ৫৯২ টি যানবাহন ক্রয় (মোটর সাইকেল ২৮৭টি, জীপ-১টি, এবং বাইসাইকেল-৩০৬টি) বাবদ ৩৪৮.৪৫ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৫৯২টি যানবাহন ক্রয় করা হয়েছে এবং এখাতে বরাদ্দকৃত অর্থের পুরোটাই ব্যয় করা হয়েছে। অর্থাৎ এ খাতে আর্থিক এবং বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৮.২.৯ যন্ত্রপাতি (পিআইইউ ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস) : এ খাতে ১০৫টি যন্ত্রপাতি সংগ্রহ (পিআইইউ ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস) বাবদ ৩১.২৭ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১০৫টি যন্ত্রপাতি ক্রয় বাবদ ৩১.২৭ লক্ষ টাকার পুরোটাই ব্যয় করা হয়েছে। অর্থাৎ আর্থিক অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০%।
- ৮.২.১০ আসবাবপত্র (পিআইইউ ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস) : ডিপিপি'র সংস্থান অনুযায়ী ১২১টি আসবাবপত্র (পিআইইউ ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস) ক্রয় বাবদ ৮.৪৩ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১২১টি আসবাবপত্র ক্রয় বাবদ বরাদ্দকৃত লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক এবং বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৯। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জন |
|--|--|
| (ক) উপবৃত্তি প্রদানের মাধ্যমে মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করা; | (ক) উপবৃত্তি প্রদানের মাধ্যমে মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; |
| (খ) মাধ্যমিক পর্যায়ে শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং নারীর ক্ষমতায়নে সহায়তা করা; | (খ) মাধ্যমিক পর্যায়ে শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং নারীর ক্ষমতায়নে সহায়তা করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; |
| (গ) উপবৃত্তি গ্রহণকারী শিক্ষার্থীদের বিশেষভাবে মেয়েদের উদ্বুদ্ধকরণের মাধ্যমে এসএসসি ও দাখিল পাস পর্যন্ত বিবাহ করা থেকে বিরত রেখে জনসংখ্যা বৃদ্ধি নিয়ন্ত্রনে সহায়তা করা; | (গ) উপবৃত্তি গ্রহণকারী শিক্ষার্থীদের বিশেষভাবে মেয়েদের উদ্বুদ্ধকরণের মাধ্যমে এসএসসি ও দাখিল পাস পর্যন্ত বিবাহ করা থেকে বিরত রেখে জনসংখ্যা বৃদ্ধি নিয়ন্ত্রনে সহায়তা করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; |
| (ঘ) আর্থ-সামাজিক উন্নয়নে মেয়েদের অংশগ্রহণ বৃদ্ধি করা; | (ঘ) আর্থ-সামাজিক উন্নয়নে মেয়েদের অংশগ্রহণ বৃদ্ধি পেয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; |
| (ঙ) প্রতিবন্ধী শিক্ষার্থীদের বিশেষ সহায়তা করা; এবং | (ঙ) প্রতিবন্ধী শিক্ষার্থীদের সহায়তা করা হয়েছে ; এবং |
| (চ) নবসৃষ্ট ৩ টি উপজেলাসহ মোট ৩০৫টি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের যন্ত্রপাতি ও সরঞ্জামাদির ব্যবস্থা করে উপজেলা মাধ্যমিক শিক্ষা কাঠামোকে শক্তিশালী করা। | (চ) নবসৃষ্ট ৩ টি উপজেলাসহ মোট ৩০৫টি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের যন্ত্রপাতি ও সরঞ্জামাদির ব্যবস্থা করে উপজেলা মাধ্যমিক শিক্ষা কাঠামোকে শক্তিশালী করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। |

১০। উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণ : প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে।

১১.০। প্রকল্পের প্রভাব : নারী শিক্ষা বিস্তারকল্পে জাতীয় ভিত্তিতে মাধ্যমিক পর্যায়ে গৃহীত ছাত্রী উপবৃত্তি প্রদানের লক্ষ্যে প্রকল্পটি বাস্তবায়ন করা হয়। মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর-এ উল্লেখ করা হয়েছে যে, আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের ফলে এসএসসি পাশ ছাত্রীদেরকে উপবৃত্তিসহ বই-পুস্তক ক্রয় এবং পরীক্ষার ফি প্রদানের মাধ্যমে মাধ্যমিক পর্যায়ের ছাত্রীদের ভর্তির হার উন্নীত হয়েছে; শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং নারীর ক্ষমতায়নে সহায়তা ও বিজ্ঞান শিক্ষায় উৎসাহ সৃষ্টি করার লক্ষ্যে বর্ধিত হারে উপবৃত্তি ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদান করার ফলে ছাত্রীদের ড্রপ-আউটের হার হ্রাস পেয়েছে। নবসৃষ্ট ৩টি উপজেলাসহ মোট ৩০৫টি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের যন্ত্রপাতি ও সরঞ্জামাদির ব্যবস্থা করে উপজেলা মাধ্যমিক শিক্ষা কাঠামো শক্তিশালী হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নে পরিবেশগত কোন প্রভাব পরিলক্ষিত হয়নি মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।

১২.০। সমস্যাঃ

১২.১ প্রকল্পটি বাস্তবায়নের ফলে শিক্ষার্থীর ড্রপ-আউটের হার হ্রাস, পাশের হার বৃদ্ধি এবং শিক্ষার গুণগতমান বৃদ্ধি ও আনুষঙ্গিক বিষয় সম্পর্কিত কোন সমীক্ষা পরিচালনা সংক্রান্ত তথ্য পিসিআরএ উল্লেখ নেই বা সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এ সম্পর্কে সুনির্দিষ্টভাবে জানাতে পারেননি;

১২.২ শিক্ষার্থীর সংখ্যা অত্যধিক হারে বেড়ে যাবার কারণে দেশের অতি দরিদ্র অঞ্চলের শিক্ষা প্রতিষ্ঠানে বৃত্তি প্রদানের জন্য শিক্ষার্থী বাছাই করা দুরূহ হয়ে পড়ে, সে ক্ষেত্রে উপবৃত্তি প্রদানের সংখ্যা অপরিাপ্ত বলে প্রতীয়মান হয়েছে;

১২.৩ দেশের মফস্বল এলাকায় উপবৃত্তির হার শহরের তুলনায় কম বলে প্রতীয়মান হয়।

১২.৪ প্রকল্পটি জুলাই ২০০৯ এ শুরু হয়ে জুন, ২০১৩ তে সমাপ্তির জন্য নির্ধারিত থাকলেও ডিসেম্বর, ২০১৪ এ সমাপ্ত হয়েছে। অপরদিকে মূল প্রকল্প ৯১৪২৫.২২ লক্ষ টাকায় অনুমোদিত হলেও প্রকৃতপক্ষে ১১৩৯৫৪.৯৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এর ফলে একদিকে যেমন ব্যয় বৃদ্ধি পেয়েছে অন্যদিকে প্রকল্পের সুফল পেতে বিলম্ব হয়েছে।

১২.৫ আলোচ্য প্রকল্পটি ডিসেম্বর , ২০১৪ এ সমাপ্ত হয়েছে। প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) আইএমইডিতে প্রেরণের কথা থাকলেও এ প্রকল্পের পিসিআর ৬ মাসের অধিক সময় পর অর্থাৎ ১২/০১/২০১৫ তারিখে আইএমইডিতে পাওয়া যায়।

১৩.০। সুপারিশঃ

১৩.১ প্রকল্পটি বাস্তবায়নের ফলে শিক্ষার্থীর ড্রপ-আউটের হার হ্রাস, পাশের হার বৃদ্ধি এবং শিক্ষার গুণগতমান বৃদ্ধি ও আনুষঙ্গিক বিষয় সম্পর্কিত কোন সমীক্ষা পরিচালনা করে সমীক্ষার ফলাফল আইএমইডি'র সঙ্গে শেয়ার করা যেতে পারে;

১৩.২ সরকারের শিক্ষা কার্যক্রম/ সুবিধা ক্রমবর্ধমান হারে বৃদ্ধির সাথে সাথে ছাত্র-ছাত্রীর সংখ্যাও ক্রমবর্ধমান হারে বৃদ্ধি পাচ্ছে। তাই এত বিপুল সংখ্যক শিক্ষার্থীর মধ্য হতে উপবৃত্তি প্রদানের জন্য শিক্ষার্থী বাছাই করা দুরূহ হয়ে পড়েছে। সে ক্ষেত্রে উপবৃত্তি প্রদানের সংখ্যা ভবিষ্যতে আরোও বৃদ্ধি করা যেতে পারে। এক্ষেত্রে দেশের কম সুবিধাপ্রাপ্ত মফস্বল এলাকায় উপবৃত্তির হার শহর এলাকার তুলনায় বৃদ্ধি করা যেতে পারে;

১৩.৩ উপবৃত্তি প্রদানের হিসাব প্রতিষ্ঠানভিত্তিক ডাটাবেইজ আকারে রেকর্ড হিসেবে সংরক্ষণ করতে হবে যাতে প্রয়োজনে ভবিষ্যতে এর প্রভাব মূল্যায়ন করা যায়;

১৩.৪ প্রকল্পটি জুলাই ২০০৯ এ শুরু হয়ে জুন, ২০১৩ তে সমাপ্তির জন্য নির্ধারিত থাকলেও ডিসেম্বর, ২০১৪ এ সমাপ্ত হয়েছে। অপরদিকে মূল প্রকল্প ৯১৪২৫.২২ লক্ষ টাকায় অনুমোদিত হলেও প্রকৃতপক্ষে ১১৩৯৫৪.৯৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এর ফলে একদিকে যেমন ব্যয় বৃদ্ধি পেয়েছে অন্যদিকে প্রকল্পের সুফল পেতে বিলম্ব হয়েছে। ফলে Time Over run ও Cost over run হয়েছে যা মন্ত্রণালয় ভবিষ্যতে নিয়ন্ত্রণ করবে;

১৩.৫ ভবিষ্যতে কোন প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) প্রনয়নপূর্বক তা আইএমইডিতে আবশ্যিকভাবে প্রেরণের বিষয়ে মন্ত্রণালয়কে কার্যকরী ভূমিকা পালন করতে হবে;

বাংলাদেশ পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষা সুবিধাদি উন্নয়নকল্পে বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় শীর্ষক প্রকল্পের
সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৫)

- ১.০। প্রকল্পের নামঃ “বাংলাদেশ পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষা সুবিধাদি উন্নয়নকল্পে বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়” শীর্ষক প্রকল্প।”
- ২.০। প্রশাসনিক মন্ত্রণালয়ঃ শিক্ষা মন্ত্রণালয়।
- ৩.০। বাস্তবায়নকারী সংস্থাঃ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
- ৪.০। প্রকল্পের অবস্থানঃ ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ইসলামিক বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (সিলেট), খুলনা বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (গাজীপুর), হাজী মোঃ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (দিনাজপুর), মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (টাঙ্গাইল), পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পটুয়াখালী), চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
- ৫.০। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|-------------------------------------|-------------------------------------|---|---|-------------------------------------|---|---------------------------------------|--|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | | |
| ২২৬৫০.০০ (জেডিসিএফ- ১০০০০.০০) | ২০৭৩০.০০ (জেডিসিএফ- ১০০০০.০০) | ১৭০০৩.৯৬ (জেডিসিএফ - ১০০০০.০০) | জানুয়ারী, ২০০ ৯ হতে জুন, ২০১২ | জানুয়ারী, ২০০৯ হতে জুন, ২০১৫ | জানুয়ারী, ২০০ ৯ হতে জুন, ২০১৫ | (-) ৩৭২৬.০৪ (৩৪%) | ৩৬ মাস (১০০%) |

নোট: বাংলাদেশ সরকারের অর্থায়ন ৭০০৩.৯৬ লক্ষ টাকা এবং জেডিসিএফ-১০০০০.০০ লক্ষ টাকায় প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে।

- ৬.০। **পটভূমিঃ** একটি দেশের উন্নয়নের প্রকৃতি ও ধরণ, উক্ত দেশের শিক্ষার ধরণ এবং গুণগত মানের উপর নির্ভর করে। বাংলাদেশ এর ব্যতিক্রম নয়। বাংলাদেশের উন্নয়নে উচ্চশিক্ষার ভূমিকা নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ। দেশে বর্তমানে ৮০টি বিশ্ববিদ্যালয় বিদ্যমান রয়েছে। (২৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়+৫৩টি প্রাইভেট বিশ্ববিদ্যালয়)। প্রায় ১০ লক্ষ ছাত্র-ছাত্রী এসব বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করে। পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহ সরকার প্রদত্ত অর্থে পরিচালিত হয়। বাংলাদেশ সরকার বিশ্ববিদ্যালয়সমূহকে যে অর্থ প্রদান করে তা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন চাহিদা পূরণে পর্যাপ্ত নয়। এর ফলে বিশ্ববিদ্যালয়সমূহের ল্যাবরেটরী যন্ত্রপাতি/সফটওয়্যার এবং বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় করা সম্ভব হয় না। বৈজ্ঞানিক এবং ল্যাবরেটরী যন্ত্রপাতির চাহিদা পূরণের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ২২৬৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০০৯ থেকে জুন, ২০১৫ মেয়াদে আলোচ্য প্রকল্পটি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে।

৬.১ **প্রকল্পের উদ্দেশ্যঃ**

(ক) ছাত্রদের অভিজ্ঞতা এবং দক্ষতাকে প্রগাঢ় করার লক্ষ্যে তাদেরকে সহায়তা প্রদান করা, যাতে তারা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখতে পারে;

(খ) আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির উন্নতির বিষয়ে সমসাময়িক জ্ঞান এবং অভিজ্ঞতা অর্জনের উদ্দেশ্যে ছাত্র-ছাত্রীদের

দক্ষতা বৃদ্ধি করা;

(গ) উচ্চ শিক্ষার ক্ষেত্রে বিভিন্ন বিষয়ে উচ্চতর গবেষণা এবং অধ্যয়নে সহযোগিতা করা।

৭.০। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|--------------|--|--------|---|--------|----------------------|----------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০১। | পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় | থোক | ১৬৯৫০.০০ | থোক | ১৬৯৫০.০০ (১০০%) | থোক (১০০%) |
| ০২। | কর্মকর্তাগণের বেতন ভাতাদি | থোক | ৪.০০ | ০৩ জন | ৪.০০ (১০০%) | ৩ জন (১০০%) |
| ০৩। | কর্মচাদিগণের বেতন ভাতাদি; | থোক | ৪.০০ | ০২ জন | ৪.০০ (১০০%) | ২ জন (১০০%) |
| ০৫। | পিআইইউ অফিসের স্টেশনারী; | লট | ৮.০০ | লট | ৮.০০ (১০০%) | লট |
| ০৬। | পিআইইউ অফিসের কনটিনজেন্সি; | থোক | ৩১.০০ | থোক | ৩০.৯৬ (১০০%) | থোক |
| ০৭। | পিআইইউ অফিসের ইকুইপমেন্ট; | সংখ্যা | ৩.০০ | ০৮টি | ৩.০০ (১০০%) | ০৮টি (১০০%) |
| ০৮। | পিআইইউ অফিসের আসবাবপত্র; | বঃমিঃ | ৪.০০ | ৬৬টি | ৪.০০ (১০০%) | ৬৬টি (১০০%) |
| ০৯। | সিডি ভ্যাটা। | থোক | ৩৭২৬.০০ | থোক | ০.০০ | থোক |
| | সর্বমোট= | | ২০৭৩০.০০ | ১০০% | ১৭০০৩.৯৬ (৮২.০৩%) | |

৮.০। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই মর্মে জানা গেছে।

৯.০ সাধারণ পর্যবেক্ষণঃ

৯.১ অনুমোদন পর্যায়ঃ আলোচ্য প্রকল্পটি ২২৬৫০.০০ লক্ষ (জিওবি-১২৬৫০.০০ লক্ষ ও জেডিসিএফ-১০০০০.০০ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি জানুয়ারী, ২০০৯ হতে জুন, ২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৭-১২-২০০৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে গত ২৫/১১/২০১৩ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের ডিপিইসি সভায় প্রকল্পের ব্যয় ১০% এর মধ্যে হ্রাস করে ২০৭.৩০ কোটি টাকায় নির্ধারণপূর্বক প্রকল্পটি সংশোধন করা হয় এবং ২ (দুই) দফায় (১ম দফায় ১ বছর ও ২য় দফায় ২ বছর) মোট ৩ (তিন) বছর ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন, ২০১৫ পর্যন্ত বর্ধিত করা হয়।

৯.২ প্রকল্পের মূল কার্যক্রমঃ

- ১৮ পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়;
- কর্মকর্তাগণের বেতন ভাতাদি;
- কর্মচাদিগণের বেতন ভাতাদি;
- পিআইইউ অফিসের ভাড়া;
- পিআইইউ অফিসের স্টেশনারী;
- পিআইইউ অফিসের কনটিনজেন্সি;

- পিআইইউ অফিসের ইকুইপমেন্ট;
- পিআইইউ অফিসের আসবাবপত্র;
- সিডি ভ্যাট।

৯.৩ প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | মন্তব্য |
|---------|--|----------------|--------------------|-----------|
| ১। | নূর মোহাম্মদ মোল্লা, উপ-পরিচালক, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন | ৩০/০৯/২০০৯ | ৩০/১২/২০১৪ | খন্ডকালীন |
| ২। | রোকসানা লায়লা, সিনিয়র সহকারী পরিচালক, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন | ২৭/০১/২০১৫ | ৩০/০৬/২০১৫ | খন্ডকালীন |

১০.০১ প্রকল্প পরিদর্শনঃ প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক ২৫-০৮-২০১৬, ০৩-০৯-২০১৬, ২৯-১০-২০১৬, ২৭-১০-২০১৬, তারিখে যথাক্রমে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (সিলেট); পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ও বিশ্ববিদ্যালয়সমূহের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সরেজমিনে পরিদর্শনে নিম্নলিখিত বিশ্ববিদ্যালয়সমূহের উল্লেখযোগ্য অংগসমূহ পরিদর্শন করা হয়েছে যার বিবরণ নিম্নরূপঃ

১০.১.১ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের আওতায় এ বিশ্ববিদ্যালয়ের মোট প্রাক্কলিত ব্যয় ৭৫০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে জুন, ২০১৫ পর্যন্ত ব্যয় হয়েছে ৭৫০.০০ লক্ষ টাকা (১০০%) এবং বাস্তবে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ডিপার্টমেন্টে নানা আইটেমের বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে যেমনঃ ডিজিটাল এলসিআর মিটার, উচ্চ তাপমাত্রার ফারনেস, ফাংশন জেনারেটর ইউপিএস বেটারী, এয়ার কম্প্রসার, ডেকস্টপ কম্পিউটার, লেজার জেট প্রিন্টার, স্ক্যানার, ম্যাল্টিমিডিয়া প্রজেক্টর, মাইক্রোসকোপ, ফটোকপিয়ার, এসি ভোল্ট মিটার, ডিজিটাল ওয়াট মিটার, ডিভিডি রাইটার ইত্যাদি।



১০.১.২ চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের আওতায় এ বিশ্ববিদ্যালয়ের মোট প্রাক্কলিত ব্যয় ৮১০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৮১০.০০ লক্ষ টাকা (১০০%) এবং বাস্তবে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ডিপার্টমেন্টে নানা আইটেমের বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে যেমনঃ ডিজিটাল এলসিআর মিটার, ফাংশন জেনারেটর ইউপিএস বেটারী, সিরামিক মটর এন্ড পেঙ্কেল, এয়ার কম্প্রসার, ডিভিডি রাইটার ডেকস্টপ কম্পিউটার, লেজার জেট প্রিন্টার, স্ক্যানার, ম্যাল্টিমিডিয়া প্রজেক্টর, মাইক্রোসকোপ, ফটোকপিয়ার, ডিজিটাল ম্যাল্টিমিটার, হাইড্রলিক টেস্টবেঞ্চ, এসি ভোল্ট মিটার ইত্যাদি।


১০.১.৩ রাজশাহী বিশ্ববিদ্যালয়ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের আওতায় এ বিশ্ববিদ্যালয়ের মোট প্রাক্কলিত ব্যয় ১৫১৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৫১৫.০০ লক্ষ টাকা (১০০%) এবং বাস্তবে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ডিপার্টমেন্টে নানা আইটেমের বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে যেমনঃ ফাংশন জেনারেটর ইউপিএস বেটারী, সিরামিক মটর এন্ড পেঙ্কেল, ডিজিটাল ম্যাল্টিমিটার, এসি ভোল্ট মিটার, ডিজিটাল ওয়াট মিটার, ডিজিটাল এলসিআর মিটার, ডেকস্টপ কম্পিউটার, লেজার জেট প্রিন্টার, স্ক্যানার, ম্যাল্টিমিডিয়া প্রজেক্টর, মাইক্রোসকোপ, ফটোকপিয়ার, ডিভিডি রাইটার ইত্যাদি।

- ১০.১.৪ রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের আওতায় এ বিশ্ববিদ্যালয়ের মোট প্রাক্কলিত ব্যয় ৭৮০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে জুন,২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৭৮০.০০ লক্ষ টাকা (১০০%)এবং বাস্তবে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ডিপার্টমেন্টে নানা আইটেমের বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে যেমনঃ ম্যাল্টিমিডিয়া প্রজেক্টর, এয়ার কম্প্রসার, ডিজিটাল ওয়াট মিটার, ডিজিটাল এলসিআর মিটার, উচ্চ তাপমাত্রার ফারনেস, ফাংশন জেনারেটর ইউপিএস বেটারী,ডেকস্টপ কম্পিউটার, লেজার জেট প্রিন্টার, স্ক্যানার, ডিভিডি রাইটার মাইক্রোসকোপ, ফটোকপিয়ার, ডিজিটাল ম্যাল্টিমিটার, হাইডলিক টেস্টবেঞ্চ, এসি ভোল্ট মিটার, ইত্যাদি।
- ১০.১.৫ খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের আওতায় এ বিশ্ববিদ্যালয়ের মোট প্রাক্কলিত ব্যয় ১০৬২.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে জুন,২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৭৯৫.০০ লক্ষ টাকা (১০০%)এবং বাস্তবে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ডিপার্টমেন্টে নানা আইটেমের বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে যেমনঃ ফটোকপিয়ার, ডিজিটাল ম্যাল্টিমিটার, হাইডলিক টেস্টবেঞ্চ, ডেকস্টপ কম্পিউটার, ফাংশন জেনারেটর ইউপিএস বেটারী, সিরামিক মটর এন্ড পেস্কেল, এয়ার কম্প্রসার, লেজার জেট প্রিন্টার, স্ক্যানার, ম্যাল্টিমিডিয়া প্রজেক্টর, মাইক্রোসকোপ, এসি ভোল্ট মিটার, ডিজিটাল ওয়াট মিটার, ডিজিটাল এলসিআর মিটার, উচ্চ তাপমাত্রার ফারনেস ইত্যাদি।
- ১০.১.৬ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (সিলেট)ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের আওতায় এ বিশ্ববিদ্যালয়ের মোট প্রাক্কলিত ব্যয় ৭৫০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে জুন,২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৭৫০.০০ লক্ষ টাকা (১০০%)এবং বাস্তবে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ডিপার্টমেন্টে নানা আইটেমের বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে যেমনঃ স্ক্যানার, ম্যাল্টিমিডিয়া প্রজেক্টর, মাইক্রোসকোপ, ফটোকপিয়ার, ডিজিটাল ম্যাল্টিমিটার, হাইডলিক টেস্টবেঞ্চ, ডিজিটাল এলসিআর মিটার, উচ্চ তাপমাত্রার ফারনেস, ফাংশন জেনারেটর ইউপিএস বেটারী, সিরামিক মটর এন্ড পেস্কেল, এয়ার কম্প্রসার, ডেকস্টপ কম্পিউটার, লেজার জেট প্রিন্টার, এসি ভোল্ট মিটার, ডিজিটাল ওয়াট মিটার, ডিভিডি রাইটার ইত্যাদি।
- ১০.১.৭ হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (দিনাজপুর)ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের আওতায় এ বিশ্ববিদ্যালয়ের মোট প্রাক্কলিত ব্যয় ৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে জুন,২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৫০০.০০ লক্ষ টাকা (১০০%)এবং বাস্তবে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ডিপার্টমেন্টে নানা আইটেমের বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে যেমনঃ মাইক্রোসকোপ, ফটোকপিয়ার, ডিজিটাল ম্যাল্টিমিটার, হাইডলিক টেস্টবেঞ্চ, ডিজিটাল ওয়াট মিটার, ডিজিটাল এলসিআর মিটার, ডেকস্টপ কম্পিউটার, লেজার জেট প্রিন্টার, স্ক্যানার, ম্যাল্টিমিডিয়া প্রজেক্টর, উচ্চ তাপমাত্রার ফারনেস, ফাংশন জেনারেটর ইউপিএস বেটারী, সিরামিক মটর এন্ড পেস্কেল, এয়ার কম্প্রসার ইত্যাদি।
- ১০.১.৮ পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের আওতায় এ বিশ্ববিদ্যালয়ের মোট প্রাক্কলিত ব্যয় ৩৭৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে জুন,২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৩৭৫.০০ লক্ষ টাকা (১০০%) এবং বাস্তবে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ডিপার্টমেন্টে নানা আইটেমের বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে

যেমনঃ ডিজিটাল এলসিআর মিটার, উচ্চ তাপমাত্রার ফারনেস, ফাংশন জেনারেটর, ইউপিএস বেটারী, সিরামিক মটর এন্ড পেস্কেল, ডেস্কটপ কম্পিউটার, স্ক্যানার, ম্যাল্টিমিডিয়া প্রজেক্টর, মাইক্রোসকোপ, ফটোকপিয়ার, ডিজিটাল ম্যাল্টিমিটার, হাইড্রলিক টেস্টবেঞ্চ, এসি ভোল্ট মিটার, ডিজিটাল ওয়াট মিটার, এয়ার কম্প্রেসার, ডিবিডি রাইটার ইত্যাদি।

প্রকল্পের আওতায় ক্রয়কৃত বৈজ্ঞানিক যন্ত্রপাতির কিছু চিত্র নিম্নরূপ:





চিত্র: প্রকল্পের আওতায় ক্রয়কৃত বিভিন্ন বৈজ্ঞানিক যন্ত্রপাতি

১১.০। মূল্যায়ন পদ্ধতি (**Methodology**)ঃ মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (**Methodology**) অনুসরণ করা হয়েছেঃ

- (ক) ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
- (খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
- (গ) PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- (ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং
- (ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১২.০। প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতিঃ

১২.১ আর্থিক অগ্রগতিঃ প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ছিল ২০৭৩০.০০ লক্ষ টাকা। শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ১৭০০৩.৯৬ লক্ষ টাকা (৮২.০৩%)। প্রকল্পটির অনুকূলে ২০০৮-২০০৯ হতে ২০১৪-২০১৫ পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

| আর্থিক বৎসর | অনুমোদিত মূল ডিপিপি'র সংস্থান | সংশোধিত অনুমোদিত ডিপিপি'র সংস্থান | সংশোধিত এডিপি বরাদ্দ | অবমুক্তি | ব্যয় |
|-------------|-------------------------------|-----------------------------------|----------------------|----------|----------------------|
| | | মোট | | | মোট |
| ২০০৮-০৯ | ৩০০০.০০ | ৩০০০.০০ | ৩০০০.০০ | ৩০০০.০০ | ৩০০০.০০ |
| ২০০৯-১০ | ৫৬৯৬.০০ | ৩২০০.০০ | ৩২০০.০০ | ৩২০০.০০ | ৩২০০.০০ |
| ২০১০-১১ | ৫৭৬৪.০০ | ৩৮০০.০০ | ৩৮০০.০০ | ৩৮০০.০০ | ৩৮০০.০০ |
| ২০১১-২০১২ | ৮১৯০.০০ | ১০০০.০০ | ১০০০.০০ | ১০০০.০০ | ১০০০.০০ |
| ২০১২-২০১৩ | - | ১১২৫.০০ | ১১২৫.০০ | ১১২৫.০০ | ১১২৫.০০ |
| ২০১৩-২০১৪ | - | ২০০০.০০ | ১৫০০.০০ | ১৫০০.০০ | ১৫০০.০০ |
| ২০১৪-২০১৫ | - | ৬৬০৫.০০ | ৩৩৭৯.০০ | ৩৩৭৯.০০ | ৩৩৭৮.৯৬ |
| মোট | ২২৬৫০.০০ | ২০৭৩০.০০ | ১৭০০৪.০০ | ১৭০০৪.০০ | ১৭০০৩.৯৬ (৮২.০৩%) |

নোট: প্রকল্পের আওতায় বৈজ্ঞানিক যন্ত্রপাতি সংগ্রহের ক্ষেত্রে আমদানীকারকগণ নিজেরাই সিডিভ্যাট পরিশোধ করেছেন বিধায় সিডিভ্যাট খাতে বরাদ্দকৃত ৩৭.২৬ কোটি টাকা মন্ত্রণালয় হতে অবমুক্ত ও ব্যয় হয়নি। এছাড়া প্রকল্পের আওতায় অব্যয়িত ৪,৪২৫/- টাকা চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে।

১২.২ **অশাভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতির বিশ্লেষণঃ** প্রকল্পের প্রধান প্রধান অংগের অগ্রগতি নিম্নে দেয়া হল:

১২.২.১ পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়ঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় খাতে ১৬৯৫০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৬৯৫০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। আলোচ্য প্রকল্পটির মোট ব্যয়ের প্রায় ৯৯%-ই বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়ের জন্য নির্ধারিত ছিল।

১২.২.২ কর্মকর্তাগণের বেতন ভাতাদিঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী কর্মকর্তাগণের বেতন ভাতাদি বাবদ ৪.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে এবং বাস্তবে ০৩ জন কর্মকর্তাগণের বেতন ভাতাদির বিপরীতে ০৩ জন কর্মকর্তাগণের বেতন ভাতাদি প্রদান করা হয়েছে।

১২.২.৩ কর্মচারীগণের বেতন ভাতাদিঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী কর্মচারীগণের বেতন ভাতাদি খাতে ৪.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে এবং বাস্তবে ০২ জন কর্মচারীগণের বেতন ভাতাদি বিপরীতে ০২ জন কর্মচারীগণের বেতন ভাতাদি প্রদান করা হয়েছে।

১২.২.৪ পিআইইউ অফিসের স্টেশনারীঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী পিআইইউ অফিসের স্টেশনারী ক্রয় খাতে ৮.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৮.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

১২.২.৫ পিআইইউ অফিসের ইকুইপমেন্টঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী পিআইইউ অফিসের ইকুইপমেন্ট ক্রয় খাতে ৩.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে এবং বাস্তবে ০৮টি ইকুইপমেন্ট বিপরীতে ০৮টি ইকুইপমেন্ট ক্রয় করা হয়েছে।

১২.২.৬ পিআইইউ অফিসের আসবাবপত্রঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী পিআইইউ অফিসের আসবাবপত্র ক্রয় খাতে ৪.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে এবং বাস্তবে ৬৬টি আসবাবপত্র ক্রয় এর বিপরীতে ৬৬টি আসবাবপত্র ক্রয় করা হয়েছে।

১৩.০। **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ**

| পরিকল্পিত | অর্জন |
|--|--|
| (ক) ছাত্রদের অভিজ্ঞতা এবং দক্ষতাকে প্রগাঢ় করার লক্ষ্যে তাদেরকে সহায়তা প্রদান করা, যাতে তারা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখতে পারে; | (ক) ছাত্রদের অভিজ্ঞতা এবং দক্ষতাকে প্রগাঢ় করার লক্ষ্যে তাদেরকে সহায়তা প্রদানের জন্য বিভিন্ন ধরনের যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে যা তাদের শিক্ষা গ্রহণ ও ভবিষ্যত কর্মজীবনে এবং সর্বপরি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সহায়তা করবে; |
| (খ) আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির উন্নতির বিষয়ে সমসাময়িক জ্ঞান এবং অভিজ্ঞতা অর্জনের উদ্দেশ্যে ছাত্র-ছাত্রীদের দক্ষতা বৃদ্ধি করা; | (খ) আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির উন্নতির বিষয়ে সমসাময়িক জ্ঞান এবং অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে বিভিন্ন ধরনের যন্ত্রপাতি ও শিক্ষা উপকরণ সংগ্রহ করা হয়েছে যার ফলে ছাত্র-ছাত্রীদের দক্ষতা বৃদ্ধি পেয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; |
| (গ) উচ্চ শিক্ষার ক্ষেত্রে বিভিন্ন বিষয়ে উচ্চতর গবেষণা এবং অধ্যয়নে সহযোগিতা করা। | (গ) উচ্চ শিক্ষার ক্ষেত্রে বিভিন্ন বিষয়ে উচ্চতর গবেষণা এবং অধ্যয়নে সহযোগিতা করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে |

১৪.০। **উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণঃ** প্রযোজ্য নয়।

১৫.০। **প্রকল্পের প্রভা বঃ** আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের ফলে (ক) ছাত্রদের অভিজ্ঞতা এবং দক্ষতাকে প্রগাঢ় করার লক্ষ্যে তাদেরকে সহায়তা প্রদান করা, যার ফলে তারা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে মর্মে জানা গেছে; (খ) আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির উন্নতির বিষয়ে সমসাময়িক জ্ঞান এবং অভিজ্ঞতা অর্জনের উদ্দেশ্যে ছাত্র-ছাত্রীদের দক্ষতা বৃদ্ধি পেয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ আছে; (গ) উচ্চ শিক্ষার ক্ষেত্রে বিভিন্ন বিষয়ে উচ্চতর গবেষণা এবং অধ্যয়নে সহযোগিতা সৃষ্টি করা হয়েছে। সর্বপরি, প্রকল্পটি পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষা সুবিধাদি উন্নয়নকল্পে সহায়ক ভূমিকা পালন করেছে।

১৬.০। পর্যবেক্ষণঃ

- ১৬.১ মূল প্রকল্পটি মোট ৩ বৎসর মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের মেয়াদ আরও ৩(তিন) বছর বৃদ্ধি করা হয়েছে। ফলে মেয়াদ বৃদ্ধি হয়েছে ১০০%। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির ফলে ইতোমধ্যে ব্যয়িত অর্থের উপযোগীতা প্রাপ্তি বিলম্বিত হয়;
- ১৬.২ প্রকল্পের আওতায় ক্রয়কৃত বিভিন্ন বৈজ্ঞানিক যন্ত্রপাতি ইস্যু রেজিস্টারে এন্টি না করেই বিভিন্ন ডিপার্টমেন্ট সরবরাহ করা হয়েছে মর্মে পরিলক্ষিত হয়েছে। ফলে আলোচ্য প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতিসমূহের অবস্থা ও অবস্থান নির্ণয় করা কষ্টসাধ্য হয়েছে; তাছাড়া, কোন কোন বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে আইটেম ওয়ারী সংখ্যা ও ব্যয় উল্লেখ করা হয়েছে আবার কোন কোন বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে থোক/ লট হিসেবে তথ্য উল্লেখ করা হয়েছে। ফলে বিশ্ববিদ্যালয় ওয়ারী প্রকৃতপক্ষে মোট কতটি যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে এবং তার অনুকূলে প্রকৃত অর্থে কত টাকা ব্যয় করা হয়েছে সে বিষয়ে সঠিক পরিমাপ করা সম্ভব হয়নি।
- ১৬.৩ প্রকল্পের অনুমোদিত ডিপিপি-তে সিডিভ্যাট খাতে বরাদ্দের যৌক্তিকতা এবং প্রকৃতপক্ষে কতটি যন্ত্রপাতি ক্রয় করার কথা ও কতটি ক্রয় করা হয়েছে এবং তার অনুকূলে প্রকৃত অর্থে কত টাকা ব্যয় করা হয়েছে সে সম্পর্কিত তথ্য আইএমইডিতে প্রেরণ করার জন্য গত ০৮.১২.২০১৬ ১৪.১২.২০১৬; ২৬.১২.২০১৬; ০৪.০১.২০১৭ এবং ১২.০১.২০১৭, তারিখে মোট ৫টি পত্রের মাধ্যমে মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও প্রকল্প পরিচালককে অনুরোধ করার পর গত ০২/০২/২০১৭ তারিখে তা পাওয়া যায়। বিষয়টি এতটা বিলম্বিত হওয়া মোটেও কাঙ্ক্ষিত নয়।
- ১৬.৪ অনুমোদিত আরডিপিপি অনুযায়ী আলোচ্য প্রকল্পের মোট ব্যয়ের ৯৯%-ই বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়ের জন্য নির্ধারিত ছিল। এতে ৩ বছরের প্রকল্প ৬ বছরে সমাপ্ত হওয়ার অন্যতম কারণ হলো প্রকল্প বাস্তবায়নে চাহিদা অনুযায়ী পর্যাপ্ত এডিপি/আরএডিপি বরাদ্দ না পাওয়া। পরীক্ষান্তে দেখা গেছে, মূল ডিপিপি অনুযায়ী ২০০৮-০৯ থেকে ২০১১-১২ অর্থবছর পর্যন্ত ৪ বছরে মোট প্রাক্কলিত ব্যয় ২২৬৫০.০০ লক্ষ টাকা নির্ধারণ করা হলেও প্রকল্পটির অনুকূলে উক্ত সময়ে অর্থ ছাড় ও ব্যয় হয়েছে ১১,০০০.০০ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের মাত্র ৪৮.৫৬% (বিস্তারিত অনুচ্ছেদ-১২.১);
- ১৬.৫ প্রকল্পে নির্ধারিত/প্রাক্কলিত বিশ্ববিদ্যালয়ওয়ারী খাত ভিত্তিক ব্যয় প্রণয়নকালে তা যথার্থভাবে নিরূপন করা সম্ভব হয়নি মর্মে মনে হয়েছে। এর ফলে কোন কোন আইটেমের দ্বৈততা এবং যন্ত্রপাতির মূল্য প্রকৃত মূল্য অপেক্ষা বর্ধিত হারে নির্ধারণের মত সমস্যা হয়েছে মর্মে মনে হয়;
- ১৬.৬ প্রকল্পটি সমাপ্ত হয় জুন, ২০১৫ সালে। প্রকল্প সমাপ্তির পর আইএমইডিতে ০৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের কথা থাকলেও আইএমইডিতে পিসিআর পাওয়া যায় প্রায় ০১ (এক) বছর ০৪ মাস পরে (অক্টোবর, ২০১৬-এ), যা কাম্য নয়।

১৭। সুপারিশঃ

- ১৭.১ মূল প্রকল্পটি মোট ৩ বৎসর মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হলেও পরবর্তীতে প্রকল্পের মেয়াদ আরও ৩(তিন) বছর বৃদ্ধি করা হয়েছে। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির ফলে ব্যয়িত অর্থের উপযোগীতা প্রাপ্তি বিলম্বিত হয়। তাই অতি আবশ্যিক না হলে অন্যান্য প্রকল্পের ক্ষেত্রে মেয়াদ বৃদ্ধির এ সংস্কৃতি পরিহার করা প্রয়োজন;
- ১৭.২ প্রকল্পের অধীনে সর্বমোট কতটি কোন ধরনের যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে, কত টাকা ব্যয় করা হয়েছে এবং কতটি কোন বিশ্ববিদ্যালয়কে সরবরাহ করা হয়েছে এবং তার মধ্যে কোনটি কোথায় ব্যবহৃত হচ্ছে তার একটি বিস্তারিত Inventory এর বিবরণী তৈরী করতে হবে এবং উক্ত বিবরণীটির হার্ডকপি ও সফট কপি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে সংরক্ষণ করতে হবে এবং তা আইএমইডিকে প্রেরণ করতে হবে;
- ১৭.৩ প্রকল্পের অনুমোদিত ডিপিপি-তে সিডিভ্যাট খাতে বরাদ্দের যৌক্তিকতা এবং প্রকৃতপক্ষে কতটি যন্ত্রপাতি ক্রয় করার কথা ও কতটি ক্রয় করা হয়েছে এবং তার অনুকূলে প্রকৃত অর্থে কত টাকা ব্যয় করা হয়েছে সে সম্পর্কিত তথ্য গত ১২.১২.২০১৬ তারিখের মধ্যে আইএমইডিতে প্রেরণ করার জন্য গত ০৮.১২.২০১৬ তারিখে মন্ত্রণালয়কে অনুলিপি দিয়ে প্রকল্প পরিচালককে অনুরোধ করা হয়। পরবর্তীতে গত ১৪.১২.২০১৬; ২৬.১২.২০১৬ ; ০৪.০১.২০১৭ এবং ১২.০১.২০১৭ তারিখে উক্ত তথ্য প্রেরণের জন্য পরপর ৪টি তাগিদপত্র প্রেরণের পর গত ০২/০২/২০১৭ তারিখে তথ্যসমূহ পাওয়া যায়। ভবিষ্যতে এ ধরনের তথ্য সরবরাহের ক্ষেত্রে আরও যত্নবান হওয়ার বিষয়ে সচেষ্ট থাকতে হবে;

- ১৭.৪ প্রকল্পটি প্রণয়নকালে কি কি যন্ত্রপাতি কতটি, কত ব্যয়ে ক্রয় করার জন্য নির্ধারিত ছিল তা সুনির্দিষ্টভাবে উল্লেখ না করার কারণ এবং কোন বিশ্ববিদ্যালয়ের জন্য কতটি যন্ত্রপাতি কত ব্যয়ে ক্রয় করা হয়েছে তার সঠিক পরিসংখ্যান পিসিআর-এ উল্লেখ না করার বিষয়টি অনুসন্ধানসহ সঠিক তথ্য উদঘাটনের লক্ষ্যে মন্ত্রণালয় একটি কমিটি গঠন করে প্রতিবেদন প্রণয়ন করবে এবং এ বিষয়ে গৃহীত ব্যবস্থা আইএমইডি-কে অবহিত করবে;
- ১৭.৫ ভবিষ্যতে এমটিবিএফ মন্ত্রণালয় হিসেবে প্রকল্প গ্রহণের সময় সম্পদের প্রাপ্যতার ভিত্তিতে প্রকল্পের চাহিদা নিরূপণ এবং এডিপি বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে;
- ১৭.৬ ভবিষ্যতে এ ধরনের প্রকল্প প্রনয়নকালে প্রকৃত চাহিদার ভিত্তিতে অথবা প্রয়োজনে বিশেষজ্ঞগণের সহায়তায় সংগৃহীতব্য আইটেম নির্ধারণের সময়ে মন্ত্রণালয় হতে কার্যকরী ভূমিকা পালন করতে হবে এবং প্রকল্প হতে সরবরাহকৃত যন্ত্রপাতির প্রকৃত ব্যবহার নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারে ;
- ১৭.৭ প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতির সুষ্ঠু ব্যবহার এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ স্ব-স্ব সংস্থা কর্তৃক নিশ্চিত করতে হবে। এ বিষয়ে মন্ত্রণালয় প্রয়োজনীয় অনুশাসন দিবে;
- ১৭.৮ ভবিষ্যতে কোন প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) আইএমইডিতে আবশ্যিকভাবে প্রেরণ করার ব্যাপারে মন্ত্রণালয়কে কার্যকরী ভূমিকা পালন করতে হবে;
- ১৭.৯ অনুষ্টেদ ১৭.১ হতে ১৭.৮ এর সুপারিশসমূহ অনুসরণ এবং তার আলোকে প্রণীত সকল তথ্যাদি মন্ত্রণালয় কর্তৃক আইএমইডিসহ সকলকে প্রেরণ নিশ্চিত করতে হবে যথার্থ বাস্তবায়নে মন্ত্রণালয়/সংস্থা অধিকতর আন্তরিক হবে।

স্কিলস ডেভেলপমেন্ট প্রজেক্ট (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৫)

- ১.০ প্রকল্পের নাম : “স্কিলস ডেভেলপমেন্ট প্রজেক্ট (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্প
- ২.০ প্রশাসনিক মন্ত্রণালয় : শিক্ষা মন্ত্রণালয়।
- ৩.০ বাস্তবায়নকারী সংস্থা : কারিগরি শিক্ষা অধিদপ্তর।
- ৪.০ প্রকল্পের অবস্থান : সমগ্র বাংলাদেশ।
- ৫.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|----------------------|----------------------------------|--------------|---------------------------|---------------------------|---------------------------|---------------------------------------|--|
| মূল মোট টাকা প্রঃসাঃ | সর্বশেষ সংশোধিত মোট টাকা প্রঃসাঃ | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৪৬০০০.৭০ | ১৬২৬৮.৯০ | ১৫৪৫৪.৬৬ | জুলাই, ২০০৮ হতে জুন, ২০১৩ | জুলাই, ২০০৮ হতে জুন, ২০১৫ | জুলাই, ২০০৮ হতে জুন, ২০১৫ | (-) ৩০৫৪৬.০৪ (৬৬.৪০%) | ২৪ মাস (৪০%) |

নোট: প্রকৃত ব্যয় ৪৬০০০.৭০ লক্ষ টাকা হতে ৩০৫৪৬.০৪ লক্ষ টাকা হাস পেয়েছে।

৬.০। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ | একক | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|-----------|--------------------------------------|--------|------------------------|-------------|---------------------|-------------------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০১। | জনবল | জন মাস | ২৭৩.৮২ | ১৯২০ জন মাস | ২৮৮.৬৪ (১০৫.৪১%) | ১৫৯৬ জন মাস (৮৩.১২%) |
| ০২। | ভাতাদি | থোক | ১৪৮.৫১ | থোক | ১৪৮.৫১ (১০০%) | থোক |
| ০৩। | সরবরাহ ও সেবা | থোক | ৩৫৬.২৮ | থোক | ১৯৯.৩৭ (৫৬%) | থোক |
| ০৪। | কাস্টম ডিউটি/ভ্যাট | থোক | ৩২৫.৪৪ | থোক | ৩২৫.৪৪ (১০০%) | থোক |
| ০৫। | গবেষণা কার্যক্রম | থোক | ৬৭.০০ | থোক | ৫৯.৬৯ (৮৯%) | থোক |
| ০৬। | মার্কেটিং ও প্রচারনা | থোক | ১১৯.২৯ | থোক | ১১৮.৬৫ (৯৯.৪৬%) | থোক |
| ০৭। | পারটাইম শিক্ষক | জন মাস | ৭১৪.৬৯ | ৩৮৪০ জন মাস | ৭১৪.৬৯ (১০০%) | ৩৫৬৪ জন মাস (৯৩%) |
| ০৮। | হায়ারিং চার্জ | থোক | ৬৪.৮১ | থোক | ৬৪.৮১ (১০০%) | থোক |
| ০৯। | স্টাফ উন্নয়ন | জন মাস | ৩৩৫৯.৮৮ | ২৯৮৯৫ | ৩৩২৬.২৫ (৯৯%) | ২৭৮৯৫ |

| ক্রমিক নং | অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ | একক | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|--------------|---|--------|------------------------|-------------------|---------------------|----------------------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| | | | | জন | | জন (৯৩.৩১%) |
| ১০। | পরামর্শক | জন মাস | ১৪২৭.৬৩ | ৩০৯ জন মাস | ১৪০৩.৩১ (৯৮.২৯%) | ২২৪.৭৫ জন মাস (৭৩%) |
| ১১। | মেরামত রক্ষণাবেক্ষণ ও সংস্কার | থোক | ৭.৫৮ | থোক | ৭.৫৮ (১০০%) | থোক |
| ১২। | যানবাহন | সংখ্যা | ৫২৮.৩৮ | ১৬টি | ৪৯৬.৪৩ (৯৪%) | ১৬টি (১০০%) |
| ১৩। | যন্ত্রপাতি | সেট | ২২৬২.১৩ | ৩৯৩৩ সেট | ২০৮৩.১৬ (৯২%) | ৭৯৫৮ সেট (২০২%) |
| ১৪। | আসবাবপত্র | থোক | ২৭৯.৪৪ | থোক | ২৭৯.৪৪ (১০০%) | থোক |
| ১৫। | নির্মাণ | বঃ মিঃ | ৬৩৩৪.০২ | ১১৬২২.৮৪ বঃমিঃ | ৫৭৭৪.৭৫ (৯১.১৭%) | ২১৮৬৯ বঃ মিঃ (১৮৮%) |
| | সর্বমোট= | | ১৬২৬৮.৯০ | ৯৫% | ১৫৪৫৪.৬৬ | ৩০.৮৫% |

৭.০। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্পের আওতায় সকল কাজ সমাপ্ত হয়নি মর্মে জানা গেছে।

৮.০। সাধারণ পর্যবেক্ষণঃ

৮.১। **প্রকল্পের পটভূমিঃ** দেশের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রশিক্ষণকে যুগোপযোগী, লাগসই ও অধিক শিল্প সম্পর্কিত করার জন্য কারিগরি শিক্ষার উন্নয়নের লক্ষ্যে সুইডিস ডেভেলপমেন্ট কো-অপারেশনের অনুদান, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের ঋণ সহায়তা ও বাংলাদেশ সরকারের অর্থায়নে মোট ৪৬০০০.৭০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (জিওবি ৭৩৬০.৭০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৩৮৬৪০.০০ লক্ষ টাকা) জুলাই, ২০০৮ হতে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পটি গত ১৩-১০-২০০৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে মোট ব্যয় অপরিবর্তিত রেখে বিভিন্ন অঙ্গের আন্তর্গত সমন্বয় ও মেয়াদ ১ বছর বৃদ্ধি করে প্রকল্পটির ১ম সংশোধন করা হয়। অতঃপর প্রকল্প ব্যয় হ্রাস করে মোট ১৬২৬৮.৯০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (জিওবি ২৯৫৭.৬৫ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ১৩৩১১.২৫ লক্ষ টাকা) জুলাই, ২০০৮ হতে জুন, ২০১৫ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে ২য় দফায় একনেক কর্তৃক সংশোধন অনুমোদিত ও বাস্তবায়িত হয়েছে।

৮.২। প্রকল্পের উদ্দেশ্যঃ

- চাকুরী বাজারের সাথে কারিগরি বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ এর (টিভিইটি) সংশ্লিষ্টতা বৃদ্ধি করা এবং টিভিইটিতে অধিক সংখ্যক প্রার্থীর প্রবেশ নিশ্চিত করা;
- মানসম্পন্ন টিভিইটি শিক্ষাদানের জন্য প্রতিষ্ঠানসমূহের দক্ষতা বৃদ্ধি করা;
- কারিগরি বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণে (টিভিইটি) দরিদ্র নারী এবং সমাজের সুবিধা বঞ্চিত শ্রেণীর অংশগ্রহণ বৃদ্ধি করা; এবং
- পোশাক শিল্প, নির্মাণ শিল্প, হালকা প্রকৌশল এবং অনানুষ্ঠানিক শিল্প সেক্টরের দক্ষতা বৃদ্ধি করা।

৮.৩। **অনুমোদন পর্যায়ঃ** আলোচ্য প্রকল্পটি মোট ৪৬০০০.৭০ লক্ষ টাকা (জিওবি ৭৩৬০.৭০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৩৮৬৪০.০০ লক্ষ টাকা) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৮ হতে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক

কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ম বার জুন, ২০১৪ পর্যন্ত এবং ২য় বার জুন, ২০১৫ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়। অর্থাৎ প্রকল্পটি মোট ১৬২৬৮.৯০ লক্ষ টাকা (জিওবি ২৯৫৭.৬৫ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ১৩৩১১.২৫ লক্ষ টাকা) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৮ হতে জুন, ২০১৫ মেয়াদে ২য় সংশোধন করা হয়েছে।

৮.৪। **প্রকল্পের মূল কার্যক্রমঃ** আলোচ্য প্রকল্পটির মূল কার্যক্রমগুলো হচ্ছেঃ

- সিবিটি বাস্তবায়নের লক্ষ্যে টিভিইটি শিক্ষক যেমনঃ টিএসসি এবং পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষকদের কাম্য যোগ্যতা অর্জনের জন্য শিক্ষক প্রশিক্ষণ প্রদান;
- সিবিটি বাস্তবায়ন উপযোগী পরিবেশ তৈরীর লক্ষ্যে টিভিইটি শিক্ষা প্রতিষ্ঠান যেমনঃ টিএসসি, পলিটেকনিক ইনস্টিটিউট, কারিগরি শিক্ষক প্রশিক্ষণ কলেজ (টিটিটিসি), ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট (ভিটিটিআই) সমূহে প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবরাহ করা;
- টিভিইটি ম্যানেজারদের প্রতিষ্ঠান পরিচালনায় দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে লিডারশীপ প্রশিক্ষণ প্রদান;
- সিবিটি বাস্তবায়নের লক্ষ্যে টিভিইটি শিক্ষা প্রতিষ্ঠান যেমনঃ টিএসসি, টিটিটিসি, ভিটিটিআই এবং ডিটিই এর প্রয়োজনীয় ভৌত অবকাঠামো নির্মাণ/সম্প্রসারণ করা;
- টিভিইটি প্রশিক্ষার্থীদের বাস্তবধর্মী জ্ঞান অর্জনের নিমিত্ত ব্যবহারিক ক্লাশসমূহ সঠিকভাবে পরিচালনা এবং নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষকদের গড়ে তোলা;
- টিচিং লার্নিং প্রক্রিয়া শিক্ষার্থী বান্ধব করার লক্ষ্যে ডিজিটাল কনটেন্ট তৈরীর দক্ষতা অর্জনের জন্য শিক্ষকদের নিয়ে অনুশীলন কর্মশালা অনুষ্ঠান; সিবিটি বাস্তবায়নের লক্ষ্যে কারিগরি শিক্ষার কারিকুলাম, লার্নিং ম্যাটেরিয়াল এবং স্ট্যান্ডার্ড তৈরী করা;
- মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল অর্জনের লক্ষ্যে দারিদ্র দূরীকরণের জন্য বেকার যুবক ও মহিলাদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান উপযোগী করে গড়ে তোলা;
- টিভিইটি সিস্টেমে নিয়োজিত প্রশিক্ষার্থীদের ইংরেজী শিক্ষাকে সহজতর করার নিমিত্ত ইংরেজী শিক্ষকদের শিক্ষাদান দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিশেষ প্রশিক্ষণ প্রদান;
- কারিগরি শিক্ষা অধিদপ্তরের গবেষণা দক্ষতা অর্জনের লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরে একটি গবেষণা উন্নয়ন সেল প্রতিষ্ঠা করা;
- টিভিইটি শিক্ষা নিবিড়ভাবে মনিটরিং করা এবং কারিগরি শিক্ষা সম্প্রসারণের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে ৮টি আঞ্চলিক পরিচালকের কার্যালয় প্রতিষ্ঠা করা।

৮.৫। **প্রকল্প ব্যবস্থাপনাঃ** প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | মন্তব্য |
|---------|---|----------------|--------------------|------------|
| ১। | এস.এম. শামিম আহমেদ প্রকল্প পরিচালক, ফিলস ডেভেলপমেন্ট প্রজেক্ট (২য় সংশোধিত) | ২৪/১২/২০০৮ | ০৫/০২/২০০৯ | পূর্ণকালীন |
| ২। | ড. খান রেজাউল করিম প্রকল্প পরিচালক, ফিলস ডেভেলপমেন্ট প্রজেক্ট (২য় সংশোধিত) | ১৫/০২/২০০৯ | ০১/০৪/২০০৯ | খন্ডকালীন |
| ৩। | জনাব বাবর আলী প্রকল্প পরিচালক, ফিলস ডেভেলপমেন্ট প্রজেক্ট (২য় সংশোধিত) | ০২/০৪/২০০৯ | ০২/০৪/২০১২ | পূর্ণকালীন |

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | মন্তব্য |
|---------|---|----------------|--------------------|------------|
| ৪। | মোঃ মুনজুরুল আলম প্রকল্প পরিচালক, স্কিলস ডেভেলপমেন্ট প্রজেক্ট (২য় সংশোধিত) | ০৩/০৪/২০১২ | ০৮/০৪/২০১২ | খন্ডকালীন |
| ৫। | চৌধুরী মুফাদ আহমেদ যুগ্ম-সচিব স্কিলস ডেভেলপমেন্ট প্রজেক্ট (২য় সংশোধিত) | ০৯/০৪/২০১২ | ৩০/০৬/২০১৫ | পূর্ণকালীন |

৯.০। **প্রকল্প পরিদর্শনঃ** প্রকল্পের সিলেট, পাবনা, যশোর, খুলনা ও বরিশাল অংশ গত ১৭-১২-২০১৬, ২৭-০৮-২০১৬ ১১-০৯-২০১৫ ও ১২-০৯-২০১৫ খ্রিঃ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। প্রকল্পটির কার্যক্রম কারিগরি শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সরেজমিনে পরিদর্শন ও প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে।

৯.১। যশোর টিএসসির প্রশিক্ষণ কার্যক্রমঃ প্রকল্প হতে এ প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব, বৈদ্যুতিক ওয়ার্কসপ, ওয়েল্ডিং ও ফেব্রিকেশন এবং এয়ারকন্ডিশনার ও রেফ্রিজারেশন ওয়ার্কসপ তৈরীর নিমিত্ত মেরামত ও সংস্কার করা হয়েছে। মেরামত ও সংস্কারে টাইলস, থাইয়ের কাজ, প্লাস্টিক পেইন্ট, অভ্যন্তরীণ বৈদ্যুতিক ওয়ারিং এর কাজ করা হয়েছে।



চিত্রঃ যশোর টিএসসির প্রশিক্ষণ কার্যক্রম



চিত্রঃ প্রকল্পের আওতায় ক্রয়কৃত ইকুইপমেন্ট।

৯.২। ক) খুলনা পলিটেকনিক ইনস্টিটিউটঃ

প্রকল্প হতে এ প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব, বৈদ্যুতিক ওয়ার্কসপ, ওয়েল্ডিং ও ফেব্রিকেশন এবং এয়ারকন্ডিশনার ও রেফ্রিজারেশন ওয়ার্কসপ তৈরীর নিমিত্ত মেরামত ও সংস্কার করা হয়েছে। মেরামত ও সংস্কারে টাইলস, থাইয়ের কাজ, প্লাস্টিক পেইন ও মুজাইক এর কাজ করা হয়েছে। এছড়া প্রকল্প হতে এ প্রতিষ্ঠানে র জন্য প্রয়োজনীয় ইকুইপমেন্ট ক্রয় করা হয়েছে।



চিত্রঃ খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট এর জন্য প্রকল্প হতে ক্রয়কৃত ইকুইপমেন্ট।

খ) খুলনা মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রঃ প্রকল্প হতে এ প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। Woven Garments machine operator দেবকে (৬০ জন ছাত্রী) ২ মাস মেয়াদী Short course Training ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। পরিদর্শনকালে কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম চলমান অবস্থায় দৃশ্যমান হয়েছে।



চিত্রঃ খুলনা মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে চলমান প্রশিক্ষণের একাংশ।

৯.৩। বরিশাল সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজঃ এ টেকনিক্যাল স্কুল ও কলেজটি ১৯৮২ সালে স্থাপিত হয়েছে। মোট শিক্ষক ৩৫ জন, ছাত্র/ছাত্রী ১০৫০ জন এবং ছাত্র/ছাত্রীর অনুপাত ৯০:১০। প্রকল্প হতে এ প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব, বৈদ্যুতিক ওয়ার্কসপ, ওয়েল্ডিং ও ফেব্রিকেশন এবং এয়ারকন্ডিশনার ও রেফ্রিজারেশন ওয়ার্কসপ স্থাপনের নিমিত্ত মেরামত ও সংস্কার করা হয়েছে। মেরামত ও সংস্কারে টাইলস, থাইয়ের কাজ, প্লাস্টিক পেইন, অভ্যন্তরীণ বৈদ্যুতিকওয়ারিং ও মোজাইক এর কাজ করা হয়েছে। এছাড়া প্রকল্প হতে এ প্রতিষ্ঠানে র জন্য ভোলটেজ স্টাবিলাইজার, রেফ্রিজারেটর, কম্পিউটার ক্রয় করা হয়েছে। এ প্রকল্পের আওতায় একটি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র ভবন নির্মাণ করা হয়েছে। নির্মিত ভবনের (৩ তলা ভিত্তে ৩ তলা) কাজ সন্তোষজনক মনে হয়েছে।



চিত্রঃ প্রকল্পের আওতায় নির্মিত বরিশাল আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র।

৯.৪ পাবনা আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রঃ প্রকল্প হতে এ প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব, বৈদ্যুতিক ওয়ার্কসপ, ওয়েল্ডিং ও ফেব্রিকেশন এবং এয়ারকন্ডিশনার ও রেফ্রিজারেশন ওয়ার্কসপ স্থাপনের নিমিত্ত মেরামত ও সংস্কার করা হয়েছে। মেরামত ও সংস্কারে টাইলস, থাইয়ের কাজ, প্লাস্টিক পেইন, অভ্যন্তরীণ বৈদ্যুতিকওয়ারিং ও মোজাইক এর কাজ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় একটি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র ভবন নির্মাণ করা হয়েছে।



চিত্রঃ প্রকল্পের আওতায় নির্মিত পাবনা আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র।

৯.৫ সিলেট আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রঃ প্রকল্প হতে এ প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব, বৈদ্যুতিক ওয়ার্কসপ, ওয়েন্ডিং ও ফেব্রিকেশন এবং এয়ারকন্ডিশনার ও রেফ্রিজারেশন ওয়ার্কসপ তৈরীর নিমিত্ত মেরামত ও সংস্কার করা হয়েছে।



চিত্রঃ প্রকল্পের আওতায় মেরামতকৃত সিলেট আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র।

১০.০। মূল্যায়ন পদ্ধতি (Methodology) : মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

- (ক) ডিপপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
- (খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
- (গ) PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- (ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং
- (ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১১.০। প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতিঃ

১২.০। আর্থিক অগ্রগতিঃ প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ছিল ১৬২৬৮.৯০ লক্ষ টাকা। শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ১৫৪৫৪.৬৬ লক্ষ টাকা (৯৫%)। প্রকল্পটির অনুকূলে ২০০৮-০৯ হতে ২০১৪-২০১৫ পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

| আর্থিক বৎসর | সংশোধিত অনুমোদিত ডিপিপি'র সংস্থান | সংশোধিত এডিপি বরাদ্দ | অবমুক্তি | ব্যয় |
|-------------|-----------------------------------|----------------------|----------|----------|
| | মোট | | | মোট |
| ২০০৮-০৯ | ২.৯৭ | ১৬০ | ১৬০ | ২.৯৭ |
| ২০০৯-১০ | ৪৭৬.৫৭ | ৬২৬ | ৬২৬ | ৪৭৬.৫৭ |
| ২০১০-২০১১ | ১৭৫৪.৬৫ | ৫০৭৫ | ৫০৭৫ | ১৭৫৪.৬৫ |
| ২০১১-২০১২ | ১৬১৬.৩২ | ৫৪৫৮ | ৫৪৫৮ | ১৬১৬.৩২ |
| ২০১২-২০১৩ | ১৩৪৭.২৭ | ১৫০০ | ১৫০০ | ১৩৪৭.২৭ |
| ২০১৩-২০১৪ | ৬০৬৬.০০ | ৬০৬৬ | ৬০৬৬ | ৪৭১৪.০৯ |
| ২০১৪-২০১৫ | ৬২৩২.০০ | ৬২৩২ | ৬২৬৩ | ৫৫৪২.৭৯ |
| মোট | ১৭৪৯৫.৭৮ | ২৫১১৭.০০ | ২৫১৪৮.০০ | ১৫৪৫৪.৬৬ |

১৩.০। প্রধান প্রধান অঙ্গের আর্থিক ও বাস্তব অগ্রগতির বি শ্লেষণঃ প্রকল্পটির অগ্রগতি সম্পর্কিত সর্বশেষ প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী এর আর্থিক অগ্রগতি ১৫৪৫৪.৬৬ লক্ষ টাকা (৯৫%) এবং বাস্তব অগ্রগতি ও ৩০.৮৫% সম্পন্ন হয়েছে। প্রকল্পটির অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলঃ

১৩.১ জনবলঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী জনবল খাতে ২৭৩.৮২ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৮৮.৬৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০৫.৪১% এবং বাস্তবে ১৯২০ জন মাস এর বিপরীতে ১৫৯৬ জন মাস কাজ করেছে বাস্তব অগ্রগতি ৮৩.১২% সম্পন্ন হয়েছে।

১৩.২ কাস্টম ডিউটি/ভ্যাটঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী কাস্টম ডিউটি/ভ্যাট খাতে ৩২৫.৪৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩২৫.৪৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

১৩.৩ মার্কেটিং ও প্রচারণাঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী মার্কেটিং ও প্রচারণা খাতে ১১৯.২৯ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১১৮.৬৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৯.৪৬% ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

১৩.৪ পার্ট টাইম শিক্ষকঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী পার্টটাইম শিক্ষক খাতে ৭১৪.৬৯ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৭১৪.৬৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% বাস্তবে ৩৮৪০ জন মাস এর বিপরীতে ৩৫৬৪ জন মাস পার্ট টাইম শিক্ষক নিয়োজিত ছিলেন অর্থাৎ বাস্তব অগ্রগতি ৯৩% সম্পন্ন হয়েছে।

১৩.৫ স্টাফ উন্নয়নঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী স্টাফ উন্নয়ন খাতে ৩৩৫৯.৮৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩৩২৬.২৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৯% এবং বাস্তবে ২৯৮৯৫ জনের বিপরীতে ২৭৮৯৫ জন স্টাফ উন্নয়ন করা হয়েছে মর্মে পিসি আরে-এ উল্লেখ করা হয়েছে। অর্থাৎ বাস্তব অগ্রগতি ৯৩.৩১%।

১৩.৬ পরামর্শকঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী পরামর্শক খাতে ১৪২৭.৬৩ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৪০৩.৩১ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৮.৯২% এবং বাস্তবে ৩০৯ জন মাস এর বিপরীতে ২২৪.৭৫ জন মাস পরামর্শক সেবা গ্রহণ করা হয়েছে মর্মে পিসি আরে-এ উল্লেখ করা হয়েছে। অর্থাৎ বাস্তব অগ্রগতি ৭৩% সম্পন্ন হয়েছে।

- ১৩.৭ মেসামত রক্ষণাবেক্ষণ ও সংস্কারঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী মেসামত রক্ষণাবেক্ষণ ও সংস্কার খাতে ৭.৫৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৭.৫৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক।
- ১৩.৮ যানবাহনঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী যানবাহন খাতে ৫২৮.৩৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪৯৬.৪৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৪% এবং বাস্তবে ১৬টি যানবাহন এর বিপরীতে ১৬টি যানবাহনই ক্রয় করা হয়েছে মর্মে পিসি আরে-এ উল্লেখ করা হয়েছে। অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০%।
- ১৩.৯ যন্ত্রপাতিঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী যন্ত্রপাতি খাতে ২২৬২.১৩ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২০৮৩.১৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯২% এবং বাস্তবে ৩৯৩৩ সেট এর বিপরীতে ৭৯৫৮ সেট যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে মর্মে পিসি আরে-এ উল্লেখ করা হয়েছে। অর্থাৎ বাস্তব অগ্রগতি ২০২% সম্পন্ন হয়েছে।
- ১৩.১০ আসবাবপত্রঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী আসবাবপত্র খাতে ২৭৯.৪৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৭৯.৪৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ১৩.১১ নির্মাণঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী নির্মাণ খাতে ৬৩৩৪.০২ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৫৭৭৪.৭৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯১.১৭% এবং বাস্তবে ১১০৬৫ বঃ মিঃ এর বিপরীতে ২১৮৬৯ বঃ মিঃ নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে মর্মে পিসি আরে-এ উল্লেখ করা হয়েছে। অর্থাৎ বাস্তব অগ্রগতি ১৮৮% সম্পন্ন হয়েছে। বিষয়টি মন্ত্রণালয় হতে খতিয়ে দেখা প্রয়োজন।

১৪.০ প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

| পরিকল্পিত | অর্জন |
|--|--|
| ক) চাকুরী বাজারের সাথে কারিগরি বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ এর (টিভিইটি) সংশ্লিষ্টতা বৃদ্ধি করা এবং টিভিইটিতে অধিক সংখ্যক প্রার্থীর প্রবেশ নিশ্চিত করা; | ক) কম্পিউটার, ওয়েল্ডিং ও ফেব্রিকেশন, এয়ারকন্ডিশনার ও রেফ্রিজারেশন এর ওপর প্রশিক্ষণের মাধ্যমে চাকুরী বাজারের সাথে কারিগরি বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ এর (টিভিইটি) সংশ্লিষ্টতা বৃদ্ধি করা এবং টিভিইটিতে অধিক সংখ্যক প্রার্থীর প্রবেশ নিশ্চিত করা হয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে; |
| খ) মানসম্পন্ন টিভিইটি শিক্ষাদানের জন্য প্রতিষ্ঠানসমূহের দক্ষতা বৃদ্ধি করা; | খ) বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে মানসম্পন্ন টিভিইটি শিক্ষাদানের জন্য প্রতিষ্ঠানসমূহের দক্ষতা বৃদ্ধি পেয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে; |
| গ) কারিগরি বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণে (টিভিইটি) দরিদ্র নারী এবং সমাজের সুবিধা বঞ্চিত শ্রেণীর অংশগ্রহণ বৃদ্ধি করা; এবং | গ) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা যেমনঃ কম্পিউটার, ওয়েল্ডিং ও ফেব্রিকেশন, এয়ারকন্ডিশনার ইত্যাদির ওপর প্রশিক্ষণে (টিভিইটি) দরিদ্র নারী এবং সমাজের সুবিধা বঞ্চিত শ্রেণীর অংশগ্রহণ বৃদ্ধি করা হয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে; এবং |
| ঘ) পোশাক শিল্প, নির্মাণ শিল্প, হালকা প্রকৌশল এবং অনানুষ্ঠানিক শিল্প সেক্টরের দক্ষতা বৃদ্ধি করা। | ঘ) ওয়ার্কসপ স্থাপন ও বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে পোশাক শিল্প, নির্মাণ শিল্প, হালকা প্রকৌশল এবং অনানুষ্ঠানিক শিল্প সেক্টরের দক্ষতা বৃদ্ধি করা হয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে। |

১৫.০। উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণঃ প্রকল্প সাহায্য হ্রাসের ফলে প্রকল্প ব্যয় হ্রাস পেয়েছে। ফলে প্রকল্পের উদ্দেশ্য কাঙ্ক্ষিত মাত্রায় অর্জিত হয়নি মর্মে জানা যায়।

১৬.০। প্রকল্পের প্রভাবঃ

দেশের চাকুরী বাজারের সাথে কারিগরি বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ এর (টিভিইটি) সংশ্লিষ্টতা বৃদ্ধি করা এবং টিভিইটিতে অধিক সংখ্যক প্রার্থীর প্রবেশ নিশ্চিত করা; মানসম্পন্ন টিভিইটি শিক্ষাদানের জন্য প্রতিষ্ঠানসমূহের দক্ষতা বৃদ্ধি করা; কারিগরি বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণে (টিভিইটি) দরিদ্র নারী এবং সমাজের সুবিধা বঞ্চিত শ্রেণীর অংশগ্রহণ বৃদ্ধি করা; এবং পোশাক শিল্প, নির্মাণ শিল্প, হালকা প্রকৌশল এবং অনানুষ্ঠানিক শিল্প সেক্টরের দক্ষতা বৃদ্ধি করার লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। দেশের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রশিক্ষণকে যুগোপযোগী, লাগসই ও অধিক শিল্প সম্পর্কিত করার জন্য কারিগরি শিক্ষার উন্নয়নে আলোচ্য প্রকল্পটি সহায়ক ভূমিকা পালন করেছে।

১৭.০। সমস্যাঃ

১৭.১ মূল প্রকল্পটি মোট ৫ বৎসর মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের মেয়াদ আরও ২ (দুই) বছর বৃদ্ধি করা হয়েছে। ফলে মেয়াদ বৃদ্ধি হয়েছে ৪০%। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির ফলে পূর্বে ব্যয়িত অর্থের উপযোগীতা প্রাপ্তি বিলম্বিত হয়।

১৭.২ প্রকল্প পরিচালক বার বার পরিবর্তন এবং পরামর্শক নিয়োগে বিলম্বের ফলে প্রকল্পের সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করা যায়নি মর্মে জানা যায়;

১৭.৩ মূল প্রকল্পটি ৪৬০০০.৭০ লক্ষ টাকায় অনুমোদিত হয়। প্রকল্প ব্যয় হ্রাসপূর্বক ১৬২৬৮.৯০ লক্ষ টাকায় সংশোধন করা হয়েছে এবং ১৫৪৫৪.৬৬ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা কাম্য নয়। এ ক্ষেত্রে ঋন ও গ্রান্টসহ জিওবি অর্থ সুষ্ঠুভাবে ব্যয় করতে কাঙ্ক্ষিত দক্ষতার অভাব পরিলক্ষিত হয়। এছাড়া প্রকল্প সুষ্ঠু বাস্তবায়ন এবং প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য কাঙ্ক্ষিত মাত্রায় অর্জন ব্যহত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

১৭.৪ অব্যয়িত অর্থ চালানোর মাধ্যমে জমা প্রদান করা হয়েছে কিনা তার কোন তথ্য পিসিআর-এ উল্লেখ করা হয়নি। বিষয়টি খতিয়ে দেখা প্রয়োজন;

১৭.৫ যন্ত্রপাতি অংগের ব্যয় না বাড়লেও সংখ্যা বৃদ্ধি পেয়েছে এবং নির্মাণ অংগে ডিপিপি'র তুলনায় বাস্তব ও আর্থিক মূল্য বৃদ্ধি পেয়েছে। বিষয়টি খতিয়ে দেখা প্রয়োজন;

১৭.৬ প্রকল্পটি সমাপ্ত হয় জুন, ২০১৫ সালে। প্রকল্প সমাপ্তির পর আইএমইডিতে ০৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের কথা থাকলেও আইএমইডিতে পিসিআর পাওয়া যায় প্রায় ০১ (এক) বছর ০৪ মাস পরে (অক্টোবর, ২০১৬-এ), যা কাম্য নয়।

১৮.০। সুপারিশঃ

১৮.১ ভবিষ্যতে এ ধরনের প্রকল্প প্রনয়নকালে প্রকৃত চাহিদার ভিত্তিতে অথবা প্রয়োজনে বিশেষজ্ঞগণের সহায়তায় সংগৃহীতব্য আইটেম নির্ধারণের জন্য মন্ত্রণালয় হতে কার্যকরী ভূমিকা পালন করতে হবে;

১৮.২ প্রকল্প পরিচালক বার বার পরিবর্তন এবং পরামর্শক নিয়োগে বিলম্বের ফলে প্রকল্পের সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করা যায়নি। ভবিষ্যতে এ ধরনের প্রকল্প গ্রহণকালে প্রকল্প পরিচালক বার বার পরিবর্তনের বিষয়টি পরিহার করতে হবে ;

১৮.৩ ঋন ও গ্রান্টসহ জিওবি অর্থ সুষ্ঠুভাবে ব্যয় করতে কাঙ্ক্ষিত দক্ষতার অভাব পরিলক্ষিত হয়। এছাড়া প্রকল্প সুষ্ঠু বাস্তবায়ন এবং প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য কাঙ্ক্ষিত মাত্রায় অর্জন ব্যহত হয়েছে মর্মে প্রতীয়মান হয়। বিষয়টি শিক্ষা মন্ত্রণালয় খতিয়ে দেখবে এবং প্রকৃত কারণ আইএমইডি-কে অবহিত করবে;

১৮.৪ অব্যয়িত অর্থ চালানোর মাধ্যমে জমা প্রদান করা হয়েছে কিনা তার কোন তথ্য পিসিআর-এ উল্লেখ করা হয়নি। বিষয়টি মন্ত্রণালয় খতিয়ে দেখবে এবং আইএমইডি-কে তা অবহিত করবে;

১৮.৫ ভবিষ্যতে কোন প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) আইএমইডিতে আবশ্যিকভাবে প্রেরণ করার ব্যাপারে মন্ত্রণালয়কে কার্যকরী ভূমিকা পালন করতে হবে;

১৮.৬ অনুচ্ছেদ ১৮.১ হতে ১৮.৫ এর সুপারিশসমূহ অনুসরণ এবং তার আলোকে প্রণীত সকল তথ্যাদি আগামী ১ (এক) মাসের মধ্যে মন্ত্রণালয় কর্তৃক আইএমইডিসহ সকলকে প্রেরণ নিশ্চিত করতে হবে।

**“এস্টাবলিশমেন্ট অব আইটি ল্যাবস ইন সিলেক্টেড সেকেন্ডারী লেভেল ইনস্টিটিউশনস ইন ঢাকা” শীর্ষক
প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন, ২০১৫)

- ১.০ প্রকল্পের নামঃ “এস্টাবলিশমেন্ট অব আইটি ল্যাবস ইন সিলেক্টেড সেকেন্ডারী লেভেল ইনস্টিটিউশনস ইন ঢাকা” শীর্ষক প্রকল্প।
- ২.০ প্রশাসনিক মন্ত্রণালয়ঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৩.০ বাস্তবায়নকারী সংস্থাঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৪.০ প্রকল্পের অবস্থানঃ ঢাকা জেলা
- ৫.০। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় মোট টাকা প্রঃসাঃ | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|-------------------------------|--|--|---------------------------------|--------------------|---------------------------------|---|---|
| মূল মোট টাকা প্রঃসাঃ | সর্বশেষ সংশোধিত মোট টাকা প্রঃসাঃ | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | | |
| ৩০১২.০০ ১০০.০০ ২৯১২.০০ | ৩০১২.০০ ১০০.০০ ২৯১২.০০ | ২৭৪৭.৫৭ ৫৪.৮৫ ২৬৯২.৭২ | জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৫ | -- | জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৫ | (-) ২৬৪.৪৩ (৮.৭৮%) | -- |

নোট: (১) আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের জন্য প্রকৃত ব্যয় সংশোধিত অনুমোদিত ব্যয় অপেক্ষা ২৬৪.৪৩ লক্ষ টাকা হ্রাস পেয়েছে।

(২) প্রকল্পটি জিওবি ৫৪.৮৫ লক্ষ ও KOICA অনুদান ২৬৯২.৭২ লক্ষ টাকায় বাস্তবায়িত হয়েছে।

৬.০। প্রকল্পের অংগভিত্তিক বা স্তবায়ন (শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে)
(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী সংস্থান | | প্রকৃত বাস্তবায়ন | | |
|--------------|---|--------|---|--------|-------------------|-----------------|-----|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ০১। | সিডি ভাট | থোক | ৫২.৫০ | থোক | ৪৪.৮৩ (৮৫%) | থোক (১০০%) | |
| ০২। | প্রকল্প ব্যবস্থাপনা | থোক | ৩১৫.০০ | থোক | ১২২.৩৫ (৩৯%) | থোক (১০০%) | |
| ০৩। | সংস্কার ও মেরামত | থোক | ৫.৫০ | থোক | ৫.৫০ (১০০%) | থোক (১০০%) | |
| ০৪। | স্কুল রিমডেলিং | সংখ্যা | ৫০০.০০ | ১০০টি | ৭৪৫.৬৫ (১৪৯%) | ১০০টি (১০০%) | |
| ০৫। | পরামর্শ সেবা | ২ জন | ৩৮০.০০ | ২ জন | ৩৮০.০০ (১০০%) | ২ জন (১০০%) | |
| ০৬। | শিক্ষক প্রশিক্ষণ | থোক | ১৩০.০০ | থোক | ১৩০.০০ (১০০%) | থোক (১০০%) | |

| ক্রমিক নং | সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী সংস্থান | | প্রকৃত বাস্তবায়ন | |
|--------------|---|-----|---|--------|---------------------|---------------|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| ০৭। | অন্যান্য | থোক | ৩৫.০০ | থোক | ৩৫.০০ (১০০%) | থোক (১০০%) |
| ০৮। | বৈজ্ঞানিক যন্ত্রপাতি | থোক | ১৫৫৪.০০ | থোক | ১৪৬৮.৮০ (৯৫%) | থোক (১০০%) |
| ০৯। | অফিস যন্ত্রপাতি | থোক | ৫.০০ | থোক | ৫.০০ (১০০%) | থোক (১০০%) |
| ১০। | ফিজিক্যাল কন্টিনজেন্সী | থোক | ৩৫.০০ | থোক | ৩৫.০০ (১০০%) | থোক (১০০%) |
| | সর্বমোট= | | ৩০১২.০০ (১০০%) | - | ২৭৪৭.৫৭ (৯১.২২%) | (১০০%) |

৭.০। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই মর্মে জানা গেছে।

৮.০। সাধারণ পর্যবেক্ষণঃ

৮.১। পটভূমিঃ ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীন হয়। স্বাধীনতার পর থেকে বাংলাদেশ সরকার শিক্ষা ব্যবস্থার সংকট নিরসনের বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন। বর্তমানে বাংলাদেশে তিন (সাধারণ, মাদ্রাসা ও কারিগরী) ধরনের শিক্ষা ব্যবস্থা বিদ্যমান, তন্মধ্যে সাধারণ ও মাদ্রাসা শিক্ষা, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক পরিচালিত হয়। এ দু'টি শিক্ষা ব্যবস্থায় প্রায় ত্রিশ হাজার শিক্ষা প্রতিষ্ঠান সারাদেশ ব্যাপী শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। এই প্রতিষ্ঠানসমূহের মধ্যে শুধুমাত্র সরকারি প্রতিষ্ঠানসমূহ সরকার কর্তৃক সরাসরি পরিচালিত। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ব্যক্তিগতভাবে গর্ভনিং বডি বা স্কুল পরিচালনা পর্ষদ কর্তৃক পরিচালিত হয়।

বর্তমানে বাংলাদেশ সরকার ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে ভিশন ২০২১ গ্রহণ করেছেন। ফলে ঢাকা শহরের মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আইসিটি সরঞ্জামাদি সরবরাহ করা জরুরী হয়ে পড়েছে। এর মধ্যে মাধ্যমিক স্কুলসমূহে আইসিটি ল্যাব স্থাপন করতে এবং তা সারাদেশে পর্যায়ক্রমে ছড়িয়ে দেয়ার লক্ষ্যকে সামনে রেখে আলোচ্য "Establishment of IT Labs in Selected Secondary Level Institutions in Dhaka" শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পটি এপ্রিল ২০১৩ হতে জুন, ২০১৫ পর্যন্ত মেয়াদে গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে।

৮.২ প্রকল্পের উদ্দেশ্যঃ

স্বল্পমেয়াদী উদ্দেশ্যঃ

- ঢাকা জেলায় অবস্থিত মাধ্যমিক পর্যায়ে বিদ্যালয়গুলোতে আইসিটি ল্যাব স্থাপনের মাধ্যমে মৌলিক কম্পিউটার জ্ঞান এবং আইসিটি শিক্ষার জন্য শিখন উপকরণ সরবরাহ;
- ঢাকা জেলার কম্পিউটার বিষয়ক শিক্ষকদের আইসিটি জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে “আইসিটি প্রয়োগিক শিক্ষা” সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান।

দীর্ঘমেয়াদী উদ্দেশ্যঃ

- দেশের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন করা;
- দেশের অগ্রগতির এবং অন্যান্য দেশের সাথে প্রতিযোগিতায় টিকে থাকার লক্ষ্যে আইসিটি জ্ঞানসম্পন্ন জনবল তৈরী করা;

- আইসিটি এর ব্যবহার সর্বসম্মত্রে ছড়িয়ে দেয়ার লক্ষ্য স্বচ্ছ, নির্ভরযোগ্য এবং জবাবদিহিতামূলক সরকার ব্যবস্থা গড়ে তোলা;এবং
- দক্ষ মানব সম্পদ গড়ে তোলা।

৮.৩। **অনুমোদন পর্যায়ঃ** আলোচ্য প্রকল্পটি মোট ৩০১২.০০ লক্ষ (জিওবি-১০০.০০ লক্ষ ও কোইকার অনুদান ২৯১২.০০ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৫, মেয়াদে বাস্তবায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্প মেয়াদে ২৭৪৭.৫৭ লক্ষ টাকা শিক্ষা মন্ত্রণালয় হতে অবমুক্ত হয় এবং ২৭৪৭.৫৭ লক্ষ টাকাই ব্যয় করা হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি (৯১.২২%)। প্রকল্পের বাস্তব অগ্রগতি ১০০% হয়েছে।

৮.৪। প্রকল্পের মূল কার্যক্রম

- প্রস্তাবিত কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় KOICA এর Expert কর্তৃক শিক্ষকদের জন্য ইনকান্ট্রি ট্রেনিং;
- শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের জন্য বৈদেশিক প্রশিক্ষণ;
- আইটি ল্যাব স্থাপনের জন্য কম্পিউটার, প্রিন্টার, প্রজেক্টর ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ ইত্যাদি।

৮.৫। **প্রকল্প ব্যবস্থাপনাঃ** প্রকল্পের সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্ন-বর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

| প্রকল্প পরিচালকের নাম | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | মন্তব্য |
|--|----------------|--------------------|------------|
| অধ্যাপক ড: মোঃ সিরাজুল হক পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর। | ০১-০৭-২০১৩ | ২৯-১২-২০১৪ | পূর্ণকালীন |
| ড. মোহাম্মদ জাহাজীর হোসেন পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর। | ২৫-০১-২০১৫ | ৩০-০৬-২০১৫ | পূর্ণকালীন |

৮.৬। **প্রকল্প পরিদর্শনঃ** প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক ২৭/১২/২০১৬ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সহিত আলোচনা করা হয়েছে। সরেজমিনে পরিদর্শন ও প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে।

৮.৭। **মূল্যায়ন পদ্ধতি (Methodology) :** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

- ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
- মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
- PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৯.০। প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতিঃ

৯.১। **আর্থিক অগ্রগতিঃ** প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ছিল ৩০১২.০০ লক্ষ টাকা। শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ২৭৪৭.৫৭ লক্ষ টাকা (৯১.২২%)। প্রকল্পটির অনুকূলে ২০১৩-১৪ হতে ২০১৪-২০১৫ অর্থ বছর পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

| আর্থিক বৎসর | সংশোধিত অনুমোদিত ডিপিপি'র সংস্থান | সংশোধিত এডিপি বরাদ্দ | অবমুক্তি | ব্যয় |
|-------------|-----------------------------------|----------------------|----------|---------|
| | মোট | | | মোট |
| ২০১৩-২০১৪ | ১৮০২.৭৫ | ১৮০২.৭৫ | ১৫০১.১৯ | ১৫০১.১৯ |
| ২০১৪-২০১৫ | ১২০৯.২৫ | ১২০৯.২৫ | ১২৪৬.৩৮ | ১২৪৬.৩৮ |
| মোট | ৩০১২.০০ | ৩০১২.০০ | ২৭৪৭.৫৭ | ২৭৪৭.৫৭ |

- ৯.২। **প্রধান প্রধান অঙ্গের আর্থিক ও বাস্তব অগ্রগতির বিবেচনাঃ** প্রকল্পটির অগ্রগতি সম্পর্কিত সর্বশেষ প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী এর আর্থিক অগ্রগতি ২৭৪৭.৫৭ লক্ষ টাকা (৯১.২২%) এবং বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে। প্রকল্পটির অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলঃ
- ৯.২.১ অফিস যন্ত্রপাতিঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী অফিস যন্ত্রপাতি খাতে ৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৫.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।
- ৯.২.২ প্রকল্প ব্যবস্থাপনাঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্প ব্যবস্থাপনা খাতে ৩১৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১২২.৩৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৩৯% এবং বাস্তব অগ্রগতি ১০০%।



চিত্র: আইটি ল্যাব পরিদর্শনে মাননীয় শিক্ষা মন্ত্রী

- ৯.২.৩ সংস্কার ও মেরামতঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী সংস্কার ও মেরামত খাতে ৫.৫০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৫.৫০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তব অগ্রগতি ১০০%।
- ৯.২.৪ স্কুল রিমডেলিংঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী স্কুল রিমডেলিং খাতে ৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৭৪৫.৬৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ১৪৯% এবং বাস্তবে ১০০টি স্কুল এর বিপরীতে ১০০টি স্কুলই রিমডেলিং করা হয়েছে। অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০%। এ খাতে অতিরিক্ত ২৪৫.৬৫ লক্ষ টাকা দাতা সংস্থা (কোইকা) কর্তৃক ব্যয় করা হয়েছে এবং তা প্রকল্পের মোট ব্যয়ের মধ্যে সীমিত রয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

৯.২.৫ পরামর্শ সেবাঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী পরামর্শ সেবা খাতে ৩৮০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩৮০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তব ২ জন পরামর্শক এর বিপরীতে ২ জন পরামর্শকই সেবা প্রদান করেছেন। অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০%।

৯.২.৬ শিক্ষক প্রশিক্ষণঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী শিক্ষক প্রশিক্ষণ খাতে ১৩০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৩০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তব অগ্রগতি ১০০%।



চিত্র: আইটি ল্যাব উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় শিক্ষা মন্ত্রী

৯.২.৭ বৈজ্ঞানিক যন্ত্রপাতিঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী বৈজ্ঞানিক যন্ত্রপাতি খাতে ১৫৫৪.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৪৬৮.৮০ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৫% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৯.২.৮ সিডি ভ্যাটঃ ডিপিপি'র সংস্থান অনুযায়ী সিডি ভ্যাট খাতে ৫২.৫০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪৪.৮৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ৮৫% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১০.০। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

| পরিকল্পিত | অর্জন |
|---|---|
| (ক) ঢাকা জেলায় অবস্থিত মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়গুলোতে আইটি ল্যাব স্থাপনের মাধ্যমে মৌলিক কম্পিউটার জ্ঞান এবং আইসিটি শিক্ষার জন্য শিখন উপকরণ সরবরাহ; | (ক) ঢাকা শহরের ১০০টি মাধ্যমিক বিদ্যালয় যে আইটি ল্যাব স্থাপনের মাধ্যমে মৌলিক কম্পিউটার জ্ঞান এবং আইসিটি শিক্ষার জন্য শিখন উপকরণ সরবরাহ করা হয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে; |
| (খ) ঢাকা জেলার নির্বাচিত মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার বিষয়ক শিক্ষকদের আইসিটি জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে “আইসিটি প্রয়োগিক শিক্ষা” সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান; | (খ) ঢাকা জেলার নির্বাচিত মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার বিষয়ক শিক্ষকদের আইসিটি জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে “আইসিটি প্রয়োগিক শিক্ষা” সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে |
| (গ) দেশের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন করা; | (গ) দেশের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন করার বিষয়ে প্রকল্পটি সহায়ক ভূমিকা পালন করেছে মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে; |
| (ঘ) দেশের অগ্রগতির এবং অন্যান্য দেশের সাথে প্রতিযোগিতায় টিকে থাকার লক্ষ্যে আইসিটি জ্ঞানসম্পন্ন জনবল তৈরী করা; | (ঘ) দেশের অগ্রগতির এবং অন্যান্য দেশের সাথে প্রতিযোগিতায় টিকে থাকার লক্ষ্যে আইসিটি জ্ঞানসম্পন্ন জনবল তৈরী করার প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে; |

| পরিকল্পিত | অর্জন |
|--|---|
| (ঙ) আইসিটি এর ব্যবহার সর্ব স্তরে ছড়িয়ে দেয়ার লক্ষ্যে স্বচ্ছ, নির্ভরযোগ্য এবং জবাবদিহিতামূলক সরকার ব্যবস্থা গড়ে তোলা; এবং | (ঙ) আইসিটি এর ব্যবহার সর্বস্তরে ছড়িয়ে দেয়ার লক্ষ্যে স্বচ্ছ, নির্ভরযোগ্য এবং জবাবদিহিতামূলক সরকার ব্যবস্থা গড়ে তোলার ক্ষেত্রে প্রকল্পটি সহায়ক ভূমিকা পালন করেছে মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে; এবং |
| (চ) দক্ষ মানব সম্পদ গড়ে তোলা। | (চ) দক্ষ মানব সম্পদ গড়ে তোলা র লক্ষ্যে প্রকল্পটি সহায়ক ভূমিকা পালন করেছে মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে। |

১১.০। উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণঃ প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে।

১২.০। প্রকল্পের প্রভাবঃ

সামাজিক সেবাখাত নিয়ে আলোচ্য প্রকল্পটি মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের আইসিটি শিক্ষার জন্য গৃহীত হয়। আলোচ্য প্রকল্পটি প্রত্যক্ষ প্রভাব হিসেবে ছাত্র/ছাত্রীদের আইসিটি বিষয়ে দক্ষ করে গড়ে তোলা, গ্লোবাল আইসিটি বাজারের সাথে তাদেরকে পরিচিত করিয়ে দেয়া এবং চাকরীর বাজারে আইসিটি জ্ঞান সম্পন্ন দক্ষ জনবল তৈরী করার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করেছে। ছাত্র/ছাত্রীরা আইসিটি শিক্ষায় শিক্ষিত হওয়ার ফলে প্রযুক্তি স্থানান্তর ও প্রাতিষ্ঠানিক উন্নয়ন, কর্মসংস্থান, আর্থ-সামাজিক উন্নয়নের ক্ষেত্রে প্রকল্পটির গুরুত্বপূর্ণ অবদান রয়েছে।

১২.০। সমস্যাঃ

- ১২.১ ছাত্র/ছাত্রীদের তুলনায় ল্যাব সুবিধা অপ্রতুল এবং ল্যাব কক্ষ খুবই অপরিসর মনে হয়েছে। ফলে ছাত্র/ছাত্রীদের আইটি ল্যাব ব্যবহারের সুযোগ সীমিত ছিল;
- ১২.২ আলোচ্য প্রকল্পের মাধ্যমে ১০০টি বিদ্যালয়ে আইসিটি ল্যাব স্থাপন করা হয়েছে। কিছু শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব অর্থায়নে ল্যাবের উন্নয়ন করেছে তবে বেশীর ভাগ প্রতিষ্ঠানের সরকারের প্রতি নির্ভরশীলতার প্রবনতা রয়েছে। এছাড়া বিদ্যালয়সমূহে স্থাপিত IT Lab যথাযথ রক্ষনাবেক্ষণের অভাব পরিলক্ষিত হয়েছে;
- ১২.৩ প্রকল্প চলাকালীন টেকনিশিয়ান থাকলেও প্রকল্প সমাপ্তির পর টেকনিশিয়ান না থাকায় কিছু কিছু কম্পিউটার অকেজো অবস্থায় রয়েছে। ফলে ছাত্র/ছাত্রীদের ল্যাব ব্যবহার কার্যক্রম ব্যহত হচ্ছে;
- ১২.৪ প্রকল্পটি সমাপ্ত হয় জুন, ২০১৫ সালে। প্রকল্প সমাপ্তির পর আইএমইডিতে ০৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের কথা থাকলেও আইএমইডিতে পিসিআর পাওয়া যায় প্রায় ০১ (এক) বছর ০৪ মাস পরে (অক্টোবর, ২০১৬-এ), যা মোটেও কাম্য নয়।

১৩.০। সুপারিশঃ

- ১৩.১ বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় প্রয়োজনের নিরিখে ল্যাব সুবিধা সকল ছাত্র/ছাত্রীকে র জন্য সমভাবে নিশ্চিত করার লক্ষ্যে সুনির্দিষ্ট সিডিউল অনুসরণ করতে হবে। এছাড়া ভবিষ্যতে ল্যাব যন্ত্রপাতি বৃদ্ধি ও ল্যাব কক্ষের পরিসর বৃদ্ধি করার ব্যবস্থা নেয়া যেতে পারে;
- ১৩.২ আলোচ্য প্রকল্পের মাধ্যমে ১০০টি বিদ্যালয়ে আইসিটি ল্যাব স্থাপন করা হয়েছে। কিছু শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব অর্থায়নে ল্যাবের উন্নয়ন করেছে তবে বেশীর ভাগ প্রতিষ্ঠানের সরকারের প্রতি নির্ভরশীলতার প্রবনতা রয়েছে যা পরিহার করে ল্যাব সুবিধার টেকসই উন্নয়নের লক্ষ্যে প্রতিষ্ঠানসমূহ-কে নিজস্ব অর্থায়নে ল্যাবের উন্নয়ন ও রক্ষনাবেক্ষণ করতে হবে। এ বিষয়ে মন্ত্রণালয়/সংস্থা প্রয়োজনীয় নির্দেশনা দিতে পারে;
- ১৩.৩ সুষ্ঠু ব্যবস্থাপনা ও রক্ষনাবেক্ষণের স্বার্থে কলেজের নিজস্ব অর্থায়ন হতে কলেজ ভিত্তিক কম্পিউটার টেকনিশিয়ানের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে; এবং

- ১৩.৪ ভবিষ্যতে কোন প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে সকল তথ্য সম্বলিত নির্ভুল প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) আইএমইডিতে আবশ্যিকভাবে প্রেরণ করার ব্যাপারে মন্ত্রণালয়কে কার্যকরী ভূমিকা পালন করতে হবে;
- ১৩.৫ অনুচ্ছেদ ১৩.১ হতে ১৩.৪ এর সুপারিশসমূহ অনুসরণ এবং তার আলোকে গৃহীত ব্যবস্থা মন্ত্রণালয় কর্তৃক আইএমইডিসহ সকলকে অবহিত করতে হবে।